অপসরণ

সংলোধন

এর পূর্ববর্ত্তী খণ্ডে—"মর্তের স্বর্গে"—ছটি মারাত্মক প্রমাদ আছে।
পাঠকপাঠিকারা দয়া করে সংশোধন করবেন।

৪১ পৃষ্ঠায় ব্লিজার্ড ভাবছেন, "ঠিক সেই সময় কিনা যুদ্ধের জ্ঞে সিপাহী সংগ্রহ করে কাইজার-ই-হিন্দু পদক পেয়েছিলেন গান্ধী।" গান্ধীজী দক্ষিণ আফ্রিকায় ভারতহিতের দক্ষণ পদক পেয়েছিলেন ১৯১৫ সালে, সিপাহী সংগ্রহের চেষ্টা করেছিলেন ১৯১৮ সালে। স্বত্রাং বাক্যটি এইরপ হবে—"ঠিক সেই সময় কিনা যুদ্ধের জ্ঞে সিণাহী সংগ্রহ করতে প্রয়াস পেয়েছিলেন গান্ধী।"

৮২ পৃষ্ঠায় "গুড সামারিটান" প্রসঙ্গে লেখা হ্রুছে, "অর্থাৎ সেই নারী যে যীশুকে দিয়েছিল তৃষ্ণার জল।" তা নয়। এক বিদেশী পথিকের সর্বান্থ করে তাকে অর্কায়ত অবস্থায় ফেলে রেখেছিল দক্ষারা। তাকে দেখে অন্ত কারো দয়া হলো না,, কিছা একজ্ঞানশ্ব সামারিয়াবাসী তার কতস্থানশুলি বেঁধে দিয়ে তাকে নিজের খোড়ায় চাপিয়ে সরাইখানায় নিয়ে গিয়ে তার শুক্রাণ করেন ও করান। স্তরাং বাক্যাটির পরিবর্জিত রূপ—"অর্থাৎ সেই ব্যক্তি যে ছিল যীশুর দৃষ্টিতে প্রক্কত প্রতিবেশী।"

এছকার

পরিচ্ছেদসূচী

বাগ্দান	•••	•••	•
ঝাঁপ	•••	•••	৩৯
প্ৰত্যাবৰ্ত্তন্	•••	• • •	خاط ز
মৌনব্রত	•••	•••	500
অপ্সরা	•••	•••	355
হিসাবনিকাশ	•••	•••	২৩৮
আমার কথাটি ফ্রাল	•••	_	-

এই খণ্ডের রচনাকাল ১৯৪১---৪২

বাগ্দান

۵

সেদিন তার "মনের খুশি"কে বিদায়সভাষণ জানিকে অশোকা বধন বাড়ী ফিরল তথনো তার শরীর বিদি করছিল। চোধের জলকে ক্রোনোমতে ঠেকিয়ে রেথেছিল সারা পথ, ঘরে পা দিডে না দিডেই চোধের জলের বাঁধ ভাঙল। বালিশে মুথ শুঁজে কী ক্রাদ্ন কাঁচুল দেঁ। বেন তার সব স্থা ফুরিয়েছে।

বসন্ত তথন শেষ হয়ে আসছে, শেষ নিঃখাসের মত ক্ষির্কুর্ছিন ক্রেক্সিন্ত হাওয়া। দিনেরও তথন শেষ বেলা, আলোর চাউনিতে বিবার্গী অশোকার শোককে সৌন্দর্যা দিয়েছিল প্রকৃতি।

তার এত দিনের প্রেম! তার এত দিনের আশা! সে উ'
ধরে নিরেছিল বে তারা বিবাছিত। ত্'দিন আর্গে হোক, পরে হোক,
বিবাহ তাদের প্রজাপতির নির্বন্ধ। প্রতিবন্ধক ওপু এই বিবাহ
কিছুতেই স্থপাত্র হবে না, স্থপাত্রের বোগ্যতা অর্জন করবে না, অর্পোকার
পিতামাতার মনোনয়নবোগ্য হবে না। এই প্রতিবন্ধকই প্রবন্ধ কা
অব্র পূক্ষ বেছে নিল তার পথকে, বর্জন করল তার দারীকে। এ জী
নির্বাচন করে বসল স্থী! কাদতে হবে না তাকেও কি সারা জীবন!
কিবল কি অলোকাই কেনে মরবে! অবোধ পিও আওনে হাত দিয়ে
কিলেও কাদে, মার্থিও কাদার।

ু ক্রী, হথা, মনের খুলি, মছয়া !—বিলাগ করছে স্থাগল অলোকা— ুক্লোমার সর্ভে কোনো মেয়ে কি বাজি হবে কোনো দিল্,? বিচ্ছা কেয় আমায় নিরাশ করলে, নিজেও হলে। তোমায় দিনের পর দিন कर् ব্বির্মেছি, কত মিনতি করেছি, পায়ে পায়ে ছায়ার মত ছ্রেছি, মার অপমান মানিনি। অব্ঝ, তোমার কাছে বড় হল তোমার কারে থেয়াল। ছ'জনের যা ভাষ্য প্রয়োজন তাকে তুমি উপেকা কারে। কেন জীবনের প্রান জীবনের চেয়ে বড় হবে ? কেন জীবনের সহগামিনীর জন্মে জীবনের ধারা বদলাবে না ? জগতে অপরিবর্ত্তনীয় কী আছে ? কেন তবে পরিকল্পনার পরিবর্ত্তন হবে না একজনের সঙ্গে আরেকজন যোগ দিলে ? আমি কি তবে এক নই, শৃত্ত ?

এই উত্তে তাুমার যুক্তি ছিল না একটিও। তুমি বলেছিলে, খুনি,
মন্ত্রে বোঝাব, তোমাকে আমার কত যে দরকার। তা বকে
পুতালাকৈ ছঃথের মাঝখানে টানব না। যদিও জানি যে তুমি স্বেচ্ছায়
দে জীবন বরণ করলে ছঃথের দহনে আরো স্কার হতে।

আমাকে তুমি ছংখের মাঝখানে টানবে না, কিছ ভাষার এমন কী রাজনা! তুমি ত ছংখের মাঝখানে যাবে! ভোমার ছংখু থুঝি আমার গারে লাগে না! এত পর ভাব কেন আছিছে পর ভাব না? হাজার বার ভাব। ভোমার নিজের প্রানটি, নিজের ধ্যানটি, নিজেব ছংখগুলি নিয়ে তুমি থাক। আমাকে অংশ দিতে ভোমার প্রাণে সয় না। পাছে আমি ভার সজে আমার যা আছে তা যোগ করে অন্ত জিনিষ করে তুলি। আর বোলো না, ভোমার মত স্বার্থপর আমি জন্মে দেখিনি। স্থা, স্থা, মহায়া!

আমি বরাবর দেখে আসছি মেয়েরাই সব ছাড়ে, ছেলেরা কিছু ছাড়ে না। আমি তোমার জন্মে সব ছাড়ব আর তুমি আমার জন্মে প্রাম ছাড়তে পারবে না, দৈল্ল ছাড়তে পারবে না। এই তোমার ক্লাক্ষিতার! তুমি বেমন আছ তেমনি থাকবে, আমাকে ছাড়তে হবে মা আত্মীয় অজন সমাজ সংসার আরাম বিশ্রাম। তোমার সেই ফুন্ম ভত্রাসনের রাঁধুনী হয়ে, তৃ'বেলা তৃ'শো জনকে থাইয়ে আমার দিন কুটিবে, যতদিন না কালাজর কি ম্যালেরিয়ায় ভূগে নির্বাণ ঘটেছে।

এর উত্তবে তোমার যুক্তি ছিল না। তৃমি নাজেছাল হয়ে বলতে, খুনি, আমাদের সম্পর্ক ষেমন আছে তেমনি থাকলেই স্কুম্মর হয়। আমি কি তৃমি কেউ কেন কিছু ছাড়বে? যা ছাডবার নয় তা কারো জন্মেই ছাড়া উচিত নয়। যার যা আদর্শ তাকে তা রক্ষা করতেই হবে, শ্রিয়জনের হাত থেকেও। যা-ছাড়া তোমার চলতে পারে তাই ছাড়তে পার ত ছাড়। আমি ছাড়ছি কি না চেয়ে নিং^ইং নি, তুল্মা কোরো না।

বলেছিলুম, দেশে কি জ্ঞানের ছডাছডি যে ত্যেমার কাছে কেউ জ্ঞানের আলোক চায় না, তাঁতের কাপড় চায়। যাঁরা জ্ঞানী তাঁরা কেন নগরকেন্দ্র থেকে জ্ঞান বিকীরণ করনেন না, কেন গ্রামে গ্রামে ঘুরে ছন্নছাড়া হবেন, চায় করবেন, স্বতো কাটবেন ?

ভূমি পরিহাল করেছিলে, আমার ত জ্ঞান ছিল না যে আমি একজন জানী। ওটা তোমার শ্লেহান্ধ নয়নের আবিদার, ওটা যায়া।

আমি হাসিনি। হাসির কথা নয়। তুমি জান দেশের লোক

শিক্ষাপূ চায়, শুধু অর চায় তাই নয়। অরের ভার অত্যের উপর ছেড়ে দিয়ে তুমি কেন শিক্ষার ভার নাও না ?

তুমি তর্ক করেছিলে, তার জন্তেও গ্রামে যেতে হয়। কেননা শিক্ষা যাদের দরকার তারা গ্রামে বাস করে।

তারা কেন শহরে আদবে না ?

শহরে এলে তারা শিক্ষার সঙ্গে সঙ্গে আরো কিছু আয়ত্ত করবে।
সেটা শিক্ষার উপসর্গ, সেটা কু। তারা কুশিক্ষা পাবে, পাবে কুসংসর্গ।
বাত্ত, তোমার শহর সম্বন্ধ প্রেজুডিস আছে। তুমি বলতে চাও
বিমি লণ্ডনে কুশিক্ষা পাচ্ছ, আমি পাচ্ছি কুশিক্ষা!

ক্রিটা, ক্রি, আমরাও কুশিক্ষা পাচ্ছি। আমরা শিখছি বৃহতের থেকে চ্ছিন্ন থাকতে। আমরা হচ্ছি বৃহতের সঙ্গে থাপ থেতে অপারগ।
ক্রিক্র প্রতি ক্রিদের নাড়ীর টান শিথিল হয়ে আসছে। আমরা বেন
ক্রিক্র ক্রিটাই মোটা হচ্ছি ততই আলগা হচ্ছি। এর পরিণাম অভভ।
ক্রিশিরার বেমন ওরা সর তুলে ফেলল এক দিন ভারতবর্ষেও তুলবে, যদি

কী ষে বলছ, মহুয়া! কারা তুলে ফেলবে কাদেরকে ? কেন তুলে ফেলবে ? কী করে ?

थाक, शूनि, विषय्ती উপाদেय नय ।

না, তুমি বল।

রাশিয়াতেও তোমার মত কত লক্ষী মেয়ে ছিল, তাদের একমাত্র অপরাধ তারা ধনীর মেয়ে। তাই তাদের শিক্ষাদীক্ষা সভাতা ভব্যতা কোনো কাজেই লাগল না। তাদের যে কয়জনা প্রাণে বেঁচেছে ভারা এখন কী করে, জান ? এই লগুন শহরেই ভিউকের মেয়ে বোডিং হাউস খুলেছেন, সেখানে ভিনিই রাধুনী, তিনিই খান্সাম্। ছু'বেলা ছু'ভজন রোকের থাওয়াদাওয়া দেখতে হয়। বিশাস হয় না, এক দিন এসো আমার সঙ্গে। ভিউকের মেয়ে বলেছি, ভূল বলেছি। প্রিন্সের মেয়ে। এখনো তিনি বলে থাকেন, "Stalin die, I go. Again princess."

আমি থিল খিল করে হেসেছিলুম। তাতে তুমি বলেছিলে, যাক, তোমার যেমন পল্লীভীতি তার সঙ্গে নগরভীতি যোগ দিলে তুমি কি আরু দেশে ফিরতে পা বাড়াবে!

আমি শঙ্কিত হয়ে বলেছিল্ম, মহুয়া, তোমার কথা যদি সভিয় হয় তবে তুমি মিথ্যে ঝুঁ কি নিয়ো না। ওদের শিক্ষা দিয়ে কাজ নেই, ওদের কাছ থেকে শত হন্ত দ্বে থাকাই নিরাপদ। ভোমার জ্যিলারি বিক্রী করে যা ওঠে তা নিয়ে তুমি এই দেশেই বাস কর।

তুমি বলেছিলে, বিলেত যেমন দিন দিন স্বর্ণলকায় পরিণত হচ্ছে পরির ফলে লুককদের দৃষ্টি সর্ব্বপ্রথম এরই উপর পড়বে কি না কে জানে। না, খিলি। আমি আগুনে বাঁপ দিয়ে আগুনের তাপ এড়ায়া, পাকরদাইনার দিনে সেই সব চেয়ে নিরাপদ।

তোমার এই কথা ভনে আমি রাগ করেছিলুম। তামার ক্রু পিছিত হয়েছিলুমও। মহুয়া, তোমার কথা যদি সভি৷ হয় তর্ধে থাগুবদাহনের দিনে আমি তোমার সহমৃতা হব। কিন্তু তুমি আমার একটি কথা রাথ। তুমি পি-এইচ ডি. হও।

তৃমি অট্টহাস্থ করেছিলে। বলেছিলে, দেই যে বৃড়ী, জজবে আশীর্কাদ করেছিল দারোগা হতে, এও তেমনি জীবনশিল্পীকে আশীর্কা। পি-এইচ. ডি. হতে।

সেসব কথাবার্ত্তা মনে পড়ছে আজ, রাগও হচ্ছে, ক্ষোভও হচ্ছে স্থা, স্থা, তুমি কি ভাবছ আমি মরতে ভয় করি, গ্রামকে আমার ভয় আমার ভয়-মা'কে আরু বাবাকে।

2

লেদিন কার মুখ দেখে ঘুম থেকে উঠেছিল অশোক। তথন কি সে জানত যে সেই দিনই তার "মনের খুশি"কে চিরদিনের তরে হারাবে !

বেমন প্রতিদিন তেমনি সেদিনও সে গুন গুন করে গান সাধতে সাধতে প্রসাধন করল। যথাবিধি মা'কে বলল, "গুড মর্নিং, মামি। ঘুম কেমন হল ?"

ৃ মা বল্লেন, "মৰ্নিং, ডিয়ার। তোমাকে জানাতে চাই আজ ওবেলা ক্লেহময় আস্চে। কাল এসে তোমার দেখা পায়নি।"

্রীনা এমূনভাবে বললেন যেন স্নেহময়ের কী একটা জরুরি কাজ আছে। জুনাকা স্বিস্থায়ে স্থাল, "কেন, মা। কী হয়েছে ?"

্"হবে আর হৌ!" মিদেস তালুকদার রাশভারী লোক, ধীরে ধীরে রাশ হাজুলেন "ইয়ং ম্যান মোটরকার পেলে যা হয়ে থাকে। বাজারাতি বিয়ে করে হানিমূনে বেরবে, সারা ইউরোপ বেড়াবে, এই

🛂 অশোকা ত অবাক।

মা বললেন, "আগে পড়াওনা, তার পরে রোজ্ঞার, তার পরে বিয়ে। এই ত নিয়ম, এর ব্যতিক্রম কেন হবে তার হ্যায়সঙ্গত কারণ দেখছিনে। তাই আমি বলেছি, বিয়ে না, হানিমূন না, কণ্টিনেণ্ট না। তবে বাগ্রানের স্বপক্ষে নজীর আছে বটে। স্থেহময় আজ আসছে বাগ্রানে তোমার আপত্তি আছে কি না জিজ্ঞাসা করতে।"

়" অশোকা ভণ্ডিত হল। চোরের মত বলল, "কেন, ইচার দিন দেরি হলে ক্ষতি কী, ?"

"কভি ?" তিনি বায় দিলেন, "কভি হয়ত নেই। কিছ ছেলেটকে

দিনের পর দিন খোরানোটা কি ভালো? এখন তার নিজের মোটর হয়েছে—"

বান্তবিক অশোকা "আজ নয়, অয় একদিন" বলে সেহময়কে অনেক বার ঘুরিয়েছে। সেহময় সয়য়ে তার নীতি হচ্ছে, না গ্রহণ না বর্জন। ধৈয়্য বটে সেহময়ের। এতকাল অশোকার মৃথ চেয়ে ঝুলে রয়েছে। জানে না যে অশোকার মন অয়য়ে। জানতে চেষ্টাও করেনি, কারণ্ তার ভূতপূর্ব্ব সচিব তারাপদ ওরফে টর্পেডো তাকে বৃদ্ধি দিয়েছিল, তার একখানা মনের মত মোটর নেই বলে সে জজ কয়ার প্রশাদ পায়েছে না। থাকত যদি একখানা সিত্রোয়েন ফোর তা হলে অশোকা জ অশোকা, য়য়ং মেরী পিকফোর্ড তার প্রেমে পড়তেন। তুখন থেকে, তার এক চিন্তা, এক ধ্যান। কী করে একখানা মনের মৃত মোরে কেনা য়য়। তাই বছর খানেক ধরে টাকা জমিয়ে, পুরানো পোয়াক বেচে, ধার করে সেহময় একখানা বেবী অফিন কিনেছে। এর অয়ে সেল্ডাকের ফা কেরের ক্রমমত লজ্জিত, কিছু বুড়ো বাপটি যতদিন কেচে থাকবেন ততদিন কি ভদ্রলোকের ফা ডেবেকার কেনার সঙ্গতি হবে।

যাক, সে যে একথানা মোটর কিনে ফেলেছে এ হল, যাকে বলে, half the battle. এখন তার মোটর হয়েছে, সে জাতে উঠেছে। বছ জনের বছদিনের পরিহাসের শোধ তুলবে এবার এক নিঃখাসে বিয়ে করে, হানিমূন করে, ভিয়েনা ভেনিস রিভিয়েরা বেড়িয়ে।

"এখন তার মোটর হয়েছে ত কী হয়েছে, মা?" অশোকা সরল মনে জানতে চাইল।

"কী হয়েছে!" মেয়েটা কি নীরেট, না গ্রাকা। কী হয়েছে তাও খুলে বলতে হবে।

"किष्कू ना।" या घुँग करत हुन कतलन।

অশোকা তা দেখে ফিক করে হাসল। কাজটা অতি গহিতি।
দে নিজেই তৎক্ষণাৎ অপরাধীর মত বলল, "না, মা, হাসির কথা
নয়।" অর্থাৎ তুমি অমন হাস্তকর হলে আমি হাসি চেপে রাখতে
পারব না।

তা শুনে তার মা আরো হাস্থকর হলেন। যেন চ্যালেঞ্জ করলেন, কত হাসবে হাসু। অশোকা কিছুতেই হাসি চাপতে পারে না, চাপা হাসির উপর যত সাধ্যসাধনা করে কিছুতেই মা'র সাড়া পায় না। তখন চোখে আঁচল দিয়ে কাঁদো কাঁদো স্থরে বলল, "বল না, মা, তোমারী প্রায়ে পড়ি।"

'"তৃমি ছেলেমান্থব।" মেয়ের মিনতি শুনে মা'র যেন একটু রুপা ইল। কিন্তু ঐ পর্য্যস্ত। তিন্তি আবার মৌন হলেন।

"ছেলেমাকুষ-! ওমা। এক কুড়ি বয়স হল, তবু ছেলেমাকুষ।"

"ছেল্ফেনাস্থ নয় ত কী! সংসাবের তুমি কতটুকু বোঝ! আমার সময় সময় মনে হয় আমি যদি হঠাৎ চোথ বুজি তোমার বাবা যেমন ফালোমাস্থ্য, তুমিও তেমনি, মুকুলের ত কথাই নেই। কী করে চালাবে তোমরা? সবাই মিলে তোমাদের ত্'বেলা ঠকাবে, এক হাটে কিনে আরেক হাটে বেচবে।"

তিনি যে নীরব থেকে এই সমস্ত গবেষণা করছিলেন তা ভেবে আশোকার আর একদফা হাসি পাচ্ছিল। কিন্তু একদফা হেসে ত এই ব্যাপার, আবার হাসলে কোনোদিন শোনা হবে না মোটর হয়েছে ত কী হয়েছে।

"ঠিক বলেছে, মা। সংসাবের আমি কতটুকু বুঝি। সেইজন্তেই ত জানতে চাইছি, মোটর হয়েছে ত কী হয়েছে।"

"কী হয়েছে ?" মিনেস তালুকদার এতক্ষণ পরে ভেঙে বললেন,

শ্রেষং ম্যান, বৌ নেই, মোটর আছে, তুই আর তুই মিলে কী হয় ু এই তোম্বা পাটাগণিত পড়েছ ?"

. অশোকা পাটীগণিত পড়েছে, কিন্তু ওর কোথাও এ প্রশ্নের উত্তর লেখা নেই। সে হাসবে কি কাঁদবে বুঝতে না পেরে অক্সমনস্ক হল। যার মোটর আছে তার সাথীর অভাব হয় না। কী অপমান!

স্থীর সঙ্গে যথন পরিচয় হয়নি তার আগে স্থেইময়ের সঙ্গে বিয়ের সম্বন্ধ হয়েছে অশোকার। তার মত চাওয়া হয়নি, সেও মত জাহির করতে যায়নি। অশোকার মা মনে মনে স্থির করেছিলেন স্থেইময় যতদিন ছাত্র বিয়ের প্রাপঙ্গ ততদিন তোলা হবে না, তবে বাগ্দান্ত্র প্রসঙ্গ তোলা থেতে পারে। স্থেইময় তুলেছে কয়েকবার, অনোকা "হা," বললে স্থীকে হারায়, "না" বললে মা রাগ করেন।

সেই স্নেহ্ময়ের এখন মোটর হয়েছে। সে যে আর অপেক্ষা.করবে তা ত মনে হয় না। আজকেই তাকে যা হয় বলতে হবে, নইলে সে তার মোটরে করে কাকে নিয়ে বেড়াবে! ভাবতে বিশ্রী লাগে। তার দোষ কী, সে কি প্রায় তিনটি বছর সবুর করেনি?

স্থতরাং আজকেই স্থার সঙ্গে চূড়ান্ত নিশাতি হওয়া চাই । স্থাও এক কথায় বলুক, "হাঁ" কিম্বা "না"। সেই অনুসারে অশোকাও মনান্থির করবে।

ক্ষীর উপর অশোকা তিক্ত বিরক্ত হয়ে রয়েছিল। স্নেহময়ের এই আলটিমেটাম—অশোকার বিবেচনায় ওটা আলটিমেটাম—তার মাথা বিগড়ে দিল। স্নেহময়কে যদি সোজা বলে, "কোনো আশা নেই, স্নেহময়দা, আমি অক্সের" তা হলে ও কথা মা'র কানে উঠবেই, স্নেহময় তাঁর কাছে তাই জানিয়ে বিদায় নেবে। তার পরে যদি স্থীও বিম্থ হয় তবে অশোকার মুথ পাকে কোথায়। মা যে শুধু রাগ করবেন তাই

নয়, টের পেলে বিজ্ঞপ করবেন। ভিখারী শিবের গলায় যালা দিনে, কী দেশা হয়েছিল সতীর ? ^৭দক্ষ যজে দেহত্যাগ!

এমন পাগলও আছে। বিতের জাহাজ, ইচ্ছা করলে হাসত্ হাসতে পি-এইচ ডি. হয়। অথচ হবে না, হলে তার দেশে ফিরতে দেরি হয়, দেরি হলে দেশ রসাতলে যায়। দেশ বলতে কলকাতা বস্বে দিল্লী নয়, নামহীন পল্লীগ্রাম। পচিশ বছর বয়স হলে পড়াশুনা থতম, এই নাকি তার শাস্ত্রে আছে। এমন পাগলের পাগলামি না সারালে দক্ষ্যক্ত ত বাধবেই। তাতে শিবের কী, যত হুর্ভোগ সতীর।

না, না, শিবেরও। অশোকা স্থাব জন্মেও ব্যথিত হয়। কিন্তু স্থাবি সর্প্রের সর্প্রের রাজি হতে পারে না, কোনোমতেই না। ভিথারী শিব এ যুগে অচল দিতে। বাধ্য হয়ে শিবকে বাঘছাল ছেড়ে ফ্ল্যানেল পরতে হয়, যাঁডের বদলে ট্রামে চডতে হয়। অশোকা ত বলছে না যে স্থাবী মন্ত বডলোক হোক, মোটর কিন্তুক, সার্জ কিষা টুইড পরুক। তার শাবীকে, দে যতদ্র সম্ভব নামিয়ে এনেছে। পি-এইচ. ভি.র নীচে খামা যায় না, স্বয়ং শিবও সে কথা স্বীকার করবেন, যদি এযুগে জ্ক্যান।

অশোকার আলটিমেনাম তবে পি এইচ. ডি.। কঠিন কিছু নয়, স্থা ইচ্ছা করলেই সম্মত হয়, তারপরে যদি সত্যি উপস্থিত হয় তেমন কোনো অস্থবিধা অশোকা সাহায়্য করবে তার হাত থরচ থেকে। তবে কিনা স্থাকৈ হতে হবে অশোকার পিতামাতার চোখে স্থপাত্র। শিবকেও তারা সম্মান করবেন না ডিগ্রী না দেখলে। তাই শিবকেও হতে হয় ডকটর শিব '

0

তারপর বিকালে যথন স্থার সব্দে দেখা হল তথন স্থা তার স্থভাবসিদ্ধ স্মিতহাস্থে কুশলপ্রশ্ন করল। সে বেচারা জানত না যে তার্ জন্মে এদিকে বোমা তৈরি হয়েছে, অচিরাৎ ফেটে চৌচির হবে।

অংশাকা এক নিংখাদে বলল, "ভালো আছি। মহয়া, তোমাকে আধ ঘণ্টা সময় দিচ্ছি, এই আমার আলটিমেটাম।"

• তার নিজেরই বৃক তিপ তিপ করছিল। এ যেন গায়ে পড়ে বিচ্ছেদ ডেকে আনা। কিন্তু বিচ্ছেদ কেন? স্থা ইচ্ছা করলেই অশোকার দাবী মেনে নিতে পারে। তখন এই ত্ংসাহসের পরিণাম স্থখময় হবে। তখন ত্'জনে মিলে মনের স্থা ভাবী জীবনের ছক আঁকবে ়্রিল প্রান্ একা স্থার নয়, অশোকারও।

"কী হয়েছে, খুণি? তোমাকে ত খুব খুণি বোধ হচ্ছে না?" আলটিমেটামের প্রথম ধাকাটা সামলে নিয়েছিল ৯ধী।

"হাসিতামাসা করতে চাও ত সারা জীবন ধরে করবে।" অশোকার আলটিমেটামের ঘায় স্থার টনক নড়ছে না দেখে অশোক। হাতুড়ি পিটল; "যদি আলটিমেটাম গ্রহণ কর।"

"ওসব মিলিটারি পরিভাষা শুনলে পরিহাস করতে সাহস হয় না।" স্থাীর হাসি মিলিয়ে গেল। "সিভিল ভাষায় বল দেখি কী ব্যাপার।"

ব্যাপার যে কী তা অশোকা ভেঙে বলতে কৃষ্টিত হয়। এমন কিছু
নয়, স্নেহময় আসছে প্রপোজ করতে—যা সে কতবার করেছে।
এবারকার নৃতনত্ব তার একটি যান জুটেছে। স্থাী শুনলে তুম্ল বসিকতা
করবে। বর এসেছে পান্ধী নিয়ে, অন্ত কোনো মেয়ে হলে আহলাদে
উল্ধনি দিত, অথচ "মনের খুশির" মনে খুশি নেই।

অশোকা খুলে বলল না, চেপে গেল । বলল, "কালকেই তুমি দরখাত করবে যে সামনের সেসনে পি-এইচ. ডি.র জন্মে পড়া হুরু করবে।" তা হলে সে সক্তা মিথাা মিলিয়ে মা'কে বলতে পারবে যে সে একজনকে বিয়ে করতে চায়, তিনি পি-এইচ. ডি.র জন্মে তৈরি হচ্চেন।

নতুন কথা নয়। স্থী অনেক বার শুনেছে। কিন্তু কালকেই কেন ? এর মধ্যে এমন কী ঘটল !

কী ঘটেছে জানতে চাওয়া অভন্ততা হবে। স্থাকে নীরব দেখে তালিদ দিতে থাকল অশোকা। "করবে? করবে না? করবে?"

শ্বী ব্রতে পারল যে অশোকার মনের অবস্থা কোনো কারণে বিক্র। সম্ভবতঃ মা'র সঙ্গে মনক্ষাক্ষি। আজ তাকে কিছু না বললেই ভালোহত। কিন্তু সে যে আধ ঘণ্টার বেশী সময় দিতে চায় না। আধ ঘণ্টায় যা বলবার তা অনায়াসে বলা যায়, স্থীর বক্তব্য ত বছ পূর্বের বলা হয়ে রয়েছে। কিন্তু সহজ কথা সহজ স্থার বললেই ত সমস্থা মেটে না। যাকে বলবে তার মানসিক অবস্থার সঙ্গে শ্বর মেলাতে হয়। তিমন স্বরটি আজ কোথায়?

"কত সময় দিয়েছ ? আধ ঘণ্টা ?"

"হাঁ। আধ ঘণ্টা। আমার অহা এনগেজমেণ্ট আছে।" অশোকা মিথ্যে বলেনি। স্নেহময় আসছে, তার জন্মে প্রস্তুত হতে হবে। যেমন স্থার সঙ্গে তেমনি স্নেহময়ের সঙ্গে আজকেই একটা এস্পার কি ওস্পার হয়ে যাওয়া দরকার। যদি স্থা অশোকার সর্ত্তে রাজি হয় তবে স্নেহময়কে মধুরভাবে বিদায় দিতে হবে, তাকে স্তোক বাক্যে ভূলিয়ে রাখা অস্থায়। আর যদি স্থা নিজের জেদ না ছাড়ে তবে স্নেহময়কে কথা দিতে হবে, তাকে বার বার ঘোরানো অগ্যায়। স্থী ভাবছিল কী করে অশোকাকে বলা যায়। কী বল্বে, তা আজ ম্থা নয়। কেমন করে বলবে, তাই ম্থা। অশোকা স্থীর পারম প্রিয়। তার জন্মে স্থী স্থ সম্পদ ত্যাগ করতে পারে। কিন্তু ষেখানে আদর্শের প্রশ্ন সেখানে স্থীর ত্যাগ প্রকারাস্তরে অশোকারও ত্যাগ। স্থীর মধ্যে যা সত্যিকার তাকে ত্যাগ করলে স্থীর কী অবশিষ্ট থাকে? স্থীর অবশিষ্ট নিয়ে অশোকা কতথানি হারায়!

তার পর স্থার জীবন কি স্থা-অশোকার ঘরোয়া সম্পত্তি ? তা কি.ভারতবর্ধের মহাজীবনের অন্ধ নয় ? বিদেশে বদে আপনাকে গড়ে তোলা কত কাল চলবে ? ধার জন্মে গড়ে তোলা তার প্রয়োজন কত কাল অপেক্ষা করবে ? ভারতের সম্মুখে দীর্ঘ ছদ্দিন। বহু সমস্থায় জক্জরিত সে দেশ পরের বন্ধনে অসহায়। অথচ বন্ধনম্যেচনের যে উপায় তা পৃথিবীর ইতিহাসে অপরীক্ষিত। কী আছে ভারতের ভাগ্যে, কে জানে!

স্থা বলল, "খুশি, ভালোবাসার চেয়েও বড জিনিষ আছে। সেও ভালোবাসার সামিল, কেননা সে ভালোবাসাকে আবো বড় করে, আরো বড় পরিণতির দিকে নিয়ে যায়, সম্পূর্ণতা দেয়।"

অগ্য সময় হলে অশোকা শুনত এ কথা, বুঝতে না পারলে বুঝে
নিত। কিন্ত এখন তার প্রত্যেকটি মিনিট মূল্যবান। সে কি স্থাীর
বক্তৃতা শুনতে এসেছে ? সে চায় স্পষ্ট জবাব। সে চায়া কর্ম তৎপরতা।

সে অসহিষ্ণুভাবে বলল, "বক্তৃতা শুনতে সারা জীবন রাজি আছি, কিন্তু আজ না। তুমি যে বাক্পটু তা আমার চেয়ে কেউ বেশ্বী জানে না। কিন্তু তুমি যে কর্ম কুশল তাই জানতে দাও, মহুয়া।"

তার কল মৃতি দেখে স্থীর চোথ গেল ঝলসে। তথু কল নয়, সেই সঙ্গে করণ। পর মৃত্তেই আবেগভুরা আবেদন কানে এল, "মৃত্যা, কাজের ভাষায় কথা বল ; কথার ভাষায় না । আৰু তুৰি দার্শনিক নও স্থা নিও। আৰু তুমি বীম চক্রবর্তী।"

স্থীর বীরত্বের প্রতি এই আহ্বান স্থীকে স্পর্শ করল, কিন্তু করেব ক্রী, স্থী ? তার যেখানে বীরত্ব সে তার স্থীত্ব। স্থীত্ব বিস্জ্ঞান দিয়ে বীরত্বের অবকাশ কই ? তেমন বীরত্বের অন্তিম মূল্য কী ?

"খুশি, তোমাকে আঘাত করলে আমারও আঘাত বাজে। এ কথা বিশাস কর।" স্থণী বলল ব্যাকুল ভাবে। "যদি আঘাত করি তবে নাচার হয়েই করি, বিশাস কর।"

অন্ত সময় হলে অশোক। বিশাস করত, ভেবে দেখত। কিন্তু আজ কিনা তার দোটানার শেষ। আজ তার এস্পার কি ওস্পার। তার সময় নেই, ধৈষ্য নেই, সহিফুতা নেই।

"ভূমিকা ভনব না। উপসংহার ভনতে কান পেতেছি। বল কী স্থির করলে ? হাঁ কি না ?" অশোকা জুলুম করল।

অশোকার এ এক অভিনব রূপ। দীর্ঘ কাল আবেদন আর নিবেদন করেছে, কোনো ফলোদয় হয়নি। এখন সে মরীয়া হয়ে উঠেছে। নির্দেয় কঠে বলেছে, ভূমিকা শুনব না, উপসংহার শুনতে কান পেতেছি। হাঁ কি না?

অশোক। তার হাতঘড়িটাকে চোথে চোথে রাথল। ওদিকে ভার বুকের আলোড়নও প্রচণ্ড। যতই সময় যাচ্ছে ততই আসর হয়ে আসইছে চরম মুহূর্ত্ত।

कक निःशास्त्र ऋधी वनन, "शूमि-"

অশোকাও কদ্ধ নিংখাদে বাধা দিয়ে বলন, "বল, হাঁ। বল, বন—" স্থীর মৃথ থেকে জোর করে কেডে নিতে চায়, দাঁতের ডাস্তার বেমন করে দাঁত উপড়ে আনে।

স্থী যদি "হা" বলত 'অশোকা বোধ হয় শ্রে লাফ দিত, বেমন ছেলেরা লাফ দিয়ে চেঁচায়, "গোল।" হাছ তালি দিয়ে বলত, "হিশ হিপ ছরে।"

ঁস্থী ক্ষণকাল আত্মন্থ হয়ে বলল, "আমার অন্তরের সমতি নেই। মাফ কর।"

এই উত্তর ! এত সাধনায়, এত আরাধনায় এই বর !

অশোকার বৃক্তে উত্তাল তরক, নাসায় ঘন ঘন খাস। আগণ্ডন জলে উঠল তার চোখে। এই স্থধী! এই তার বীরত্ব! এই কাপুক্ষবের কাছে আত্মসমর্পণ করত সে! এরই অস্পরণ করেছে। দেনের পর দিন! ছি ছি! অতি নির্লেজ্জ সে নিজে, পুক্ষের পশ্চাদ্ধাবন করেছে কিনের সম্মোহনে! তাই তার কপালে ছিল এই অপ্মান, এই প্রত্যাধ্যান।

সহসা বিদায় নিল অশোকা। নেবার সময় বলল, "থ্যাক ইউ।"
অত্যন্ত মোলায়েম স্বর। অসাধারণ সংঘমের প্রয়াস। আপনাকে
প্রাণপণে সংবৃত করে আরো মৃত্ল স্বরে বলল, "গুড বাই।" যেন
কোনো অপরিচিতা বলেছে কোনো অপরিচিতকে।

তার পরে হাত বাড়িয়ে দিল। প্রিয়ার মত প্রিয়ের হাত ধরতে নয়, মহিলার মত অতিথির করমর্দ্ধন করতে।

্সৰ শেষ। কত কালের পরিচয়, আলাপ, সখ্য। কত জল্পনা কল্পনা। অন্থ্যাগ, অন্থ্যোগ, অভিমান দ সব শেষ। অশোকার প্রবৃত্তি হল না পরের হাতে অধিকক্ষণ হাত রাখতে। সে তৎক্ষণাৎ হাত সবিশ্বৈ নিল।

তার পরে যেন হাওয়ায় উড়ে চলল। কেবল ট্যাক্সিতে চড়বার সময় একবার অপাঙ্গে তাকাল। তথনো স্থা একঠাই দাঁড়িয়ে মাথা নীচু করে কী ভাবছে। 8

় অস্তরের সম্মতি নেই।

অশোকা দাঁতে দাঁত চাপল। অন্তর বলে কি আলাদা কেউ আছে। রাবিশ। সোজা ভাষায় বললে হত, আমার নিজেরই মতি নেই।

অশোকা জলতে থাকল স্বকল্পিত প্রত্যাখ্যানের জালায়। ছি ছি।
কী অপমান! কেনই বা সে উপযাচিকা হয়ে এত কাল স্থার
পায়ে পায়ে ঘ্রল। মেয়েরা কি কখনো উপযাচিকা হয় ? উপযাচক
হয় প্রকা। ছি ছি। পুরুষের দারা প্রত্যাখ্যান। 'ইহার চেয়ে
মরণ সে হে ভালো।'

শ্বলতে জলতে অশোকার মাথা ধরে গেল। মাথার ষত্রণার দে নীচে নামবার জল্মে তৈরি হতে পারল না, ভয়ে ভারে কাঁদতে লাগল। আজকেই স্নেহময়ের সঙ্গে শেষ কথা হয়ে যাক, যেমন স্থীর সঙ্গে হল। এই ঝুলে থাকা ও ঝুলিয়ে রাখা আর কতকাল চলবে!

কিছ জোর যে নেই। গায়ের সব জোর ষেন ফ্রিয়েছে। বিছানা থেকে উঠতে কট্ট হয়। মনের জোর ষেটুকু ছিল খরচ হয়েছে রাগে ও কাল্লায়। সাহস হয় না স্থেম্যের ম্থোম্বি দাঁড়াতে, চোখাচোথি তাকাতে। ধরা পড়ে যাবার ভয় ত আছেই, হঠাৎ কেঁদে আকুল হলে স্বেহময় মনে করবে কী!

তা ছাড়া আবো একটা কথা আছে, অশোকা নিজের কাছে
স্বীকার করতে চায় না যদিও। এখনো কি একট্থানি আশার রেশ
নেই ? এখনো কি আশা হয় নাবে স্থী আজ সারারাত অহতাপে
দগ্ধ হবে, হয়ে কালকেই ফোন করবে ? মাত্র আধ ঘণ্টা, আলটিমেটাম

দেওয়া কি উচিত হয়েছে অশোকার ? এত বড় একটা ব্যাপারে— জীবনমরণের ব্যাপারে—কেউ আধ ঘণ্টায় • মনংশ্বির করতে পারে ? অশোকা হলে পারত ?

শ্লেহময়ের মোটরখানার কী জানি কেমন আওয়াজ। কিন্তু বেই কোনো প্রভারী মোটরের ঘর্ষর অশোকার কানে পৌছায় অমনি দে চমকে ওঠে। এই রে। এই সেই সর্বানেশে মোটর মার জন্তে আমার এ হর্দশা।

• ক্ষেত্ময় কিন্তু পায়ে হেঁটে এল। গাড়ীখানাকে রেখে এল পোরা।
নাইল দ্রে। মোটর থাকতে সাধ করে প্লাভিক হবার কারণ ছিল।
নগণ্য বেবী মোটরকার তার নিজেরই না-পছন্দ। মিসেস তালুকদার
হয়ত সদর ফটক দিয়ে চুকতেই দেবেন না, থিড়কির দিকে ইসারা
করবেন। তাঁর কাছে মোটরের বার্তা দেবার সময় ক্ষেত্ময় সেটার
আকার প্রকার অফুক্ত রেখেছিল। তিনিও জেরা করেন নি।

অশোকাকে সংবাদ দেওয়া হলে সে কাতরভাবে বলল, "আমার ভীষণ মাথ। ধরেছে, নেলী। মা'কে বল আমি উঠতে পারছিনে।"

মা এসে মেয়ের মাথায় হাত দিয়ে বললেন, "হঁ। একবার ডাক্তার থিওবলড়কে রিং আপ করলে কেমন হয় ?"

"করতে পার। কিন্তু মিছিমিছি ওষ্ধ থেয়ে কী হবে ? আমাকে বরং বিশ্রাম করতে দাও।"

্ মিসেস তালুকদার বিরক্ত হলেন। ভদ্রগোককে নিমন্ত্রণ করে এনে অপ্রস্তুত করা তাঁর বিচারে গুরুতর অপরাধ। ভিনি ষে ক্ষেহ্ময়কে ডিনারে ডেকেছেন। কথা দিয়েছেন আন্তর্কেই অশোকা ষা হয় একটা কিছু বলবে।

ভিনি য়াাসপিরিনের উল্লেখ করলেন, কিন্ত অশোকা এমন ভাব

দেখাল বেন .তার সমন্ত শরীর অবশ। মাথাব্যথার অবসান হলে ত অবশ° অবস্থার অবসান হবে না। একটা হট ওয়াটার বটল চাওয়ায় মিসেস তাল্কদার একটু বিচলিত হলেন। কিন্তু ভাক্তার ভাকবেন কি না ঠিক বুঝে উঠতে পারলেন না। ভাক্তার এলে কি তাকে উঠতে দেবে ? বরং পূর্ণ বিশ্রামের ফতোয়া দিয়ে তারই ইচ্ছা পূরণ করবে।

ি তিনি বললেন, "আচ্ছা, এখন এক ঘণ্টা বিশ্রাম করতে পার। একটু ভালো বোধ করলে নীচে গিয়ে একটুখানি বসবে, তারপর উঠে আসবে। কেমন ?"

"আমি খাব না।"

় "না, থেতে হবে না। এমনি এক আধ মিনিট গল্প করে আদবে। একটু কুশুলবিনিময়।"

অশোকা অসাড়ভাবে বলল, "তা হলে একথানা স্ট্রেচার জোগাড় কর।"

মিসেস তালুকদার মেয়ের দিকে কটমট করে তাকালেন। তারপর
সশব্দে প্রস্থান করলেন। স্থেহময়কে এখন বোঝাবেন কী! আপনিই
ব্যতে পারছেন না মেয়ের রক। মা'কে এমনভাবে let down করা
কি মেয়ের কাজ!

ভাবী শাশুড়ীর মুখভাব নিরীক্ষণ করে ক্ষেহময়ের মনোভাব যা হল তা এক কথায়, তদা নাশংসে বিজয়ায় সঞ্জয়। সে আজ সারা দিন তাসের কেলা বানিয়েছে। সীজারের মত আসবে, দেখবে আর জয়ু, করবে। অশোকা যেই জ্ঞাপন করবে তার সম্মতি ক্ষেহময় অমনি তার একটি হাত ধরে একটি আঙুলে পরিয়ে দেবে আজকের ক্ষেনা একটি আংটি। বলবে, "এই বা কী! ষেদিন বাগ্দানের উৎসব হবে সেদিন পরিয়ে দেব ত্নিয়ার সেরা আংটি।" তার পরে ভাবী শাশুড়ীকে প্রণাম করে তাঁর শ্রীচরণে অর্পণ করবে একটি ব্রুচ। অবস্থ পায়ে পরবার জ্ঞানে নয়, কিন্তু যেখানে পরবার জ্ঞানে সেখানে কি স্থেইমন্ধ পরিয়ে দিতে সাহস পাবে! বলবে, "এই বা কী! যেদিন বাগ্দানের উৎসব হবে সেদিন—"

"ওর ভীষণ মাথা ধরেছে, স্নেহ্ময়। ওকে আজিকের মত একৃস্কিউজ কর ত বিশেষ অমুগৃহীত হব।"

"নিশ্চয়।" স্বেহ্ময় ভগ্ন কণ্ঠে উচ্চারণ করল। "আমি কি তাঁর কোনো রকম কাজে লাগতে পারি ?"

. "থ্যাশ্ব ইউ। তোমার মত মহৎ যুবা," ভিনি মাথা নাডলেন. "থুব বেশী দেখছি বলে মনে পড়ে না।"

স্থেহময় প্রতিবাদ করতে চেষ্টা করলে তিনি বললেন, "আমি কল্পনাও করিনি যে তোমাকে আজ নিরাশ হতে হবে। কী করি বল, মাথা ধরার উপর কি কারো হাত আছে ?"

ইতিমধ্যে ক্ষেত্ময়েরও প্রায় মাথাধরার দাখিল। সে মাথা ত্লিয়ে বলল, "যথার্থ। যথার্থ।"

"তা হলে তুমি এক্দ্কিউজ করলে। কেমন ?"

"সানন্দে।" স্থেহময়ের অস্তরাত্মা বলছিল, অগত্যা।

এক্স্কিউজ কথাটা শুনে সে একটু ঘাবড়ে গৈছল। কেননা তারাপদ কুণ্ডু তাকে শিক্ষা দিয়েছিল মেয়েদের কাছে ষথন বিবাহের প্রস্তাব করবে তথন যেন ভণিতা করে "এক্স্কিউজ মী" বলে। আজকেও অশোকাকে নেপথ্যে ডেকে নিয়ে বলত, "এক্স্ছিউজ মী, অশোকা। তোমাকে জিজ্ঞাসা করে জালাতন করতে পারি কি—
তুমি কি আমাকে আজীবন স্থী করবে?" সেই এক্স্কিউজ অবশেষে অশোকার জননীর মূথে শুনতে হল। হা হতোমি।

্তোমার মৃহত্বের তুলনা, মিসেস তালুকদার জোর দিয়ে বললেন, গ্র্নিয়ায় ছ'দশ হাজারের বেশী নেই। কিন্তু স্বেহময়, তুমি কি দয়া ক্রে আরেক দিন আসবে ?"

"দয়া!" শ্বেহময় বলতে চাইল দয়া কাকে বলছেন, ও যে আমার
সর্বশ্রেষ্ঠ স্থা। কিন্তু বলতে বাধল। সে কথাবার্তায় কাঁচা। তার
মনের ভাব মুখে যেটুকু ব্যক্ত হয় তাতে শব্দের অভাব।

অশোকার মা স্নেহময়কে আন্তরিক স্নেহ করতেন। সার বংশলোচনের বংশধর তথা অংশধর। কিন্তু সেই তার একমাত্র যোগ্যতা
নয়। অক্যান্ত অভিজ্ঞাতনন্দনদের মধ্যে ক'জন তার মতন লখায় ঠিক
ছ' ফুট ? তা ছাড়া সে একজন বিখ্যাত মৃষ্টিযোজা, প্রয়োজন হলে
মৃষ্টির সহায়তায় নারী উদ্ধার করবে। নারীহরণের দেশে কত বড়
একটা ভরসা। লেখাপড়ায় তেমন উজ্জ্ঞল নয় বটে, কিন্তু মৃক্ষিরে
জ্ঞোর থাকলে সরস্বতীর কুপাবিহীনরা লন্দ্রীর বাহন হয়ে থাকে।
মিসেস তালুকদার তাই আই সি এস, আই এম এসদের অব্দেশ।
করেন নি, স্নেহময়কে হাতের কাছে পেয়ে নিক্ষেক্ষে হয়েছেন।

তা বলে তাকে অসময়ে ক্যাদান করতে কিছুমাত্র দ্বরা ছিল না তাঁর। আগে তার পড়াশুনা সারা হোক, কোনো নামকরা ফার্মে যোগ দিক সে। ইংলণ্ডে হলেই সোনায় সোহাগা হয়, যেহেতু এই দেশেই তালুকদার সাহেব পেনসন ভোগ করবেন দ্বির হয়েছে। স্বেহময় যে এক ঝোঁকে বিয়ে করতে চায় এ যেন ভারতবর্ষের স্বরাজ । মিসেস ভালুকদার দান করতে রাজি আছেন, কিন্তু আজ নয়। দেবেন কিন্তিবন্দী ভাবে। আপাতত বাগ্দানের কথাবার্তা চলুক, তারপরে এক সময় হয়ে যাক বাগ্দান, পরে অনির্দিষ্ট মেয়াদের শেষে পরিণয়।

স্বামী কলকাভায়। তিনি একা তাঁর ছটি সন্তানের শিকার জক্তে

লগুনে প্রবাসী। আপদে বিপদে উপকার পাবেন আশা করে জিনি ইংরাজ ও ভারতীয় উভয় জাতির পরিচিত ও অপরিচিতদের মানে মাসে পার্টি দেন। সেই স্থাত্ত স্থা নামে একটি নবাগত যুবককে ডেকেছিলেন, সে আজ অনেক দিনের কথা। তথন ত জানতেন না, এথনো জানেন না, অশোকার সকে স্থার কী সম্পর্ক দাড়াবে। জানলে বাধা দিতেন, কেননা স্থেময়ের সকে স্থার তুলনাই হয় না। কী আছে স্থার ? বংশগোরব, না বিত্তসোরভ ? আছে বিদ্যা, কিউ ও বিভায় লক্ষার অম্গ্রহ নেই, ওতে শুধু সরস্বতীর সজোষ।

"তা হলে প্রেহময়, তুমি এক্স্কিউজ করে আজ বাঁচালে। তোমাকে কী বলে ধন্তবাদ দেব জানিনে। এখন চল তোমাকে দিয়ে ভিনারে বসি।"

স্লেহময় বলতে চাইল, ধন্তবাদ কেন, আমি ত আপনার চির বশস্বদ। কিন্তু সরস্বতী তার স্বর কেড়ে নিলেন।

Œ

সে রাত্রে অশোকা স্বেহময়ের সঙ্গে দেখা করল না। ওবু তার মাথার উপর ঝুলতে থাকল বাগ্দানের থড়গ। স্থণীর সাহায্য বিনারক্ষা নেই। অশোকার কি এতখানি মনের জ্যোর আছে যে স্থণীকেও হারাবে, স্বেহময়কেও তাড়াবে? স্থণী যদি তার সহায় হত তা হলে সে মা'কে চটাবার ঝুঁকি নিত, মা চটলেও বাবা ব্যতেন সে অফ্যায় করেনি। কিন্তু স্থণীর দ্বারা প্রত্যাখ্যাত হয়ে স্বেহময়কে খ্রত্যাখ্যান করলে সে মা-বাবার সামনে দাঁড়াবে কোন ভরসায় ? কার জােরে?

তার নিজের জোর বেটুকু আছে সেটুকু একটি পরগাছার। সে স্বাবলম্বী হবার স্পন্ধা রাধে না। বিয়ে তাকে করতেই হবে একদিন না একদিন, একজনকে না একজনকে। স্থাকৈ না করলে স্বেছ্ময়কে, স্বেছ্ময়কে না করলে অফু কোনো অপরিচিতকে। ইংরাজীতে বলে, চেনা সয়তানের চেয়ে অচেনা সয়তান ভালো। তা ছাড়া স্বেছময় তো ঠিক সয়তান করে। স্বিভাবের আগে। স্থার প্রস্থানের পরে স্বেছময়রই দাবী অগ্রগণ্য।

না, অশোকার অন্ত গতি নেই। যদি জানত যে লেখাপড়া শিখে কোনো রকম মেয়েলি চাকরি করবে তা হলে স্নেহময়কে তার সেই রাক্ষ্সে মোটরসহ রিদায় দিত। যে মামুষ নিজের গুণে বিকায় না, সেই আসে মোটরের মুকুট পরে। শুধু তাই নয়। স্নেহময় আবার ভয় দেখান অশোকাকে না পেলে আর কাকে মোটরে করে নিয়ে বেড়াবেন! আহা, মোটরের কিবা মহিমা! একবার স্নেহময় একটি ইংরাজ তরুণীর সঙ্গে একটু মিঠে ইয়ার্কি করছে দেখে অশোকা জিজ্ঞাসা করেছিল, "মেয়েটি কে?" স্নেহময় বলেছিল, "A flame of mine." অশোকা তা ভোলেনি। আছে স্নেহময়ের ও-স্বভাব। সেইজন্মে স্নেহময়কে বিয়ে করতে তার বিশেষ উৎসাহ নেই। কিন্তু বিয়ে যখন করতেই হবে আর স্থী যখন বিমুথ তথন অচেনা সয়তানের চেয়ে চেনা সয়তান ভালো, যদিও স্নেহময় ঠিক সয়তান নয়। অশোকা মনকে বোঝাল যে ফ্লার্ট একটু আধটু স্কলেই করে, ফ্লেম এক আধজন স্কলেরই আছে।

পর্যাদ্র অশোকার মাথাব্যথা গেল, কিন্তু অনিদ্রার দরুণ অবসাদ্র রইল। সে বিছানায় শুয়ে থাকল, চোথ বুল্লে ঘুমের ভাণ করল।

ভার কান কিন্তু টেলিফোনের পানে। নেলীকে বলে রেখেছিল, যদি চুক্রবর্তী নামে কেউ ভার থোঁজ করেন ভা হলে নীচে থেকে টেচানো চলবে না, চুপি চুপি উপরে এসে চাপা গলায় ধবর দিতে হবে। নইলে মা টের পাবেন। এই লুকোচুরির দরকার হও না, যদি স্থী স্থপাত্ত হত। অশোকা স্থীর উপর রাগ করে আর স্থীর টেলিফোনের জন্মে কান পাতে।

ব্যর্থ প্রতীক্ষা। টেলিফোন এল বটে, কিন্তু স্থাবি নয়, স্বেছময়ের।
সে নাকি অশোকার জন্তে অতীব উদ্বিগ্ন, সন্ধ্যায় দেখা করতে উদ্গ্রীব।
যদি শোনে অশোকা একটু ভালো আছে তা হলে সে বাগ্দানের
প্রস্তাব করবেই, আর যদি শোনে অশোকার শরীর তেমন ভালো নয়
তা হলেও তার আগমন অনিবার্য্য। অশোকা কিছুতেই তার সঙ্গে
কথা কইতে রাজি নয়, তাকে দর্শন দিতেও প্রস্তুত নয়। মনের ধারা
যেদিকে বইছে সেদিক থেকে সহসা অন্তাদিকে ফিরতে পারে নয়, ফিরতে
সময় লাগে। অসময়ে মনকে ফেরাতে গেলে মনের প্রতি অত্যাচার
করা হয়, সে অত্যাচার রক্তপাতের মত ভীষণ। অশোকা নেলীকে
দিয়ে বলে পাঠাল, তার বিশ্রামের ব্যাঘাত করলে তার স্বাস্থ্য সারবে না।

বার্থ প্রতীক্ষা স্থার জন্তে, স্থার কণ্ঠন্বরের জন্তে। স্থা কি সত্যিত তাকে ভালবাসে না, এক ফোঁটাও না, এক কণিকাও না, এক পরমাণ্ড না ? তবে কি সে স্থার ভালোবাসার পাত্রী নয়, কোনো দিন ছিল না ? যদি তাকে ভালোবাসত স্থা তবে কি এয়ন করে উপেক্ষা করত ? এ কি স্বাভাবিক ? মামুষ কখনো পারে এমন পাষাণ হতে ? না হয় ব্রালুম স্থার একটা পণ আছে, একটা শ্ল্যান আছে, যার ত্লামা অশোকা তুচ্ছ। কিন্তু একবার ফোন করতে দেই ?

অশোকা ভাবল স্থাী ফোন করতে সংলাচ বোধ করছে, কিন্তু চিঠি লিখবে। চিঠির আশায় সে রাত দশটা অবধি জাগল, তর্ণচিঠি এল না। তথন ধরে নিল পরদিন সকালের ভাকে আসবেই। ভালো খুম হঁল না, চিঠির চিস্তা তাঁকে উতলা করল। কী থাকবে চিঠিতে কেওলানে! হয়ত স্থী অন্বতপ্ত, হয়ত অশোকার সর্ব্তে সমত। ছরে!

হয়ত শুধু ক্ষমা চেয়ে চিঠি লিখবে। বলবে, আমি নাচার। আমার কাছে তুমি কেন অমন প্রত্যাশা করলে? আমার দেশ আগে, তার পরে তুমি।

অশোকা মনে মনে তর্ক করে। তার অভিমান উদ্বেল হয়, প্লাবিত্র হয় তার উপাধান। কী নিষ্ঠুর তার মহুয়া! যে নারী ওকে ভালোবাসবে সে মরবে। অশোকা যদি না মরে তবু ক'দিন বাঁচবে! ভারতে প্রবৃত্তি হয় না যে সে ক্ষেহময়ের সন্ধিনী হবে। হলেও স্থধ নেই তার কপালে। স্থথ যা ছিল তা স্থধী শেষ করে দিয়েছে।

দীর্ঘ স্থহীন জীবনের শঙ্কা তাকে ব্যাকুল করে। ভাবে, স্থহীন যদি হয় তবে দীর্ঘ যেন না হয়। দীর্ঘ যেন না হয়।

সকালেও চিঠি এল না। অশোকা বালিশে মাথা খুঁড়তে খুঁড়তে স্থীকে অভিশাপ দিল। কী অভিশাপ তাঁলিথে কাজ নেই। পরক্ষণে বলল, না, না, ছি! আমার অভিশাপ তোমায় স্পর্শ করবে না, প্রিয়তম। তুমি স্থবী হবে, তোমার মত নিস্পাপ পুরুষ স্থবী না হবে কেন? স্থপ ত তোমার অজে, তোমার সজে। নারী বেমনই হোক না ক্নে, তাকে নিয়ে তুমি স্থবী হবে, কেননা স্থপ ত নারীতে নয়, স্থপ তোমাতে।

অলোকা ফুঁপিয়ে ফুঁপিয়ে কাঁদল। স্থা তার তরে নয়, তার সব স্থা কুরিয়েছে। বিয়ে করতেই হবে একজনকে, স্নেহময়ের অপরাধ কী! কিন্তু বিয়ে করলেও যা, না করলেও তাই, স্থা তার অদৃষ্টে নেই। একা থাকলেও স্থাী হবে না, স্নেহময়ের সাধী হলেও স্থা হরে না, স্থণী হওয়া যেন প্রশ্নের অতীত। স্থণহীন জীবন কর্মনা করতে শিউরে ওঠে, তেমন জীবন দীর্ঘ হলেও জীবন্ধ কবর।

অশোকা হাহতাশ করে, মা'কে সংবাদ পাঠায় তার বৃকে ঝুথা, তিনি ডাক্তারকে ফোন করেন। ডাক্তার বলে, বুকের কাঁপন অস্বাভাবিক ক্রত। সম্পূর্ণ বিশ্রাম আর যথাবিছিত ঔষধসেবন, এ ছাডা উপায় নেই।

অশোকার মা সেহময়ের কথা ভেবে বিরক্ত হন, মেয়ের দশা ভেবে বিরক্তি চাপেন। হঠাৎ কেন এমন হল কে বলতে পারে? ভিন্তি কার উপর রাগ করবেন ব্রতে না পেরে স্বামীকে দোব দেন, স্বামীত বেশ আছেন কলকাভায়, এদিকে ছটি নাবালক নাবালিকা নিয়ে বিদেশে বেসামাল হচ্ছেন ভিনি। সেই যে এভিনবরার ভাত্ত্তী তাঁর ভাই, তাঁকেই টেলিগ্রাম করবেন কি না চিস্তা করলেন।

তার পরদিনও যথন স্থার চিঠি পেল না তথন অশোকার মাথা
মাটিতে মিশিয়ে গেল। এত নিষ্ঠ্র তার মন্থ্যা! ওকে চিঠি না
লিখে উপায় কী! লিখতেই হবে গায়ে পডে। সাধতে হবে আবার।
অভিমানে বুক ফাটলেও মুখ ফোটে না যাদের অশোকা ভালের মত
নয়। অশোকা পারে না অভিমান পুষে রাখতে, হয় হোক মাথা হেঁট।
নিজের উপর তার রাগ হয়, কেন এত তুর্বল তার স্বভাব ? যে মায়্রষ
সেদিন আলটিমেটাম দিয়ে এল সেই মায়্রষ কী করে আজ কাকুতি
মিনতি করবে ? লজ্জা নেই কি ?

লিখব ? লিখব না ? লিখব ? আশোকা আপনাকে সুধায়।
একটি পুরা দিন কাটল এই দোটানায়। তার পরে আর বাগ সানুলু
না তার মন। নির্দ্ধক্তির মৃত হাত পাতল সেই দরজায় ষেখানে
পেয়েছে প্রত্যাধ্যানের অপমান। ভিথারিণীর কিবা লক্ষা কিবা মান!

অশোকা তার ছই গালে ছটি চড় মারল। বলল, ধিক, ধিক আমার অহমারকে!

•মনে মনে গুন গুন করে গাইল, সকল অহন্ধার হে আমার ডুবাও চোথের জলে। আমার মাথা নত করে দাও হে—

কাগন্ধ কলম নিয়ে অনেক বার থসড়া করার পর এই রকম দাঁড়াল তার চিঠি। "মানছি তুমি পার মনের ব্যথা মনে চেপে রাথতে, পার নীরব থাকতে। কিন্তু আমি তা পারিনে। তুমি ভাববে, মেয়েটা ক্লী বেহায়া, সেদিনকার সেই কাণ্ডের পরে আবার চিঠি লেখে যে! মহুয়া, যাকে তুমি খুলি বলে ডাকতে তার মনে খুলি কোথায়? তুমি ফে দার্শনিক, তোমার হুখ তোমার অন্তরে, কেউ তোমাকে অহুখী করতে 'টারে না। কিন্তু আমি কী করে হুখী হব? আমার হুখের কী ব্যবস্থা করেছ? যদি সত্যি ভালোবাসতে তবে হুখের ব্যবস্থাও করতে। প্রিয়তম, আমি যে ভোমার আলোয় আলোকিতা, তোমার আলো না পেলে নির্ব্বাপিতা। তোমার খুলি চির অহুখী হোক এই কি তুমি চাও? চির অহুখীরা ক'দিন বাচে?"

চিঠিখানা ডাকবাক্সে পাঠিয়ে অশোকার ইচ্ছা হল ফিরিয়ে আনে, ছিঁড়ে কুটি কুটি করে। তার নির্ম্বাজ্ঞতার এত বড় সাক্ষী আর নেই। স্থী পড়ে হাসবে, তুলে রাখবে তার ভাবী বান্ধবীর জন্মে। ছিছি। কোনদিন কার হাতে পড়বে ও চিঠি, কে কী ভাববে! অশোকা কেঁদে আকুল হল।

ঙ

অশোকা যে স্থীর কাছে ঠিক কী আশা করেছিল তা সে নিজেই জান্ত না বোধ হয় চেয়েছিল একটুথানি সক্ত্র্য, তাও প্রযোগে এবার বার্থ হল না তার প্রতীক্ষা। ক্ষণীর উত্তর ফিরতি ভাকে এল। ক্ষণী লিখেছিল, "ভালোবেসে কেউ কাঁউকে ক্ষণী করতে পারে না, খুলি। তাই ভালোবাসার কাছে ক্ষথের প্রত্যাশা করতে নেই। ভালোবাসা আপনি একটা ক্ষণ। যে ভালোবাসতে জানে সে ভালোবেসেই ক্ষণী। আমাকে তুমি দার্শনিক বলেছ, আমি কি সেইজন্তে ক্ষণী? আমি প্রেমিক, আমি ভালোবাসি প্রকৃতিকে, মামুষকে। আমি ভালোবাসি বিশুদ্ধ সৌন্দর্য্য, পরিপূর্ণ কল্যাণ। আমার এইসব ভালোবাসা আমাকে ক্ষণ দেয়, নির্জনা ক্ষণ। ক্ষথের জন্তে আমি প্রনির্ভর নই। খুলি, তুমিও ক্ষনির্ভর হও।"

এর পরে লিখেছিল, "মনে রেখে। আমার ধ্যানের থেকে আমি অবিচ্ছিন্ন। আমাকে তুমি বিচ্ছিন্নভাবে চেয়েছিলে, তাই এমন হল। বা তোমাকেও আমি নিছক নিজের জ্বন্যে চাইনি, তাই এমন হল। বা হবার তা ত হয়েছে। এবার দ্বিধাহীন পদে অগ্রসর হও, খুলি। যাকে পিছনে রাখলে তাকে পিছনে ফেলে যাও।"

পড়তে পড়তে অশোকার চোখ থেকে ধারা ছুটল। নিচ্ছেন জন্মে ততটা নয়, যাকে পিছনে রাখল তার জন্মে। সেদিন সে কি স্থার সঙ্গে ভক্র ব্যবহার করেছে? স্থাকৈ পিছনে ফেলে একবারও থামে নি।

সম্পূর্ণ বিশ্রামের ছল পুরানো হয়ে আসছিল, স্বেহময়কে ঠেকানো যায় না। অথচ স্বেহময়কে কথা দেবার পর স্বধী চিরকালের মভ পর হয়ে যায়, অশোকা হয় পরের বাগ্দভা। তথন ত চিঠি লিগতে সাহস হবে না, চিঠি পেতেও ভয় করবে। তেমন চিঠিতে রস থিকুরে কী করে?

সব স্থ ফ্রিয়েছে,, স্থের আশা আর নেই। মনে মনে জপ ক্রে

আশোকা। নেই, নেই, বৃথা সময় নষ্ট করে ফল কী? সোজা কিহুমায়কে কথা দিয়ে বাস্তবৈর সম্মুখীন হতে হবে। নিষ্কুর বাস্তব।

' আশোকা দিন দিন শুকিয়ে যাচ্ছিল। এমন প্রচণ্ড সংঘাত তার জীবনে ঘটেনি, এমন প্রবল দোটানা। এক দিকে স্নেহ্ময় অশুদিকে স্থা হলে কথা ছিল না। একদিকে জননীর নির্বন্ধ, অশুদিকে স্থার ধ্যান। মাঝে মাঝে স্থার ধ্যান তাকে মুয় করে, তারা হবে চাষা আর চাষানী, স্বামী সারাদিন মাঠে কাজ করবে, স্ত্রী করবে গোদোহন, দিধি মন্থন। স্বামী ধান আনবে, স্ত্রীধান তানবে। এমনি কত স্পপ্প। কিন্তু অশোকার স্বভাবটা প্রাকটিকাল। যা সম্ভব নয় তার ধ্যানের থেকে ধিচ্ছিয়ভাবে চায়। সে স্নেহময়কে চায় না, কিন্তু স্বোহময় বে জীবনপথের পথিক সে পথ ছাড়া অশু পথ চায় না। স্থার ধ্যান ও স্নেহময়রের মোটর, তুটোর মধ্যে যদি একটাকে বেছে নিতে হয় ভবে মোটরকেই সে বেছে নেবে। যদিও সেটা রাক্সে তব্ সেটা প্র্যাকটিকাল।

স্থাকৈ অশোকা তার শেষ চিঠি লিখল। আলটিমেটামের স্থরে নয়, Swan Songএর স্থরে।

"তুমি বেশ বলেছ যে তোমাকে আমি তোমার ধ্যানের থেকে বিচ্ছিন্নভাবে চেয়েছিল্ম, তাই এমন হল। কিন্তু, প্রেমিক, তোমার অতি সম্ভবপর বধ্ব প্রতি কি তোমার বিনুমাত্র কর্ত্তব্য নেই ? ভোমার

'মহিমা আমি মানি, কিন্তু আমার হর্মণতা কি তুমি স্বীকার নিবে না ? তুমি উঠতে চাও হিমানরের শৃলে, কিন্তু আমি যদি সে পরিমাণ শৈত্য সইতে না পারি তবে কি তুমি আমার থাতিরে সমতনভূমিতে নামবে না ? মহয়া, তোমাকে একদিন অহতোপ করতে ছবে। ভূমি পাবে না এমন মেয়ে বে ভোমার ছায়ার মত অভ্নপতা হয়ে প্রতি কথায় সায় দেবে। হয়ত বিয়ের আগে সবভাতেই রাজি হবে, কিন্তু বিয়ের পরে একে একে গররাজি। মহুয়া, তুমি ঠকচব, যদি মেয়েমাহুষের মুখের কথা বিশ্বাস কর। তোমার জ্ঞে আমার সত্যি ভয় হয়, তুমি দেখবে কোনো মেয়েই ভোমাকে ও তোমার ধ্যানকে একত্র ভালোবাসবে না। কেউ ভালোবাসবে তোমাকে, কেউ ভোমার প্ল্যানকে। হয়ত তুমি এমন নারী পাবে যে ভোমার কল্পনা দম্বন্ধে তোমার চেয়েও উৎসাহী। কিন্তু দে কি তোমার জন্তে তোমাকে ভালোবাসবে? এক সঙ্গে ছুই হয় না, হুধা। হুধা, ছুমি পাবে না তাকে যে তোমার মানসী। সংসারে সে নেই, আছে তোমার মনে। প্রিয়তম, এখনো আমি তোমার। আরো হ' এক দিন পাকব, ভারপরে থাকতে পারব না। কারণ আমি ত্র্বল। আমাকে তুমি স্বল করতে যদি আমার কথা রাখতে। আমার হাতের মুঠো শক্ত कद्रात्छ, यमि--थाक, नाम कद्रव ना। वाद वाद माहे अकहे छेकि শুনে তোমার অরুচি ধরেছে। আমাকে আমার এই তুর্বন মুহুর্তে বল দাও, বন্ধ। তোমার ধ্যানলোক থেকে একটুখানি নামো। এই প্রার্থনা কি অত্যধিক প্রার্থনা ? একটি নারীর জীবনের অভিশয় সন্ধটে তোর প্রিয় পুরুষের কাছে এইটুকু প্রার্থনা কি সত্যই অত্যধিক ?

তুমি কী উত্তর দেবে তা অহমান করা কঠিন নয়। কিন্তু তা সত্তেও আমি আশা করব যে তুমি আমাকে পরের হাতে সঁপে দেবে না। ভাতে মহন্ত নেই, সেটা কাপুক্ষতা। যদি তাই করতে তোমাৰ মঞ্জি হয় তবে এইখানেই বিদায়, চির বিদায়, ওগো প্রেমিক।"

শশোকা চোখ মৃছতে মৃছতে এ চিঠি লিখল। লেখা শেষ হওঁ না হতে আবার চোখের জলে ভাসল। তার স্থথের ইতি হল ষেই লিখল "ইতি।" তার জীবনের উপর যবনিকা পড়ল যেই স্বাক্ষর করল নাম।

প্রদিকে স্নেহ্ময় তাড়া দিচ্ছিল মা'র মারফং। অশোকা মা'কে ছেকে বলল, "আমার বিশ্রাম ত প্রায় সারা হয়ে এল। স্নেহ্ময়দাকে নেমস্তন্ত্র করছ কবে ? পরশু ?"

"বেশ। পরভ।" মিদেস তালুকদার মঞ্র করলেন।

অশোকা মনটাকে প্রস্তুত করে নিল। যা হবার তা ত হয়ে ্রয়েছে। যে মালা স্থীর কঠে দেবার সে মালা স্থেহময়ের গলায় দেবে। তৃতীয় পদা নেই। ∙

না, নেই। অকারণে দিন ক্ষয় করলে স্থাকৈও পাবে না, স্থেময়ক্তে হারাবে। স্থেময় অনেক অপেক্ষা করেছে, আর করবে না। এখন তার মোটর হয়েছে, সেই আগুনে কত পতক ঝাঁপ দেবে। কিলা সেই পতক কত শিখা সন্ধান করবে। মান্ত্র্য তুর্বল, স্থেময়ও মান্ত্র্য। সকলে ত স্থান্য যে আকাশে বিহার করবে। সাধারণের বিহার ভূতলে। সেখানে কত রক্ম খলন, কত রক্ম পতন।

ধনিও বিশেষ ভরদা নেই তবু অশোকা আশা করে। কে জানে হয়ত স্থা চুর্বলকে বল দিতে, রক্তহীনকে রক্ত দিতে, আছাত্যাগ করবে। শিবিরাজা মাংস দিয়েছিলেন, দ্বীচি প্রাণ দিয়েছিলেন, স্থা কি তার ধ্যান দেবে না? ধ্যানেরও স্বটা নয়, অশোকা যা চায় তা ভগাংশ।

স্থীর উত্তর যেদিন এল অশোকা দৃঢ়চিত্তে চিঠির প্রত্যেকটি শব্দ রয়েসুক্র পড়ল। এই সম্ভবক্ত শেষ চিঠি। স্থতরাং চরম উপভোগ। ' শিপ্রিয়ে, তোমাকে প্রথমেই বলে রাখি, আমি এ জীবনে বিবাহ করব না। একদা স্বপ্ন দেখেছিলুম বৈরাগ্য নিয়েছি, আই সভ্য হল। তামার দক্ষে পরিচয়ের পর থেকে কত বার মনে হয়েছে, এ কী কখনে। ন্ত্র যে তুমি আমার সহগামিনী হবে! খন বলেছে, না, যা হবার নয় তার জন্তে নিজেকে স্থলভ কোরো না। তবু আমি আশা করেছি ← আমিও তুর্বল-জীবনে কত অলৌকিক ঘটনা ঘটে। তুমিও মিরাক্ল ঘটাবে। সত্যবানের কীই বা ছিল! তবু সাবিত্রী ত তাকেই বরণ করে বনবাসিনী হল। তার আয়ু নেই জেনেও তার সঙ্গে ভাগাযোজনা করল। যে দেশে সাবিত্রী সম্ভব হয়েছে সেই দেশের ক্লা তুমি, অশোকা। কেন আমি তোমার কাছে কুত্র প্রত্যাশা করব? প্রত্যাশাকে ক্ষুদ্র করলে বৃহতের প্রতি অস্থায় করা হয়। রাণীর কাছে কখনো খুদ চাইতে আছে ? আমি তাই খুদ চাইনি, রাণী। চেয়েছি মণিহার। যা তুমি পৃথিবীতে কারো তরে করতে না তাই আমার খাতিরে করবে এই ছিল আমার হুরাশা। আর আমি ত কেবল আমি নই, আমি ও আমার দেশ অভিন্ন। দেশের জন্তে কত মেয়ে কত ত্যাগ করছে, ইউরোপে তার দৃষ্টাস্ত ভূরি ভূরি। ভারতে সে ্দৃষ্টান্ত অধিক নেই বলে ভারতেরও কোনো অধিকার নেই। নারী তুর্বল, পুরুষ তুর্বল বলে দেশও চুর্বল। আশা ছিল তুমি ও আমি হব আমাদের দেশের সবল নারী ও পুরুষ। ত্যাগবলে সবল। তুরাশা, তবু চুরাশাও শ্রেয়, নিরাশা নিংশ্রেয়। আমি চুরুহ পথের পথিক, তুমি আমার হাত ধরলে আমার নিঃসঙ্গতা সঙ্গীতে ভরে উঠত।

তা হ্বার নয়। ত্থেকী ! যেটি যার সত্যিকার সীমা তার শাসন মানতে হয়। তুমি তোমার সীমা বৃষতে পেরেছ, সীমার শাসন তেনেছ। তুমি ভুল করনি। আমিও ঠিক করেছি। এই পরিণতি এ জয়ে ইব্ম। পরজায়ে তোমার প্রতীক্ষা করব, প্রিয়ে। ইহজায়ে তোমার জার্মী ভপস্থা করব।" 9

ে স্থীর চিঠি পড়ে অশোকা সরল মনে হাসল। বলল, ক্থায় তোমার সঙ্গে কে পারবে, মহুয়া? তুমি ক্থার <u>স্থদা</u>গর।

তারপরে জুকুটী ভরে উচ্চারণ করল, কাপুরুষ! যে নারী পায়ে পড়ে সাগছে তাকে কোলে টেনে নিতে জানে না। কাপুরুষ!

আর কী ? এই শেষ। এর পরে যা আদচে তা স্থী-অশোকার উপাধ্যান নয়, সেহময় ও অশোকার।

নিমন্ত্রণের রাত্রে স্থেহনয় বলল, "কত কাল তোমাকে দেখিনি।
কেমন আছ, অশোকা ?"

"ভালোই আছি, কেহময়দা। ধন্যবাদ।"

- অক্তান্ত রূপাবার্তার পর আহারের ফাঁকে স্বেহ্ময় চুপি চুপি বলল, "এক্স্কিউজ মী, অশোকা—"

অশোকা এ গৌরচন্দ্রিক। আগেও শুনেছে। বুঝল তার মরণমুহূর্ত্ত ঘনিয়ে এপেছে। নিয়তিকে এড়িয়ে বেড়াবে কত কাল। সে আজ ক্লান্ত, অপরিদীম ক্লান্ত। ধরা দিয়ে মরতে চায়, না দিলে বাঁচবে না।

"की वनहित्न, स्वह्मग्रना ?"

"বলছিলুম, তুমি কি—"

"আমি কি—"

"क्षे करत ः धरे रस्, की वनिह्नूम, कहे करदः—"

প্রিল না স্পষ্ট করে ?" অশোকা ফিস ফিসিয়ে ধমক দিয়ে উঠল। দেই নিয়ে কত বার প্রস্তাব করা হল, এখনো সক্ষোচ গেল না ক্রেছ্ময়দার।
অত্যন্ত অচল অভিনেতা, পদে পদে প্রস্পাট্ট করতে হয়। "তুমি কি কষ্ট করে রাজি হবে আমাকে—"

"তোমাকে মার দিতে ?"

ক্ষেহময় সভয়ে বলল, "না, না, ভা কি বলেছি ?"

"বল না কী দিতে ? তোমার দিকে চাট্নীটা পাস করে দিতে ?" "না, ধন্যবাদ। চাট্নী থেলে আমার অম্বল হয়।"

বহু পরিপ্রমে শ্বেহময় যা ব্যক্ত করল অশোকা তা ভালো করে না শুনেই ফস করে বলে বসল, "হাঁ, আমি কষ্ট করে তোমাকে বিয়ে করতে রাজি আছি।"

তার পরে রহস্ত করে বলল, "কেমন? . বর সইবেঁ তি ? না আজকেই ?"

এ আরেক অশোকা। স্নেহ্ময় এতটা ভাবেনি। ভ্যাবাচাকা খেয়ে বলল, "আজ আমি সাক্ষী কোথায় পাব ? ম্যারেজ রেছিট্রার রাজি হবে কেন ?"

"Come, Come!" অশোকা তার ভাবী স্বামীকে দাম্পত্য কথোপকথনের নমুনা শোনাল। "মা'র কাছে কে বলেছিল এক নিঃশাসে বিয়ে করে কটিনেন্টে হানিমুন করতে যেতে।"

স্থেমরটা নিতান্ত নীরেট। বলল, "সে রকম অভিপ্রায় ছিল বটে। তা বলে আজকেই ত বিয়ে করতে পারিনে। মানে আমি পারি, কিন্ধ—"

"Stop it!" অশোকা শ্বেহময়কে হতবাক করল। কিন্তু তার স্বর এত উচ্চে উঠল যে তার মা ব্যুতে পারলেন ঠিক প্রেমালাপ নয়, অন্ত কিছে।

"की शरप्रहा, जांत्रनिः ?"

"কিছু নয়, মা। স্নেহ্ময়দা প্রপোজ করেছেন, আমি—"

"তুমি কী বলেছ ?" মা ব্যস্ত হয়ে কণ্ঠক্ষেপ করলেন।
"আমি বলেছি, আমি ও বাজি।"

প্থ্যাক গভ।" মিদেদ তালুকদার ভগবানের উদ্দেশে উদ্ধৃথী হলেন। তারপবে মুকুলকে ধরিয়ে দিলেন, "খুী চীয়ার্দ।"

মৃকুল থ্রী চিয়ার্স দিতে ওস্তাদ। তার স্কুলে ত হিপ হিপ হরে লেগেই আছে।

চীয়ার্স শুনে নেলী ছুটে এল, রাঁধুনীও। কুকুরটাও ঘেউ ঘেউ করে

চীয়ার্স জানাল। হৈ চৈ ধখন থামল তথন স্নেহ্ময়কে দেখা গেল
আশোকার সামনে দাঁড়িয়ে আংটি পরিয়ে দিতে উদ্যত। অশোকা কি
সহজে পরতে চায়! আঙুলগুলোকে এমন করে বাঁকায় যে স্নেহমর
দক্তরমত প্রকৃষিং করে। ঘেই আংটিটি পরিয়ে দেয় অমনি টপ করে
নীটি পড়ে যায়। কুড়াতে কুড়াতে স্নেহময় হায়রাণ।

শৈহময় তার ভাবী শাশুড়ীকে ঢিপ করে একটা প্রণাম করল দেখে সব চেয়ে আশ্চর্যা হলেন তিনি স্বয়ং। একটু নত হয়ে দেখলেন তাঁর পায়ের কাছে রয়েছে একটি ঝক্ঝকে সোনার ক্রচ। "ওহ্ হাউ ভেরি নাইস" বলে তিনি সেটি সমত্রে তুলে নিলেন। "থ্যাক ইউ, মাই চাইন্ড" বলে তিনি সেইন্যুকে আশীর্কাদ করলেন।

"হে আমার বংসগণ," তিনি ইংরাজীতে বললেন, "তোমরা আজ আমাকে ষেমন স্থী করলে ভগবান তোমাদেরকে তেমনি স্থী কর্মন।"

স্থেহময় উচ্ছ্বাসভরে কী যেন নিবেদন করতে চাইল, কিন্তু আশোকার মুখভাব নিরীক্ষণ করে নিরুত্ত হল।

্মিসেস তালুকদার বললেন, "বাকী থাকল পাজি দেখে বাগ্দানের ।"

. : "পাজি দেখে ?" स्त्रहम्य চमश्कृष्ठ इत । शीकि দেখে বিষেব দিন

্পুড়ে তা সে গুনেছে, কিন্তু বাগদানের দিন•? ও হরি ! পাজিতে যদি হুদিন না থাকে তবে কি ছ'মাস ধৈৰ্য্য ধরতে হবে ?

় "পাজি কেন, ক্যালেগুর—" স্বেহ্ময় অহুযোগ করতে যাচ্ছিল। তিনি তাকে থামিয়ে দিয়ে বললেন, "ভূলে যেয়োনা, আমরা হল্ম হিন্দা"

তা বটে। স্থেহময়রা যদিও ব্রাহ্ম, অশোকারা তা নয়, তারা ক্রিয়া কলাপে হিন্দু। থাকে বলে রিফর্ম ত হিণ্ডু। স্থেহময়ের তার জ্ঞান্তে মাথাব্যথা নেই, স্বন্ধর স্বান্ধ্যনী যথন তার ইষ্টদেবতা তথন স্বন্ধর স্বান্ধ্যীর ইষ্টদেবতার কাছে মাথা নোয়াতে তার কিসের আপত্তি? কিন্তু পাঁজি মানতে গেলে সব্র করতে হয়।

"মৃকুল, যাও ত নিয়ে এস হিন্দু almanac. সাবধান! ছিন্দু almanac বলেছি। Old Moore চাইনি।"

পাঁজিতে বাগ্লানের কথা ছিল কি না জানিনে, মিসেস তালুকদার উল্লাসভরে বললেন, "এই যে। ১লা আঘাঢ় অতি শুভদিন।"

তারপর স্নেহ্ময়ের দিকে তাকিয়ে বললেন, "তোমার দিক থেকে দেখলে একটু দেরি হয়, তা মানি। কিন্তু অশোকার বাবার পক্ষে ওই স্থবিধা।" বেচারা স্নেহময়। তার উপর ফরমাস হল সেই রাত্রেই তার ভাবী খাণ্ডড়ীর খরচে তার ভাবী খণ্ডরকে cable করতে; বাগ্দানের দিন ১৫ই জুন। উপস্থিতি একান্ত আবশ্যক।

হায় ! পাণিপ্রার্থী যুবকের বেদনা কেউ বোঝে না। টেবিলের উপর মদিরা ছিল। মিসেস তালুকদার যদিও পছন্দ করেন না, তবু এই উপলক্ষে পানীয় পরিবেশন করতে হয় বলে করা হয়েছিল। তবে তাঁর ধারণা ছিল তাঁর ভয়ে কেউ তা স্পর্শ করবে না। দেখা ব্রার ব্রেছময় তাঁর উদ্দেশে য়াস উচিয়ে এক গগুরে নিঃশেষ করেছে।

আশোক। লক্ষী মেয়ে। ' কিন্তু কী যে খেয়াল চাপল তার, সেও এই চুমুক খেয়ে আজকের দিনটিকে শ্বরণীয় করল।

স্বোত্তে অশোকা যথন ঘরে গেল তথন তার মাথা ঘুরছিল, পা টলছিল। বিছানায় আছাড় থেয়ে বালিশ চাপড়াতে চাপড়াতে বলল, "ওগো আমি কী করলুম! কী করলুম!"

পশু যেমন কাদে পড়লে করে তেমনি ভাবে ছট্ফট্ করতে করতে বলল, "হে ঈশর! হে ঈশর!" ব্যাকৃল স্বরে বলল, "অন্তর্গামী, ু আমামি ত মনে বলি নি, মুথে বলেছি। ফিরিয়ে নিতে পারিনে?"

় তারপর উঠে গিয়ে মাধায় ঠাওা জলের ঝাপটা দিল। বলল,
- "আমার সুখ ? আমার হুখ ? আমার হুখ বৃঝি ফুরাল ?"

্তার আবোল-তাবোলের আওয়াজ শুনে তার মা এসে স্থালেন, "কি হয়েছে, মণি? নেশা হয়েছে?"

অশোকা বলল, "না মা! ও কিছু নয়।"

তার মা তাকে নিজের ঘরে ধরে নিয়ে গেলেন, নিজের পাশে শোয়ালেন। সে ক্রমে শাস্ত হল, ঘুমিয়ে পড়ল। ঘুমঘোরে একবার শুধুবলল, "কাপুক্ষ!"

দেয়ালে ঝুলছিল হর-পার্ব্যভীর পট, অশোকার মা নিত্য পূজা করেন। তিনি হঠাৎ উঠে প্রণাম করলেন দেখানে। বললেন, "এতদিন পরে মেয়ে আমার পরের হাতে পড়ল। বুঝতে পারছ মা'র মনের কটা কী করে এই অবোধ মেয়ে পরের ঘর করবে, কী করে একে ছেড়ে আমি বাঁচব ? আশীর্কাদ কর। আমার অশোকা, আমার শোমের চির স্থী হোক। হর-পার্ব্যতী, তোমাদের ক্লপায় হর-পার্ব্যভীর মড়ে আদর্শ দম্পতী হোক তারা।"

ঝাপ

۵

না, না, আপনাদের ও ধারণা ভূল। তারাপদি চোর নয়, জোচোর নয়, ধর্ডিবাজ নয়। তারাপদ হচ্ছে গভীর জলের মাছ সেই যে তিনটি মাছের গল্প আছে তাদের মধ্যে মেটির না অনাগতবিধাতা সেটির নাম তারাপদ কুণ্ডু।

ভারতবর্ষে বেদিন স্প্রাট ও ব্রাডলী গ্রেপ্তার হন ইংলুওে সেদিন তারাপদর চোধে সর্বে ফুল। তারপর বেদিন মীরাট্ ষড্যন্ত্র মামুলা ক্ষুত্ব সেদিন তারাপদর মনে জুজুর ভয়।

"কমরেড কুণ্ডু, এ কী খবর ?" তাকে ঘেরাও করে তার সাগবেদরা।

"কেন, কী হয়েছে?" তারাপদর ঠাঙা মেজাজে পাইপ ধরায়।
"কে না জানত যে এমন হবে? আনি ত সেই কবে থেকে ভবিশ্বদাণী
করে আসছি যে ইণ্ডিয়া গবর্ণমেন্ট একদিন জাল গুটিয়ে আনবে, তথন
ধরা পড়বে সেই সব মাছ যারা ডুব দিতে না শিথে বুক ফুলিয়ে বেড়ায়।
কেমন, ফলল কি না আমার কথা?"

কোন দিন যে তারাপদ অনন ভবিশ্বদাণী করেছিল তা অবশ্য কারো শ্বরণ ছিল না। শ্বয়ং তারাপদ কোনো দিন কল্পনাও করেনি থে ষড়যন্ত্রের অভিযোগ উঠতে পারে।

"ধাক, এ নিষে তোমরা উদ্বেগ বোধ কোরো না।" অভয় দেয়। "মামলা ত ? আর ত কিছু নয়? সাজা হলে তি উপর আপীল আছে। আপীলে হারলে বড় জোর জেল সু দ্বীপান্তর।"

""পাকো আর ভানজেটির যে প্রাণদগু—" বলে উঠল এক বেরসিক।

"হঁ। প্রাণদগু অত পোদ্ধা নয় ভারতে।" তারাপদ বলতে
বলতে তলে তলে শিউরে ওঠে। কে জানে, যদি প্রাণদগুই হয়।

"হলেই বা। আমার মনে হয় আমাদের প্রাণ এতটা মূল্যবান নয়
ধে আমরা ইতন্ততঃ করব। করবে তোমরা কেউ?"

্ আত্মা প্রসাদের আত্মারাম জানেন প্রাণ দিতে তিনি ইতন্ততঃ ক্রব্বেন কি না। বললেন, "যে কোনো নির্যাতনের জ্ঞে আমরা প্রস্তা"

"মৃত্যুর সঙ্গে," হাইদারী বললেন, "আমার বিয়ের কথা আছে।"
তারাপে তার অমাত্যদের অসমসাহস দর্শন করে ছাই হল, কিছ লোই মৃহুর্ত্তে হির করে নিল ইংলওে আর বেশী দিন নয়; কী জানি কোন দিন না রুজু হয় ফিন্স্বেরী কন্স্পিরেসী কেস!

নির্বাশ্রকার্য্য তারাপদর উৎসাহ একটুও কমল না, অপরের বিমনাভাব তার তামাসার থোরাক হল। "পুলিশের স্বপ্নে বিভার থেকোঁ না হে। পুলিশ একদিন শুভাগমন করবেই।...ধন্ত তোমার প্রাণ, যার জন্তে তুমি এত চিস্তিত। আমাদেরও ত প্রাণ আছে। কই, প্রাণের চিস্তা ত নেই।"

ভারাপদ সকলের পিঠ চাপুড়ে দেয়, বগলে হাত গুঁজে দিয়ে জড়িয়ে ধরে। "সাবাস, কমরেড। খুব খাটছ তুমি। এই ত চাই। কমিউনিজম প্রত্যাশা করে, প্রত্যেক কমরেড ভার কর্ত্তক্ত্রেবে।"

বাদলের সঙ্গে তারাপদর কচিৎ দেখা হয়। এক বাড়ীতেই থাকলে হবে, নির্বাচনের গোলমালে কে কোথায় ছিটকে পড়ে ভার ঠিক থাকে না। হঠাং দেখা হয়ে গেলে তারাপুদ বাদলের হাতে ঝাুকানি
দিয়ে বলে, "খ্ব নাম কিনলে। কই, কাউকে ত দেখলুম না ভোমার
মত রক্ত জল করে দিনরাত খাটতে। সাকলাতওয়ালা জিতবেনই।
এবং একমাত্র তোমার জন্তো।"

বাদল অপ্রস্তুত বোধ করে। বাস্তবিক সে এতটা প্রশংসার থোগ্য নয়। তার অনেকটা সময় যায় ব্রনম্বির ফ্রাটে। সেধানে মাদাম ব্রনম্বি তার মৃর্ট্তি নির্মাণ করেন আর ব্রনম্বি করেন তার সম্পে তর্ক। মৃত্তিটা কিছুতেই তার পছল হচ্ছে না। গাল ছুটা চোপুসা, মাথার-চূল স্বন্ধ। বেশ, তা না হয় বাস্তব্তার থাতিরে সম্ভ হয়। কিছু বাদলের পরম সম্পদ তার চোথ হ'ট। গোয়েন বলতেন, "বাদল," তোমার চোথে চোথ রেথে আমি কাকে দেখতে পাই, জান। যীশুকে।" তার সেই আশ্রুয় ছ'টি চোথ মাদাম ব্রন্সন্থির কল্যাণে না থাকার সামিল। বাদল তাই রোজ একবার গিয়ে চোথের সম্পে চোথাচোথি করে, দীর্ঘ নিংখাস ফেলে জানায়, "হল না।" মাদামের অসীম ধৈর্ঘ। একটি মৃত্তি ভালো হলে দশটির অর্ডার ক্ষাশা করেন, ভারতীয় ছাত্রেরা নিশ্যু সকলেই রাজপুত্র।

"আমি," বাদল সসংহাচে বলে, "কীই বা করেছি! তোমার তুলনায় আমার—"

"থাক, থাক, বলতে হবে না। তোমার দক্ষে আমার সেই প্যাক্ট্
মনে আছে ত ? এবার দাকলাত ওয়ালা, এর পরের বার বাদল দেন,
তার পরের বার তারাপদ কুণ্ড। অবশ্য ততদিনে হয়ত পার্লামেন্ট
উঠে যাবে, দোভিয়েট গ্জাবে। কিন্তু মনে রেখে। কমরেভ।
Gentlemen's agreement."

এমনি করে স্বাইকে তারাপদ হাতে রাখে। যদি বা আ

কথনো কথনো মেজাজ গুরম করেছে মীরাট মামলার পর থেকে ভুটর মেজাজটি একেবারে বরফ। ডিক্টেটারগিরি ফলাতে আর যার প্রবৃত্তি হোক, তারাপদর প্রবৃত্তি নির্বাচনের ফলাপেক্ষী। সাকলাত্ত-ওয়ালার জয় হলে তার ভয় কিছু কমবে, অন্তত কমিউনিস্টদের পক্ষ নিয়ে পার্লামেণ্ট প্রশ্ন করবার কেউ থাকবে। সাকলাত্তথালা যদি হারেন তবে তারাপদর ইংলত্তে বাস করা নিরাপদ হবে না। ভারতে ফেরা ত প্রশ্নের জ্বতীত।

তারাপ্রদর মন্ত একটা গুণ, মনের কথা মনে মনে রাখে, কাউকেই কানেত দেয় না। তার অভিন্নহাদয় বন্ধু কমসে কম আট জন কি দশ জন। সেই সব অন্তরন্ধদের সঙ্গে ছার কত রন্ধই হয়, নাইট কাব ত তারাপদ এখনো ছাড়েনি। কিন্তু যা গোপনীয় তা এক জানে তার্টিসন্ধ আঁর জানেন বিধাতা (যদি থাকেন)। মীরাট মামলার খবর পেয়ে তারাপদ যে প্যারিসের দিকে পা বাড়াবার চেষ্টায় আছে তা সকলের অগোচর।

ফান্সে গিয়ে পসার জমানোর জন্যে মূলধন দরকার। শুধু হাতে সে দেশে গিয়ে করবে কী ? তা হলে জোগাড় করতে হয় টাকার। টাকা যা ছিল তার সবটা পাটছে কারবারে। কারবার গুটিয়ে নেবার উপায় নেই। কারবার থেকে কিছু কিছু তুলে নেওয়া চলতে পারে। তারাপদ প্রথমে সেই ফলী আঁটল। কিছু তাতেও য়থেই হয় না। কাজেই ঠকাতে বাধ্য হয়। চুরি করতেও। য়ায়ারাজনৈতিক কর্মী তাদের এসব নৈতিক শুচিবাই থাকা সঙ্গত্ত নয়, থাকলে কাজ মাটি হয়। দেশ্বের জন্যে ভাকাতী করে তারাপদর প্রিমানাই জেলে গেছলেন, ডাকাতীর মাল কুণু পরিবারের তেজারতীর সুর্পিন হয়েছিল। এও কমিউনিজমের জন্তে

"আমার কী!" তারাপদ মনকে বোঝার। "আমি কি টাকা নিয়ে স্বর্গে বাচ্ছি? বাচ্ছি ত মৃৎ স্বর্গের সন্ধানে। একদা বদি শ্রেণীশ্র সমাজ প্রতিষ্ঠিত হয় তবে তা আমারই মৃত নিদ্ধান কর্মীর : নিরবচ্ছিন্ন এক্স্পেরিমেন্টের ফলে। ইংলণ্ডে না হয় ত জান্সে হবে। সেথানে নাহয়, জার্মানীতে। রাশিয়া ত হাতের পাচ।"

এ বাদার নিয়ম এই যে ছোট ছোট স্থটকেদ যার যার শোবার ঘরে থাকে, বড় বড় স্থটকেশ ও ট্রান্ধ দার্বজনীন গুদাম ঘরে। যেমন জাহাজের নিয়ম। চাবীটি ভারাপদর পকেটে। সেটি নিমে সেল বাইরে বেরিয়ে গেলে তুমি আমি নাচার। তাই ভাকে চব্বিশ ুদুটা নোটিদ দিয়ে রাথতে হয়, যদি গুদামে চুকে বাক্দ খুলতে ইচ্ছা যায়।

নির্কাচনের কিছুদিন আগে তারাপদ আবিদার করল যে বেসমেতের গুদামঘরে মেরামতের অবকাশ আছে, মেরামত শ্বরল ওর পরিসর বাড়বে। অমনি হকুম দিল মালগুলো ওখান থেকে সরিয়ে তার আফিসে পাঠাতে। সকলেই নির্কাচন উপলক্ষে ব্যস্ত, বেশীর ভাগ বাইরে ঘুরছে। তারাপদর হকুমনামা যদিও সকলের ঘরে পৌছাল তবু চোখে পড়ল মাত্র ছুও একজনের। তাঁরা আপত্তি জানালেন না। স্বতরাং মাল চালান হল ইন্টার্গ্রাশনাল ফিল্ম এক্স্চেঞ্রে আপিসে। সেখানে হাজির হ্বার দিন ছুই পরে সাকলাক গুলার পরাজয়। তা শুনে তারাপদই সর্ক্রপ্রথম তার করে ব্যথা নিবেদন করল। আর সেই দিনই মালগুলি প্রেয়ণ করল বিভিন্ন pawn shopএ।

কেবল স্টকেস ও ট্রাক নয়। কৃতজ্ঞানের কতরকম সথের জিনিয ছিল। বাদলের বই, ব্রাকনারের chewing gum, রবসনের ী য়্যাসোসিয়েশনের। ইন্টার্জাশনাল ফিল্ম এক্স্চেঞ্জের বছ ফিল্ম সোজিয়েট রাশিয়া থেকে আমদানি হয়েছিল। সেগুলিও চলল পঢ়ারিসে। ছিল কতকগুলি জামান ফিল্মও। সব ধার করা। তারাপ্রদ দাম দিয়ে কিনত না, ধারে আনত, ফেরং দিত। তার সক্ষে কী একটা বন্দোবন্ত ছিল, খুটিনাটি আমরা জানতুম না। ও ব্যবসা তারাপদর একার, ওতে অক্যান্ত কমরেডদের অংশ ছিল না। ১ তবে টাকা তারাপদ সকলের কাছ থেকে নিত। বলত, "লোকসান হলে টাকার আসলটা পাবে। লাভ হলে পাবে টাকার সঙ্গে বোনাস। ফুদ কিল্বা মূনাকা আশা কোরো না, কারণ কমিউনিজম ওর

অবশ্য এ কথা বলত কমিউনিস্টদের। মিসেস গুপ্ত ইত্যাদি বৃদ্ধের্য়াদের কাছে তার অন্য রূপ। তাঁদের বলত, "টাকায় টাকা লাভ। তা ছাড়া এটা আমাদের নিজেদের ঘরোয়া ব্যাপার। আমরাই অভিনেতা, আমরাই অভিনেতা, আমরাই ভিরেক্টর। আপনি কোন লাট পছল করেন, বলুন। একবার স্টুডিওটা খোলা হোক, তারপর দেখবন ওটা আপনারই রাজত্ব।"

२

"কমরেড কুণ্ড্," তারাপদকে ঘিরল তার কমরেডের ঝাক, "এ কী ঘটন! সাকলাতওয়ালার ত হারবার কথা নয়।" তারাপদ অমানবদনে উত্তর করল, "চক্রান্ত। কা্পিটালিস্টরা সব বেটাই একজোট হয়েছে। জমিদার, ব্যান্ধার, ব্যারিস্টার, ভাজ্নার,
'বিবিল সার্ভেন্ট, দোকানদার—কত নাম করব, একধার থেকে সব
শালাই চক্রান্ত করেছে, যাতে আমাদের ভোটসংখ্যা কম হয়।"

কমরেডরা ত তাজ্জব। এত বড় একটা চক্রাস্ত চলছিল সে সংবাদ তাদের কানে যায়নি বলে নিজের নিজের কানের উপর তাদের রাগ ধর্মিল, নিজের কান না হলে মলতে রাজি ছিল।

"কমরেডস্, তোমরা তোমাদের যথাসাধ্য করেছ। সাকলাত-ভয়ালার পক্ষ থেকে আমিই তোমাদের অজস্র ধন্যবাদ দিই। কিন্তু যাদের উপর ব্যালট বাল্লের ভার তারাই যদি অসাধু হয় তবে তোমরা করবে কী? আমার হাতে সাক্ষী প্রমাণ আছে, আমি চ্যালেঞ্জ করতে পারি, কিন্তু জান ত? পুলিশও ক্যাপিটালিন্ট, আমাকে ধরে নিয়ে হাজতে আটক করবে। নইলে দেখতে, আমি এমন চ্যাদেঞ ক্রতুম যে চারদিকে টিটি পড়ে যেত।"

এই দ্বায়িত্বহীন উক্তি কেউ বিশাস করল না। কেননা ইংলওের নির্বাচন ব্যবস্থা এত নিথুঁৎ যে তাতে অসাধুতার অবকাশ নেই। তারাপদে ব্যতে পারল যে চালটা বেচাল হয়েছে। কথাটা ঘুরিয়ে নিয়ে বলল, "কোথাকার পচা পার্লামেণ্ট, তার আবার নির্বাচন! আমি যা বলতে চেয়েছিলুম তা এই যে এখন থেকে আমরা আমাদের পমক ্রিক নিয়োগ করব প্রত্যক্ষ সংগ্রামে। নির্বাচনের দিকে ফিরেও তাকাব না।"

তারাপনর আন্তানায় ভাঙন ধরক। তারাপদ যেমন সাকলাত-ওয়ালাকে তার করেছিল ওসমান হাইদারী তেমনি তার করল প্রধান মন্ত্রী ব্যামজে ম্যাক্ডোনল্ডকে। আর আত্মা প্রসাদ ত কার্ড দিয়ে দেখা করে এল ভারত-সুচিব ওয়েজউত বেন সাহেবের সংশে। পাদপোটের জত্তে বে কয়দিন দেরি হল সে কয়দিন তারাপদ অর্থকরী বিভায় প্রয়োগ করল। ধার করল চোথ বুজে। একটি যুবক একদিন অক্ন্ফোর্ড খ্রীট দিয়ে যাচ্ছে, তাকে পাকড়াও করে বলল, "কেমন আছেন, মিঃ বোল ? নমস্বার।"

যুবকটি বলল, "আমার নাম ত বোদ নয়, আপনি ভুল কুরেছেন।"

"বোস নয়? তবে ত ভারি ভাবনায় পড়লুম। ঐ যে ব্যান্ধ দেখছেন ওথানে গেছলুম টাকার আশায়। গিয়ে দেখি ব্যান্ধ বন্ধ হবার ম্থে। ওদিকে আমার মোটর রয়েছে পুলিশের পাহারায়। তেল নেই, তেল বিনা অচল। কী করি, বলতে পারেন, সার ?"

ৈ যুবকটি বিখাদ করল। কিন্তু পকেটে তার কয়েকটি রৌপ্যমুদ্রা ছিল, পাচ ছয় শিলিং মাত্র।

্দিন্না, সার, আমার এই চেকখানা। এ নিয়ে একটা পাউও দিন, দয়া করে। লয়েড্স ব্যাকের চেক, বিখাস করতে পারেন।"

যুবকটি তা দেখে বোকা বনল। "থাক, আপনার চেক নিয়ে আমার কাজ নেই। আপনি এক পাউও চান, আমি আপনাকে পাঁচ' শিলিং দিতে পারি। ওতে আপনার পেটল কেনা হবে।"

তাই নিল তারাপদ। "থাাক ইউ, মি: রাম।"

মিং রায় পরে আফশোষ করেছিলেন কেন তারাপদর চেক নেননি। নেননি রক্ষা। তারাপদর চেক যারা যারা নিম্নেছিল তাদের অনেকের কাছে পুলিশ গেছল তার ঠিকানার তল্লাদে।

তারাপদর শেষটা এমন হয়েছিল যে সে বন্ধুবান্ধবের ওভারকোট পর্যান্ত ধার করত—ওভারকোট বা বেন কোট। বলা বাহল্য সেগুলি সেকগুহাও পোষাকের দোকানে বিক্রী করত। যথালাভ।

একদিন ম্বেহ্ময়ের ওধানে উপস্থিত হয়ে তারাপদ বলল, "বড়

বিপদে পড়ে তোমার দাবস্থ হলুম, সেইময়। নইলে তোমার সেই

punch আমি জীবনে ভূলব না। যাকে বলে ওতাদের মার। বাবঁবা,
আমার ঘাড়ের উপর যে মৃণ্টা আছে সে কেবল আমি তারাপদ কুণ্
বলেই। আর কখনো কাউকে অমন একখানি punch দিয়ো না হে।
কে কখন অকা পেয়ে তোমায় মকা পাঠাবে।

স্থেময় থোশ মেজাজে ছিল। অশোকা তাকে কথা দিয়েছে। তারাপদকে অভ্যর্থনা করে বলল, "আমি ত শুধু তোমার টুটিটা একটুথানি টিপে ধরেছিলুম। ওকে ত punch করা বলে না।"

"যার নাম চালভাজা তারই নাম মৃড়ি। আমি ত তোমার মত বিখ্যাত বক্সার নই, আমি ওকেই বলে থাকি punch কিন্তু শোন হৈ। আমার একটু উপকার করতে পার ?"

স্থেহময় বলল, "নিশ্চয়। যদি আকাশের চাঁদ পাড়তে না বল।"

"না, আমাদের মত গরিব মাহুষের ও ছ্রাশা নেই। চাঁদ পাবে তোমরাই। আপাতত আমাকে একথানা পাসপোর্ট পাইয়ে দাও হে।"

"কেন ? কী ব্যাপার ? কোথায় যাচছ ? আমার বাগ্দানের আগে তোমার যাওয়া কিছুতেই হতে পারে না। তুমি গেলে খামার best man হবে কে?" সেহময় কথনো এক সঙ্গে এতগুলি কথা বলে না।

"শুনে খুলি হলুন তোনার বাগ্দানের বার্তা, আশা করি দেরি
নেই। ততদিন যদি থাকি ত অবশ্য যোগ দেব, আমাকে না ডাকলেও
আমি আসবই। কিন্তু ইতিমধ্যে এক্টু দ্যা কর। সার অত্ল
তোমাকে চেনেন, মি: মল্লিকও তোমার পিতার বন্ধু বলে শুনেছি।
ভঁরা যদি এক লাইন লিখে দেন তা হলে আমার পাসপোট পেতে এত
ভালাম পোহাতে হয় না।"

"किन?. श्राइकी?"

"হবে আর কী! আমি যে একজন কমরেড।"

"I see! আচ্ছা, আমি সার্ অতুলকে ব্ঝিয়ে বলব। তোমার ষদি বিশেষ তাড়া না থাকে তা হলে একদিন ডিনারে ওঁর সঙ্গে দেখা হবে। আমার শাশুড়ী—"

"ভাই, ভোমার যথন এমন খাশুড়ীভাগ্য তথন তুমি আজ এখনি আমার উপকার করতে পার। তুমি ওঁকে, উনি সার্ অতুলকে ও তিনি পাসপোর্ট অফিসারকে টেলিফোন কুরলে মোট পনেরো মিনিটে কাজ হাসিল হবে। ততক্ষণ আমি বসে বসে তোমার ডেুসিং গাউনটা পরথ করি। খাটি জিনিষ হে। কোথায় কিনলে ?"

কাৰে দিয়ে কোন কাজ সমাধা হয় তারাপদ তা অস্ত্রান্তর্পে জানত। কেইময়ের দৌত্যে সেইদিনই পাসপোর্ট পাওয়া গেল। দক্ষিণাস্থরপ তারাপদ স্বেহময়ের ডেসিং গাউনটি হস্তগত করল। "ওহে একদিনের জন্যে এটি ধার দিতে পার ? কালকেই—বুঝলে ?"

ক্ষেহময়ের তথন দিল্থূশ্। সে শুধু ভাবছে তার বাগ্দানের কথা।' বলন, "কাল কেন, যেদিন তোমার স্থবিধা।"

তারাপদ য়েদিন অদৃশ্য হল তার বহু পূর্ব্বেই তার অস্থাবর সম্পত্তি দেশান্তরিত হয়েছিল। সঙ্গে একথানি য়্যাটাশে কেস নিয়ে সে সহজ. ভাবে বাদার বাইরে গেল। কেউ অন্থমানও করল না য়েলোকটা ফ্রাম্পে মাডে ।

রাত্রে ফিরল না। তাও এমন কিছু অস্বাভাবিক নয়। পরদিনও কেউ সন্দেহ করত না, কিন্তু পুলিশের লোক এসে খোঁজ করতে স্কুক্ করল।

তারপর की करत य तांडे राम भान, একে একে বাড়ী ध्याना कमारे

মৃদি. তুধওয়ালা ইত্যাদি যাবতীয় পাওনাদার এসে কলবব বাধাল।

তথন কমরেডদেরও মনে পড়ল যে বেসমেন্ট মেরামত হবার নামে
বড় বড় স্কটকেস ও ট্রান্ধ বাসা থেকে অল্ল সরানো হয়েছে। যাদের
টাকা ছিল তারাপদর কাছে তারা হিসাব করে দেখল যে প্রায় হাজারথানেক পাউগু একা কমরেডদেরই। হাইদারী, আআ প্রসাদ এরা
বাসা ছেড়েছিল বটে, কিন্তু টাকা ফেরং নেয়নি, সেই টাকা ফেরার
হয়েছে দেখে তাদের টনক নড়ল। কমিউনিস্ট হয়েও তারা টাকার
শোকে পুলিশের কাছে হাঁটাহাঁটি অভ্যাস করল।

বাদল অন্তমনম্ব ছিল, জানত না কোথাকার জল কোথায় গড়িয়েছে। ব্রনন্ধিদের ফ্ল্যাটে তার মৃর্ত্তি নির্মাণ শেষ হলেও কিসের আকর্ষণে সে প্নঃ প্নঃ সেখানে গিয়ে ঘণ্টার পর ঘণ্টা কাটিয়ে আসত, ব্রালাধু যে জান সন্ধান। তার হোঁস হল যখন পুলিশের লোক তার ঘরে চুকে খানাতলাসী করে গেল। পেল না বিশেষ কিছু। তারাপদর ঠিকানা বাদলের ঘরে থাকবে, তারাপদ এত কাঁচা ছেলে নয়। কিন্তু বাদলের আক্রেল হল। সে খবর নিয়ে টের পেল তার ফ্টকেস ইত্যাদি তারাপদর মত উধাও। তার টাকা ত গেছেই, খাতা কেতাব চিঠি পত্র সব গায়েব।

9

বাদল মাধায় হাত দিয়ে বসল। বই চুরি গেলে কেনা যায়, কিন্তু বাদলের কোনো কোনো বই ভূর্মূলা। বই তব্ ব্রিটিশ মিউজিয়মে গেলে পড়তে পাওয়া যাবে, কিন্তু বাদল ভার চিন্তাধারার ক্রমবিকাশের প্রতিদিন যধন, যে ভাষনা মনে উ্দয় হত এক এক টুকরা কাগজে টুকে রাখত। কথনো ধবরের কাগজের মার্জিনে, কধনো বাদের টিকিটের পিঠে। এ ছাড়া তার এক রাশ ধাতাও ছিল, তাদের পাতায় পাতায় কত রকম আইডিয়া। এ সব মালমশলা তারাপদর কাজে লাগবে না, কিন্তু যদি কোনো ভাবুকের হাতে পড়ে তবে বাদলের আইডিয়াগুলি পরের নামে প্রচারিত হবে। চিন্তা করে মরল বাদল আর নাম করে অমর হল অন্ত কোনো ভাবুক! বাদলের কালা পায়।

"আমার স্বাক্ষর! আমার স্বাক্ষর।" বাদলের চোথে বাদল নামে। "আমার চিস্তার অবেদ আমার স্বাক্ষর রয়েছে, আমার থাতার পাতায় আমার অদুশু স্বাক্ষর! আমার নাম চুরি গেল যে! আমার নাম।"

কিন্তু এ দহনও অসহন নয়। বাদল যদি বেঁচে থাকে তবে আরো কত কী লিখবে। তার মগজ যত দিন আছে তার কাগজ চুরি গেলেও সর্বনাশ হয়নি। কিন্তু সর্বনাশ হয়েছে তার চিঠিগুলি গিয়ে। ওসব চিঠি সে কাকে দিয়ে আবার লেখাবে! তার অগণ্য ভক্ত তাকে অসংখ্য প্রশ্ন করেছে, সে সব প্রশ্নের সে রাত জেগে জ্বাব লিখেছে। ভক্তির সক্ষে প্রীজিও পেয়েছে অশেষ, গ্রীতির সঙ্গে প্রশক্তিও। কোনো কোনো চিঠি মনীবীদের লেখা, বাদলের প্রশ্নের উত্তর। খাদের অটোগ্রাফও উচু দরে বিকার তাঁদের স্বহন্তের লিপি। হায়, তারাপদ কি এগুলির মর্ম বুঝবে! তারাপদর যেমন বিদ্যা সে ডি. এইচ. লরেজ ও টি. ই. লরেজ-এর পার্থক্য জানে না।

চিঠির শোকে বাদল পাগলের মত পায়চারি করতে লাগল, মাথার চুল যে ক'টি অবশিষ্ট ছিল সে ক'টি প্রায় নিঃশেষ হতে চলল।

"আমার চিঠি! আমার চিঠি কোথায় পাব! সে সব দিন কি আর ফিরবে, সে সব চিঠি কি কেউ লিখবে!" বাদল বে কেন ওসব চিঠি নিজের কাছে না বেখে গুদামখনে গ্লাঠাল এর দক্ষণ দ্বিজেই ্রিজের বিক্লকে নালিশ করল।

"Are there two such fools in the world?" বাদল হুধান বাওয়াস্কে।

বাওয়ার্স সব ভনে বললেন, "It seems there are."

তাঁরও যথাসর্বন্ধ গেছে। বাদলের যা গেছে তা ব্যক্তিগত, কিন্তু বাওয়ার্সের কাছে অনেক রাজনৈতিক দলিল ছিল, ওসব ইতিহাসের সামিল। গত জেনারল ট্রাইকের সময় বাওয়ার্স ছিলেন ধূর্মঘটাদের প্রক্ষে, তখন তাঁর হাত দিয়ে বহু কাগজপত্র চলাচল করেছিল। বাওয়ার্স কোনোটার নকল, কোনোটার আসল নিজের কাছে রেখে দিয়েছিলেন। পরে ইতিহার লিখতেন!

"কিন্তু সেন," বাওয়ার্স বাদলের হা হুতাশ এক নিখানে থামিয়ে দিলেন, "আমি কি জানতে পারি কখন তুমি যাচছ ?"

বাদল যেন আকাশ থেকে পড়ল। "যাচ্ছি। কেন, ধাব কোথায়?"
"তুমি কি লক্ষ করনি যে একে একে প্রত্যেকেই গেছে কিমা
যাচ্ছে?" এ বাসা কুণ্ডর নামে ইক্ষারা। ভাড়া বাকী পড়েছে।"

াবাদল অবশ্য লক্ষ্য করেছিল থে সাকলাত ওয়ালার পরাজ্বের পর থেকে বিস্তর কমরেড ইস্তকা দিয়ে বিদায় নিয়েছেন। ৹তা হলেও বাড়ী ছেড়ে দেবার প্রশ্ন ওঠেনি। বাড়ী ছেড়ে দেওয়া দ্বে থাক, সে স্থীদাকে কথা দিয়েছে যে ইচ্ছা করলে এখানে এসে থাকতে পারে। সে ভ এমন কোনো আভাস পায়নি যে ভারাপদ অস্তর্ধান করবে।

"আমি যে ভয়ানক অপ্রস্তুত হব, বাওয়ার্স," বাদল বলল, "বদি এ বাসা একেবাবে থালি হয়ে যায়। আমি যে একজনকে এথানে এক প্লাকতে বলেছি। আমার সেই বন্ধুর কাছে এখন মুখ দেখাব কী করে ?" "কুণ্ডু আমাদের সকলের মুখে কালি মাখিরে দিয়ে গেছে। লচ্জার বাকী আছে কী ?"

এ বাড়ীর আরামের পর এমন আরাম আর জুটবে না। তা বাদঁল
অন্তরে অন্তরে জানত। হাজার দোষ থাকুক, তারাপদ মাছ্যকে
আরামে রাথত। এমন স্থশুঝল ব্যবস্থা বড় বড় হোটেলেও নেই।
অথচ তারাপদর চার্জ মাছ্যবের অসাধ্য নয়। আছে, তারাপদর পক্ষে
বলবার আছে। লোকটা জাহাবাজ হলেও শক্তিমান। এই ত
সাজানো, বাড়ী পড়ে রয়েছে। চালাক দেখি কেউ ? পালাতে স্বাই
ওস্তাদ। দায়িত্ব নেবার বেলায় একা তারাপদ। স্কার বটে।

"আজ্ঞা, বাওয়ার্স, আমরা কি একটা কমিটি করে এ বাসা চালাভে পারিনে ?"

"ना, तमन। नाकन सक्षा है।"

"আছা, একটা সোভিয়েট করে ?"

"না, দেন। সোভিয়েট করলেও এত ঝঞ্চাট পোষাবে না।"

বাদল উষ্ণ হয়ে বলল, "সোভিয়েট করে একটা বাসা চালাতে পার না, স্বপ্ন দেখছ একটা রাষ্ট্র চালাবার! বাওয়াস, তোমার লচ্জিত হওয়া উচিত।"

"আমি লজ্জিত নই। বাদার সঙ্গে রাষ্ট্রের তুলনা মনদ উপমা।"

বাদল রাগান্বিত হয়ে বলন, "কোণষ্ঠাসা হলে তোমরা ওকথা বলবেই। কিন্তু তথ্য হচ্ছে এই যে একা কুণ্ডু যা পাবত একটা সোভিয়েট তা পারে না। স্টালিন যে ডিক্টেটর হয়েছে তা শুধু এইজন্তে যে সোভিয়েট যারা করেছে তারা তোমার আমার মৃত অকেন্দ্রো, অপদার্থ, ভাবপ্রবণ, তার্কিক, কলহপ্রিয়, পলায়নতৎপর।" . বাওয়ার্স মৃত্ হেদে বললেন, "হয়েছে না স্থারো আছে? শেষু কর তোমার কর্দ।"

দায়িত্তীন, দলাদলির দালাল, স্বার্থপর, যে যার খুটি আগলাতে ব্যুক্ত, কপ্তার অভাবে দিশাহারা!"

"वरन याख, वरन याख।"

বাদল উত্তেজনার মূথে বলে বসল, "টুট্স্কির প্রতি অক্বতজ্ঞ!"

"এইবার ধরা পড়েছ, দেন।" বাওয়ার্স টেবল চাপড়ে হো হো করে হাসলেন। "ব্রনন্ধির ওথানে শিক্ষা পাচছ বেশ।"

. বাদল খেমে উঠল। বাশুবিক, ব্রনম্বির শিক্ষাই বটে। তবু গন্তীর ভাবে বলল, "হয়ত আমার ভূল হয়েছে, কিন্তু এটা ত মানবে যে যারা একটা বাসা চালাতে পারে না তারা একটা রাষ্ট্রের ভার নিলে মহা ঝঞ্চাটে পড়বে। না ঝঞ্চাট কি কেবল বাশায় ?"

"পয়েণ্ট তা নয়।" বাওয়ার্স কৈ তর্কে হারানো ছন্ধর। "পয়েণ্ট হচ্ছে এই যে এ বাসার দেনা দাঁড়িয়েছে অনেক। দেনা শোধ করবে কে? তোনার আমার ছ'জনের একটা সোভিয়েট করা সহজ। कि ह्यू তুমি আমি কি নিজের পকেট থেকে সমস্ত দেনাটা শোধ করতে পারি? তোমার বন্ধু যদি আসেন তিনিও দেনার জত্যে দায়ী হবেন, অথচ দেনা ত তাঁর জত্যে করা হয়নি। কেন তিনি আসতে চাইবেন, যথন ভনবেন দেনার দায়িত্ব তাঁর উপর বর্তাবে?"

বাদল চিস্তিত হল। তাই ত। দেনাটিও সামাক্ত নয়।

"তা হলে ব্ঝতে পারছ, সেন, সোভিয়েট করলে সোভিয়েট এই দেনাটি বছন করে তোমাকে আমাকে ও আমাদের মত ত্'চারজনকে দোহন করতে বাধ্য হবে। দেনা শোধ করার অক্য উপায় নেই। মুদি আমরা কলমের এক থোঁচায় সমস্ত দেনাটা ঘাড় থেকে ঝেড়ে

ফেলতে পারতুম, যদি পাওনাদারকে দরজা থেকে হাঁকিয়ে দিতে পারতুম তা হলে আমাদের সোভিয়েট গঠন করা সার্থক হত, যেম্ন রাশিয়ায় হয়েছে। সেথানেও পূর্ববর্তী গ্রণ্মেন্টের ঋণ অন্ধীকার করা হয়েছে। নইলে সেই ঋণের দায়ে সোভিয়েট বার্থ হত।"

বাদল বলল, "ঠিক। কিন্তু তোমার কি বিশাস বর্ত্তমান গবর্ণমেণ্ট যে সব দেনা করেছে তোমার সোভিয়েট—যদি কোনো দিন এ দেশে সোভিয়েট হয়—সে সব দেনা মুছে ফেলবে ? সে কি সম্ভব ?"

"যদি সম্ভব না হয় তবে সোভিয়েট ব্যর্থ হবে, এই পর্যান্ত লিখে দিতে পারি। যাতে সম্ভব হয় সেই চেষ্টা করতে হবে।"

"বৃথা চেষ্টা, বাওয়ার্স।" বাদল প্রত্যায়ের সহিত বলল। "পরিষ্কার স্লেট কেউ কোনো দিন পায় নি। তোমাদেরও ঘাড়ে চাপবে পর্বতাকার ঝণ। সে ঋণ শোধ না করলে পাওনাদারের দল তোমাদের বিক্লম্বে অভিযান পাঠাবে, পরাজিত হলে তোমাদের সঙ্গে অসহবোগ করবে। তোমরা অনশনে মরবে।"

বাওয়ার্স বাদলকে একটা সিগরেট বাড়িয়ে দিয়ে বললেন, "আশা করি আমরা অনশনে মরার আগে অপর পক্ষকে মরণের মুখে পৌছে দিয়ে যাব। আমরা আক্রমণ করব, সেন। আক্রমণও আমাদের শাস্ত্রে আছে।"

বাদল ঠিক এই জিনিবটিকে ভয় করত। শ্রেণী সংঘর্ষ ! যুদ্ধ বিগ্রহ ! এবৰ যদি অনিবার্য্য হয় তবে কি মানবজাতি নির্কাংশ হবে না ! মানবজাতির নির্কাণ ঘটলে কাকে নিয়ে জগতের বিবর্তন, কাকে নিয়ে প্রগতি, কার জন্মে সভ্যতা, কার জন্মে সংস্কৃতি ! ক্যাপিটালিজম ও ক্মিউনিজম এদের বিরোধ বে মানবধ্বংসী !

বাদলের উক্তি ভনে বাওয়ার্স বললেন, "এর উত্তরে লেনিন বী বলেছিলেন তাই শেষ কথা। সাম্য প্রতিষ্ঠার জল্ঞে যদি পৃথিবীর বারো আনা মাহুয়কে মরতে ও মারতে হয় তা হলেও মাত্র চার আনা মাহুয়ের জল্ঞে সাম্য প্রতিষ্ঠা করতে হবে।"

"যদি যোল আনা মাত্রষই মরে—"

"তা হলেও জগতের শেষ ছটি মাছ্য সাম্য প্রতিষ্ঠার ঘশ্বে পরস্পরকে হত্যা করবে, কিছুতেই বৈষম্যের সঙ্গে সন্ধি করবে না।"

বাদল এসব তত্ত্ব এই নতুন শুনল তা নয়। এ বাসায় এই হচ্ছে ডালভাত। তবে এর সঙ্গে সভ্যিকার ডালভাত ছিল বলেই এ সব পেটে সইত।

"তুমি কি তবে বলতে চাও, বাভয়াস," বাদল করণ স্বরে বলল, "বিরোধ অনিবার্যা ?"

"অনিবাৰ্য্য।"

"কী করে এতটা নিশ্চিত হলে? যদি ক্যাপিটালিস্টরা স্বেচ্ছায় গদি ছেড়ে দেয়।"

"স্বেচ্ছায়?" বাওয়ার্স একটি চোথ বন্ধ করে অপর চোথে হাসলেন। "স্বেচ্ছায় যেমন রাশিয়ার জার সিংহাসন ছাড়লেন? অসম্ভব নয়। তবে তার আগো আমাদেরও ইচ্ছাপ্রয়োগ করতে হবে, নইলে ওদের ঐ স্বেচ্ছাটুকু অনিচ্ছায় পর্যাবসিত হবে।"

"আমার মনে হয়," বাদল গবেষণা করল, "উভয় গক্ষে সম্মানজনক সন্ধি সন্তব।"

্ "তুমি," বাওয়ার্ন বললেন, "ক্রী উইলে আস্থাবান। আর আমি

বন্ধ, ভিটারমিনিস্ট। যা বেরার তা হবেই, কেউ ঠেকাতেও পারবে না, কেউ এড়াতেও পারবে না। যাদের ঘরে টাকা আছে তারা তা স্বৃদ্ধ মূনাফায় থাটাবেই। যাদের মারফং থাটাবে তারা তা অগ্রত্ত থাটাবার পরিসর না পেলে যুদ্ধের সম্ভার নির্মাণে থাটাবে। যুদ্ধের সম্ভার জমতে জমতে যুদ্ধের হেতু জমবে। সহসা একদিন যুদ্ধ বেধে যাবে—শ্রেণীতে শ্রেণীতে নয়, রাষ্ট্রে রাষ্ট্রে। যুদ্ধে যে দেশ বিব্রত হবে সে দেশে শ্রেণী সংগ্রাম বাধবে, যেমন গত যুদ্ধের সময় রাশিয়ায়। এবার কেবল একটি দেশে নয়, সব দেশেই, কেননা বিব্রত হবে সব দেশ।"

বাদল বলল, "ভটা তোমার wishful thinking."

বার্ত্তর্গর বললেন, "এটা বিশুদ্ধ জ্যোতিয়। যেমন চন্দ্রগ্রহণ প্র্যুগ্রহণ। প্রচলিত ব্যবস্থা জনসাধারণের অসহনীয় হয়ে উঠেছেও ভুধু এক আধটি দেশে নয়, সব দেশে। তবু মাতক্ষরদের ধারণা আমূল পরিবর্জন না করলেও চলে, জনসাধারণকে পরস্পরের বিক্লে উত্তেজিত করে যুদ্ধে লিপ্ত করে হৃদ মুনাফা হুই হাতে লুট করলেও চলে, জনসাধারণকে পরস্পরের হারা উজাড় করিয়ে বেকারসংখ্যা নির্মূল করলেও চলে। সেন, এ ধারণা ইতিহাসে অসিদ্ধ। এ বাসা ভাঙবেই। একে তুমি খাড়া করে রাখতে পারবে না। কমিটি দিয়েও না, সোভিয়েট দিয়েও না। আর একটি যুদ্ধ বাধলেই এর পতন অনিবার্য্য।"

"কিন্ত যুদ্ধ যে মানবধ্বংসী। তুমি নিজেই ত বললে যে জন-সাধারণকে পরস্পারের বিক্তমে লিপ্ত করে উজ্ঞাড় করানো ভালো নয়।"

"ভালো নয়, কথন বললুম? ভালো মন্দের প্রশ্ন উঠছে না, সেন। যা ঘটবেই তা ভালো নয় বলে অঘটিত থাকবে না। তুমি কি মজন ্করেছ ঘটনার শ্রোভ উন্টো দিকে বইকে যদি শ্রমিকদের ত্ব'চ্বারটে ইত্বা স্থিধা দেওয়া হয় ? তাদের পারিশ্রমিক বাড়িয়ে দিতে পার, তাদের জনানো টাকা কারবারে থাটিয়ে তাদের ম্নাফা জোগাতি পার, তাদের ছেলেদের বিনা বেতনে পড়াতে পার, সব পার, কিন্তু একটি জিনিষ পার না। পার না যুদ্ধ রোধ করতে। আর যুদ্ধ যদি একবার বাধে তবে সে তুর্ আমাদেরই স্থবিধা করে দিয়ে যাবে—কমিউনিস্টদেরই স্থবিধা।"

বাদল অনেকক্ষণ চিন্তা করল। তারপর বলল, "তোমুরা বোঝ কেবল একটি কথা। তোমাদের স্থবিধা। কিসে মানবের ছঃখমোচন হয় সে ভাবনা তোমাদের নেই। হয়ত ছিল গোড়ার দিকে। ইতিমধ্যে নিবেছে। এখন তোমাদের একমাত্র স্থপ্প কিসে তোমাদের স্থবিধা হয়। তোমাদের ইতিহাসের, তোমাদের জ্যোতিষের। কিসে তোমাদের শ্রীহন্তে power আসে। কেমন ?"

বাওয়ার্স আরক্ত হয়ে বললেন, "অমন ভাবে বললে কথাটা ভোঁতা শোনায়। কিন্তু আমি মানছি কথাটা সত্য। আমরা চাই power, কেন না আমরাই ওর সদ্ব্যবহার করতে পারি, অন্ত কেউ পারে না।"

বাওয়ার্স ভাবাকুল হবে বললেন, "সেন, পৃথিবীতে শুরে শুরে তেল, লোহা, কয়লা, কাঠ, ধান, গম, কতরকম ভোগ্য। যে সম্পদ আছে ধরণীতে তার হিসাব নিমে তাকে ঠিকমত ব্যবহার করতে জানলে তার দারা সকলের সব তঃথ যাবে। কেউ অভ্যুক্ত থাকুবে না, কেউ অপরিহিত থাকবে না। সকলের শিক্ষাদীক্ষা চিকিৎসাঁ জুটবে। সকলে গাড়ীঘোড়ায় চড়বে, ভালো বাড়ীতে থাকবে। সর্ব্ব ধনে ধনী ধে ধরণী তার বক্ষে থেকে লক্ষ্ণ লোক কেন সর্ব্বহার।? কারণ ধুব ব্যবহা এত দিন চলে আসছে সে ব্যবহার কোথাও একটা মারাগ্যক ভূল আছে। সে ভূল মারা চোথে দেখতে পায় না তারা আছ । সেই সব আদ্ধের দারা নীয়মান হয়ে পৃথিবীর আজ এই দশা। সেই সূর্ব আদ্ধ একদিন মানবজাতির রথ পরিচালন করে এমন গর্জে পড়বে যে সেখান থেকে আর উদ্ধার নেই। তখন আমাদের যদি শক্তি থাকে আমরাই ঠেলে ভূলব। যে ক'টি মাহুষ বেঁচে থাকবে দেই ক'জনকে নিয়ে নবীন ব্যবস্থার পত্তন হবে। যদি কেউ আমাদের বিজ্ঞাচরণ করে তবে মানবদংখ্যা আরো কমবে বলে কাতর হব না, অকাতরে কমাব।"

বাদুল শুদ্ধ হয়ে শুনছিল। স্লিগ্ধ স্ববে বলল, "ভোমার মৃত্ত বাগুবৈদয়্য আমার নেই। আমি যা বলি তা ভোঁতা।"

"কিন্তু আমি যা বলনুম তা কি সত্য বলে মনে হয় না ?"

"অর্দ্ধ সত্য। কেন না মানবের প্রতি ওদের বেমন দরদ নেই তোমাদেরও নেই দরদ। ওরা বেমন ওদের ব্যবস্থাকে বজায় রাধার জন্যে মাহ্যকে পাঠাবে মরতে ও মারতে তোমরাও তেমনি তোমাদের ব্যবস্থাকে বাধাহীন করার জন্যে মাহ্যকে পাঠাবে মারতে ও মরতে। মাহ্যের জন্যে ব্যবস্থানা ব্যবস্থার জন্যে মাহ্যের গ্রন্থে ব্যবস্থানা ব্যবস্থার জন্যে মাহ্যের ?"

"মান্থবের জন্মেই ব্যবস্থা, কিন্তু তেমন ব্যবস্থাকে বাধা মুক্ত করাও আবশ্যক।"

"বাধা," বাদল বলল, "বাধা কি একটি ? পরিশেষে ইটস্কি।"

"হাঁ, প্রয়োজন হলে তাঁকেও সরাতে হয়।"

"ঐ করেই উৎসন্ন যাবে রাশিয়া। আর তোমাদের যদি মান্থবের প্রতি দরদ না জন্মায় তবে তোমরাও।"

বাওয়াস উঠতে বাচ্ছিলেন, বাদল তাঁকে আরো থানিককণ বসাল।
"এ বাসা যদি ছাড়তে হয় কোথায় যাব জানিনে। আবার কবে
তোমার সকে দেখা হবে কে জানে!"

"আমারও সেই ভাবনা। কিছু দেখা প্রবে মাঝে । যুদিও শুমামাদের মিল তত নয় অমিল যত, তবু বাক্যালাপের হারা মনটা পরিষ্কার হয়।" বাওয়ার্স বাদলকে আর একটা সিগরেট নিতে

বাদল তৃই হাত তৃই গালে চেপে কী যেন ভাবছিল। বলন, "সোশালিজম, কমিউনিজম, আধুনিক যুগের যাবতীয় ইজম, প্রত্যেকের যাচাই হবে একই নিকষে। সে নিকষের নাম হংখমোচন। তৃমি ধরে ক্রিয়েছ যে হংখ প্রধানতঃ অল্লবস্তের হংখ। পৃথিবী যখন অল্লপূর্ণা তখনকেন অল্লভাব ? এই প্রশ্ন থেকে ভোমার মতবাদ হক। আমার কিন্তু তা নয়। আমার কাছে হংখ প্রধানতঃ অপচয়ের হংখ। মাহ্য যখন এত বৃদ্ধিমান, এত হৃদয়বান তখন দিকে দিকে কেন এত অপচয় ? প্রাণের অপচয়, আয়ুর অপচয়, যৌবনের অপচয় ? ধনের অপচয় ত বটেই, যারা নিধন তারাও অপচয় করছে তাদের সামর্থ্য ও সময়। কী করে বাঁচতে হয় তাই আমরা জানিনে, কী করে মরতে ক্লু মারতে হয় তাই এত কাল শিখেছি। তৃমি ইতিহাসের দোহাই দিচ্ছ। ইতিহাস আমাদের কি এই শিক্ষা দেয় না যে মারামারি কাড়াকাড়ি করে কারো মঙ্গল হয়নি ? ওটা অপচয় ?"

"আমি তোমার সঙ্গে একমত।" বাদলকে স্তস্থিত করে দিলেন বাওয়ার্স। "কিন্তু মাই ডিয়ার চ্যাপ, এই প্রচলিত ব্যবস্থা রসাতলে চলেছে। একে তলিয়ে যেতে দাও, বৃদ্ধিমান। এর স্থলে অভিষিক্ত হবে নবীন ব্যবস্থা, নৃতন শৃষ্থলা। তাকে রক্ষা কর, হৃদয়বান।"

বাদল দুই হাতে দুই বাছ পিষতে পিষতে বলল, "ভগৰান আছেন কিনা জানিনে। কিন্তু আমি ত আছি। এই তোমার কাছে প্রতিজ্ঞা কুরছি, বাওয়াস, দুঃখনোচনের কাষ্ট্রপাথরে বা সোনার দাগ রেখে ষাবে না তাকে আমি দ্যোনোমতেই স্বীকার করব না, সর্বতোভাবে বাধা দেব। না ক্যাপিটালিজ্ঞম, না কমিউনিজ্ঞম কোনোটালিজ্ঞ ইতিহাসের লিখন নয়। যুদ্ধ যাতে না বাধে সেই হবে আমার একান্ত প্রয়াস, কিন্ত যুদ্ধের পরিবর্ত্তে এমন কিছু আমি উদ্ভাবন করব যার দারা যুদ্ধের উদ্দেশ্য নাধিত হবে, সমাজের হবে আম্ল পরিবর্ত্তন। কী করে তা সম্ভব, তা আমি জানিনে। কিন্ত বিনা যুদ্ধে আমি যুদ্ধেরই ফল চাই আর বিনা বিপ্লবে কমিউনিজ্ঞমের।"

"প্রকাপ।" বলে বাওয়ার্স গা তুললেন।

¢

যুদ্ধের নাম শুনলে বাদল কুদ্ধ হয়ে ওঠে। মানব সে, মানলৈর প্রতি তার দায়িত্ব আছে, সে ত দায়িত্বহীন হতে পারে না। যে আগুনে পাড়াপড়শী সকলেরই ঘর পুড়বে, পুড়ে মরবে শিশু ও নারী, সে আগুন যারা লাগাবে তারা যদি হয় নরপিশাচ তবে সে আগুন লাগদের অবিধা তারাও নরাধম। যার অস্তরে লেশমাত্র মানবতা আছে সে বলবে, চাইনে স্থবিধা। চাই শান্তি।

অথচ শান্তি বলতে পচা পুকুরের বন্ধ জল ও পুঞ্জীভূত পাঁক নয়।
শান্তি হবে বেগবান স্রোত, মুক্ত ধারা। শান্তির মধ্যে যুদ্ধের ভাব
থাকবে, থাকবে শোর্যা, থাকবে সাহদ, থাকবে প্রাণ নিয়ে ছিনিমিনি
থেলা। বাদল অহিংসাবাদী নয়, প্রয়োজন হলে হত্যা করতেও সে
পরাঅ্থ হবে না। কিন্তু আধুনিক যুগের মারণাস্ত্রগুলি দিন দিন যেমন
উন্নত্ত হচ্ছে সে উন্নতি যুদ্ধকে দিন দিন এগিয়ে আনছে, কেননা
অস্ত্রপরীক্ষার অন্ত কোনো পন্থা নেই। বাদলের বন্ধ কলিকা এরোপ্রেনের

পাইলট হতে চায়, কারণ দে পরীক্ষা কল্পতে চায় এরোপ্লেনগুলো 🍕 क्रकारन कार्याकरी शर्र कि 🚮। क्रांस थक पिन मिर्ट कि निमा क्वनभाव भारेनरे हरव जुडे थाकरित ना, त्वाभाक हरक हाहेरत। भत्रीका করতে চাইবে বোমাগুলো যুদ্ধকালে কার্য্যকরী হবে কি না। এইভাবে পরীক্ষা করতে করতে পরম পরীক্ষার পিপাদা জাগবে। রক্তপাতের পিপাসা। তথন "প্রয়োজন হলে হত্যা করব" এ নীতি কোথায় উবে যাবে। এর বদলে উদয় হবে "জয়ের জন্তে হত্যা করব" এই নীতি। এমনি করে মাহ্র মাহ্রকে উজাড় করবে। মূপে আওড়াবে, "জয়ের জত্যে।" ষেই জিতুক না কেন, কোটি কোটি মাহুষ মরবে, মরণের **माजा हाफ़िराय याद्य । अरायद दिना यमन कुटी याफ़्टक त्यद्य दम्हल** হুটোকেই সাবাড় করে তেমনি ছুটো দেশকেও, ছু'দল দেশকেও। মাত্রা ছার্ক্ডিয়ে গেলে সম্প্র পৃথিবীকেও। না, বাদল অহিংসাবাদী নয়, কিন্তু মাত্রাবাদী। হিংসা যদি মাত্রা না মানে, প্রয়োজনের সীমানা না মানে, তবে যে ভীষণ অপচয় হয় তা মানবদেহের বক্তাপচয়ের মত প্রাণঘাতী। শরীরের নথ কাটা, চুল ছাটা মাঝে মাঝে প্রয়োজন। চিকিৎসকের নির্দ্ধেশে অস্থোপচারও কদাচ কথনো প্রয়োজন। কিন্তু নেশার ঘোরে নিজের কণ্ঠচ্ছেদ বা বক্ষভেদ যে আত্মহত্যা।

আপাততঃ মৃদ্ধের উপর রাগ করে বাদল বই খাতা, চিঠির শোক ভুলল। চলল অনস্কির ওথানে। অনস্কি ছিলেন না। ছিলেন তাঁর তরুণী ভার্যা। তিনিই প্রথম বাদলকে নাম ধরে ভাকতে স্কুক্ করেন।

"অল্গা," বাদল বলল ক্লান্ত হুরে, "আমি বে প্রায় গৃহহারা।"
বাদলের মুখে বিবরণ শুনে অল্গা বললেন, "বাদল, তুমি ত জান,
একটি জাহুগা আছে ধেখানে তমি সব সময় স্থাগত।"

ুবাদল বলল, "জানি । বাশি রাশি বছবাদ। কিন্তু আমার যে কী গভীর ত্যা!"

ভ্যার কথায় মাদাম ঠাওরালেন ^{ইবাঁদ্}লের তেষ্টা পাচছে। তিনি বললেন, "চা, না শীতল পানীয় ?"

বাদল তাঁর দিকে চেয়ে ৰলল, "দিতে মর্জি হয় ত দিতে পার শীতল চা। কিন্তু তাতে আমার ছবা যাবে না। এ আমার কিসের ছবা বলব ? জনতার সঙ্গে এক হয়ে যাবার ছবা। আমার স্বাক্ষর গেছে, গৃহ নেই। এখন আমি চাই নামহীন গৃহহীন অচিহ্নিত জীবন, জনপ্রবাহের সঙ্গে ওতপ্রোত। বোঝাতে পারছিনে, অল্গা। বিশানার মত চেপে রয়েছে বুকে নতুন একটা ভাব, নিঃশাস ফেলছে বুকে নতুন একটা অভাব।"

এই बर्स वामन अग्रमन इन। अन्गा ७ छ र्ठ शानन। •

বাদল ভাবতে থাকল, ও বাসা থেকে যেখানেই যাক টাকা লাগবে।
টাকার জন্তে বাবাকে লিখতে ক্ষচি হয় না, কোন অধিকারে নেবে ওঁর
টাকা। যদি উনি ভনতে পান বাদল কোথায় ঘ্রছে, কী করছে,
তাহলে আপনাআপনি টাকা বন্ধ করবেন। অথচ বাদলের উপার্জন
এক কপর্দ্ধক নয়। লিখে যদি বা কিছু পেত, খাতা চুরি যাবার পর
সে আশাও নেই। বাদল তা হলে করবে কী? কার কাছে হাত
পাতবে ? কোন অধিকারে ? একটা চাকরি—না, চাকরি করতে
আগ্রহ নেই, যদি না সে চাকরি হয় স্বাধীনতার নামান্তর। চিস্তার
স্বাধীনতাকে, বাক্যের স্বাধীনতাকে বাদল স্বাধীনতা বলে।

"ধন্তবাদ, অল্গা। তোমার সক্ষে আর কবে দেখা হবে, জানিনে। তোমার সেই মৃষ্টি নিয়ে যে কী করব, কোণায় রাখন, সেও এক সমস্তা। কেননা," বাদল তার নিজের মনে যা অস্পষ্ট ছিল তাকে মুগুলং ্ম্পট্ট করল ও ব্যক্ত করল, "আমি হয়ত ক্লিপ্সীর মত পথে পথে "বৈড়াব।"

অল্গা বিশ্বাস করলেন না, মিটি হাসলেন। বাদলকে এতদিন সামনে ৰুসিয়ে অধ্যয়ন করছেন, তার মধ্যে যে একজন জিপ্সী আছে তা কী করে বিশ্বাস করবেন? বাদল চা চেয়েছিল, কিন্তু একবার মুখে ছুইয়ে আর মুখে দিল না।

"তুমি যদি অশু কোথাও স্থান না পাও," তিনি পুনক্ষজি করলেন, "তবে একটি জায়গা আছে দেখানে তুমি সব সময় স্থাগত।"

"কিন্তু আমি যে রিক্ত, আমি যে কপদ্দকহীন।"

এ কথাও তিনি বিশ্বাস করলেন না। বললেন, "স্তিয়?" তাঁর, জভেন্নীটি বাদলের ভালো লাগল।

"সত্যি।" বাদলও তাঁর অমুকরণ করল।

"তা হলেও আমার নিমন্ত্রণ রইল।" তার পর হেসে বললেন, "তুমি কি জান নাবে আমরাও নিঃস্ব ?"

বাদল জানত। সেইজন্তেই ত মৃর্জির অর্ডার দিয়েছিল।

ব্রনন্ধি এসে পড়লেন। এই গ্রীম্মকালেও তাঁর পায়ে জুভোর উপর
স্প্রাট্স্। দন্তানা একটি পকেটে, একটি হাতে। পরিপাটী সম্লান্ত
পোষাক, চোথে সোনার চশমা। চুলগুলি কাঁচাপা্কা, কিন্ত ষয়
করে কাটা।

"আহ্!" হাত বাড়িয়ে দিলেন বাদলের দিকে, "স্থী হলুম তোমাকে দেখে। কতকণ এদেছ।"

"কী জানি!" বাদলের ধেয়াল ছিল না, দে ধেমন অন্তমনস্ক। "বেশীক্ষণ না।" মাদাম উত্তর দিলেন।

"ক্মরেড প্রনৃত্তি," বাদল কে এতকণ তর্কের স্থােগ অবেষণ

করছিল, "আপনি যে ডি)।রমিনিস্ট তা অবশ্য জানা আছে আমার। তবু জিঞ্জাসা করি, আপনি কি মনে করেন যুদ্ধ অনিবার্য্য ?"

"অন্ত রূপ মনে করে এমন কি কেউ আছে ?"

"কেন, আমি। ক্সামি ত মনে করি অনিবাগ্য বারা বলে তাদৈর কিছু না কিছু স্বার্থ বা স্থবিধা আছে।"

"অন্তের উপর দোষারোপ করে কী হবে ? যা অনিবার্য তা অবশুভাবী। কবে হবে সেই একমাত্র জিজ্ঞাশু।"

वानन भद्रम हरम वनन, "ब्जािकिस्य तनना (महे ?"

. ব্রনম্বি প্রীকে পানীয় আনতে বলে বাদলের দিকে ফিরে বললেন,
"তুমি আমার কথা ভানতে চাও না তোমার কথা শোনাতে চাও?
আমি বলছি, শোন। যুদ্ধ বাধবেই, তবে কার সঙ্গে কার তা আমি
আন্দান্তে বলতে পার্ব না।"

"আর বিপ্লব ?"

"বিপ্লবন্ধ বাধবে। কিন্তু ওর পরিণাম সম্বন্ধে আমি সংশয়ী।
তুমি ত জান, আমার মতে জনগণ যতদিন না দৃঢ়সংকল্প হয় ততদিন
বিপ্লব একটা চোরাবালি। ওতে কমিউনিজ্ঞম ভিত্তিভূমি পায় না,
পায় তার কবর। রাশিয়ায় যা ঘটছে তা কমিউনিজ্ঞমের অন্থ্যেষ্টি।
জ্ঞনগণ দৃঢ়চেতা নয়, বোঝে না যে যেই রক্ষক সেই ভক্ষক। বিপ্লব
বাধলে অন্যান্ত দেশেও নটালিনের মত কুচক্রীর থপ্পরে ক্ষমতা মাবে,
জ্ঞনগণ যে অক্ষম সেই অক্ষম।"

রাজা চর্লদের মৃত্র মত ফালিনের নাম বেমন করে হোক উঠবেই। বাদল বলল, "তা ছলে আপনার মতে বিপ্লবও অনিবার্গ্য, কিন্তু কমিউনিজম অবশ্রস্তাবী নয়।"

ব্রনন্ধি তাড়াভাড়ি সংশোধন ক্ষ্ণুলন, ক্ষিউনিজ্মও অবক্সভাবী,

কিন্তু আগে বেমন আমার ধারণা ছিল বিপ্লবী হলেই কমিউনিজম, হবে এখন আমার সে ধারণা নেই। কমিউনিজম হবে, যেদিন জঃগণ দৃচ্পণ হবে। সেদিন যে কত দিন পরে তা আমি বলতে পারব না। শুধু বলতে পারি যে, আসিবে, সেদিন আসিবে।"

"কিন্ত," বাদল বলল, "কমিউনিজমের সঙ্গে আমার বিবাদ নেই, আমার বিবাদ শ্রেণীসংঘর্ষের সঙ্গে। পালামেন্টে সংখ্যাভৃয়িষ্ঠ হয়ে য়িদ কোনো দল কমিউনিজম প্রবর্ত্তন করে তবে আমি আদৌ তৃঃথিত হব না। কেননা পরবর্ত্তী নির্বাচনে ও দলটিকে হারিয়ে দেওয়ার সভাবনা থাকবে।"

ব্রনন্ধি বললেন, "হায়, বাদল, সেইখানেই ত ফ্যাসাদ। আমি স্টালিনকে বলল্ম, আমাকে যদি গুলি করতে চাওু, কর। এই আমি খুলে দিচ্ছি বুক।" এই বলে তিনি সত্যি স্ত্যি কোট খুললেন। বাদল ত্রন্ত হয়ে ভাবল, তাই ত। গুলি করবেন নাকি নিজেকে গ্রা নয়। ব্রনন্ধি বললেন, "অসহ গ্রম। আমি যদি কোট খুলি তোমার আপত্তি আছে, বাদল গুতোমার, অলগা গু"

"এই আমি খুলে দিচ্ছি বুক। কিন্তু স্বীকার কর যে আমি জনগণের শক্ত নই। মিথ্যা অপবাদ রটিয়ে আমার মরণ ব্যর্থ কোরো না। আমি তোমার প্রতিপক্ষ, যেমন সব দেশেই থাকে অপোজিশন। শুনল স্টালিন ও কথা?"

U

বাদল স্থির হয়ে বসে থাকতে পারছিল না। তার ইচ্ছা করছিল স্থিপ্সীর মত টো টো করে ক্লিড়াড়ে। জিপ্সীর মত বেপরোম্বা, জিপ্সীর মর্ত চালচুলোহী। কোথায় থাবে, কোথায় শোবে সে ভাবনা বাদলের নয়, বাদলের চিস্তা মানবনিয়তি।

"हनन्य, कमरत्र उनिष्ठ। हनन्य, जन्गा।"

"সে কী, এরই মধ্যে ?" ব্রনস্কি তখনো তাঁর আখ্যায়িকা জমিয়ে তোঁলেননি। তারপরে কী হল তাই বলতে যাচ্ছেন। বাদলকে উঠতে দেখে সচকিত হলেন।

"আমাকে ঝাপ দিতে হবে।" বাদল তার সকল ব্যক্ত করল। "যাই, তার উদযোগ করিগে।"

• "ঝাঁপ।" অনস্কি বিশ্বিত হলেন।

"হা, কমরেড। আমাকে তলিয়ে যেতে হবে। তবে যদি এ সমস্তার তল পাই।"

"ঝাঁপ! সমস্তা!" এনস্থি আবো বিস্মিত হলেন। "এসব কী, বন্ধু সেন!" ভাবলেন ছোকরা হয়ত কাবো সঙ্গে প্রেমে পড়েছে। ভার ঘরণীর সঙ্গে নয় ত?

"যুদ্ধ না করে যুদ্ধের ফল, বিপ্লব না করে বিপ্লবের ফল, কী করে লাভ করা যায় এই আমার সমস্তা।" বাদল তাঁকে আখন্ত করল। "যদি সমাধান পাই তবে হুঃখ না দিয়ে হুঃখমোচন করা চলবে। নতুবা ছুঃখমোচন করতে গিয়ে হুঃখবর্দ্ধন করা হবে, যেমন রাশিয়ায়।"

রাশিয়ার উল্লেখে ত্রনন্ধি উল্লসিত হয়ে বলতে যাচ্ছিলেন যে স্টালিন বিভাষান থাকতে রাশিয়ার তৃঃথের পরিসীমা থাকবে না, কিন্তু বাদল তাঁকে বলবার অযোগ দিল না।

"চললুম, অল্গা। তোমার নিমন্ত্রণ মনে থাকবে। এই বলে বাদল গুংজনকে গুডবাই জানিয়ে পুথে বেরিয়ে পড়ল।

এখন মার্গারেটকে খুজে পায় ট্টায় ? মার্গারেট আগেই ঝাপ

দিয়েছে। "ঝাঁপ" শব্দটি তাঁবই। বাদদেঁব কাছে তাঁব এক্সানা

, পুরাতন চিঠি ছিল, চুরি থাবার মত চিঠি নয়, বাদল তা থেকে একটা
ঠিকানা উদ্ধার করে দেখানে ও দেখান থেকে অন্ত কয়েক জায়গায়
ঘোরাঘুরি করে শেষকালে নাগাল পেল মেয়ের। সেটা একটা কটির
দোকান, মার্গারেট দেখানে কটি বেক করছিল।

"ও কে, বাদল নাকি ? স্থা হলুম দেখে।" এই বলে মার্গারেট তাকে দোকানের সকলের সঙ্গে পরিচয় করিয়ে দিল।

"মার্গারেট, তোমার কি আজ স্ময় হবে ?" বাদল বলল কানে কানে। "কথা ছিল।"

বাদল 'বান' থেতে ভালোবাসে। অহুরোধ অগ্রাহ্ম করল না। এত ঘুরে তার ক্লিদেও পেয়েছিল।

বাদলের সমস্থা শুনে মার্গারেট বলল, "কিন্তু জিপ্সী কেন ? ইচ্ছা করলে শ্রমিক হতে পার।"

"শ্রমিক! উর্ভ্ ।" বাদল মাথা নাড়ল। "শ্রমিকরা ঠাওরাবে তাদের ফটি কেড়ে নিচ্ছি।"

"জিপ্সীরাও তা ঠাওরাবে। যার ফটির দরকার সে যদি খেটে খায় তবে ত সে সত্যি কেড়ে নিচ্ছে না।"

"জিপ্সী হলে," বাদল পাশ কাটিয়ে বলল, "আহারনিস্তার জ্ঞে ভাবতে হয় না। শ্রমিকের সে ভাবনা আছে।"

"জিপ্সীদের সম্বন্ধ তোমার ও ধারণা রোমাণ্টিক। মার্গারেট হাসল। "ভাবনা যেমন শ্রমিকের তেমনি জিপ্সীর।"

"কিন্তু আহারনিদ্রার জন্মেই যদি ভাবতে হল তবে অন্ত ভাবনা ভাবব কথন? আমার যে একেব্রারেই সময় নেই বাজে ভাবনা ভারতে। অথচ ওদিকে ক্^ন্তিশ্বে লুক্ত।" বাদল সব খুলে বলন। শ্বার্গারেট নিজের উদাহরণ দিয়ে বলল, "আমার আহারনিস্রার দায় ভাদের উপরে থাদের জ্বন্তে আমি খাটি। তুমি যদি আত্মকেন্দ্রিক না হও তোমার আহারনিস্রার ভার অন্ত অনেকে নেবে। তারা হ্যুভ সম্পূর্ণ অচেনা লোক, প্রতিদিন নতুন।"

"তোমার কি তাই অভিজ্ঞতা ?"

"হাঁ, বাদল। আমি নিজের জন্মে এক মিনিটও ভাবতে রাজি নই।
আমার সমস্ত সময় যায় পরের জন্মে খাটতে। কেউ না কেউ খেতে বলে,
থাই। ততে দেয়, শুই। দেখলে ত আজ কটি বেক করছিলুম, কাল
কর্মলা বয়ে বেড়াব। যেদিন বেখানে ডাক পড়ে সেদিন সেখানে গিয়ে
ভূটি।"

"পরকেন্দ্রিক হতে আমার স্বভাবের বাধা।" বাদল বলল। "নইলে পরের জন্মে খাটতে কি আমার অনিচ্ছা?"

প্ররা চলতে চলতে টেম্স নদীর ধারে এসে পড়ল। বাদল সহর্বে বলে উঠল, "পেয়েছি। পেয়েছি।" "পেয়েছ ? কী পেয়েছ, শুনি।"

· "রাত্রে নদীর বাঁথে শোব। একটা ভাবনা ত মিটল। বাকী ্_ং থাকল আর একটা।"

মার্গারেট উৎসাহ দিল না। "ওটা একটা য়াডভেঞ্চার, বাদল। ওতে তোমার সমস্থার সমাধান হবে না।"

বাদল ভর্ক করল। কভ লোক নদীর ধারে শোষ। সে কি ভাদের ত্রনায় ভীতৃ ? মা তার শরীর অপটু ?

"তা নয়। তোমার সমস্তা ত গোড়ায় এই বে তুমি জনগণের সক্ষে এক হয়ে যেতে চাও ?"

"আমার সমস্তার সমাধানের কর্টে ার্পণের সঙ্গে ফ্টেকু এক হওয়া

একান্ত আবশ্যক সেট্কু এক হতৈ আমি ডংখক ও হজুক; তার জ্বাধক নয়।"

"আমি ভূল ব্ঝেছিলুম, বাদল।" মাগারেট ব্যথিত হল। "অমন করে ভূমি যুদ্ধের ফল পাবে না, বিপ্লবের ত নয়ই। মাঝখান থেকে জনগণের দক্ষে এক হঞ্জার যে বিশুদ্ধ আনন্দ তাও মিলবে না।"

বাদল স্বীকার করল না, তর্ক হৃক করল। মার্গারেট তাকে থামিয়ে দিয়ে বলল, "তুমি যদি একটা য্যাডভেঞ্চার চাও ত নিরাশ হবে না। নদীর বাঁধে রাত কাটানো তোমার জীবনে এই প্রথম হলেও জ্বপরের জীবনে তা নয়। কিন্তু তার সঙ্গে জনগণের সম্পর্ক কোথায় ? আর তোমার মনেও ত জনগণের প্রতি অহেতৃক প্রীতি নেই, তাদের সঙ্গে এক হয়ে যেতে তোমার স্বভাবে বাধে।"

বাদল তার সিদ্ধান্তের স্বপক্ষে কত রক্ম যুক্তি আবিষ্কার করেছিল এই কয়েক মিনিটে। কিন্তু মার্গারেটের মুথ দেখে মনে হল সে কোনো যুক্তি শুনবে না। আসলে বাদল পরের বাড়ী শুতে প্রস্তুত নয়, কেউ শুতে ডাকলে সে োবে না, তার লজ্জা করবে। তাই নদীর বাঁধ ছাড়া তার গতি নেই।

"য়্যাডভেঞ্চার বলে সব জিনিষ যদি উড়িয়ে দেওয়া হয় তবে করবার
-কিছু থাকে না।" বাদল অফুযোগ করল।

"সব জিনিষ নয়। যাতে পরের পরিতৃত্তি তাতে নিজেকে নিয়োগ করলে দেখবে নিজেরও তৃত্তি আছে। য্যাডভেঞ্চারের তৃত্তি কেবল নিজের।"

"মার্গারেট", বাদল প্রশ্ন করল, "তুমি কি কমিউনিজম ছেড়ে ুদিলে ?"

"কে বলল ? না", দু নিছুক প্রতিবাদ কবল, "আমি আমার

মতরাদে অটিল আছি। বাধাত যতকাল শোষণ থাকৰে ততকাল কমিউনিজমের প্রয়োজন থাকবে, শোষণ নিবারণের অহ্য কোনো পস্থা নেই। কিন্তু দিনরাত লোকদের উন্ধানি দিয়ে বেড়ালে ফল হয় উন্টো, লোকের মন ক্রমে বিমুধ হয়, লোকে ভাবে এরা শুধু ঐ একটি বিদ্যাজানে।"

"এবার নির্বাচনে কমিউনিস্টদের একজনও জিতল না তার কারণ বোধ হয়," বাদল কী বলতে হাচ্ছিল, মার্গারেট কেড়ে নিয়ে বলল, "এই যে আমাদের উপর লোকের আহা জন্মায়নি। লেবার পার্টির কর্মীরা অনেকদিন ধরে অনেক কট্ট সয়েছে, ত্যাগ করেছে, সাধারণের সঙ্গে একাত্ম হয়েছে, সাধারণ তাদের চেনে ও বিশ্বাস করে। আমরাও হাদি চরিত্রের বারা হৃদয় জয় করি তবে মতবাদের বারা রাজ্য জয় করব। চরিত্রকে উপহাস করে আমরা ভূল করেছি। <u>আমরা ভূল ভেবেছি</u> যে শক্তি আসে কেবলমাত্র সংঘবদ্ধ সংগ্রাম থেকে

এসব শুনে বাদল বলল, "ভোমার পার্টি কি ভোমার সক্ষে একমত?"
মার্গারেট সথেদে বলল, "না। বিশুদ্ধ রাজনীতি ওদের মাথা খেয়েছে। ওরা বোঝে নাযে লেবার পার্টির জয়ের পিছনে বিশুদ্ধ রাজনীতি নয়, থানিকটে ধর্মনীতি রয়েছে। রাশিয়াতেও যারা কমিউনিজম পত্তন করেছিল তারা ধর্ম না মানলেও যা মানত তার জন্তে প্রাণ দিয়েছিল, দিতে উদ্ধৃত ছিল, ত্যাগে অভ্যন্ত ছিল, ভোগে বিভৃষ্ণ ছিল।"

বাদদ ইতিমধ্যে অগুমনত্ব হয়েছিল। মার্গারেটকে নাড়া দিয়ে বলল, "দেখছ ও কে? ওই তোমাদের কালকের বাদল। আমি দেশলাই ফেরি করব।"

"আর একটা য়াডভেকার !" মীনুর্ব্বের ঠাণ্ডা জল ঢালল।

."নদীর বাঁধে শোওয়া, দেশলাই বেচে খাঁওয়া, এই করলেই আমি শ্রেণীচ্যত হব। তা হলে আমি টের পাব কোথায় জুতো চিমটি কাঁটছে। তারপরে আমি আবিদ্বার করব আমার কলকাটি, যা দিয়ে ঘটাব ক্ষধিরহীন বিপ্লব।"

9

যাবার সময় মার্গারেট বলল, "কাল এসো, তোমাকে দেশলাই-ওয়ালার বেশে সাজাব। এই পোষাক পরে ত কেউ দেশলাই বেচে না।"

তা শুনে বাদলের চেতনা হল। তাই ত। মোটা কাপড়ের পচা সেকেগুহাগু কোট প্যান্টলুক্ষ্ টাই কলারহীন গেরো দেওয়া গলাবন্ধ, তালি পড়া জুতো। ইস্!্গা ঘিন ঘিন করে।

কিন্তু উপায় নেই। দেই বে বলে, উট গিলতে আগুয়ান, মশা গিলতে পেছপাও। তেমনি দেশলাই বেচতে উভত, দেশলাইওয়ালার বেশ পরতে বিমুখ। অমন করলে চলবে কেন ?

"আচ্ছা, কাল আসব, মার্গারেট।" বাদল নিরুপায়ভাবে বলল। তারপরে স্বধীদা।

স্থীদার ওথানে গিয়ে দেখল স্থীদা নেই, শুনল কোথায় বেরিয়েছে, ফিরতে রাত হবে না। তখন বসল স্থীদার মরে, স্থভাবের দোষে বই মাটল, কিন্তু মন লাগছিল না কিছুতেই।

জুন মাস। রাত আটটা বাজনেও দিনের আলো ঝকমক করছে, কে বগবে যে এটা দিন নয়, রাত। কিন্তু সে ত বাইরে। বাদলের অ্সত্তরে কিন্তু অন্ধকার, বাড় নিক্টোর। ক্লী দরকার, বাপু! তুমি এসৈছিলে বিলেতে পড়ান্তনা করতে, পাশ করে ঘরের ছেলে ঘরে ফিরে যেতে। তা না করে তুমি রইলে মানবনিয়তির বোঝা বইতে, ছ:ধমোচনের ছ:খ সইতে। এবার তুমি তলিয়ে যেতে চাও জনসাগরে, সেখান থেকে উঠে আসবে কোন মুক্তা নিয়ে কে জানে! তোমার চারদিকে সাগরজল—নীচে উপরে, এ পাশে ও পাশে। হে ডুবুরি, তোমার সাহস আছে ত?

বাদল একটু পায়চারি করল। তারপর স্থার বিছানায় শুয়ে বিশ্রাম করল। তারপর আবার পায়চারি। তারপর চেয়ারে বসে গন্ধীরভাবে ভবিশ্বতের ধ্যান করতে লাগল।

"কে ? বাদল ? তোর খাওয়া হয়েছে ?"

বাদল চমকে উঠে চেয়ে দেখল স্থাদা। বলল, "তোমার এখানে টেলিফোন নেই, অগত্যা সশরীরে আসতে হল। শুনবে? তারাপদ ফেরার।"

তার নিজের কিছু নিয়েছে কি না বলতে গিয়ে বাদল তেওে পড়ল। ছোট ছেলের মত আকুল হল কেঁদে।

"ভাবী कान आমার জীবনের চিক্ন পাবে না। আমার সাধনার নিদর্শন পাবে না। Posterity আমার নামটা পর্যস্ত জানবে না। আমার স্বাক্ষর চিনবে না। Oh, my signature! My signature!" বাদল লুটিয়ে পড়ল।

ভার পরে শ্বধী তাকে অহুরোধ করল সঙ্গে থাকতে, স্থীর ওথানে। বাদল খুলে বলল। পথে পথে দেশূলাই বেচবে, কাগজ ফেরি করবে। শোবে টেমস নদীর বাঁধে। "তৃই কি উন্মান হলি ?" স্থী বলল ! শটোরের তপর আভ্যান করে—"

ূনা, না, আমাকে ভূল বুঝো না, ভাই।'' বাদল বুঝিয়ে বলল থে তারাপদ তার কীই বা চুরি করেছে, কেন অভিমান করবে!

বলল, "আমার আশা চুরি গৈছে, আমি যে এক রশ্মি আলো দেখতে পাচ্ছিনে। অক্ষকার! চারি দিকে অক্ষকার।"

अभी वामरलत पृष्टि शाल भत्रल। पृष्टे वसू वरम तरेल भीतरव।

বাদলের মনে পড়ল, "হুধীদা, তোমার সঙ্গে আমার হিসাবনিকাশের কথা ছিল। কত যে কথা ছিল তোমার সঙ্গে আমার। কবে সে সব হবে ?"

স্থাী বলল, "সেইজন্মই ত বলছিলুম আমার সঙ্গে থাকতে।" বাদল বলল সে নিজেই আসবে দেশলাই বেচতে, স্থাীদাকে।

তার পরে তাদের ত্'জনের কথাবার্ত্তা হল সমাজব্যবস্থাকে থিরে। বাদল বলল, সে একটা শ্রেণীসংগ্রাম বাধাতে চায় না, তার জন্তে জ্ঞাক্ত শক্তি কাজ করছে। সে এমন একটা টেকনিক উদ্ভাবন করবে যা কেউ এত দিন পারেনি, যা মৌলিক। কিছু তা করতে হলে তাকে সকলের চেয়ে নীচু হতে হবে, অধ্যেরও অধ্য।

সুধী বাদলের হাতে, চাপ দিল সম্বেহে।

"সবাই ভূলে যাবে যে বাদল বলে কেউ ছিল।" বাদল আবো কত কী বলল। "তার পরে—ধর, বিশ বছর পরে—আমি কথা কইব। কথা কইব তৃ'চার জনের কাছে। আর আমার সেই কথা হবে এমন কথা যার জন্তে সমস্ত জগৎ, সমস্ত যুগ, চেয়ে রয়েছে কান পেতে। এক দিনেই আমার কথা আকাসে নিক্রেশে চারিয়ে যাবে, বাতাসে ২াতাসে ছড়িয়ে যাবে। আমি বিশেষ কিছু করব না। একটি বোভাম টিপব, আর অমনি ভোমার সমাজব্যবন্ধা সমভ্য হয়ে যাবে।"

"কিন্তু এখন," বাদল বলে চলল, "এখন আমার চোখে আলোর রেখাটিও নেই। আঁধারের পর আঁধার, তার পরে আঁধার, তার পরে আবো আঁধার। এই আঁধার পারাবার পার হব কী করে। বিশ বছর এর গর্ভে গর্ভবাস করব কী করে ?" বাদল চোখে দেখতে পাচ্ছিল না দিনের আলো আছে কি গেছে। আকাশে তথনো আলোর আভাস ছিল।

কথা রইল বাদলের সম্বল যা কিছু আছে তা সে স্থমীকে পাঠাবে, স্থমী বিলিমে দেবে, ব্যবহার করবে, যেমন খুশি।

স্থীদার ওথান থেকে বাসায় ফিরে বাদল দেখল পীচ তার জন্তে থাবারু নিয়ে অপেক্ষা করছে। সকলে ভতে গেছে, তারও ঘুম পাচ্ছে, কিন্তু বাদলকে না খাইয়ে সে নড়বে না।

"আমার খাবার টেবলে ঢাকা দিয়ে রেখে গেলে পারভে, কমরেড জেসী। মিথো কেন রাভ জাগলে ১"

"আপনার যেমন ভোলা মন। থেতে ভূলে যেক্ট্রে পীচ্ হাসল। হিমত দেখতেই পেতেন না যে থাবার ঢাকা রয়েছে।"

আর একবার অমন ঘটেছিল বটে। বাদল সেবার অপ্রস্তুত হয়েছিল জেসীর কাছে। তাই এবার জেসী রাত জাগছে।

"তোমার ঋণ জন্মে ভূলব ন্যা" বাদল আবেগের সঙ্গে বলল। শুধু এই নয়, জেলী তার কত সেবা করেছে ছোট বোনের মত।

্ত কী বলছেন ? আপনি ত কোঁথাও চলে বাচ্ছেন না। ভিলে যাচ্ছিনে কী বকম ? কালকেই ত বাবার কথা।"

কালকেই!" পীচ বিখাস কবল না। কিন্তু কালতে ৰসল। ভাৰ চোখ দিয়ে জল পড়তে লাগনাৰি গ্ৰেমানল তা প্ৰথমটা লক্ষ কবল না। তার এমন কিলে পেয়েছিল যে এক গ্রাসে একটি কোর্স নিঃশেষ করল।

"ও কী ! তুমি বাঁদছ যে !" বাদল সহসা লক্ষ করল। "ভোমার চাকরি থাকবে না বলে মনে খুব কট হচ্ছে বুঝি ৷ বান্তবিক, এ বাসা উঠে হাবার দাখিল। ভোমাকে অন্ত কোথাও কাজ খুজে নিতে হবে, জেসী। তা তুমি পাবেও।" বাদল তাকে অভয় দিল।

তা সত্তেও তার অঞ থামল না, বরং আরো অঝোর ঝবল।

মেয়েদের র তিনীতি বাদলের অবোধ্য। সে আখাস না দিয়ে বলল, "কাজ খুঁজে নিতে একটু অস্থবিধে হবে বৈকি। তবে বেশী দিন বসে থাকতেও হবে না। আমরা সবাই ভোমাকে এক একথানা স্থারিশপত্র দিয়ে যাব। তা হলে ভোমার আর ভয় নেই। কেমন ?"

তাতেও থামে না বর্ষণ।

তথন বাদল বলে, "বুঝেছি। প্রথম মাসটা হয়ত তোমাকে ধার করতে হবে। ভাবনার কথা বৈকি। আচ্ছা, আমরা সবাই তোমাকে কিছু কিছু বকশিব দিয়ে যাব। আমার—ভালো কথা, আমার যা কিছু সম্বল আছে তুমিই কেন নাও না, জেসী ? এই স্কট ছাড়া আর কিছুই আমি সঙ্গে নিচ্ছিনে।"

পীচ অবাক হল। কিন্তু তা কুছেও তার চোপের জল বাগ মানল না। এ দিকে বাদলেরও কিছুতেই খেয়াল হল না যে মাসুষের প্রতি মাসুষের মায়া মমতা জন্মায়।, মাসুষ মাসুষকে যেতে দিতে চায় না। ভাই কাঁলে।

বাদলের ঘূম পাচ্ছিল। বলল, "রাত হয়েছে। যাও, খুমিয়ে পড়।" পীচ কিন্তু সরল না, যেমন দাড়িয়েছিল তেমনি দাড়িয়ে রইল। কী করে ? ঘর থেতে বিজ্ঞার করে দিতে পাবে না, অথচ পীচ্ যতক্ষণ আছে তত কণ শুতে যেতেও সংস্থারে বাধে। বাদল কী ভেবে ঘর থেকে বেরিয়ে গেল, গিয়ে বাইরে পায়চারি করল। সকলের ঘর বন্ধ, কোথাও আলো নেই, একমাত্র তারই ঘর ছাড়া।

যথন দরে ফিরুল তথনো পীচ তেমনি দাঁড়িয়ে, তবে দরের মাঝখানে নয়, জানালায় ঝুঁকে। তার চোখ বোধ হয় তারার দিকে।

বাদল তার কাছে গিয়ে তার হাতে হাত রাখল। বলল, "জেসী, রাত হয়েছে। যাও, ঘূমিয়ে পড়। কাল সকালে এসো, তোমার জন্মে কী করতে পারি দেখব।"

ে জেদী শুনল কি না বোঝা গেল না। তার হাত অ্সাড়, তার ভন্নীও। তার অঞ্চ থেমেছে, রয়েছে একটা থমথমে জাব।

"জেদী, কাল তোমাকে সব জিনিষ দিয়ে যাব। যা আমার আছে।"

এতক্ষণে তার মৃথ ফুটল। "আমি চাইনে।" "তবে তুমি কী চাও? তোমার জন্তে কী করতে পারি ?" "কিছু না।" এই বলে সে আবার চুপ করল।

٢

বাদলকে অবশেষে সক্ষাচ বিস্কৃত্ত দিয়ে বলতেই হল যে তার ঘুম পেয়েছে, জেসী যদি দয়া করে যায় তানে বাধিত হয়।

জেনী দয় করল। তথন বাদল শোবার কাপড় পরে আলো নিবিয়ে বিছানায় গা ঢেলে দিল। ভাবল, আহ্ কী আরাম! কিন্তু কাল কোথায় থাকবে বিছানা বালিশ, কাল মুম হবে কী করে ?

স্থার একটু হলেই সে ঘুমিষে পড়ত। অসাধারণ ক্লাস্ত। কিন্তু ভার মনে হল দরজার বাইরে দাড়িয়ে ক্লেড্রিয় ফু পিয়ে ফু পিয়ে কাদছে। বাদল- ইতন্তত করল, বিছানা থেকে উঠতে তার শক্তি ছিল না, ছুমে তার চোথ জড়িয়ে আসছিল। তবু উঠতেই হল, পরকে যদি কাঁদছে দেয় তবে ত্থেমোচন করবে কার ?

ষা ভেবেছিল তাই। 'জেদী।

"কী হয়েছে, জেদী। তুমি ঘুমাতে যাওনি ?"

জেসী উত্তর দিল না। তথন বাদল তাকে বারম্বার প্রশ্ন করে এইমাক্স উদ্ধার করল যে তার দিদি ইতিমধ্যে ঘূমিয়ে পড়েছে, যে ঘরে তারা ত্'জনে শোয় সে ঘর ভিতর থেকে বন্ধ। দিদিকে জাগাতে সাহস হয় না, ভাকাভাকি করলে বাড়ীশুদ্ধ স্বাই জাগবে।

কী আপদ! বাদল কী করবে এত রাত্তে ক্ষেদীর জন্মে? বাড়ীর সবাইকে জাগানো ঠিক হবে না। বাইরে সারা রাত জাগিয়ে রাখাও অস্তায়।

"আচ্ছা, বসবার ঘরে ত যুমাতে পার। বালিশের দরকার থাকলে আমি দিতে পারি।"

"না আমার একলা ভয় করবে।"

বাদল ভাবল জেদীকে তার ঘরটা ছেড়ে দিয়ে সে নিজেই বদবার ঘরে গিয়ে শোবে। কিন্তু সে ক্ষেত্রেও সেই একই উত্তর। আমার একলা ভয় করবে।

অগত্যা বাদল জেসীকে ভার ঘরে স্থান দিল। হাতের কাছে যা পেল, স্টুটকেস, য্যাটাশে কেস, বড় বড় বই, সব একত্র করে মেজেতে একটা মঞ্চ গড়ল। তার উপর বিছানা পেতে নিজেই সেখানে শুয়ে পড়ল। জেসী কিন্তু দাড়িয়ে থাকল। বাদলের খাট দখল করবে জেসীর এমন স্পর্মা ছিল না।

उथन तामम वाधा करण निराम्नव थाटि एम, स्मिनीट वमन श्राटक्त

বিহানায় ওতে। সে তা করল কি নাদেখবার আগে বাদল খুমিয়ে পড়ল।

ভোরের দিকে বাইরের আলো লেগে তার ঘুম পাতলা হয়ে এল।
সে অফুভব করল কে যেন তার পাশে শুয়ে তার গলাটি জড়িয়ে ধরেছে।
ক্রেমে তার জ্ঞান হল যে জেসীর ঘুমস্ত মুখখানি তার মুখের কত কাছে।
ভোরের আলোয় কী স্থানর দেখাছে তাকে। যেমন সরল তেমনি মধুর
তেমনি পরনির্ভর।

বাদলের তখন ভাববার সাধ্য ছিল না, ঘুমের ঘোরে তার মন্তিষ্ক নিজিয়। তবু দে চেটা করল চিন্তা করতে। তার বেশ আরাম . লাগছিল সেইভাবে ঘুমোতে। কিন্তু অন্তরে একটা অস্বস্তির ভাবও ছিল। সে বিবাহিত পুরুষ, সেইজন্মে কি ? না, সেজন্মে নয়। সে মুক্ত পুরুষ, বিবাহে তাকে বাধেনি। কেন তবে অস্বস্তি ?

পাছে জেদীর ঘুম নষ্ট হয় দেই ভয়ে বাদল নড়চড় করতে পারছিল না। ওদিকে আলো পড়ছিল তার চোখের উপর, ভাতে তার ঘুমের ব্যাঘাত হচ্ছিল। অস্বস্তি কি দেইজন্মে ?

ষোল সতের বছর বয়সের এই নির্মল মেয়েটি একটি হাতে বাদলের গলাটি জড়িয়ে বিনা কথায় কী বলতে চায় ? "যেতে নাহি দিব।" বলতে চায়, "যাও দেখি, বাবে কেয়ন্ত্রকরে ?"

এক মৃহূর্ণ্ড বাদলের কাছে সক্ষাপ্ত হয়ে গেল। জেসী বাদলকে যেতে দেবে না, বেধে রাখবে। তাই ভার কাদন। কাদন দিয়ে সেবাধন রচনা করবে, যাবার বেলাম বাধা দৈবে। তাই তার কাদন।

এই হৃদয়দৌর্বল্যকে প্রশ্রম দিতে নেই। বাদল ধীরে ধীরে জেসীর হাতথানি সরিষে সোজা হয়ে উঠে বসল। জেসীরও ঘুম ভেঙে গেল। স সে হঠাৎ উঠে বসে অপ্রতিভ হয়ে এক দৌর্ভ ঘর থেকে বেরিয়ে সেল। ভথন বাদল ত্'ভিন বাব হাই তুলে ভাবল আর একটু শোয়া যাই। ভতে ভতে আবার ঘুমিয়ে পড়ল, এবার চোথে বালিশ চেপে। কয়েক ঘণ্টা বাদে তার দরজায় কে টোকা দিচ্ছে ভনে তার ঘুম ছুটে গেল। সে চোথ না চেয়ে টেচিয়ে বলল, "Come in."

"ও কী! তুই এখনো বিছানায় পড়ে!" স্থী বলল ঘরে চুকে।
"প্রায় ন'ট। বাজে, তা(জানিস ?"

"তाই নাকি ?" वानन नाफ निष्य উঠে वनन। "न'টা वाष्ट्र।"

"বলে বেড়াস তোর নাকি দারুণ অনিদারোগ। কই, আুমি ত কোনো দিনও লক্ষ করলুম না যে তুই সকালবেলা জেগে আছিস!"

"কী করে লক্ষ্ করবে ? আমার অনিদ্রা ত রাদ্রে। জান, স্থীদা, কাল রাত্রে আমি কথন যুমিয়েছি ? দেড়টায়।"

কথন এক সময় জেদী এদে বাদলৈর মাথার কাছে একটা টি-পয়তে চা ইত্যাদি রেথে গেছল। আর তুলে দিয়েছিল মেজের বিছানা। বাদল মনে মনে ধতাবাদ জানাল, শুধু চায়ের জত্যে নয়, বিছানা তোলার জত্যেও। নইলে স্থাদা স্থালে কী কৈফিয়ং দিত ?

্চা থেতে গেতে বাদল বলল, "তুমি কিছু থাবে না, স্থীদা ?" "আমি থেয়ে বেরিয়েছি। আক।"

মাদাম এনস্কি বাদলের যে মৃতি নির্মাণ করেছিলেন সেটা স্থী এই প্রথম দর্শন করল। "কার মৃতি ? জোর ?"

বাদল সগর্বে বলল, "কেম্ন হবেছে ? বোদার ভাব্ক মৃত্তির চেয়ে ধারাপ ?"

স্থী হৈদে বলল, "কতকটা দেই বকম দেখতে। তুই কি সমস্তক্ষণ ওই ভাবে বদেছিলি ?"

वामन निक्कि राय वनन, "जा किन ? आधि कि जानजूम व छिनि

আমার মৃত্তি গঠনের জত্তে নক্সা এঁকে নিচ্ছেন ? আমি আখুন মনে বসে বসে কী যেন চিস্তা করছিলুম। আমার ধারণাই ছিল না বে আমাকে রোদার ভাবুকের মত দেখতে।"

হুধী হাসি চেপে বলল, "মাদাম বোধ হয় বোদার শিক্ষা।"

ই কি তটা বাদলের মর্ম ভেদ করল না। সে উচ্ছুসিত ভাবে বলল,
"এ মৃত্তি গঠন করতে অধিক সময় লাগেনি, এর প্রাণ প্রতিষ্ঠা করতে
সপ্তাহের পর সপ্তাহ লেগেছে। এ যে চোখ ছটি দেখছ ওর জন্তে
মাদামকে আমি রোজ একবার সিটিং দিয়েছি। বল দেখি, কেমন
হয়েছে ?"

"ভালোই।" स्थी वनन, "मानास्मत हार बाह् ।"

"এখন এ মৃত্তি নিয়ে আমি করি কী? কাকে দিই ?" বাদল ভার্কের মত ভাবতে বসল। "তুমি কি এর দান্ধিব নিতে পারবে, স্বধীদা ?"

"রাথতে বলিস, রাথব। দায়িত্ব কিসের ?"

"নায়িত্ব কিসের! বল কী, স্থীদা! আমার সর্বশ্ব গেছে, ভাবীকালের জত্তে একমাত্র নিদর্শন আছে এই মৃত্তি। যদি হারিয়ে যায়. কি ভেঙে যায় তবে—" বাদল শিউরে উঠল।

"তবে আরো মৃতি গড়া হবে, ছবি আঁকা হবে। ভাবনা কী, বাদল ! তুই এমন ভেঙে পাঁচছিদ কেন ? ভারাপদ কী নিয়েছে ভোর ? কোন হুঃপে, ছুই নদীর বাঁধে যাচ্ছিদ ?"

আমিল ততক্ষণে থাওয়া শেষ করেছিল। পায়চারি ক্রম করেল।
"ভোমাকে ড বলেছি তারাপদর জন্তে আমি নদীর বাঁধে থাছিলে। ।
বাজি আমার ক্রমবিকাশের অনুসরণে। আমার মন বেখানে এসে,
পৌছেছে সেধানকার সজে নদীর বাঁধের সংযোগ আছে। তবে

একথা ঠিক যে একদিন আগেও অতটা আমার জানা ছিল রা। তারাপদ আমাকে আত্ম আবিষ্ণারের উপলক্ষ দিয়ে গেছে, তাই আমি তাকে ক্ষমা করেছি।"

"তুই পায়চারি রাখ। পোষাক পরে নে। তোর একটা সামাজিক কর্ত্তব্য আছে, সেটা করে নে। তার পরে যেতে হয় নদীর বাঁধে যাবি।" স্থী তাড়া দিল।

"মানে কী, স্থীদা ?" বাদল বিশ্বিত হল।

"তোর খান্ডড়ীরও সর্বন্ধ না হোক অনেক ধন গেছে। তাঁকে সান্ধনা দেওয়া দরকার।"

"বল কী, স্থাদা!" বাদল আকাশ থেকে পড়ল। "তারাপদ তাঁকেও—"

"হাঁ, তাঁকেও ঠকিয়েছে। তোর বন্ধু বলে পরিচয় দিয়ে তাঁর বিশাস লাভ করেছে, তাই তোর একবার যাওয়া উচিত।"

"একবার কেন, একশো বার।" বাদল অবিলম্বে প্রস্তুত হল।
"একশো বার কেন, এক হাজার বার। আমার নাম করে একজন
নিরীহ ভব্তমহিলাকে বঞ্চনা করা কি আমি ক্ষমা করতে পারি ?"

তৃই বন্ধু বাইরে বাচ্ছে এমন সময় জেসীর সঙ্গে দেখা। বাদল বলল, "জেসী, ভয় নেই, আমি এ বেলা যাচ্ছিনে, গুরেলা যাব।"

মেয়েটির চোধত্টি উজ্জল হকে উঠল, জা হাৰীৰ নজন এড়াল না। স্বধী স্থাল, "ওটি কে, বাদল ?"

"আমাদের কমরেড জেলী। বড় মিষ্টি মেয়ে। আমাকে বেতে দেবে না বলে পাহারা দিচ্ছে, দেখলে ত ?" 9

যেতে যেতে স্বধী বলল, "বাদল, আমি বোধ হয় বেশী দিন লভনে থাকব না, গ্রামে যাব। যে ক'দিন আছি তোর সঙ্গে থাকতে চাই, কিন্তু নদীর বাঁধে থাকতে পারব না।"

"কেন, স্থীদা? ভয় কিসের ?" বাদল পাদ্রীর মত ভজাল, "নদীর বাঁধের মত অমন ঠাঁই পাবে কোথায় ? থোলা আকাশ, থোলা বাতাস 1 মাঝু মাঝে ত্র'চার ফোঁটা বৃষ্টি পড়তে পারে, তার জল্পে এত ভয়!"

. "না বাদল।" স্থী হাদল। "তুই দেখছি না শুয়েই শোবার স্থ উপভোগ করেছিদ। কিন্তু আমি এসব বিষয়ে সংশয়বাদী।"

"তুমি", বাদল মহা বিরক্ত হয়ে বলল, "কিছুই দেখবে না, কিছুই
দিখবে না, কেবল মিউজিয়াম আর ঘর! তোমার মত মান্নুষকে
আমরা বলে থাকি এদকেপিস্ট। তোমরা বাস কর গজদভ্তের গম্বুজে।
তুমি ত বেহালাও বাজাও।"

"दिशाला नग्न, वाला।"

"একই কথা।" বাদল উষ্ণ হয়ে উঠল। "পৃথিবীর সন্মুখে ঘোর সঙ্কট। যুদ্ধ কি বিপ্লব, কী যে ঘটবে তার ঠিক নেই। আর তৃমি কিনা ছিল্লবাধা পলাতক বালকের মত," বাদলের মনে পড়ল রবীক্রনাথের কবিতা, "নারা দিন কাজাইলে বাশি।"

"বৃহকাল বাজাইনি, বাদল। ইচ্ছা করে সারা রাভ বাজাতে।" স্থা পারে পেতে নিল বাদলের অভিযোগ।

শনা, তোমাকে দিয়ে কিছু হবে না । বাদল হতাশ হয়ে হাল ছাড়ল। "তুমি এস্কেপিট। তোমার পলাতক মনোবৃত্তি কী করে দ্ব হবে জানিনে। সারা রাত বাঁশি বাজানো বে সমস্ভার মুখোম্বি হতে জন্বীকার তা কি তুমি বৃশ্ধবে যে তোমাকে বোঝাব! তোমার মত অবৃথ লোক হয়ত হেসে উড়িয়ে দেবে যে এটা সমাজের প্রতি বিশীস্থাতকতা।"

হুঁধী শাস্ত ভাবে বলল, "বিশ্বাসঘাতকতা কিসের ?"

বাদল দর্ব্যজ্ঞের মত মাথা নেড়ে বলল, "তুমি তা হলে Julien Bendaর বইখানা পড়নি। তোমরা বৃদ্ধিজীবীরা বিশাস্থাতকতা না করলে সমাজের এ দশা হত না। তোমরা সারাদিন বাশি বাজিয়েছ, থোজ রাখনি কী করে একদল চালাক লোক পরিশ্রমীদের মাথায় কাঁচাল ভেঙে ফলার করেছে। তোমাদেরকে দিয়েছে কাঁচালের ছিবছে, তাই থেয়ে তোমাদের এমন নেশা জমেছে যে তোমরা সারা দিন বাশি বাজিয়েছ, আর ভেবেছ এ ব্যবস্থা চিরকাল চলবে।"

"এসব ত জানতুম না, বাদল।" স্থাী স্বীকার করল। "তুই আয়, আমার সঙ্গে থাক, আমাকে ব্ঝিয়ে দে কবে কেমন করে কার প্রতি বিশাসঘাতকতা করেছি।"

বাদল রাজি হল না। বলল, "তোমার সঙ্গে থাকতে কি আমার অসাধ! কিন্তু আমার পূর্বজীবনকে আমি পশ্চাতে ফেলে এগেছি। আমাকে এগিয়ে বেতে হবে অনিশ্চিতের অভিমুখে, অন্ধকারের গর্তে। আমাকে আবিন্ধার করতে হবে কলকাটি,। আমি এমনি করে একটি বোতাম টিপব," বাদল অভিনয় করে দেখাল, "আর সমূভূম হয়ে যাবে তোমাদের এই অপরূপ সমাজবাবস্থা। এই বর্ণচোরা শোষণবাৰশ্ব।"

বাদল বোধ হয় চোখে বোতাম দেখছিল, স্থণী তার হাত ধরে টেনে না স্বালে মোটবের সামনে গুড়ত।

"তোর জন্তে আমার ভয় হয়, বাদল। তুই যে কোন দিন দেশলাই ফেরি করতে করতে মোটর চাপা পড়বি কে জানে!" ' "তা হলে ত বেঁচে যাই, স্থীদা। অহোরাত্র একটা না একটা চিস্তা নিম্নে আছি, আর সব চিস্তার গোড়ায় সেই একই চিস্তা—ছঃখমোচন। আচ্ছা, বল দেখি আমার কেন এত মাথাবাথা। তোমার ত কই কোনো ছর্ভাবনা নেই ?"

স্বধী হেসে বলল, "আমি যে বিশ্বাসঘাতক।"

"না, না, পরিহাসের কথা নয়, স্থীদা। এই যে তুমি বিলেতে আছ, তোমার থরচ আসছে জমিদারির প্রজাদের কাছ থেকে কিয়া জীরনবীমার কোম্পানীর কাছ থেকে। কোম্পানি ও টাকা লাভের ব্যবসায় খাটিয়েছিল, ও টাকা শোষণের টাকা। তুমি তোমার এই থরচের কী হিসাব দিছে, শুনি? দর্শনশাস্ত্র অধ্যয়ন করছ। তাতে কার কী প্রাপ্তি? প্রজারাই বা কী পাছে, শোষিতদের পাওনা কী ভাবে মিটছে? আমি ত এইজন্মে বাড়ী থেকে টাকা নেব না স্থির করেছি। বাবার টাকা যে গ্রহণ্টেট দিছেে সে ত শোষণের উপর স্থপ্রতিষ্ঠ।"

"এ সব তত্ত্ব আরো ভালো করে শুনতে চাই বলে তোকে স্মাবার ডাকছি, বাদল, তুই আয়, আমার সঙ্গে কিছু দিন থেকে আমাকে ব্ঝিয়ে দে এ সব। তোর সঙ্গে অনেক তর্ক আছে।"

বাদল বলল, "না। আজকেই আমাকে বাঁপ দিতে হবে।" "বাঁপ !"ুহুধী চমকে উঠল।

"হা। জনসাগরে তলিয়ে গিয়ে এই সমস্থার তল খুঁজব—এই শোষণ সমস্থার ও এর ক্ষিরহীন সমাধানের।"

"বাদল, তোকে নিরুৎসাহ করব না। কিন্তু দিন করেক আমার সঙ্গে বাস করে তার পরে ঝাঁপ দিতে দোষ কী ?"

"হুধীদা, আমি কুক্তসংকল্ল।"

স্থাী যে বাদলকে সকাল বেলা পাকড়াও করেছিল তা শুধু জার
খাওড়ীর প্রতি সামাজিক কর্ত্তব্যের অন্ধরোধে নয়। তাকে নদীর বাধ
থেকে নিবৃত্ত করে নিজের কাছে কিছু দিন রাধার অভিপ্রায় প্রবল
হয়েছিল। স্থা গত রাত্রে ভাববার অবসর পায়নি, অশোকা তার মন
জুড়েছিল। আজ ভোরে উঠে ভেবে দেখল বাদল যদি সত্যি সভিয়
দেশলাই বেচে তবে তার বাবা শুনতে পেলে স্থা সম্বন্ধে কী মনে
করবেন।

কিন্তু বাদলের উপর জোর থাটে না, তাকে বকলে সে রাগ করে দেশলাই কেন, জুতোর ফিতে বেচবে। নদীর বাঁধে কেন, গাছতলায় শোবে। পরে তা নিয়ে থানা পুলিশ করতে হবে।

"বেশ, তুই থা করতে চাস তা কর। কিন্তু ভূলে যাসনে এ দেশে ভবস্থরেদের জন্তে আইন আছে।"

"আইন!" বাদল আঁতকে উঠল। "তা হলে ত মাটি করেছে!" বাদল জিজ্ঞাসা করল, "তুমি ঠিক জান ?"

"তুই আইনের ছাত্র। ঠিক জানার কথা ত ভোরই। আমি বে গজদন্তের গম্বুক্তে থাকি।"

বাদল বিচলিত হয়ে বলল, "মার্মারেট ত কাল আমাকে সতর্ক করেনি। আইন! তুমি বলতে চাও ভরত্বে বলে, সন্দেহ করে আমাকে জেলে পুরবে ?"

"সম্ভব। সেই জন্তেই ত বলি, আয়, আমার কাছে কিছু দিন থাক, আইনের থবর নে। তার পরেও নদী থাকবে, নদীর বাঁধ থাকবে, তারা পলাতক হবে না।"

बाबन थया बिन मा। वनन, "षड षांठेषांठे तर्राथ वाँाथ प्रश्वा कि

কাঁপা ় বাঁপে দিতে হয় চোখ বুজে। যদি জেলে নিয়ে যায় ত যাব। দেখৰ মাহুষ মাহুষকে কত কট দেয়।"

বাদলের খাশুড়ী মিসেদ গুপ্ত তথন জিনিষ্পত্ত লরীতে বোঝাই করতে দিয়ে জন কয়েক বান্ধব বান্ধবীর সঙ্গে গান্ধ করছিলেন। স্থাবাদলকে দেখে কান্ঠ হাসি হাসলেন। "এই যে তোমরাও এসে পড়েছ। কোধায় শুনলে যে আমি স্বাস্থ্যের জন্মে স্থইটজারলওে যাচ্ছি? আর একটু দেরি হলে দেখা হত না।"

ু স্থীর ইচ্ছা ছিল সহামুভূতি জানাবে, কিন্তু তিনি যে স্বাস্থ্যের জ্ঞে বাচ্ছেন এই সংবাদের পর সহামুভূতির কথা তুলে তাঁকে বিব্রত করা উচিত নয় i বাদল কিন্তু ফল করে বলে বদল, ''আমি যে কী ভয়ানক

তিনি ঠাওরালেন বাদল লজ্জিত উজ্জিমিনীর প্রতি কর্ত্তব্য করেনি বলে। বললেন, "হুখী হলুম, বাদল, তোমার স্থমতি দেখে। এখনো বেবী এ দেশ ছাড়েনি। তাকে চিঠি লিখো, সে হয়ত তোমার কাছে আসবে।"

এই বলে তিনি মুখ ফেরালেন। তাঁর অক্যান্ত অভ্যাগতদের সঙ্গে আলাপ ফেনিয়ে উঠল। শুধু আলাপ নয়, ফেনিয়ে উঠল আরো একটি দ্রব্য। না, দ্রব্য শয়, দ্রব্য।

তাঁবাও সহাহভৃতি জানাতে এসেছিলেন। তিনি উপদের নিরন্ত করে বলছিলেন, "ও কিছু নয়। আর্টের প্রতি আমার একটা দুর্বলতা আছে। আর্টের নামে কেউ কিছু চাইলেই অমনি দিয়ে ফেলি, ফিরে পাবার আশা রাখিনে।"

কিন্তু তাঁর মুখে গভীর নিরাশার দাগ ছিল। তাঁর চোধের চাউনি বেমন সজল তাঁর ঠোঁটের কাপুনিও তেমনি স্বায়বিক। স্থবী উচ্চবাচ্য করল না। বাদল আর এক বার কী বলতে চেষ্টা করছিল, স্থী জ্বার গাটিপল।

"অভ্যাগতরা বিদায় নিলে তিনি স্থাীর দিকে ফিরে বললেন, "তার পর, স্থাী? তোমার ভারী অঙ্ত লাগছে, না ? দেখ, আমার স্বাস্থ্য সিত্যিই এ দেশে টিকছে না ৷ রাজার দেশ বলেই আছি, নইলে কোন কালে চলে থেতুম ৷ স্ইটজারলণ্ডের মত দেশ আর হয় না ৷ ওথানকার হাওয়ায় ত্'দিনেই বেঁচে উঠব ৷ বাদল, তুমি অবশ্য ইংলণ্ডের পক্ষে ওকালতী করবে ৷ কিন্তু এ দেশ অসহ্য ৷ তোমবাও পার ভ এসো স্ইটজারলণ্ডে ৷ বেবীকে লিখে আনাও না, বাদল ? তোমারই ভূস্মী ৷ আচ্ছা, এখন তা হলে গুড বাই ৷ স্টেশনে আসতে চাও ? Oh, how kind of you !" বলে তিনি কেঁদে ফেললেন ৷

প্রত্যাবর্ত্তন

5

্ উজ্জেষিনী যাবার সময় স্থীকে অছুরোধ করেছিল, "চিঠি লিখতে এক দিনও ভূলো না। · মনে রেখো।"

ন্দ্রখীও ঠিক প্রতিদিন না হলেও প্রায়ই চিঠি লেখে। না লিখলে উজ্জায়নী টেলিগ্রাম করে, জানতে চায় অহুথ করেছে কি না। বেচারিকে অযথা ধরচ করিয়ে লাভ কী? তার চেয়ে একখানা পোস্টকার্ভের পিঠে ত্'চার ছত্র লিখে রোজ ডাকে দেওয়া কঠিন নয়। হুখী কিন্তু রোজ সেটুকুও পারে না, নিজের চিস্তায় মগ্ন থাকে।

তা ছাড়া তার চিঠি লেখার ধরণ এই যে সে মামূলি চিঠি লেখে না।

হ' লাইন হোক, চার লাইন হোক যাই লিখুক ভালো করে ভেবে ও
গুছিয়ে লেখে। তাই তার চিঠির সংখ্যা কম। উচ্জয়িনীর খাতিরে
সে যেমন তেমন করে হ' চার ছত্তা লিখে দায় দারতে পারে না। তাই
মাঝে মাঝে গাফিলি হয়।

"শুধু লিখলে চলুৰে না। শীতিমত বড় চিঠি লিখতে হবে। ব্বালে ?" উজ্জায়নী শাসন করে। শুমামি ষত বড় চিঠি লিখি তুমিও ডক্ত মড় চিঠি লিখবে। মনে রেখো।"

ু সর্বনাশ! উচ্ছবিনীর এক একটা চিট্টি বে এক একখানা পুঁখি। কোথায় কী দেখেছে, কার সঙ্গে কী নিয়ে আলাশ ইয়েছে, এসব ত থাকেই, থাকে স্থপ্রচুর উচ্ছাস। এত দিন পরে দে জীবনকে, উপভোগ করতে শিখেছে, তার কোনো ক্ষোভ নেই, আক্ষেপ ভারু এই যে স্থীদা তার মত স্থী নয়। হতভাগ্য স্থীদা! তার প্রিয়া তারেক প্রত্যাখ্যান করেছে। তা সত্তেও সে কেন যে লণ্ডনে পড়ে আছে! ক্ষতি কী যদি আমেরিকা যাত্রা করে, আমেরিকার পথে ভারতে?

"স্থীদা ভাই, তোমার জন্মে আমার মন সব সময় থারাপ। বর্থনি কিছু উপভোগ করি তথনি মনে হয়, আহা! স্থাদা ত উপভোগ করছে না। এমন দৃশ্য একা উপভোগ করা অক্সায়। স্থাদা, তোমার জন্মে দৃশ্যপট পাঠাতে পারি, দৃশ্য পাঠাতে পারিনে। কাজেই তোমাকে আমি বার বার বলি, তুমি চলে এসো, যোগ দাও আমাদের সংশ।"

এর উত্তরে স্থী লেখে, "আমার জয়ে মন ধারাপ করিসনে। আমি প্লেটো পড়ছি। সেও এক অপূর্ব্ব উপভোগ।"

"আচ্ছা," উজ্জয়িনী লেখে, "এখন ত অশোকার উপদ্রব'নেই, আমারও উৎপাত নেই। তোমার হাতে রাশি রাশি সময়। কেন তবে তোমার মনের ছবি কলম দিয়ে আঁকো না? আমার কত কাজ। তব্ আমি রোজ রাত্রে শোবার আগে তোমাকে দশ বারো পৃষ্ঠা লিখি। তুমি যে আমার ঘুমের অংশ নিচ্ছ তার বিনিময়ে কী দিচছ, বল তং"

এর উত্তরে স্থা—"বাং তোর উৎপাত নেই কী রকম! তোর চিঠি পড়তে যে আমার পূরো আধ ঘণ্টা লাগে। আর তুই কি জানিসনে যে আমি স্বন্ধভাষী ?"

উজ্জাৱনী—"আহ্ ক্ষীদা! তুমি বল্পতাৰী বলে কি এতদ্ব বল্পতাৰী! অশোকার বেলায় কি এমনি বল্পবাক্ ছিলে ? জানি গো জানি। তুমি এক একজানের কাছে এক এক রকম। না, ওসব অনব না। বোবাকে কথা কওয়াব। যদি লখা চিঠি না পাই তবে—থাক, আৰু আর বলন্ম না। আমার মাথায় অনেক তৃষ্ট বৃদ্ধি আছে। যথাকালে টের পাবে।" ে এর পরে স্থা কিছুদিন পোস্ট কার্চ্যের বদলে খামে ভরা চিঠি
লিখেছিল। তাতে লগুনের হালচাল জানি মছিল। ফলে উজ্জামনী
প্রসন্ন হয়েছিল। লিখেছিল, "তুমি পারো সবই, কিছু তার জ্ঞা
শাসন দরকার। যাক, এখন লক্ষী ছেলের মত সকলের খবর দিয়ো।
কে কেমন আছে—ক্রিসিন, সোনিয়া, ব্লুদা। ব্লুদা বোধ হয়
আমার উপর অভিমান করেছে আমি চিঠি লিখিনি বলে। কিছু
আমিও তোমারই মত স্করবাক্। য়া কিছু বলবার তা একজনকে
বলতেই নিংশেষ হয়ে য়য়। অপরের জয়ে থাকলে ত বলব! ভালো
কথা, মা'ব চিঠি পাচ্ছিনে কেন? অস্থুধ করেনি আশা করি।"

ঠিক এই সময় তারাপদ ফেরার হয়। তারপর উচ্জয়িনীর মা স্ইটজারলগু চলে যান। যদিও বাদল সম্বন্ধে উজ্জয়িনী লেশমাত্র অফুসন্ধিৎস্থ নয়, তবু তারাপদর অন্তর্ধানের পরে বাদলও ঝম্পদান করে। এসব থবর দস্তরমত জবর। স্থা বেশ ফলাও করে লিখল। তার আশকা ছিল উজ্জয়িনী হয়ত ভাববে স্থা যথেষ্ট চেষ্টা করেনি, করলে কি বাদল অমন করে নদীর বাঁধে শুভ, দেশলাই বেচে খেড ?

"চেষ্টা করলে বাদলকে আমি নিরন্ত করতে পারত্ম।" স্থা সাফাই দিল। "কিন্তু সেটা হত নেহাৎ গায়ের জোর। পরে সে এই বলে অভিযোগ করত যে আমার জন্তে তার জীবন বার্থ হল। আমি কি জার জীবনের বার্থতার দায়িত্র নিতে পারি! আমি লগুনে যে কম্বদিন পারি থাকব, তার থোঁজ ধবর রাথব, যদি তার অস্থ্য করে ভান্ন গ্রেপ্তার করে আনব। অথবা যদি সে নিজেই গ্রেপ্তার হয় তবে ভার জামিন দাড়াব। আপাতত এই আমার পরিকল্পনা। তুই নিশ্চিম্ভ মনে উপভোগ করু, বাদলের ভার আমার উপর ছেড়ে দে। আর যদি ভোর ইচ্ছা করে স্বামীর ভার নিতে তবে চলে আয়, আমেরিকা **যাসনে। সেটি** কথা, তুই স্বাধীন, যেমন বাদল স্বাধীন।"

এর উত্তরে উজ্জিয়িনী—"আমার স্বামী কাকে বস্ছ ? তিনি ও সম্পর্ক স্বীকার করেন না, আমিও স্বীকার করতে নারান্ধ। তিনি ও আমি পরম্পরের কমরেড হতে পারতুম, কিন্তু সেদিন তাঁর মুখে যা শুনলুম তার পরে তাতেও আমার অরুচি। না, আমি তাঁর ভার নিতে পারব না, স্থীদা। সত্যি বলতে কি, আমি তাঁকে এড়াতেই চাই। আমার জীবন আমার একার। এ জীবন আমি যাকে খুলি উপ্থহার দেব। তুমি শুনে অবাক হবে যে আমি তাঁর পদস্থলন প্রার্থনা করি। তা হলে আমি সেই অজুহাতে ডিভোস আদায় করে নেব। না, আমি যাব না লগুনে। যা করবার তা তুমিই কোরো, তিনি তোঁমারই বরু। আমি সম্পূর্ণ নিশ্চিম্ভ আছি।"

চিঠি পড়ে স্থী দীর্ঘ নিংখাস ফেলল। কী পরিবর্ত্তন! এই উজ্জ্যিনী একদিন কত ভালোবাসত বাদলকে। কী ঈর্বাধিতা ছিল সে! সেই কিনা লিথছে, "আমি তাঁর পদখালন প্রার্থনা করি। তা হলে আমি সেই অজুহাতে ডিভোর্স আদায় করে নেব।" হা ভগবান!

সুধী রাগ করে উজ্জায়নীকে চিঠি লেখা বন্ধ করে দিল। তার টেলিগ্রামের জবাবে জানাল, শরীর জালো আছে।

উচ্জয়িনী স্থাীর কে? বাদলের স্থাী বলেই তার সঙ্গে স্থাীর পরিচয় ও সম্পর্ক। সে যদি বাদলের স্থাী নাহয়, ডিভোর্মের কথা তোলে, তবে তার সঙ্গে স্থাীর পরিচয় বাসম্পর্কনেই, সে স্থাীর কেউ নয়।

যা ভনে স্থীর অবাক হবার কথা তা ভনে সে যে ভগু অবাক হল।
তাই নয়, মর্মাহত হল। তার জীবনে সে এই প্রথম ভনল যে স্ত্রী

স্বামীর পদস্থলন প্রার্থনা করছে। তার সংস্কৃত্রে ভীষণ স্বা লাগল। প্রস্তৃত কোনো মেয়ে হলে দে উপেক্ষা করত। কিন্তু এ যে উজ্জিমিনী।

ছি ছি । কী করে এ কথা উদ্ধয় হল উজ্জন্মিনীর মনে । কই, কোনো নভেলে কি নাটকে ত এ কথার উদ্ধেষ নেই। থাকলে স্থী এতটা আ্বাত পেত না, ভাবত উজ্জন্মিনী কোনোখানে ওকথা পড়েছে বা ভনেছে, সেইজন্মে নিজের বেলায় প্রয়োগ করছে। ওটা যে উজ্জন্মিনীর মৌলিক উক্তি নয়, এ বিষয়ে স্থধী নিশ্চিত হতে পারছিল না, হলে আশস্ত হত।

স্থী রাগ করল, দৃঃখও পেল। এতদিন সে উজ্জয়িনীর পক্ষে ছিল, কেননা ধর্ম ছিল উজ্জয়িনীর পক্ষে। এখন এই উজির পর উজ্জয়িনী স্থীর সহাম্ভৃতি হারাল, কেননা ধর্মের সমর্থন হারাল। যে মেয়ে নিজের স্থামীর পদস্থলন প্রার্থনা করতে পারে সে মেয়ে ষতই সহাম্ভৃতির যোগ্য হোক না কেন এই উজির পর সহাম্ভৃতি পেতে পারে না। না, না, স্থীকে কঠোর হতে হবে। সে ক্ষমা করবে না। অর্থাৎ ক্ষমা করবে যদি উজ্জয়িনী অমুতপ্ত হয়, যদি ঘাট মানে।

স্থী ছঃথ পেল। যে মেয়ের কপাল থারাপ সে কেন স্বাধীন হয়েও
সম্ভষ্ট হয় না, উপভোগ করেও তৃপ্ত হয় না, দেশভ্রমণ করেও কান্ত হয় না ?
সে যদি নারীবাহিনী গড়ে বন্দুক চালাত তা হলেও স্থা এমন ছঃথ পেত
না। কিন্তু সে মেয়ে চায় জীবনটা যাকে খুলি উপহার দিতে। এবং
এমন স্বার্থপর সে মেয়ে যে নিজের ডিভোর্মের জন্তে স্বামীর পদস্থলন
প্রার্থনা করে। তার কি নৈতিক বোধ একেবারেই নেই ? পদস্থলন
কি এতই স্থলভ ? কেন বাদল পতিত হবে ? সে কি তেমনি ছেলে ?
মুখে বলে কত রকম লয়া চওড়া কথা। কিন্তু বাদল মনে প্রাণে
দায়িত্বান। সে কথনো অমন কিছু করবে না।

উজ্জ্বিনীও না। ওটু শ্রেজা উজ্জ্বিনীর প্রতি স্থার আছে। তা যদি না থাকত স্থা তাবে মৃক্ত কঠে উপভোগ করতে বলত না। স্থা চার্য যে উজ্জ্বিনী জীবনকে উপভোগ করুক, স্থা হোক, কিন্তু নীতির নিয়ম মেনে, সমাজের নিয়ম আক্রা রেখে। ভাই ভার প্রাথনার নম্না ভনে হঠাৎ যেন একটা চোট পেল। এর মধ্যে নীতিবোধ, সামাজিক দারিজবোধ কোথায় প

ર

একবার কল্পনা কক্ষন স্থাবি বিশ্বয়। সেদিন মিউজিয়াম থেকে বাসায় ফিরে সিঁড়িতে পা দিতে বাচ্ছে এমন সময় বড় বুড়ী গন্ধ বিস্তার করে কোথা থেকে ছুটে এসে নিষ্ঠীবন বর্ষণ করতে করতে যা বলল তার মর্ম এই যে একজন ভদ্রমহিলা তার জন্তে অপেক্ষা করছেন—বসবার ঘরে।

ভত্ত মহিলা! স্থণী বিমৃঢ়ভাবে বলল, "আমার জ্বতো!"

"ভারতীয় ভদ্রমহিলা আর কার জন্মে অপেক্ষা করবেন? তাঁর সঙ্গে বিশ্বর লটবহর আছে। বোধ হয় সোজা ভারতবর্ষ থেকে আসছেন।"

ভারতবর্গ থেকে! স্থাী মহাচিন্তিত হয়ে তাড়াতাড়ি মূথ হাত ধুয়ে বসবার ঘরে গেল।

"এ কী! তুই! উক্সয়িনী!"
"হা, ক্ষীদা। আমিই। কেন, আমার তার পাওনি ?"
"না। কোন ঠিকানায় করেছিলি ?"
"মিউকিয়ামের !"

' "দেখানে হাজার লোক। যাক, তোর 🖓 খাওয়া হয়েছে ?'

"দিচ্ছে কে, বল । তথন থেকে চুপটি ক্রে বসে আছি। ওদের ধারণা আমি ইংরাজী ভালো জানিনে। তোমার বুড়ী থানিকটে অকভনী করে গেল। আমিও অকভন্দী করে তার জবাব দিলুম।" এই বলে সে হাসতে চেষ্টা করল।

"আচ্ছা, তা হলে আমি চা তৈরি করে আনি।"

*তৃমি তৈরি করবে চা! থাক, থাক, তোমার হাত পুড়িয়ে কাজ নেই। তার চেয়ে চল কোনো রেস্টরান্টে যাই।"

ে উজ্জায়িনীর লটবহর সেই ঘরেই ছিল। সুধী লক্ষ করে বলল, "হঁ।" ভার মুখ শুকিয়ে গেল চিন্তায়।

তাঁ অন্নমান করে উজ্জায়িনী বলল, "কী করি, বল। মা থাকলে তাঁর কাছেই যেতুম। তোমার এখানে কোনো ঘর খালি নেই ?"

"আমি যতদ্র জানি, থালি নেই। ধালি থাকলেও ভোকে এ বাসায় থাকতে বল্ডুম না।"

ক্থী মিউজিয়াম থেকে বাসায় ফিরে নিজের হাতে ত্থ গরম করে থায়। জার সঙ্গে ফল ও ফটি। এই তার রাতের থাবার। এর পরে সে কিছুক্ষণ পায়ে হেঁটে বেড়িয়ে আসে। এবং স্থান করে ঘুমাতে, যায়।

সেদিন উজ্জ্বিনীকে ছার খোরাকের ভাগ দিয়ে তার পরে ট্যাক্সি ডেকে তার জ্লিনিষপত্র সমেত পাড়ার এইটি হোটেলে চলল। রেসিডেন-সিয়াল হোটেল। স্থণীর সঙ্গে আলাপ ইয়েছিল ওখানকার এক পাশী ক্ষান্তির। তাঁরা বছদিন থেকে সেখানে বসবাস করছেন।

ঝাবওয়ালা বললেন, "ঘর থালি আছে বৈকি। আপনীরা বস্থন, আমি সমস্ত ঠিক করে দিচ্ছি।"

উब्ब्यिनी कृत (भन। यित्मन कावध्याना जांव मास्वव वयनी।

তিনি বললেন, "শুনে হংখিত হলুম যে তোমার মা লগুনে নেই। তিনি যতদিন না ফিরেছেন তুমি, এইখানেই থেকো, আর মা'কে লিখো সকাল সকলি ফিরতে।"

· সুধী বলল, "কেমন, ঘর পছন্দ হয়েছে ?"

"মন্দ নয়। তোমার বাসায় হলে আরো পছন্দ হত। তবু ভালো যে দুর বেশী নয়। আধ মাইল। না ?"

"হুঁ।" স্থার তথনো বিশ্বয়ের বোর কাটে নি।

"স্থীদা", উজ্জায়নী আবদার ধ্রল, "তুমিও এখানে উঠে এস।" দ "আমি ?" স্থী একটু থতমত থেয়ে বলল, "কেন, আমার আসার কী দরকার ? এই ত ঝাবওয়ালারা রয়েছেন। তা ছাড়া আমি বোধ হয় শীগগিরই লগুনের বাইরে একটি গ্রামে যাচছি। অনর্থক বাসা বদল করে কী হবে শ"

"গ্রামে যাচ্ছ ?" উজ্জন্ধিনী উল্লসিত হয়ে বলল, "আমাকে সঙ্গে নিতে আপত্তি আছে ?"

ञ्चधी महमा भञ्जीद रुग। উত্তর দিল না।

"তুমি বোধহয় ভাবছ", উজ্জয়িনী উপযাচিকা হয়ে কথাটা পাড়ল, "আমেরিকায় না গিয়ে আমি লগুনে ফিরলুম কেন, ফিরলুম যদি তবে আবার গ্রামে যেতে চাইছি কেন ?"

স্থী স্থাল, "ললিতাদি কোথায় ?"

"তিনি কাল আমেরিকা বওনা হয়েছেন।"

"একলাটি গেলেন ?"

"ভোষার ভর নেই। জাহাজে আরো অনেক ভারতীয় আছেন। এমন কি একজন চেনা লোকের সঙ্গেও দেখা হয়ে গেল—আমার নয়, তাঁর চেনা। মাদ্রাসী।" '' স্থাী উজ্জায়নীকে জিজ্ঞাসা করল না কোন ফিরে এল সে। ধরে নিল সে অস্তত্থ হয়ে স্বামীর ভার নিতে ফিরেছে। অভিমানিনী হয়ত ও কথা মুখ ফুটে কর্ল করবে না, অন্ত কৈফিয়ৎ দেবে।

"আজ তা হলে উঠি। এখন তোর বিশ্রাম দরকার। কিন্তু শোবার শোগে সাপার খেতে ভূলিসনে।"

"ও কী! এরি মধ্যে উঠলে? বস, তোমার সঙ্গে কতকাল দেখা হয়নি।"

" "কাল সন্ধ্যাবেলা আসব। আজ তুই বিশ্রাম কর।"

"কা—ল স—স্ক্যা বে—লা। আমি যদি কাল সকালবেলা ভোমার গুথানে বেড়াতে আসি ভোমার কাজের ক্ষতি হবে ?"

"সকালে সময় কথন ? প্রাতভ্মিণের পর স্থানাহার করতে করতে ►মিউঞ্জিয়ামের বেলা হয়ে যায়।"

"যদি একসঙ্গে মিউজিয়ামে যাই ?"

"বেশ ত। তোর যদি অস্থবিধা না হয় আমার আপত্তি নেই।"

স্থী উঠল। তাকে এগিয়ে দিতে গিয়ে উজ্জিমিনী হঠাৎ ক্রিজ্ঞাসা করল, "আমার উপর রাগ করেছ ?"

"কিসে বুঝলি ?"

"তোমার কথাগুলি তেমন মিটি নাম, একটু ঝাঁজালো। তা ছাড়া তুমি চিঠি লেখনি এই সাত আট দিন।"

উচ্জায়নীর প্রত্যাবর্ত্তনে স্থাীর মনটা নির্মল হয়েছিল। আহা! বেচারির উপর রাগ করা উচিত হয়নি। সে যা লিখেছিল তা কোঁকের মাথায় লিখেছিল। কী করবে, মরীয়া হয়ে উঠেছে বাদলের ব্যবহারে। তাই অমন কথা মুখ দিয়ে বেরিয়ে যায়। সে বে আমেরিকা যাত্রার প্রলোভন সম্বরণ করেছে এ বড় সামান্ত ত্যাগ নয়। তার জন্তে কডটুকু ত্যাগ্ন করেছে বাদল ?

. স্থা সেই ত্যাগশীলার প্রতি সম্ভ্রমে নতশির হল। বলল, "রাগ করেছিলুম। কিন্তু এখন রাগ নেই।"

উজ্জমিনী ঝর ঝর করে চোথের জল ঝরাল। সেই অবস্থায় হেসে বলল, "ওহ্! আমার ঘাম দিয়ে জর ছাড়ল। আচছা, যাও। কাল একসকে মিউজিয়ামে যাব।"

তারপর পিছু ডেকে বলল, "রাগ এখনো আছে, তা তোমার চলন দেখে বুঝেছি। কিন্তু আমি কেয়ার করিনে। বুঝলে ?"

এই বলে সে চোধ মুছল ও চকিতে অদৃশ্য হল।

জুলাই মাসের রাত। তথনো সুর্ব্যের আলো রয়েছে। সুধী সোজা বাসায় না গিয়ে কেনসিংটন উল্লানে কিছুকাল বায়ুসেবন করল।

এ এক নতুন সমস্তা। লগুনে উজ্জ্বিনীর মা নেই। বাদলও কোথায় ঘোরে, কোথায় খায়, কোথায় শোয় ঠিক নেই। উজ্জ্বিনীর নিঃসঙ্গ জীবন সহনীয় হবে কী করে? কার সঙ্গে? স্বামীর ভার নিডে বলা কাগজে কলমে বেশ শোনায়। কিন্তু বাস্তব ক্ষেত্রে ওর অর্থ কী ? ও মেয়ে কি বাদলের অন্তসরণে পথে স্বামে বিচরণ করবে, নদীর বাধে মাথা রাখবে?

ক্ষী নিজের উপর রাগ করল। কেন লিখেছিল স্বামীর ভার নিতে! এখন যদি সে বলে, "স্বামীর ভার নিতে চাই, কিন্তু কোথার স্বামী? কে দিচ্ছে তাঁর ভার?" তথন কী উত্তর দেবে স্থমী? কে নেবে সে মেয়ের দায়িত্ব? ললিতা রায় ত আমেরিকা চললৈন, মিসেদ গুপ্ত গেলেন স্কুইটজারলও। আর একটিও আত্মীয়া নেই, অভিভাবিকা নেই লগুনে। এক যদি মিসেদ ঝাবওয়ালা একটু দেখাশোনা করেন। কিছ তাঁকে সে মানবে কি না সন্দেহ।

উজ্জায়নীর ষেমন জর ছাড়ল স্থীর তেমনি জর এল। কী ভ্রম্বর দায়িছ যে তার ঘাড়ে এসে পড়ল! কী কৃক্ষণে সে মুক্তবিগিরি ফলিয়ে লিখেছিল স্বামীর ভার নিতে! উজ্জায়নীর যদি ভালোমন্দ কিছু হয় তবে জবাবদিহি করতে হবে তাকেই, কারণ সে-ই ত উজ্জায়নীর আমেরিক। যাত্রায় বাধা দিয়েছে ওকথা লিখে। এখন কে কার ভারি নিচছে।

স্থীর সে রাত্রে ভালো মুম হল না। সে স্থির করল মিসেস এপ্রকে তার করবে। তিনি যদি রাজি হন তবে উচ্ছায়নীকে স্থইট্ছারলীকৈ পাঠিয়ে দেবে। কিন্তু তিনি যদি সাড়া না দেন ? কিয়া রাজি না হন ?

9

স্থী যা আশহা করেছিল তাই হল। মিদেস শুপ্ত স্থাীর টেলিগ্রামের উত্তরে টেলিগ্রাম করলেন, "ওকে ওর স্থামীর কাছে পৌছিয়ে দাও।"

এই নির্দেশ প্রক্রে অক্ষরে পালন করা কঠিন নয়, কারণ বাদল
মাঝে মাকে ক্ষীর দক্ষে দেখা করতে আসে, তখন তার খ্রীকে তার
হাতে গছিয়ে দেওয়া সম্ভব। কিছু বাহলও ওকে সাথে নেকে না,
উজ্জিয়িনীও বাদলের সাথী হবে না। বদি হয় তবে ভিবারী ও ভিথারিশী
মিলে নদীর বাধে সংসার পাতবে। সে এক দৃষ্টা

অগত্যা স্থা আণ্ট এলেনরের শরণাশন্ন হল। তিনি শুনে বললেন, ত জান, এই সমন্ত্রী আমরা লগুনে থাকিনে, কারাভানে চড়ে বেরিয়ে পড়ি। জিনীকে আমার ভালো লাগে, দলে টানতে ইচ্চাওঁ করে, কিন্তু নাবালিকার যিনি অভিভাবক বা অভিভাবিকা তাঁর অসমতি চাই। তা ছাড়া জিনীর নিজের আগ্রহ আছে ত ?"

স্থী উজ্জানীকে জিজ্ঞাসা করায় সে বলল, "তুমি যদি যাও ত আমিও যাই। একা ওঁদের সঙ্গে বনিবনা হবে না।"

তথন স্থী ব্লিজার্ডদের বাড়ী গেল। বৃদ্ধ বললেন, "জিনী যদি আমাদের সঙ্গে থাকতে আদে ত আমরা বিশেষ আনন্দিত হই। কিছু জান ত? তোমার ষেখানে নিমন্ত্রণ আমাদেরও সেইখানে। জিনী কি গ্রামে ষেতে রাজি হবে ?"

্ জিনীকে জিজাসা করায় সে বলল, "তুমি যদি যাও ত আমিও যাই। নতুবা—"

স্থা ভেবে দেখল যে এ ছাড়া অন্ত কোনো কাৰ্য্যকর উপায় নেই। হোটেলের চেয়ে ব্লিজার্ডদের বাড়ী নিরাপদ। বাদলকে যদি অভিভাবক বলে ধরে নেওয়া যায় তবে সে অতি স্বচ্ছান্দে অমুমতি দেবে। এখন কীথা হচ্ছে, জিনী স্বয়ং সমত কি না?

"আমাকে কোথায় গিয়ে থাকতে বলছ, স্থীদা? ব্লিজার্ডদের বাড়ী? কিন্তু সে যে বহু দুর।" উজ্জয়িনী বলল।

"বহু দূর ? কোনখান থেকে বহু দূর ?"

"তোমার বাসা থেকে।"

"কিন্তু আমার সঙ্গে তোর এমন কী কাজ ।" হুধীর হারে বিশ্বয়। উজ্জানিনী কী বলতে হাচ্ছিল, তার ঠোঁট কাঁপল। তার পর সামলে নিয়ে বলল, "এই বিদেশে আমার আর কে আছে বে কার সঙ্গে ছুটো কথা কইব! বিজার্ডরা চমংকার লোক, আমি সত্যি ভালোবাসি ভাদের বাড়ী যেতে। কিন্তু দিনের পর দিন ভাদের ওথানে থাকলে কি আমি হাঁপিয়ে উঠব না, যদি না তোমার সঙ্গে দিনান্তে এক বারটি দেখা হয়, ভাই স্থাদা ?"

স্থী মনে মনে স্বীকার করল যে দিনাস্তে এক বার দেখা হওয়ার পক্ষে আর্লস কোট থেকে স্ট্রেথাম বহু দ্ব বটে। স্থীর অভ সময় নেই। সে সপ্তাহে এক বার দেখা করতে পারে, তার বেশী পারে না।

"কিন্তু হোটেল যে তোর মত বালিকার পক্ষে নিরাপদ নয়। তুই ভবানে থাকলে যে আমি নিশ্চিন্ত হতে পারিনে।"

এর উত্তর উজ্জানীর জিবের ডগার ছিল। "বেশ ত। হোটেলে থাকতে বলেছে কে? আমি কি বলেছি হৈ আমি ক্লেটেলে থাকব? আমি চাই তোমার বাসায় একথানা ঘর। তৃ'থানা হলে একথানায় তুই, একথানায় বসি ও লেথাপড়া করি।"

স্থী বলল, "আমার বাসায় ঘর নেই। থাকলেও ভোর অস্থ্রিধা হত। বুড়ীরা ভোকে জ্বালাতন করত সময়ে অসময়ে মাধামাথি করে।"

তা হলে," উজ্জ্বিনী বলল, "তুমিও কেন ব্লিজার্ডদের ওখানে চল না? আশা করি বুড়ীরা তোমাকে যাত্ব করেনি।"

"ব্রিজার্ডদের বাড়ী বে মিউজিয়াম থেকে অনেকটা দূরে। তা ছাড়া অমন অন্ধরোধ করলে ওঁদের ভত্রতার স্ক্রোগ নেওয়া হয়।"

তি "ভা হলে," উজ্জানিনী প্রভাব করল, "অন্ত কোনো বাসা দেখ বেখানে তোমার ও আমার ত্'জনের জারগা হবে, বেখানকার ল্যাণ্ডলেডীরা মাধামাধি করবে না।"

স্থীর নিংখাস পড়ল না। বলে কী এ মেয়ে । স্থী ও উজ্মিনী। অভিভাবকহীন ভাবে এক বাড়ীতে থাকলে কী মনে করবে সকলে ! স্থীকৈ নীরব দেখে উজ্জিমিনীই বলল, "চেষ্টা করিলে কৈষ্টা ছাড়া কি ভৃত্য মেলে না আর ? তোমার যদি সময় না থাকে আমার সময় আছে, আমি কাল থেকে বাসার থোঁজ করব।"

ं "ना।" ऋषी खबु वनन।

"না? কেন, জানতে পারি?"

"বালিকা হলেও তোর ষথেষ্ট বৃদ্ধি হয়েছে। তোর বোঝা উচিত দেশটা যদিও বিলেত তবু মাথার উপরে সমাজ রয়েছে, লোকনিন্দা আছে। তোর শশুর যথন শুনবেন তথন কী মনে কর্বেন ?"

"সত্যি আমি ব্ঝতে পারছিনে, ভাই," উজ্জয়িনী আশ্র্যান্তিত হল, "কেন কেউ নিন্দা করবে। আমার খণ্ডর কাকে বলছ তুমি, আর তাঁর মনে করা না করায় কী আদে যায়!"

"তৃই ষেভাবে মাহাব হয়েছিল তোর পক্ষে কোন কাজের কী পরিণাম তা উপলব্ধি করা শক্ত। কিন্তু আমি ত বৃঝি। আমার কর্ত্তব্য তোকে বোঝানো।" এই বলে স্থবী বিশদ করল, "সমাজের চোথে তৃই বিবাহিক্তা মেরে, আমি তোর নি:দম্পর্কীয় আলাপী। আমার যা কিছু অধিকার তা তোর স্বামীর অধিকারের অংশ। সেই অধিকার যদি তৃই অস্বীকার করিদ তবে আমার অধিকারও অন্তর্হিত হয়। তেমন অবস্থায় একত্র থাকা অন্ধিকারচর্চা। আর যদি তোর স্থামীর অধিকার তৃই স্বীকার করিদ তা হলে ভারে স্বভাবের অধিকারও স্বীকার করতে হয়। তিনি কিছুতেই আমাদের একত্র থাকা অনুমোদন করবেন না। বে দিক থেকেই দেখিদ না কেন তোর প্রস্তাবটা অপরিণামদর্শী।"

उक्कित्रिनी ठिस्ना करन।

"ড়া ছাড়া," স্থী বলল, "অপবাদও বিবেচনার বিষয়। এথানকার ভারতীয় সমাজটি কুদ্র নয়। আমাদের দেশবাসীরা হথন শুনবেন যে ুর্ত্থামরা এক বাসায় বাস করি তথন কি অত তলিয়ে দেখবেন ? যা মনে করা অফুচিত তাই মনে করবেন কি না, তুই নিজে বল।"

উজ্জ্বিনী জ্বলে উঠল। "কলন্ধ কি আমার নামে এই প্রথম রটবে, যদি রটে! কে না জানে আমার পূর্ব ইতিহাস! তবে, হাঁ, তোমার যদি কলন্ধ রটে তবে সেটা হবে অক্সায়, অশিষ্ট ও অসহনীয়। তোমার ভ্রু নামে কালিমা লাগলে আমি আত্মহত্যা করব, স্থগীল।"

স্থী মৃশ্ধ হল। তার পরে ধীরে ধীরে বলল, "তবে তুই কাল প্লিঞ্জার্ডদের ওধানে যাচ্ছিদ। কেমন ?"

"অত দূর আমি যাব না," উজ্জয়িনীর কঠে রোদনের আভাস। "দূরে যাব না বলে আমেরিকা গেলুম না, সুইটজারলওাঞ্জাচিছনে। সেটুথাম যাব!"

স্থী এমন সৃষ্টে পড়েনি। কী উপায়, ভেবে পাচ্ছিল না।

"আমি যাব না।" উজ্জ্মিনী তার শেষ কথা শুনিয়ে দিল। তখনকার মত ও প্রসন্ধ স্থাতি বইল।

এর পরে যখন বাদলের সঙ্গে দেখা হল সেই দেশলাইবিজেতাকে স্থাী বলল, "ওহে ম্যাচ সেলার, যার সঙ্গে তোমার ম্যাচ হয়েছে তিনি হঠাৎ লগুনে ফিরেছেন, তাঁর আমেরিকা যাওয়া হল না।"

"कात कथा वन्ह, स्थीमा ?"

"উজ্জন্তিনীর কথা। ওর জন্তে কী করা যায়, বলতে পারিস ?"
সমস্ত ভনে বাদল বলল, "তৃমিও যেমন! এক সঙ্গে বাসা করলে
দোষ কী ? বাস করলেই বা দোব কী ?"

স্বধী হতভম্ব হল স্বামীর উক্তি ভনে।

"নদীর বাঁকে," বাদল বর্ণনা করল, "কত রকম লোক কাছাকাছিল শোষ, খবর রাখ ? তাদের সবাই কিছু স্বামী স্ত্রী নয়।" স্থী বলল, "তারা যে সর্কহারা। তারা ত সামাজিক মাশ্র্য নয়

"সমাজ !" বাদল ফুৎকার করল। "সমাজ একটা বৃজ্জকি।"
"ও কথা শোভা পায় কেবল তোর মত অবধুতের মুখে।"

"তা হলে তোমার সৌধীন সমস্তা নিয়ে তুমি বিভার থাক। বুর্জোয়া ভাবৃকদের ও ছাড়া অগু কোনো ভাবনা নেই। ডুইং কম ট্যাক্রেডী, ডুইং রুম কমেডী—বুর্জোয়াদের ঐ পর্যন্ত দৌড়।"

স্থী বাদলের কাছে বক্তা শুনতে চায়নি। চেয়েছিল পরামর্পু । এবং প্রকারাস্তরে অন্নমতি। বাদলের সঙ্গে তার অন্তায় কথা ছিল। বলন, "থাক্ষ, বুর্জোয়াদের ভাবনা বুর্জোয়াদের ভাবতে দে।"

"আছে।, এক কাজ কর, স্থীদা। স্ল্যাট নাও আমার নামে। আর সেই স্থাটে তোমরা হ'জনে থাক।" বাদল বলল অকপটে।

8

স্থী বাদলের শান্তড়ীকে চিঠি লিখল যে বাদল বেছইনের মত ঘুরে বেড়ায়. তার রাতের ঠিকানা নদীর বাঁধ। উজ্জ্যিনীকে ওর জিন্মা দেওয়া যায় না। ওকে আপনি স্বয়ং এসে স্ইটজারলতে নিয়ে যান।

তাঁর উত্তর এল কার্লস্বাড থেকে। তিনি স্থইট্জারলও থেকে চেকোস্নোডাকিয়ায় চলে গেছেন। লিখেছেন, এখানে আমি চিকিৎসাধীন আছি। উৎস জলে সান করছি। আমি ত ওকে আনতে যেতে পারিনে। তুমি যদি ওকে এখানে রেখে যেতে পার আমি ক্লাইজ থাকব।

ভূজমিনীকে চিঠিখানা পড়তে দিয়ে স্থাী বলল, "চল, তোকে কাৰ্লসবাডে দিয়ে আসি।" ে সে বলল, "না। তাহবে না।" "কী হবে না?"

"তুমি যদি কথা দাও যে তুমিও কর্লস্বাডে থাকৰে তবেই আমি যাব। নয়ত যাব না।"

"বা:।" স্থাী বলল, "তুই চেয়েছিলি বিদেশে ছটো.কথা কইবার মান্ত্র । তোর মা কি সেই মান্ত্র নন ?"

"হাসালে। মা'র সঙ্কে আমার কী সম্বন্ধ তা কি তুমি জান না? জুলুের পর থেকেই তিনি আমাকে পর ভেবে এসেছেন। আমার বন্ধু ছিলেন আমার বাবা, আর শত্রু আমার মা।"

স্থী কিছু কিছু জ্ঞানত। তবে উজ্জয়িনীর ওটা অতিরঞ্জিত অভিযোগ।

"তবে আমি তাঁকে কী লিখব ? তোর কার্লস্বাভ না যাবার কারণটা তবে কী ?"

"লিখো, তোমার হাতে সময় নেই এখন। মাস তিন চার পরে যখন দেশে ফিরবে তখন আমাকে কার্লস্বাড নিয়ে যাবে এবং সেখান থেকে দেশে।" বলতে বলতে উচ্জয়িনী রঙীন হয়ে উঠল।

স্থী বিরক্ত হয়ে বলল, "আমার হাতে সময় আছে কিনা তুই কী করে জানলি ? তুই কি আমাকে দিয়ে মিথ্যা কথা লেখাবি ? ছি!"

"তবে তুমি যুধিটিরের মত সত্য কথাই লিথোু। আমি কেয়ার করিনে মা'কে। বিয়ের পরে মা'ব সকে মেরের কী সম্পর্ক।"

প্রত্যাবর্ত্তনের পর উজ্জয়িনীর চেহারা যা হয়েছে তা দেখন্থর মত। স্থী অবাক হয়ে ভাবে এই কি সেই লক্ষী মেয়েটি? এ মেয়ে, যেমন স্বাধীন, তেমনি সপ্রতিভ, তেমনি হরস্ত। তা সম্বেও আছে এর

কোনোখানে একটি অনির্দেশ্য মহিমা। উজ্জয়িনী নিজেকে স্থলভ করে না, সে ইন্দ্রাণী।

"এবার আমি পাহাড়ে উঠেছি, ব্রদে সাঁতার কেটেছি, বাচ খেলৈছি।" উজ্জায়িনী তার ভ্রমণকাহিনী বলে। "এবার আমি মাছ ধরেছি, ছবি এঁকেছি। স্কাই দ্বীপে প্রায় সন্তর জাতের বুনো ফুল তুলেছি। এবার আমি বাঁচতে শিখেছি, সুধীদা।"

রোজ সকালবেলা ঠিক সাড়ে আটটায় স্থীর ঘরের দরজায় টোকা পডে। স্থী জিজ্ঞাসা করে, "কে ?"

"আমি উজ্জানী।" এই বলে সে ঠেলে প্রবেশ করে, অমুমতিশ্ব অপেক্ষা বাথে না। এখনো তোমার ব্রেকফাস্ট থাওয়া হয়নি ? হায়, স্থানা!"

সে বসে বসে স্থীকে খাওয়ায়। বলে, "তুমি মধু ভালোবাস। না? সেইজন্মে ভোমার ব্যবহার অত মধুর। আর আমি কী ভালোবাসি, শুনবে? গ্রম গ্রম সমেজ। সেইজন্মে আমি এমন বেপরোয়া।"

স্থীর ল্যাগুলেডীদের ত সে পোকামাকড়ের মত হেনন্তা করে। বলে, "আমি ইংরাজী ভালো বৃঝিনে।" অকভঙ্গী করে ওদের ভাগায়।

মিউজিয়ামে যেই একটা বাজে উজ্জয়িনী এসে স্থীর ধ্যানভঙ্গ করে।
"আমার ক্ষিদে পেয়েছে, তোমার পায়নি ? এস, থেয়ে আসি!"

আগে আধ ঘণ্টায় স্থণীর লাঞ্চ দারা হস্ত। ইদানিং উজ্জিয়িনীর খাতিরে তার এক ঘণ্টা খরচ হয়। উজ্জিমিনী তাকে লোর করে খাওয়ায়। বলে, "যারা চায়ের দময় খায় না তাদের লাঞ্চ একট্ ভারী হওয়া উচিত। ভোমার ঐ হরলিকদের কর্ম নয়। পুডিং তোমায় খেতেই হবে। দাড়াও, তোমার জন্মে একটা নিরামিষ পুডিং নির্বাচন করি।"

' হোটেলেই উজ্জায়নীর স্থিতি হল। স্থা অন্ত কোনো উপায় থুঁজে পায়নি। তবে তার আশা আছে গ্রাম থেকে ফিরলে একটা উপায় . মিলবে।

মার্সেলকে দেখতে স্থা ববিবারে যায়। উচ্ছয়িনীও। মার্সেলের সঙ্গে তার বনে বেশ। আগেকার দিকে স্থা সাজত মার্সেলের ঘোড়া। সম্প্রতি উচ্ছয়িনী সে ভার স্কেন্ডায় নির্মেন্ড।

"তোমার স্থাজেংটি কিন্তু মিটমিটে শয়তান।" স্থাকৈ বলে। "কেন, বল ভ ?"

"তুমি টের পাও না, ও ভোমার দিকে চুরি করে তাকায়।" "তাতে কী ?"

"তাতে কী!" উজ্জিষিনী বিরক্ত হয়। "ও কেন তোমার দিকে চুরি করে অভবার তাকাবে! ওর কী অধিকার আছে পরপুরুষকে লুকিয়ে দেথবার! ওর কি নিজের 'বয়' নেই ?"

স্থী জানত স্থাভেতের একটি 'বয়' আছে। ওটা একটা প্রথা, সমাজের অস্থােদিত।

"থাক, তুই স্বজ্বেতের সঙ্গে রুত ব্যবহার করিসনে। ওর মনটি বড় কোমল। কেনে মুর্চ্চা থাবে।"

উজ্জ্বিনী:কাঁদো কাঁদো হুরে বলল, "তোমার বান্ধবীর সঙ্গে আমি রুচ ব্যবহার কবে করেছি, হুধীদা? মিটমিটে শ্বতান বলেছি, তাও ওর অসাক্ষাতে। ভূল করেছি, লজ্বতী লতা বললে ঠিক হত।"

"ঠিক তাই। স্থাজং বড় লাজুক মেষে। বড় মুখচোর। ।। "তুমি যেমন ভাবে বলছ," উজ্জমিনীর কণ্ঠস্ববে শ্লেম, "তীত্মি ওকে । ভালোবাস।" "ভালোবাদি বৈকি। দেইজন্মেই ত তোকে বলি, ওকে ভূল বুঝিসনে।"

• "ওমা, কত জনের সজে তোমার প্রেম, স্থীদা! আমি ড জানত্ম অশোকাই একমাত্র।"

স্থা গন্তীর হল। কিছু বলল না। উচ্জয়িনীও তার গান্তীধ্য লক্ষ করে নীরব হল।

একদিন ব্লিজার্ডদের ওখানে বেড়াতে যাবার প্রসন্থ উঠলে উজ্জিমিনী বলল, "দ্র! সেদিন যে ঘটা করে বিদায় নিয়ে আমেরিকা রওনা হলুম, স্মৃতি উপহার নিলুম। ফিরে এসেছি দেখে ওঁরা কি টিপে টিপে হাসবেন না? আমার মাথা কাটা যাবে যে।"

"তা বটে।"

"এখন বুঝলে ত, কেন ওঁদের বাড়ী থাকতে রাজি হইনি ?"

"বুঝেছি।" স্থা হাসল। "মেয়েদের মন দার্শনিকেরও ফুর্কোধা। কিন্তু গ্রামে যদি যাস উদের সঙ্গে দেখা হবেই, কেননা শান্তিবাদীদের বৈঠকে ওঁরাও উপস্থিত থাকবেন।"

"ওহ! শান্তিবাদীদের বৈঠক বুঝি! তাই বল।" উজ্জমিনী গালে হাত রেখে বুড়ীর মত বলল, "সত্যি কি শান্তি হবে জগতে ?"

"জগদীশ জানেন। খ্ব সম্ভব হবে না, তবু যাবা তাঁর ফদ্র রূপ অবলোকন করেছে তারা তাঁর শাস্ত রূপ ধ্যান করবে।"

"আমি ভাবছি তোমাদের বৈঠকে আমাকে মানাবে কী করে? আমি বে ধ্বংসবাদী।"

স্থীপ মনে পড়ল উজ্জায়নীর রিভলভার।

(তার কি এখনো ক বিখাস আছে? স্থী স্থাল।

কিন্তুয়া আমি কি একদিনও স্থী হয়েছি, না হতে পারি?

ষত ক্ষণ তোমার কাছে থাকি ততক্ষণ ভূলে থাকি, আবার যখন একা বোধ করি তথন ক্ষথে উঠি।"

"কিন্তু আমার ধারণা ছিল," স্থী সম্প্রেহে বলল, "ভোর ও রোগ সেরে গেছে।"

"আমারও ধারণা ছিল," উজ্জন্ধিনী স্থমিষ্ট শ্বরে বনল, "যাতে ও রোগ সেরেছিল তা সত্য। কিন্তু তুমিই বল, তা কি সত্য ?"

"বুঝতে পারছিনে," স্থী মাথা নাড়ল, "তোর মনে কী আছে ?"

"বলতে পারব না," উজ্জিয়িনী রক্ত করে মাথা নাড়ল, "আমার মনে কী আছে। তুমি ত মনশুর জান। তুমি বুঝে নিয়ো।"

স্থী ভাবতে বসল। উচ্জয়িনী উঠে বলল, "যাই, আমার লজ্জা করছে। আমি ত তোমার স্থকেতের মত লজ্জাশীলা নই, তবে কেন আমার পালাতে ইচ্ছা করছে ?"

স্থীর চোখের স্থম্থ থেকে হঠাৎ একটা পর্দা সরে প্রেল। তার স্মরণ হল উজ্জয়িনীর আমেরিকা যাত্রার প্রাক্কালে সে তার বিচিত্র স্থপ্রের বিবরণ বলেছিল।

এক বছর আগে অশোকার সঙ্গে প্রথম আলাপের রাত্তে স্থী স্থা দেখেছিল—গায়ে গেরুয়া আলখালা, হাতে একতারা, মাথার চুল কটা হয়ে জটার পরিণত হতে চলেছে, উজ্জানিনী কৌতৃহলী জনতার ধারা বেষ্টিত হয়ে আপন মনে গান করছে। তার মুখে হাসি, চোখে জল। জনতাকে তৃই হাতে ঠেলে স্থী এগিয়ে গেল। উজ্জানিনির সামনে দাড়িয়ে বলল, "উজ্জানিনী, তুমি আমাকে তোমার বৈরাগ্য লান কং।" উজ্জিরিনী স্থাীর দিকে একদৃষ্টে চেয়ে মোন থাকল। তারপরে বলল,
"স্থাীদা, তোমার সম্ভবপর পত্নীকে বঞ্চিত করবার অধিকার তোমার
নেই।" স্থাী বলল, "বৈরাগ্য বহনের যোগ্যতা একমাত্র আমারি আছে,
কারণ এই ত্যুলোক ভূলোকের অধিষ্ঠাত্রী প্রকৃতিদেবীর আমার মত
অমুরাগী আর নেই। উজ্জিয়িনী, তোমার বৈরাগ্য আমাকে দান কর।"
উজ্জিয়িনী জানতে চাইল, "বিনিময়ে তুমি আমাকে কী দেবে?" স্থাী
বলল, "আমি দেব তোমাকে কল্যাণী হবার দীক্ষা।" উজ্জিয়িনী স্থাকৈ
তার বৈরাগ্য দান করল। স্থাীর কণ্ঠে এল গান, হাতে এল একতারা,
গাত্রে এল বহির্কাস।

এই স্বপ্নের বিবরণ শুনে উজ্জ্বিনী যে কী ভেবেছিল কে জানে? বলেছিল, "আবার যদি আমাদের দেখা হয়, যদি বেঁচে থাকি, তবে যে যা ভাবে ভাবুক, আমি ভোমার সঙ্গে থাকব।"

সেদিন স্থী তাকে পাগল মনে করেছিল, কিন্তু সে স্থীকে ভানিয়ে দিয়েছিল, "পাগলী বলেই অমন কথা বলতে পারছি, অমন কাজ করতেও পারব। যাকে ভয় করি, ভক্তি করি, মনে মনে পূজা করি, সে যদি বিমুখ না হয় তবে আমি স্থী না হই, সার্থক হব।"

স্থী ব্বতে পারল উজ্জ্বিনীর আচরণের মূলে রয়েছে সেই স্থা।
স্থানিকে সে যে ভাবে নিয়েছে সে ভাবে নেওয়া ভূল। স্থারের
উজ্জ্বিনীর সজে স্থারের স্থা প্রেম বিনিময় করেনি, বৈরাশ্য বিনিময়
করেছে। অহুরাগ ও বৈরাগ্য এক বস্তু নয়। কিন্তু উজ্জ্বিনী সেইরূপ
কিছু অহুমান করেছে।

"শেন, তোর সঙ্গে কথা আছে।"

ं की कथा, ख्यीमा ?"

🍾 "তোর প্রত্যাবর্ত্তনের পর থেকে আমি কেমন্ যেন অক্ষছন্দ বোধ

করছিলুম, যেন কোথাৰু কী বেহুরা বাজছিল। কাল যথন তুই উঠে পালিয়ে গেলি আমার মনে থটকা বাধল। তখন আমি হঠাৎ আবিকার করলুম যে তুই আমার স্বপ্লের অর্থ ভূল বুঝে তোব নিজের জীবনে অনর্থ ডেকে এনেছিল।"

"কে ভুল বুঝেছে, স্থীদা? তুমি না আমি?" স্থী তার দৃগু ভঙ্গী দেখে ভয় পেয়ে বলল, "তুই—"

"ও স্বপ্লের ঐ একটি অর্থ। দ্বিতীয় অর্থ নেই। তবে তুমি যদি
'পিছু হটতে চাও আমার অমত নেই।"

"আমার স্বপ্ন। আমি যেমন ব্যাখ্যা করি তেমন ব্যাখ্যাই সঞ্চত।" "স্বপ্নেই তোমার অধিকার, ব্যাখ্যায় নয়।"

"বাং। আমার স্বপ্ন। আমি ব্ঝিনে, তুই ব্ঝিদ ?"

"তুমি স্বপ্ন দেখেছ বলে তার মানেও ব্রেছ, এ কী অদ্ভূত দাবী! না, স্বধীদা, তুমি আমাকে ভোলাতে পারবে না। আমি ঠিকই ব্রেছি।

স্বধী হাল ছেড়ে দিয়ে বলল, "তবে তুই কী বুঝেছিদ, বল।"

"বুঝেছি—থাক, আমার লজ্জা করে।"

"তবে আমি যা বলি শোন।"

"না, তাও ওনব না।"

স্থী উত্তান্ত হয়ে বলল, "বেশ, আমার মনে আর অস্বতি নেই। আমি আমার স্বপ্নের যে ব্যাখ্যা করি ভাই সভ্য।"

"মিথা।" উজ্জায়নী অমানবদনে বলল।

স্থাী আহারে মনোনিবেশ করল। উজ্জাননী স্থার রুট্তে মধ্ মাধাতে মাথাতে আড় চোথে তাকাতে থাকল। দুষ্টু হাসি হাসতে থাকলও। স্থার ধার্ণা শেষ হলে তার কানে কানে বলল, "এই स्थी वनन, "की ?"

''মুবে মাহ্নষ সভিত্ত কথা বলে না, স্বপ্নে বলৈ। স্বপ্নে যা বলেছ জাগ্ৰতে ভার ভিন্ন ব্যাখ্যা কোরে। না, করলো আমি মানব না। আমি বলব ভোমার সামাজিক মন খোঁচা দিচ্ছে, ভাই অমন ব্যাখ্যা।"

সুধী মিনতি করে বলল, "লক্ষ্মীটি, আমার কথা আগে শোন। তার পরে তোর যা খুশি মনে কর।"

"এবার তোমার গলায় ঠিক স্থরটি বাজছে, কিন্তু তোমায় বেশী বকতে দিতে ভরসা হয় না, তা হলে তোমার স্থরভদ হবে।" উজ্জিয়িনী সন্তাধীন অমুমতি দিল।

তখন স্থাী গুছিয়ে বলল যে স্বপ্নের স্থাী স্বপ্নের উচ্চ্ছয়িনীর সর্কে যে বিনিময় করেছিল তা বৈরাগ্য বিনিময়, যদি কেউ ভাবে সেটা অহ্বাগ বিনিময় তবে ভুল ভাবে।

উজ্জিমিনী তা শুনে হেসে চলে পড়ল। ভাগ্যে খরের দঁরজা ভেজানোছিল। কিন্তু কাঁচের জানালা ত ধোলা।

"তোমার স্বপ্নের বিবরণ আমার স্পষ্ট মনে আছে, স্বধীদা। স্বপ্নের স্বধী বলেছিল, আমাকে তোমার বৈরাগ্য দান কর। ঠিক কিনা ?"

"ঠিক।"

'স্বপ্রের উজ্জয়িনী জিজ্ঞাসা করেছিল, বিনিময়ে তুমি আমার কী দেবে ?"

"**含**本 !"

' "উজ্জবে স্বপ্নের স্থাী:বলেছিল, তোমাকে দেব অম্রাগের দীকা।"

भू "না, না, ক্লাণী হবার দীকা।"

উজ্জায়িনী স্থীর মূখে হাতচাপা দিয়ে বল্ল, "ওটুকু তোমার বানানো। স্বপ্নের উপর হন্তকেপ করা তোমার মন্ড স্থীজনের পক্ষে-অশোভন।"

"স্তিয়। কল্যাণী হবার দীকা।"

"মিখা। অমুরাগিণী হবার দীকা।"

''তোর স্থরণশক্তি নির্ভরযোগ্য নয়, তুই ত মাত্র একটিবার অনেছিস ?"

"আর তুমি ? তুমি ত মাত্র একটি বার স্বপ্ন দেখেছ।"

্ এ তর্কের মীমাংসা নেই। স্থণী ক্ষাস্তি দিল।

পুথে চলতে চলতে উজ্জায়িনী বলল, "আচ্ছা, তোমার অক মন ধারাপ করার কারণ ত দেখিনে। আমি ত বলছিনে যে তুমিও অছ্রাগের দীক্ষা নিয়েছ। তুমি বৈরাগী, আমি অহ্রাগিণী। এই আমাদের স্থপের চুক্তি।"

হুখী বলল, "তা নয়, তা নয়।"

"উত্তম। তা স্বপ্রের চুক্তি নয়। কিন্তু বান্তবের চুক্তি। আপত্তি আছে ?"

এর পরে স্থী অসহযোগ করল। কথা কইল না।

দিন হুই পরে আবার ওকথা উঠল। উজ্জমিনী বলল, "নিজের উপর ভোমার অধিকার খাটে, কিন্তু আমার উপর তোমার কিসের অধিকার?"

"কিছুমাত্ৰ না।"

"তা যদি হয়, তবে আমি যাকে খুশি ভালোবাসব। ভোমার তাতে কী ?"

"व्यक्तिश्तिराद वामाद किছू वनवाद तारे, किन्न नामाक्रिक चारून

হিসাবে নীতির দিক থেকে বিচার করবার আছে। তা ছাড়া বঁদ্ধু হিসাবে তোকে সাবধান করে দেওয়া আমার কর্ত্তব্য।"

"'বন্ধু হিদাবে!" উজ্জবিনী হাদল। "তুমি ত আমার বন্ধু নও। আর একজনের বন্ধু। তাঁর অধিকার আমি অস্বীকার করি, স্তরাং তোমার বন্ধুতাও।"

স্থী বেকায়দায় পড়ল, সহসা মুখের মত জবাব খুঁজে পেল না।

"আর সামাজিক মায়বের বিচারকার্য্যেরও স্থানকাল আছে। জগতের যত বিবাহিতা মেয়ে স্বামীব্যতীত অপরের অন্থরাসিণী হয়েছে তুমি কি তাদের সকলের বিচারক নাকি ?"

"কিন্তু তা বলে যা আমার প্রত্যক্ষগোচর তার দোষগুণ বিচার করব না?"

• উজ্জায়নী বলল, "করতে চাও, কর। আমি ত জানি যে আমি যা করছি তা পাপ নয়—সত্যিকার ভালোবাসা কখনো পাপ হতে পারে না। আমি প্রতিদানও চাইনে, প্রত্যাখ্যানও গায়ে মাখিনে। এই নেশা যত দিন থাকবে তত দিন আমি ছায়ার মত অন্থগতা হব, যেদিন ফুরাবে সেদিন—আত্মহত্যা।"

B

এক দিন উজ্জ্বিনীর সাক্ষাতে বাদলকে স্থাী বলেছিল, "ভোর সঙ্গে আমার বন্ধুতা ফেনন নিবিড় উজ্জ্বিনীর সঙ্গেও তেমনি। তোদের বিয়ে দেবার সময় আমার এই কল্পনা ছিল যে আমরা তিনটি বন্ধু একাত্ম ক্রুক্ত। আমরা হব এক বৃত্তে তিনটি ফুল, তিনে এক, একে তিন। জ্বামার সেই কল্পনা আজো সতেজ রয়েছে।" ি উজ্জিমিনী স্থাকৈ স্মরণ করাল সেদিনকার সেই উক্তি। বলল, "কই, সেদিন ত তুমি আমাকে বাদলের স্ত্রী হিসাবে দেখনি ? স্বতম্ব .
বন্ধু হিসাবেই দেখেছ। আমরা তিনজনে এক বৃস্তে তিনটি ফুল।
তিনে এক, একে তিন। কেমন, বলেছিলে কি না এ কথা ?"

"बरनहिन्य।"

"যথন বলেছিলে তথন অবশু এমন আভাস দাওনি যে বাদল যদি অক্স কাউকে বিয়ে করত সেও তোমার সঙ্গে একাত্ম হত। আমি যত দ্ব বুঝি, আমাকেই তুমি সেই সৌভাগ্য দিয়েছ, অহ্য কোনো মেয়ে তোমার বন্ধুপত্নী হলে তাকে তা দিতে না। কেমন, দিতে?"

"" "" I"

"তা হলে, নীতিবিদ্! তোমার মূথে কত রকম উল্টোপান্টা কথা ভানতে হবে! এক দিন বলবে, আমি তোমার দঙ্গে একাছা। আর এক দিন বলবে, আমি তোমার কেউ নই, আমার স্বামী তোমার বন্ধু বলেই আমার সঙ্গে তোমার যা কিছু সম্পর্ক। আবার বলছ কিনা আমার বন্ধু হিসাবে তোমার কর্ত্তব্য আমাকে সাবধান করে দেওয়া। কোনটা সত্য?"

স্থী উজ্জয়িনীর শারণশক্তির দাপটে নাজেহাল হয়ে বলল, "সব ক'টাই সভা। বাদল এবং তুই হ'জনেই আমার প্রিয়, তোদের মত প্রিয় আমার কেউ নেই, অশোকাও না, মার্সেলও না। তোদের ছু'জনের সক্তে আমি একাত্ম, তার সক্তেও, তোর সক্তেও। তুই তার লী বলেও বটে, স্থী না হলেও বটে। বেদিন তোর নাম প্রথম ভনি সেদিন নাম ভনেই চিনতে পারি ফে তুই আমাদের একজন।" বলতে বলতে স্থীর স্বর গভীর হল।

উब्बंशिनी निविष्टे श्रेष अनिहन। वनन, "তবে १"

"তবে কী ? কেন তুই ভূলে যাচ্ছিদ বে বাদলকে বাদ দিলৈ
আমাদের অয়ী ভেঙে যায়, আমরা ছিন্নবিচ্ছিন্ন হয়ে পড়ি ? বাদল না
থাকলৈ আমাদের বৃস্তে তুইও থাকিসনে, আমিও থাকিনে। তিনজনেই
বৃস্তচাত হয়ে ভূতলে দুটিয়ে পড়ি।"

উজ্জয়িনী ब्लून, "তা হলে স্বপ্নে কেন বাদল ছিল না ?"

"পরোক্ষে ছিল। ঐ যে আমি তোকে কল্যাণী হবার দীক্ষা দিলুম। তার মানে গৃহিণী হবার দীক্ষা। কার গৃহিণী ? বৈরাগীর নয় নিশ্চয়ই।। বাদলের।"

উজ্জিয়িনী হেসে উঠল। "ওদিকে বাদলও যে বৈরাগী হয়ে উঠল। এক বার দেখতে যেতে হচ্ছে নদীর বাঁধে। কিন্তু ঘরকল্লা করতে নয়। আমি ওর গৃহিণী হতে নারাজ।"

ইতিমধ্যে সে বাদল সম্বন্ধে "তিনি" ছেড়ে "সে" বলতে অভ্যন্ত হয়েছিল। "বাদলবাৰু" কিম্বা "মিন্টার সেন" ছেড়ে "বাদল" বলত।

এক দিন সন্ধ্যা বেলা তারা বাদলকে দেখতে নদীর বাঁধে যাবে স্থির হল।

"তা বলে তুমি মনে কোরো না যে ওর বিরুদ্ধে আমার বিশ্নাত্ত ক্ষোভ আছে। ওর যদি কোনো কমরেড থাকে তবে আমি একটুও তৃংখিত হব না, বরং প্রীত হব। এই কয়েক সপ্তাহে,আমি আত্মস্থ হয়েছি, স্বধীদা।"

"আত্মস্থ হওয়া ভালো", স্থধী মস্তব্য করল, "কিন্তু পরের পদস্থলন প্রার্থনা করা ভালো নয়। ওটা নীচতা।"

উজ্জিমিনী বেন মার খেয়ে চমক্রে উঠল। ফ্যাকাশে মুথ ছুই হাতে

স্কেকে বলল, "আমি অমন প্রার্থনা করিনি কোনো দিন। কেন করব প
যা হয়ে রয়েছে তাই যথেষ্ট নয় কি ?"

"কিছুই হয়নি। মিথ্যা থবর।" স্থ্যী প্রত্যয়ের সহিত বলল। "বাদলকে আমি চিনিনে ? সে খাঁটি সোনা।"

''আমি বিশ্বাস করিনে।" উজ্জন্মিনী উদাস কঠে বলল। "আমি বিশ্বাস করি।"

"তোমার কথা হয়ত সত্য। কিন্তু কী ্ল্লাসে, যায়-? আমি ত ওকে দোষ দিচ্ছি নে। আমার প্রয়োজন ডিভোস, সে জত্তে যেটুকু প্রমাণ করা আবশুক সেটুকুর বেশী জানতেও চাইনে।"

স্থা উষ্ণ হয়ে বলল, "কার প্রয়োজন ডিভোর্স তোর ? কেন ?" "প্রয়োজন হলেও হতে পারে এক দিন, এখন নয়।"

"ডিভোর্স প্রয়োজন হয় তাদের যারা পুনরায় বিবাহ করতে চায়। তোর কি তেমন ইচ্ছা আছে ?" ▶

"কেন থাকবে না, স্থাদা? আপাতত নেই। কিন্তু জীবন দীর্ঘ।" "যদি দিতীয় জনের সঙ্গে সামঞ্জন্ত না হয় তা হলে কি আবার ডিভোস ঘটবে?"

"কে জ্বানে! অত চুল চেরা তর্ক করে ফল কী! যা হবার তা হবে। আমি ত তোমার মত জীবনশিল্পী নই যে জীবনটাকে ছাঁচে ঢালাই করব!"

স্থী বলল, "ছাচে ঢালাই করা আমারও অভিপ্রায় নয়। কিন্তু আমার নিজের একটি ডিজাইন আছে। আমি চাই বাগানের মত সাজানো জীবন! যাকে বলে ডিফ্ট্—শ্রোতে গা ভাসানো—তা আমার নয়।"

"আমি কিন্তু তাই পছন্দ করি। জীবন একটা স্রোতই বটে। জার স্রোতে গা ভাসানোর মত আরামণ্ড নেই।" •

ऋषीत मः कात्र विद्धारी । किन्न छेब्ब्सिनी कि मेरक स्मरस !

ভাষাকে মাফ কর, ভাই স্থীদা। আমি জানি তোমার মনে লাগে, কিছু কী করব! আমি তোমার মানদী নারী নই। আমি মানবী। বাদুলকে একদা আমি প্রাণ দিয়ে ভালোবেদেছি, কার্পণ্য করিনি। দে ভালোবাদা আজ নেই, এ কি আমার অপরাধ! এখন যাকে ভালাবাদি তাকে কোনো দিন ভালোবাদতে চাইনি, কিছু ঘটনাচক্রে সেই আমার প্রিয়। এ কি আমার অপরাধ! আমার এইটুকু জীবনে আমি অনেক আঘাত পেয়েছি, যাতে নতুন আঘাত না পেতে হয় সেইজন্তে আমি প্রতিদানের প্রত্যাশাও ছেড়েছি। আছে কেবল একটি চ্র্কলতা—একট্থানি সক্ষ্মা। দেশে ফিরলে সঙ্গ পাব না জানি। সেইজন্তে এখনই যা পাই নিতে চাই। এ কি আমার অপরাধ!

বান্তবিক নেয়েটি অসামান্ত হৃংথিনী। বাপ নেই, মা না থাকার সামিল। স্বামী পরিত্যাগ করেছে। কে আছে তার, কার কাছে দাড়াবে! স্থী স্লিশ্ব কঠে বলল, "আমি তোর কীই বা করতে পারি! তোর জীবন যদি হয় স্রোত তবে আমি স্রোতের কুটো। আমাকে আঁকড়ে ধরে তুই নিজেও ডুববি, আমাকেও ডোবাবি। তোর কিছুমাত্র হৃপ্তি হবে না, অথচ আমার মুখ দেখানো দায় হবে।"

উজ্জারনী বলল, "যা বলেছ সব স্তিয়। আমিও ভাবি যে তোমার স্নাম নষ্ট হলে আমারি মনে কষ্ট হবে সব চেয়ে বেশী। আমরা যে একাছা।"

স্থী দীর্ঘ নিংশাস ফেলল। বাদল হলে বলত, বুর্জোয়া সমস্যা।

জুইং ক্নম ট্রাজেড্বী। মার্কসীয় দৃষ্টিতে ওর বাস্তবতা নেই। ফিউডাল

যুগের জের। কিন্তু স্থীর কাছে এটা স্ত্রিকার ট্রাজেড্রী। কোনো

যুগেই এর কোনো সমাধান নেই।

"আছল আর্থার ও আন্ট এলেনরকে দেখেছিস। ভাই বোন। একজনের বিয়ে হল না বলে অপর জন বিয়ে করেননি।"

"अति ।"

"আমরাও তাঁদেরি মত চির জীবন কাটাব। তবে এ্কসঙ্গে নয়।" "কিন্তু একসঙ্গে না থাকতে পেলে ওঁরা কি ওভাবে জীবন কাটাতে পারতেন।"

"আমাদের সাধনা আরো কঠিন, উজ্জ্বিনী।"

উজ্জবিনী চিস্তা করে বলল, "চির জীবনের বিলি ব্যবস্থা এখন থেকে না করাই ভালো। আপাতত যে ক'মাদ পারি একদক্ষে থাকব। তার পরে যা হ্বার তা হবে। দেশে ফিরে গিয়ে যদি দেখি যে আন্দোলন হচ্ছে তবে ঝাঁপিয়ে পড়ব। হয়ত জেল, হয়ত মৃত্যু। যদি বেঁচে থাকি, যদি জেল থেকে মৃক্তি পাই তখন হয়ত দেখব যে দেশের আবহাওয়া বদলে গেছে, তোমার দক্ষে আমার থাকা দৃষ্টিকটু বোধ হচ্ছে না।"

"পাগলী।" সুধী করুণ হাসল।

"পাগলরাই সমাজকে ঘা দিয়ে সিধে করে, কাজেই পাগল বলে অফুকম্পা কোরো না। একদিন তোমার সমাজ আমাকে মেনে নেবেই নেবে।"

9

উজ্জায়নীর প্রত্যাবর্ত্তনের খবর ঢাকা রইল না, তার পরিচিত পরিচিতাদের কানে তিঠল। বুলুর দল ইতিমধ্যে গ্রীন্মের বজে লওনের বাইবে ছিটকে পড়েছিল। ক্বর্থাভাবে দে সরকার ছিল লওনে মিয়মাণ ভাবে। খবরটা ওনে তার ধড়ে প্রাণ এল।

কিন্তু সে স্থাকৈ বেশ একটু ভয় করত। স্থার কাছে ধরা পড়ার সাহুস তার ছিল না। সে সন্ধান নিয়ে দেখল যে স্থা সারাদিন পাহারা দেয়, সন্ধ্যা বেলাও স্থা আসে উজ্জিয়িনীর হোটেলে। স্থাকে এড়িয়ে উজ্জিয়িনীর সন্ধে সাক্ষাৎ করতে হলে, হয় সকাল আট্টার আগে, নয় সন্ধ্যা সাড়ে আট্টার পরে, হোটেলে হাজির হতে হয়।

দে সরকার একদিন সন্ধ্যাবেলা উজ্জিমিনীর হোটেলের রান্তাম গা
ঢাকা দিল। যথন দেখল স্থা চলে যাচ্ছে তথন হোটেলে ঢুকে কার্ড
পাঠাল উজ্জিমিনীর উদ্দেশে।

"ওহ ! আপনি ! মিন্টার দে সরকার ! আফুন, আফুন ।" উজ্জ্বিনী হাসিমুখে অভ্যর্থনা করল। "আপনার কি বিশেষ আপত্তি আছে আমার সঙ্গে সাপার থেতে ?"

দে সরকারের বিশেষ আপত্তি কেন, আদৌ আপত্তি ছিল না। তবু লোক-দেখানো "থাক, আমি কেন," "আমার কি এত সৌভাগ্য" ইত্যাদি উক্তি উচ্চারিত হল তার মুখে।

"স্থাদা এইমাত্র গেলেন। যদি ছু'মিনিট আগে আসতেন জা'হা তার সদে দেখা হত। কত খুশি হতেন!" উজ্জ্যিনী বলল।

কে খুশি হতেন—সুধীদা, না দে সরকার ? বোধ হয় দুর্কি দে সরকার মুচকি হাসল।

"হা, খুশি হবার কথাই বটে। কিন্তু আমার দক্তর আন্দের সব সময় late। ঐ তু'মিনিটের জত্তে আমি কত বার গাড়ী ভুর করেছি।"

"তারপর ? আপুনি আটলান্টিকের ওপার থেকে ফিরলেন। আনলেন আমাদের জঁলে ?" দে সরকার জমিয়ে বসল।

উক্তমিনী তাকে ঝাবওয়ালাদের সৰ্কে পরিচয় করিয়ে দিল।

সরকার মিশুক লোক। কাকে কী বলতে হয় জানে। "আপনারা ত মালাবার হিলের ঝাবওয়ালা, সেই প্রসিদ্ধ ক্রোড়পতি—"

তাঁরা অবশ্ব প্রতিবাদ করলেন, কিন্ত আপ্যায়িত হলেনও। দে সরকার যথন তার হাতীর দাঁতের সিগারেট কেস খুলে ধরল তথন ঝার্মানার মনে পড়ল, "আপনারা কি সার এন. এন. সরকারের—"

"না, না, তাঁরা হলেন শুধু সরকার। আর আমরা দে সরকার। ফরাসীতে যাকে বলে, তা সারকার। চন্দননগরে ফরাসী গবর্নমেন্ট আছে, নিশ্চয় জানেন। আমরা সেই ফরাসী আমলের জমিদার।"

ঝাবওয়ালা দম্পতি দে সরকারকে ধরে নিয়ে তাঁদের ঘরে বসালেন, উজ্জীয়নীকেও। পাশীদের পানপ্রিয়তা স্থবিদিত। দে সরকার বহু কাল পরে একটু শেরী আস্থাদন করল। উজ্জিয়িনী কিন্তু পানীয় স্পর্শ করল না। পাছে স্থবী টের পায়। ইতিমধ্যে সে আমিষ বাদ দিতে আরম্ভ করেছিল স্থীর অম্সরণে।

"আমেরিকার ছোঁয়াচ লেগে আপনিও দেখছি বর্জনশীল হলেন।"
সরকার টিপ্পনী কাটল। "ওখানে কি সত্যি কেউ পান করে না ?"
অমুক্ষামি ত আমেরিকা যাইনি। স্কটলণ্ডে, স্কাই দ্বীপে ও লেক
নেবে।টে বেড়িয়ে ফিরল্ম।"

নী।" দে সরকার মাথা ত্লিয়ে বলল, "এখন ব্বেছি।
তথ্য সেই অর্থনাশের পরে আমেরিকা যাওয়া প্রশ্নের বাইরে।
তবে বিশ্বাস করবেন কি না জানিনে, আমারও ইচ্ছা ছিল
্বিকা যেতে। কিন্তু তথু যেতে আসতে যত খরচ লাগে সেই খরচে
শ্রোপ ঘুরে আসা যায়। আমি ইউরোপ না বেন্ধে কোথাও নড়ছিনে।
নে না, নরওয়ে স্ইডেন ডেনমার্ক পরিক্রমা করি।"

উজ্জয়িনীর কৃষ্ট্ও ছিল, রসদও ছিল। কিন্তু স্থীদা য়দি না যায়

তবে তারও যাওয়া হবে না। বলল, "অনেক ঘুরে প্রান্ত এখন প্রাণ। কিছুদিন বিশ্রাম করি আগে।"

.এর পরে দে সরকার অন্ত প্রসক্ষ তুলল। "আপনি কি রাজে কোণাও বেরোন না? থিয়েটারে? সিনেমায়?"

উজ্জায়নীর স্পৃহা ছিল, কিন্তু স্থণীদার সময় হয় না। অক্সের সঙ্গে দে যাবে না। বলল, "আমি ক্লান্ত, মিন্টার দে সরকার। শান্তির জন্তে কিছুদিন গ্রামে বাস করব ভাবছি। শহর আমার সহা ইচ্ছে না।"

দে সরকার ঠেকে শিথেছিল যে বেশী বলতে নেই, হাতে রেখে বলতে হয়। তার সম্বন্ধনা পুরাতন হবার পূর্বেই সে বিদায় নিল। বলল, "আর একদিন আসব। আজ উঠি।"

ঝাবওয়ালারা স্বতঃপ্রবৃত্ত হয়ে তাকে ডিনারের নিমন্ত্রণ করলেন।
কিন্তু সে সময় স্থাী থাকে। সম্মুখ সমরে দে সরকারের অনভিক্ষি।
সে বলল, "ডিনারের চেয়ে সাপার ভালো। ওসব ফর্মালিটি আমি
ভালোবাসিনে। সেই ছুপ্লে'র আমল থেকে আমাদের বাড়ী কেউ
ডিনার জ্যাকেট পরে না। দেশেও আমরা রাত দশটায় খাই।"

এই বলে সে ফরাসীতে গুভরাত্রি জানাল।

পরদিন উজ্জায়নী জিজ্ঞাসা করল স্থ্যীকে, "আচ্ছা, দে সরকার কি ফরাসী আমলের নাম ?"

"কিসে ওকথা উঠল ?" স্থুধী বিশ্বিত হল।

উজ্জায়নী গত রাত্তের ঘটনা বলন। তা শুনে স্থা কোনো উত্তর দিল না। দে সরকারের হাত থেকে উজ্জায়নীকে রক্ষা করা কর্ত্তব্য, কিন্তু এবার প্রটার অপবায়ুর্গা হতে পারে। নিন্দুকরা বলতে পারে যেই রক্ষক সেই ভক্ষক। দে সরকার সন্ধানী লোক, সেই হয়ত অমন অপবাদ রটাবে। স্থা নিঃশব্দে শুনল ও শুনে নিঃশব্দ থাকল যেদিন সাপারের নিমন্ত্রণ সেদিন কথায় কথায় উজ্জয়িনী বলল. "তমি যেয়ো না, একটু সবুর কর। আজ দে সরকার আসবেন।"

"দে সরকার!" স্থী জিজ্ঞাস্থ ভাবে তাকাল।

"ঝাবওয়ালাদের নিমন্ত্রণ আছে। তাঁরা তোমাকে ডাকেন না, কিন্তু দে সরকারকে ডাকতে ব্যগ্র। তা তোমাকে যখন ডাকেননি তুমি থেকো না, কিন্তু দে সরকারের সঙ্গে দেখা করতে চাও ত পাঁচ মিনিট দাঁড়াও।"

. স্থা অপেকা করল। দে সরকারের সঙ্গে তার কথা ছিল।

"হালো, হালো, এ যে সাক্ষাৎ চক্রবর্তী।" দে সরকার স্থাীর হাতে বাঁকোনি দিল।

"কেমন আছ ? ভালো ত ?" স্থী কুশল প্রশ্ন করল।

এদিক ওদিক ত্'চারটে কথার পর স্থা বলল, "আমার দেরি হয়ে .
গেছে, আমি আসি। তুমিও আমার সঙ্গে থানিক দ্র এস, কথা
আছে।"

দে সরকার বলির পাঁঠার মত কাঁপতে কাঁপতে চলল।

স্থী বলল, "ওকে কোথাও নিয়ে যেতে পারবে না, রাত জাগাবে না, পান করতে বলরে না। এই তিন সর্ত্তে তুমি ওর সঙ্গে যত খুশি মিশতে পার, দে সরকার। কিন্তু এর একটি সর্ত্ত লজ্মন করলে ওর কাছে ভূমি সম্পূর্ণ অপরিচিতের মত বাবহার পাবে, আমার কাছেও।"

দে সরকার উচ্ছ্ সিত স্বরে বলল, "আমাকে তুমি বাঁচালে, চক্রবর্তী। আমি শুধু চোথের চাতক। দেখব আর তুলে যাব। তুমি আমার পুরাকাহিনী শুনেছ, আমাকে বিশ্বাস করবে না, জানি। তবু বলি আমার কোনো হীন অভিসন্ধি নেই।"

স্থী তার হাতে চাপ দিয়ে বলল, "আমি বিশাস করব, যতদিন না তুমি বিশাসভদ কর।"

."বিশ্বাসভন্ধ!" দে সরকার উত্তেজিত স্বরে বলল, "অসম্ভব, ভাই চক্রবর্তী। আমি মিখ্যা বলতে পারি, চাল দিতে পারি, কিন্তু জীবনে কাঁরো কোনো অনিষ্ট করিনি। যা করেছি তা অপরের অভীষ্ট ছিল।"

স্থী বলল, "যাও, ওঁরা তোমার জন্মে প্রতীক্ষা করছেন। তুমি ওকে কী চোখে দেখেছ তা আমি জানি। কিছু ভাই, তোমার স্বভাবে যে অসংযম আছে তাও ত আমার অজ্ঞানা নয়। ভ্রসা করি তোমার অস্তরের স্বরাস্থরের বন্দে দেবতারই জয় হবে। আর যদি দানব জয়ী হয় তবে মনে রেখো—আমার হাতেই শেষ তাস।"

দে সরকার বলল, "শেষ পর্যান্ত তুমিই জিতবে। আমার আশা নেই।"

6

এর পরে একদিন দে সরকার উজ্জিয়িনীর হাতে একখণ্ড বাঁধানো পত্রিকা দিয়ে বলল, "বাংলা বই পড়তে চেয়েছিলেন, লণ্ডনে কার কাছে হাত পাতি? আমার কাছে ছিল আমারই প্রাচীন কীর্ত্তি, ছম্কুডিও বলতে পারি। কনীনিকা এর নাম।"

উজ্জিমিনী নাড়াচাড়া করে বলল, "বাঃ। আপনার লেখা দেখছি যে। আপনি যে বাংলায় লেখেন/তা ত জানতুম না।"

ু "লিখি না। লিখাড়ু'ম।" দে সরকার থিন্ন স্বরে বলল, "সেই যে আছে, 'Creatures, that once were men',' আমি তেমনি একদা ছিলুম নেয়ক, এখন অপদার্থ।" "না, না, অপদার্থ কেন হবেন ? আপনি যেমন তাস থেলেন ক'জন তেমন পারে ? আপনার মত নাচতে জানে ক'জন ? আচ্ছা, আমি পড়ে দেখব। ধলুবাদ।"

দে সরকার জীবনে এত বড় প্রশংসা পায়নি। তৃ'হাত মাথায় ঠেকিয়ে নমস্কার করল।

সে তার পত্রিকার কথা ভূলেই গেছল, উচ্জয়িনী কয়েক দিন পরে
মনে করিয়ে দিল। "আপনার লেখা আর আছে, মিস্টার দে সরকার ?
আপনার লেখার প্রত্যেকটি লাইন যেন আমারই মনের কথা। অথচ
যখন লিখেছিলেন তখন ত আমাকে চিনতেন না, তখন আমার মনের
কথাও অক্য রকম ছিল।"

দে সরকার অভিভৃত হয়ে শুনছিল। আরো অভিভৃত হল যথন শুনল, "আশুয়া আপনি কি যাত্কর!"

দে সরকার কিছুক্ষণ স্তব্ধ থেকে তার পর বলল, "আমার লেখনী ধারণ সার্থক। তথন কি জানতুম যে একদিন এই পুরস্কার আমার ভাগ্যে জুটবে! জানলে কি আমি আরো লিথতুম না! আপনার জন্তে আরো কোথায় পাব—কোথায় পাব!" বলতে বলতে তার নয়নে হতাশার ভাব ফুটে উঠল।

"সতিয়। আপনার এমন ক্ষমতা থাকতে কেন আপনি লেখা বন্ধু করে দিলেন? কেন তাস থেলে সমগ্র করেন ? আমি হলে দিনরাত লিখতুম, নিজেকে চাবুক মেরে লেখাতুম। কিন্তু আমার ত সে ক্ষমতা নেই। কোন ক্ষমতাই বা আছে। আমি হলম সভিাকার অপদার্থ।"

"ও কী বলছেন !" দে সরকার গদ গদ ভাবে বলল, "আপনি অপদার্থ! আপনি—আপনি—" কী বলতে কী বলে বসলা বাচাল,

শুনে উজ্জিয়িনীর কর্ণমূল রক্তিম হয়ে উঠল। দে সরকার আর্থি কুরল—

"ঢাকো ঢাকো মুখ টানিয়া বসন, আমি কবি হ্বরদাস
দেবী, আসিয়াছি ভিক্ষা মাগিতে, প্রাতে হইবে আশ।
অতি অসহন বহিদহন মর্ম মাঝারে করি যে বহন
কলম্ব রাছ প্রতি পলে পলে জীবন করিছে গ্রাস।
পবিত্র তুমি, নির্মাল তুমি, তুমি দেবী, তুমি সতী
কুৎসিত দীন অধম পামর পদ্ধিল আমি অতি।
তোমারে কহিব লজ্জাকাহিনী লজ্জা নাহিকো তায়
তোমার আভায় মলিন লজ্জা পলকে মিলায়ে যায়।…"

দে সরকারের আর্ত্তি বনমর্ম রের মত কখনো অক্টুট কখনো অক্টুচ হয়ে জুলাই মাসের সেই বিলম্বিত গোধূলি লয়ে উজ্জয়িনীর কর্ণে স্থাবর্ধণ করতে থাকল।

"আকাশ আমারে আকুলিয়া ধরে ফুল মোরে ঘিরি বসে
কেমনে না জানি জ্যোৎস্বাপ্রবাহ সর্বশরীরে পশে।
ভূবন হইতে বাহিরিয়া আসে ভূবনমোহিনী মায়া
ধৌবনভরা বাহুপাশে তার বেষ্টন করে কায়া।"

এইখানে দে সরকার একটু বিশ্রাম নিল। উজ্জায়নীর দিকে এত ক্ষণ তাকায়নি, চোথ মেলে দেখল তার চোথ ছল ছল করছে।

উজ্জিয়িনী আবেগপূর্ণ স্বরে অতি কষ্টে বলল, "শেষ ?"

দে সরকার ঘাড় নাড়ল। আর্ত্তি করে চলল বিহ্নলভাবে।.
তারও চেতনা ছিল না থে এটা হোটেল এবং -পার্যবর্তী ঝাবওয়ালা
দেপতি বাংলা বোঝেন হা।

যথন সমাপ্ত হল বাব ওয়ালা প্রথম নিতকতা ভঙ্গ করলেন।

"এখন ইংরাজীতে ওর তাৎপর্য্য ব্ঝিয়ে দিন আমাদের। ও কি আপনার লেখা ?"

দে সরকার আবেশের ঘোরে বলল, "টেগোরের।" বুঝিয়ে দিতে কিছুমাত্র উত্যোগ দেখাল না, চোখ বুজে বসে রইল। তার ভয় করহিল, পাছে উজ্জয়িনীর দৃষ্টি তিরস্কার করে।

সে রাত্রে উজ্জারিনী কিখা দে সরকার কারো ঘুম হল না। পর দিন দে সরকার হাজিরা দিল না।

"হুধীদা," উজ্জয়িনী জেদ ধরল, "চল, গ্রামে যাই। আমার মন লাগছে না এখানে।"

"ধারা নিমন্ত্রণ করেছেন তাঁরা প্রস্তুত না হলে যাই কী করে ? কন্ফারেন্সের দেরি আছে।"

"গ্রামে কি হোটেল কিম্বা বোডিং হাউস নেই বেখানে গিয়ে উঠতে পারি ? পরের অতিথি হবার অপেক্ষায় এই চুমৎকার দিনগুলি লণ্ডনের মত একটা ধোঁয়াটে শহরে অপচয় করতে থাকব আমরা ?"

স্থধী বিবেচনা করতে সময় নিল।

দে সরকার চিঠি লিথে জানতে চাইল, উজ্জ্মিনী রাগ করেছে কি না। সে কি আসতে পারে দেখা করতে ?

ি উজ্জ্যিনী লিখল, রাগ করা দূরে থাক বাংলা কবিতার মনোজ্ঞ আরিভি তনে দেমুগ্ধ হয়েছে। আরো আরুভির প্রত্যাশা রাখে।

এবার দে সরকার আর্ডি করল ইংরাক্সী থেকে। শেলীর কবিতা।
"O Wild West Wind, thou breath of Autumn's being
Thou from whose unseen presence..."
পরিচিত কবিতা। ঝাবওয়ালা সমস্তক্ষণ হাওঁ তুলে ও নামিয়ে,

ত্লিয়ে ও ছড়িয়ে মুকাভিনয় করলেন। পরিশেষে বলে উঠলেন, "কী স্থন্দর আপনার উচ্চারণ ও মাত্রাজ্ঞান।"

মিসেদ ঝাবওয়ালার অন্ধরোধদত্বে দে দরকার দে দিন আর আবৃত্তি করল না। তার বিদায় নেবার পর উজ্জয়িনীর শ্রবণে ধ্বনিত হতে থাকল—"

"O! lift me as a wave, a leaf, a cloud!

I fall upon the thorns of life! I bleed!

A heavy weight of hours has chain'd and bow'd

One too like thee—tameless, and swift, and proud":

উজ্জায়িনী স্থণীকে দিক করল, "চল, গ্রামে যাই। আর পারছিনে।" স্থণী বলল, "আমরা ওখানে কন্ফারেন্সের দিন কয়েক আগে যাবার অসুমতি পেয়েছি, এই বার ধীরে ধীরে রওনা হওয়া যাবে।"

"তবে আর দেরি কেন ? চল—"

"বাদলের সঙ্গে আমার হিসাবনিকাশ চলছে যে। পারি ত তাকেও সঙ্গে নেব।"

"এত লোককে সঙ্গে নিচ্ছ," উজ্জয়িনী ঢোক গিলে বলল, "শেষ কালে স্থানাভাব হবে না ত ?"

"এত লোক কোথায়! বাদল যদি রাজি হয় ত বাদল। আর সহায়েরও বিশেষ অভিলাষ—"

"আবার সহায়! আপনি জায়গা পায় না, শহরাকে ভাকে।" অতঃপর দে সরকার আঁর্ডি করল হুইটম্যান থ্রেকে—

- "As I lay with my head in your lap, Camerado,
The confession that I made I resume . . . "

দেদিন ঝাবওয়ালারা ছিলেন না, দে সরকার গলা ছাড়ল—

"I know my words are weapons, full of danger, full of death; For I confront peace, security, and all the settled laws, to unsettle them;"

ক্রমে তার স্বর ডানা মেলল, উড়ে চলল—

"And the threat of what is called hell is little or nothing to me; And the lure of what is called heaven is little or nothing to me; Dear Camerado! I confess I have urged you onward with me, and still urge you, without the least idea what is our destination, or whether we shall be victorious, or utterly quelled and defeated."

উজ্জিমিনী তন্ময় হয়ে শুনছিল। বলল, "এইটুকু কবিতা ?"

"কবিতাটি ছোট, কিন্তু ওর অফ্রণন দীর্ঘস্থায়ী।" বলল দে সরকার।

ফু'জনে নিম্পান্দভাবে বসে রইল। উজ্জিমিনী স্থধাল, "Camerado
মানৈ ত কমরেড ?"

"হাঁ, কিন্তু তার ব্যঞ্জনা আরো নিবিড়।"

উজ্জায়নী বল্ল, "পরের কবিতা কত আবৃত্তি করবেন! নিজের কবিতা শোনান।"

দে সরকার বলল, "নতুন কবিতা ত আর লিুখিনি সেই থেকে " ত "তবে লিখুন।" "এত কালের অনভ্যাস। লিখতে ভরসা হয় না। যদি একটু নিরালা পাই ত কবিতা নয়, উপক্রাস লিখব।"

"উপন্থাস ?" উজ্জ্বিনী উৎস্ক হয়ে বলল, "তা হলে ত আরো চমংকার হয়। নিরালা যদি কোথাও না পান আমাদের সঙ্গে চলুন গ্রামে। সেথানে আপনাকে একটা ঘরে পূরে বাইরে থেকে তালা বন্ধ করব আর নিজের কাছে চাবী রাথব। কেমন, তা হলে লিখবেন ?"

"আপনারা যদি দয়া করে সঙ্গে নেন," দে সরকার সহর্ষে বলল, "আমাকে একটা গাছে উঠিয়ে দিয়ে মই কেড়ে নেবেন কিম্বা নৌকায় বসিয়ে দিয়ে হাল সরিয়ে দেবেন। তা হলে আমি নিরুপায় হয়ে লিথব। কিন্তু আমার উপল্লাস ত একদিনে বা এক সপ্তাহে সারা হবে না, ও য়ে বিরাট। তিন চার থণ্ডের কম নয়।"

"ওমা! তাই নাকি!" উজ্জ্যিনী তটস্থ হল। "আমরা যে অক্টোবরে দেশে ফিরছি। তার আগে আপনার বই শেষ না হলে আমরা কি আপনাকে বন্দী করে দেশে নিয়ে যাব ? আর সেধানে পৌছবামাত্র যদি আমরাও বন্দী হই—"

"आপনারা বন্দী।" দে সরকার বাধা দিল।

"জানেন না ?" উজ্জি যিনী খুলে বলল, "আইন অমান্ত করে আমরা জেলে সেতে পারি। আমি ত নিশ্চয়ই । স্থাদা এখনো মন:ছির করতে পারছে না, জেলে যাবে না গঠনের কান্ধ করবে।"

দে সরকার এত জানত না। বলল, "আমি ইউরোপ ছাড়তে ইচ্ছুক নই। এখানকার জীবন হচ্ছে বেগবতী বস্তা, শোর ওখানকার জীবন প্রবাহহীন পদল। দ্বেশ যদি আপনারা একটা আনতে পারেন, প্রাবন স্থান্তে পারেন তবেই আমি আসব।" চোখ বৃদ্ধে বলল, "কিন্তু আমি যদি পাবি ত আপনাকে দেশে ফিরতেই দেব না।"

উজ্জ্যিনী স্থণীকে তাগাদা দিল। "কবে ধাব, স্থণীদা? কোন জন্মে? এমনি করে কি সোনার নিদাঘ ঋতু কাটায়! দেখছ না, তোমার মিউজিয়াম অর্দ্ধেক থালি হয়ে গেছে! কেউ গ্রামে, কেট সমুদ্র সৈকতে, কেউ পাহাড়ে, কেউ জাহাজে, কেউ কণ্টিনেন্টে বেড়াতে বেরিয়েছে।"

স্থা বলল, "আর দেরি নেই, ভাই। দিন চার পাঁচ কোনো মতে ধৈষ্য ধর।"

"আচ্ছা গো আচ্ছা। পড়েছি মোগলের হাতে, থানা থেতে হবে সাথে। তুমি যদি চার পাঁচ দিন না বলে চার পাঁচ মাস বলতে তা হলেও আমি ধৈর্য ধরতুম। কিন্তু তোমার মত শান্তিবাদীকে শান্তি দিতুম না। বুঝলে ?"

স্থী অক্সমনস্কভাবে হাসল। শাস্তিবাদীদের জ্বন্তে সে তার বক্তব্য তৈরি করছিল।

"কিন্তু সুধীদা, শহরাকে ডাকছ যথন তথন আর একজনকেও ডাক।" "কাকে ?"

"মিকার হে সরকারকে। উনি উপতাস লিথবেন, শহরে নিরিবিলি পাচ্ছেন না, গ্রামে হয়ত পাবেন।"

"কে ? দে সর্কার ?" অধী হো হো করে হাসল।
"হাসছ কেন ? 'বল না ?"

"দে সরকার যদি প্রামে যায় তবে মরিস নাচু নাচবে। ও কি এক দণ্ড চুপ করে বনে বই লেখবার পাত্র ? তুই ওকে চিনিসনি।" __ "না, না, ওঁর অনেক পরিবর্ত্তন হয়েছে। সাহিত্যে ওঁর মজিগতি ফিঁজাছে। কী মনোরম আর্ত্তি করেন যদি শুনতে!"

"ওকে চিনতে সময় লাগবে। ওর যেমন গুণের সীমা নেই তেমনি দোবেরও স্বর্তা নেই। যারা চক্রমা দেখে তারা প্রথম কয়েক তিথিতে কলম দেখতে পায় না, ক্রমে ক্রমে পায়।"

এ কথা ভনে উজ্জ্বিনী কট হল। বলল, "কলন্ধ কি আমারও নেই ? তোমার মত নিম্বলন্ধ ক'জন ? আমি ত মনে করি কলন্ধ একটা qualification."

স্থী টিপে টিপে হাসছিল, তা লক্ষ করে উজ্জয়িনী গায়ে পেতে নিল। তীক্ষ স্বরে বলল, "কে কাকে ঠিক চিনতে পারে জগতে! আমার ত ধারণা মেয়েরা মেয়েদের, পুরুষরা পুরুষদের চিনতে অপরাগ। প্রতিষ্বন্ধিতার প্রচ্ছন সংস্কার তাদের অন্ধ করে দেয়।"

এর ভিতরে স্থার প্রতি একটু শ্লেষ ছিল। স্থা পুরুষ বলে তারও প্রতিদ্বন্ধিতার সংস্কার থাকতে পারে। স্থা আর উচ্চ বাচ্য করল না।

দে সরকারকে উজ্জয়িনী দিতীয়বার বলতেই সে উদ্বাহু হয়ে ব্যগ্রতা প্রকাশ করল।

"লোটা কম্বল যা আছে গরিবের তাই নিম্নে বনবাসী হব।" দে সরকার বলল। "আপনার কাছে লুকিয়ে কী হবে, এই যে পোলাকটি দিনের পর দিন দেখছেন এটিই আমার বাঘছাল। টাকা থাকলে কি আমেরিকা যেতুম না? নিদেন পক্ষে স্কটলও ? ,ধনের খরেও শনি। সেদিন যদি নরওয়ে স্ইভেনের প্রভাবে আপনি সায় দিতেন আমাকে হয়ত চুরি ভাকাতি করতে হত। যাক, এ ত তবু আম। কম থরচে চলবে। কিন্তু, আপনাকে সাবধান করে দিই, আমার চালচলন দ্র

থেকে যেমন, নিকট থেকে তেমন নয়। কাছাকাছি থাকলে ধরা যথন পুডুবই তথন আগে থেকে জানিয়ে রাথা নিরাপদ।"

উজ্জিমিনী ফরাসী আমলের জমিদারবংশীয়ের স্বীকারোজি শুনে কৌতুক বোধ করল। বলল, "আপনি সেধানে গিয়ে ছুরি কাঁটা চুরি করবেন না, বড় লোকের পকেট মারবেন না, মুচলেকা লিখে দিতে রাজি আছেন ? তা হলে আমি আপনার জামিন দাঁড়াতে রাজি আছি।"

দে সরকার কম্পিত কণ্ঠে বলল, "আপনি যদি জামিন দাঁড়ান তবে আমি সারা জীবন নিম্পাপ থাকব এমন মৃচলেকাও লিখে দিতে পারি। তবে আমি যে একজন পুরানো দাগী এ কথা আপনার জানা দরকার। বলব আপনাকে একে একে সবই। তার পরে একদিন সরে পড়ব, যদি দেখি আমি আপনার বিশাসের অভাজন।"

वर्षा कि रामिन महत्र भएन।

গ্রামে বেতে উজ্জ্বিনীর যতটা আগ্রহ স্থার তার চেয়ে বছগুণ বেশী। কিন্তু স্থা দেরি করছিল প্রকৃতপক্ষে বাদলের জন্মে। বাদলকে একা কেলে সে কী করে লগুন ছাড়ত ? বাদলও যাতে তার সন্ধী হয় সেজ্জ্যে তার চেষ্টার বিরাম ছিল না। বাদল সক্ষে থাকলে উজ্জ্বিনীর দক্ষণ স্থাকৈ কেউ নিশা করত না।

কিন্ত এত তদিরেও ভবী ভুলল না। বাদল স্পষ্ট বলে দিল, "তোমাদের বুর্জোয়া শান্তিবাদে আমার আস্থা নেই। আমিও যুদ্ধের বিরোধী, কিন্তু আমার বিরোধিতা তোমাদের মত সন্ধীর্ণ নয়, ব্যাপক। আমি চাই শোষণের অবসান, তা যদি হয় তবে শান্তি আপনি আসবে। শোষণের গায়ে আঁচড়টি লাগবে না, আকাশ থেকে টুপ করে শান্তি নামবে, এই 'ধরি মাছ'না ছুই পানি' বাদের নীতি আমি তাঁদের সঙ্গে যোগ দিতে পার্রিনে। কিন্তু তোমরা নিশ্চিন্ত থেকো, আমি শান্তির

বিরোধিতা করব না, যদি কেউ শাস্তির ব্যাঘাত করে তারই বিরোধিতা করব 1"

এই উক্তির পিছনে যে মানসিক বিশৃষ্থলা রয়েছে স্থাী ইচ্ছা করলে
তাঁ চোথে আঙুল দিয়ে দেখিয়ে দিতে পারত, কিন্তু তার ত বাদলকে
ত্রজাবার উদ্দেশ্য ছিল না, তার উদ্দেশ্য ছিল বাদলকে সাথী করবার।
সে উদ্দেশ্য ব্যর্থ হওয়ায় স্থাী আর বিলম্ব করল না, গ্রামে যাবার দিন
ফেলল।

এত কাল ঝুলে থাকার পর এই স্থবরটা শুনে উজ্জয়িনী এত খুশি হল যে সেদিন স্থীকে আটকে রাখল। দে সরকার আসতেই ত্র'জনের তুই হাত ধরে বলল, "তোমাদের ত্র'জনের মধ্যে কিছু একটা হয়েছে। না ?"

স্থা ও দে সরকার উভয়েই নীরব। উজ্জানী বলল, "আজ থেকে তোমাদের মিতালি। চল তোমরা ত্ব'জনেই আমার সহচর হয়ে— একজন আমার দেবতা, একজন আমার ভক্ত।"

দেবতা ও ভক্ত উভয়েই অশ্বন্তি বোধ করছিলেন। উল্লেমিনীর তাতে জ্রক্ষেপ ছিল না। সে তাদের ছ'জনকে ছটি পুতৃলের মত পাশাপাশি বসিয়ে শ্বয়ং তাদের সন্মুথে বসল শিশু উল্লেমিনীর মত। তাদের তর্জনী দিয়ে শাসন করে বলল, "লক্ষী ছেলের মত থেলা করবে। কেউ কারো দোষ ধরবে না। ঝগড়া বাধলে আমাকে জানাবে। কেমন ? মনে থাকবে ?"

50

্ অশোকার বাগ্দানের সময় থেকে স্থী কেমন একটা অবসাদ বোধ করছিল। প্রকৃতির কোলে আত্মসমর্পণ ছাড়া অন্য ধকানো আরোগ্য নৈই, প্রকৃতি তার রসায়ন দিয়ে দেহমন নবীন করতে জানে। সেইজন্মে স্থী স্থির করেছিল যে গ্রামে গিয়ে পাঁচ ছয় সপ্তাহ থাকবে। তার শাস্তিবাদী বন্ধুরাও গ্রামে যাচ্ছেন, তাঁরা হয়ত অতদিন থাকবেন না। শাস্তিবাদের যা হবার হোক, শাস্তি পেলেই স্থী সম্ভট।

মাঝখান থেকে উজ্জয়িনীর স্মাকস্মিক আক্রমণ। সেও চায় যেতে।
তাকে নিলে স্থার ত্র্ণাম ত রটবেই, কিন্ধ তার নিজের কলঙ্কের সীমা
রইবে না। একবার সে বাড়ী থেকে পালিয়েছিল, বৃন্দাবনে ধরা পড়ল।
স্মারো এক পোঁচ কালি মেখে দেশে ফিরলে দেশের লোক ছি ছি
করবে।

কাজেই স্থা ভারী মৃশকিলে পড়েছিল। তার ভরসা ছিল বাদল শেষ পর্যান্ত গ্রামে যেতে রাজি হবে, কিন্তু বাদল ত নারাজ হলই, কোনখান থেকে দে সরকার এসে জুটল। যদি পেছিয়ে যাবার পথ থাকত স্থা গ্রামে যাওয়া বন্ধ করত। কিন্তু ইতিমধ্যে বিজ্ঞাপিত হয়েছে ভারতের পক্ষে ভাষণের ভার স্থার উপর।

বেদিন প্রামে যাবার কথা তার আগের দিন তিনজনেই গেল বাদলের সঙ্গে সাক্ষাৎ করতে। বাদল বলল, "কাজ কি ভাই আমাকে টেনে? আমি কথা কইতে অপারগ, কেননা একদিন আমাকে কথা কইতে হবে। আমি কথা শুনতে অনিজুক, কেননা এতদিন আমি ও ছাড়া আর কী করেছি? কোথাও যেতে আমার কচি নেই, কেননা যেথানেই যাই সেখানেই দেখি তুঃধ। আমাকে একা থাকতে দাও তোমরা।"

বাদল তাদের ঠিকানা লিখে নিল। দ্রকার হলে থবর দেবে। ভার সম্বন্ধে নিশ্চিন্ত হ্বার পক্ষে তাই যথেষ্ট নয়, কিন্তু উপায় নেই।

তারা তিন জনে নদীর বাঁধ থেকে ফিরে হোটলে পা দিচ্ছে এমন সময় পোর্টার রলল, "টেলিগ্রাম, য্যাডাম।" তারধানা তাড়াতাড়ি থুলে একবার চোখ বুলিয়ে নিয়ে উজ্জায়নী ওখানা স্থীর হাতে দিল। হথী পড়ল—

"Come with Sudhi or Kumar.

Mother."

উজ্জায়নী উত্লা হয়ে জিজ্ঞাসা করল, "মানে কী, স্থীদা? তুমি কি মনে কর মা'র কোনো অস্থ্য—"

স্থী নীরব থাকল। অস্থ করলে সে কথা উল্লেখ করতে আর ঝেই হোক মিসেস গুপ্ত ইতপ্ততঃ করতেন না। অস্থ নয়, অস্ত কোনো ব্যাপার।

দে সরকার তারথানা চেয়ে নিয়ে পড়তে না পড়তেই চমকে উঠল। পাংশু মুথে বলল, "হোয়াট! এ যে বিনা মেঘে বক্সপাত। চক্রবর্ত্তী, তুমি কী বল ?"

তা ভনে উজ্জামনী ভয় পেয়ে গেলা বলল, "ও স্থীদা!"

স্থী তাকে সাস্থনা দিয়ে বলল, "না, অস্থ নয়। তবে তোমরা ত পোঁটলা বেঁধে প্রস্তুত হয়ে রয়েছ। কেবল গস্তুব্যের পরিবর্ত্তন হল।"

উজ্জয়িনী শক্ পেয়ে স্থাল, "সে কী! তৃমি যাবে না, স্থীদা?"

"আমি গেলে দিন ত্'তিনের বেশী থাকতে পারব না, আমার যে ভারতের পক্ষে ভাষণের নিমন্ত্রণ।"

"আমিও কি দিন হু'চারের বেশী থাকব ভাবছ? ধেখানে তুমি সেথানে আমি।"

স্থী মিশ্বস্থারে বলন, "না, লক্ষী। তোর মা কিম্বা শশুর কিম্বা স্থামী যেখানে ভুই সেধানে।"

উজ্জায়নী তর্ক করতে যাচ্ছিল, "কিন্তু বিয়ের পরে মায়ের সক্ষে মেয়ের এমন কী—" ু স্থা বাধা দিয়ে বলল, "তোর মা তোকে ডেকেছেন, হয়ত বিশেষ বিপন্ন হয়েই ডেকেছেন, তুই যা। তোর সঙ্গে যাক দে সরকার।"

উচ্ছয়িনীর চোথ দিয়ে জল উথলে পড়ল। সে হুই হাতে মুখ ঢেকে উঠে গোল, কিন্তু স্থাকৈ ও দে সরকারকে ইসারা করে গোল বলে থাকতে। কিছুক্ষণ পরে চোথ মুখ ধুয়ে যথন নামল তথন তাকে দেখে. মনে হচ্ছিল যেন একটি ভৈরবী।

हे जिमस्या दिन महकात वनिक्र स्थीरक, "এ की महामङ्गे।"

"কেন হে! তুমি ত কার্লসবাডের পথ চেন, তোমার পাসপোর্টও রয়েছে। তোমার পক্ষেত মহা সহজ।"

"না, না, তা নয়।" দে সরকার হিমসিম থেয়ে বলল, "তুমি থাকতে আমি কোন স্ববাদে—কোন অধিকারে—ওঁকে নিয়ে যাব ?"

"আমার যে উপায় নেই। তুমি আছ কী করতে যদি তোমার বন্ধুপত্নীকে তার জননীর অহুরোধে এক স্থান থেকে আর এক স্থানে নিয়ে যেতে না পারলে ?"

"আমাকে," দে সরকার স্থীর কাছে সরে এসে বলল, "ভূল বুঝো না, ভাই চক্রবর্ত্তী।"

"না, তোমাকে ভূল ব্ঝব না, ভাই দে সরকার। তুমি ত নিজের ইচ্ছায় যাচ্ছ না। যাচ্ছ টেলিগ্রামের নির্দেশে।"

"স্থীদা!" দে সরকার সেণ্টিমেণ্টাল স্থরে ডাকল।

"কুমার !"

"তুমিই ত সেদিন বলেছিলে ওঁকে কোথাও না নিয়ে যেতে।"

"কিছ একেত্রে যে উপরওয়ালার আদেশ।"

"তবু সন্দেহ ত তুমি করবে।"

"হা, সন্দেহ আমি করব। এবং বিশ্বাসও করব যে তুমি এই অপূর্বন

প্রবোভন জয় করবে। এই তোমার জীবনে উজ্জায়িনী সম্পর্কে প্রথম দা্যির। তোমার নিজের হাত থেকে এবার তুমি তাকে রক্ষা করতে সম্মানবদ্ধ।

ै দে সরকার ক্ষিপ্রভাবে বলল, "তবে তুমি আমার হাতে ওঁকে - দিলে ?"

স্থী উদাসকঠে বলল, "আমি দেবার কে! বিধাতা দিলেন। আমি বেভাবে জড়িয়ে পড়েছিলুম তাতে আমার কাজের ক্ষতি হচ্ছিল। তিনি আমার বাধন খুলে দিচ্ছেন। অশোকা গেছে, উজ্জয়িনী যাচ্ছে, এর পর মার্সেল।"

এমন সময় উজ্জয়িনী এসে স্থীর পাশে বসল। বলল, "আমি জানি তৃমি তোমার কর্ত্তরা ফেলে আমাব সঙ্গে যাবে না। তবু আমি ভাবতে পারছিনে যে যার জ্ঞে আমার আমেরিকা যাওয়া হল না তাকে রেখে আমার কার্লগবাড যাওয়া হবে। মিস্টার দে সরকার, আপনি আমার নাম করে একখানা তার করে দিন মা'কে। জিজ্ঞাসা করুন কী হয়েছে। অস্থ না জ্ঞা কিছু।"

দে সরকার বলল, "আ-আ-আমিও তাই ভাবছিল্ম।" তার মুধধানা শুকিয়ে কাঠ হয়ে গেল।

তা লক্ষ করে স্থী বলল, "তার করে সময় নট করা উচিত নয়। মা যথন যেতে বলেছেন তথন নিশ্চয় কিছু ঘটেছে।"

"আ-আ-আমিও তাই ভাবছিলুম।" বলল দে সরকার।

উৰ্জ্ঞায়নী বিরক্ত হয়ে নিজেই একখানা টেলিগ্রামের ফর্ম জোগাড় করে লিখতে বসল। কাটাকুটির পর এই রকম দাড়াল—

"Sudhi attending Peace Conference. I attending. Kumar attending. How are you?" ু স্থী হেসে বলল, "পীস কনফারেন্দ নয়, প্যাসিফিন্ট কনফারেন্দ। কিন্তু লক্ষ্মী, তোকে যেতেই হবে কার্লসবাড। আমার কেমন ধেন মুন্দে হচ্ছে লগুন থেকে কেউ বা কারা তোর মায়ের কাছে কিছু লিখেছেন।"

"অসহ। অসহ।" উজ্জাৱনী থস্ডাথানা কুটি কুটি করে ছিঁড়ল। "আমি কার কী করেছি যে কেউ অমন যা তা লিখে জালাবে। রিভলভার দিয়ে শুট করতুম যদি জানতুম কে বা কারা—" এই পর্যান্ত বলে সে কেঁদে ফেলল।

ওদিকে দে সরকার একটু একটু কাঁপছিল। তার কাঁপুনির বিশেষ কোনো কারণ না থাকায় স্থাীর মনে সন্দেহ হল, হয়ত সেই কিছু লিখেছে। কিছু স্থাী অপরাধ নিল না। ঠিকই হয়েছে বে উজ্জায়নী ভার মায়ের কাছে যাছে। সেইখানেই তার যথার্থ স্থান। স্থাীর সক্ষে গ্রামে নয়।

"সমাজে বাস করলে," স্থী সান্ধনাচ্ছলে বলল, "সমালোচনার অধিকার মানতে হয়। কত লোক কত তুর্গাম রটায়, তাদের স্বাইকে গুলি করতে গোলে গুলির দর বেড়ে যায়। আমরা যদি নিপ্পাপ হই তবে দেই হবে আমাদের মোক্ষম গুলি। দীতা সেকালের অযোধ্যার লোককে চিরকালের মত গাধার টুপি পরিয়ে দিয়ে গেছেন। যদি তাদের গুলি করতেন তা হলে কিন্তু তারাই জিতে যেত।"

উজ্জ্বিনী অশ্রভারাক্রাস্ত কঠে দে সরকারের সাক্ষাতেই স্থবীকে বলল, "তোমার অস্থমান যদি সত্য হয় মা আমাকে তোমার কাছে ফিরতে দেবেন না, তৃমি যথন দেশে ফিরবে তথন আমাকে আটকে রাখবেন। তবে কি আমি কোনো দিন তোমার সঙ্গে থাকতে পাব না—এই শেষ ?"

হাৰী কোমল হাবে বলল, "আশান্তত এই শেষ। .এই ভালো,

উজ্জবিনী, লন্দ্রী। আমাকে এক মনে আমার কাজ করে বেতে দে।
আমার কাজ বতদিন না ভারও কাজ হয় তত দিন আমাদের বিচ্ছেদ
শ্রেয়। ক্রিব্য পথে যেদিন আমরা একত্র হব সেদিন দেখবি শেষ নেই,
সেঁ মিলন অশেষ।

55

পরদিন স্থার যাওয়া হল না। উজ্জায়িনীর পাসপোর্ট ও Visa, দে সরকারের Visa সংগ্রহ করতে দিনাস্ত হল। প্রাণাস্ত হতে পারত, কিন্ত স্থানর মুখের জয় সর্বত্তে। উজ্জায়িনী যে অফিসারের সমূথে উদয় হয় তিনিই শশবাস্ত হয়ে বলেন, "য়ব বেশী দেরি হবে না। আমিরা আমাদের উপরকার আদেশ প্রতি মৃহুর্তে প্রত্যাশা করছি।"

দিনান্তে দে সরকারকে বাজার সরকার নিযুক্ত করে উজ্জ্বিনী বলল, "স্থাদা, চল শেষবার লগুন দেখি।"

তু'জনে একখানা বাস-এর ছাতে উঠে বসল। নিরুদ্দেশ যাত্রা।
তু'জনেই অনেককণ অসাড় ভাবে বসে রইল, কথা কইল না।

ন্তৰতা ভক করল উজ্জিমিনী। "স্থীদা, আমার ত মনে হন্ধ না যে মা অচিরে ফিরবেন। তাঁর কিছু টাকা গেছে, কিন্তু কিছু আছেও। সেটুকু ধরচ হতে এধনো পাঁচ বছর লাগবে, তার আগে তিনি ইউরোপ থেকে নড়বেন বলে মনে হয় না।"

सूची दनन, "पिथा घाटत।"

"আমি যদি তাঁর সকে থাকি আহবে আমারও," উজ্জয়িনী বিশদ করল," দেশে ফিরতে আরো পাঁচ বছর।"

"দেশ," অধী সম্মেহে বলল, "তোর অভাব নিত্য বোধ করবে।

কিন্তু অপেক্ষা করবেও। তুই যদি ক্লিনিকের বিভা আয়ত্ত পরিস তবে পাঁচ বছরও দীর্ঘকাল নয়।"

"কিন্তু ওতে আমার মন লাগে না যে!"

"কারণ জগতের ব্যথা তোর বুকে বাজেনি। নিজের বেদনা তোকে বিহবল করেছে।"

কিছুক্ষণ পরে উজ্জয়িনী বলল, "জগতের সেবা বে করবে তাবও ; স্থুখ শাস্তি চাই। তার ক্ষ্ণা যদি না মেটে তবে কেমন করে সে অন্নপূর্ণা হবে।"

"যথার্থ। কিন্তু ক্ষা মেটে আরে নয়, অমৃতে। আয়ের জত্যে আন্তের ম্থাপেকী হতে হয়, অমৃতের জত্যে আপনার অস্তর ময়ন করতে হয়। তোর কি অমৃত নেই যে তুই আয়ের জভ্যে হাবাতের মত বেড়াবি?"

উজ্জ্যিনী ফিস ফিস করে স্থীর কানে কানে বলল, "এই! এ বাস-এ আর একজন ভারতীয় আছেন। বোধ হয় বাঙালী।"

স্থী পিছন ফিরে তাকাল, আরে এ যে নীলমাধব চন্দ! স্থী বলল, "নীলমাধবের সঙ্গে তোর পরিচয় নেই ? ডু:থের জীবন!"

"সক্ষেত একটি তৃ:খিনী দেখছি।" উজ্জ্বিনী নীচু স্থরে বলল। "তোমরা ভারতীয় ছাত্রেরা এ দেশে এসে এদের কন্তাদায়ের তৃ:খ সইতে পার না।"

সুধী ওনেছিল নীলমাধব বাগ্দত্ত হয়েছে একটি জামান ইছদী মেয়ে সঙ্গে। মেয়েটি উচ্চাঙ্গের বেহালা বাজায়। নীলমাধব তাকে দেশে নিয়ে যেতে পারে না, দেখানে বিদেশিনীর বেহালা ব্রুবে কে? আর মেয়েটিও আট সম্বন্ধে serious। নীলমাধব ইভিমধ্যে কয়েক বছর বিদেশে কাটিয়েছে, বোধ হয় সারা জীবন বিদেশেই কাটাবে। কটে চার্কীয়। চির প্রবাসীর যে নিরুপায় ত্বং সেই ত্বংখ তার। অধিচ সে প্রায় দেশকেও কম ভালোবাসে না। বছকাল অস্তরীন ছিল, এখনো তেমান স্বদেশী।

এসব শুনে উজ্জ্বিনী চাপা গলায় বলল, "ইনটারফ্রাশনাল ট্যাজেডী! কী বল, শান্তিবাদী? তোমার শান্তিবাদ এর কী মীমাংসা করবে?"

"মীমাংসা সম্ভব ময় বলেই ত আমি বলি, বিদেশে এসে কেউ ধেন প্রেমে পড়ে না, বিয়ে করে না।"

"আর তুমি নিজেই স্থজেতের—"

"ছি। যাতাবলিসনে।"

"কিন্তু আমি শপথ করে বলতে পারি ও তোমাকে প্রাণের চেয়ে ভালোবাসে। তেমন ভালোবাসা যদি আমি বাসতে পারত্ম তবে আজ এইখানেই প্রাণ দিতুম, কখনো কার্লসবাড যেতুম না।"

কোন কথা থেকে কোন কথা এসে পড়ল! স্থাী নীলমাধবকে সক্ষেতে অভিবাদন জানাল। নীলমাধব প্রতাভিবাদন করল।

উজ্জায়নী চুপি চুপি বলল, "আমাকে তুমি নির্বাসন দিছে, সানি। বনে নয়, তা হলে ত বাঁচতুম। ইউবাপের ভোগবিলাসের কেন্দ্রস্থলে, যেখানে পদে পদে প্রলোভন, একটু অসতর্ক হলেই পদখলন। যদি কোনো দিন আমাকে দেখতে পাও তবে সেদিন কোন পাপীয়সীকে দেখবে—কোন পতিতাকে।"

স্থী ক্ষণকাল হতবাক্ হল। তারপরে ভাষা ফিরে পেল।

"ইউরোপের মেয়েরা ত'ভোগবিলাদের বাইরে নয়। তবে তারাও

কি তোর ধারণায় তাই ?"

"না, না শ আমি কি তাই মনে করে বলেছি ?" অপ্রতিভ হল উজ্জয়িনী i বিরোগের আবহাওয়ায় বছকাল বাস করলে যেমন এক প্রকার প্রতিরোধশক্তি জন্মায় ভোগের আবহাওয়ায়ও তেমক্লি ভূ ব্রলে স্থানা, ইউরোপের মেয়েরা immune."

স্থা বলল, "কতকটা সত্যি। কিন্তু আমার বিশাসু ওটেনর রক্ষা করে ওদের ধর্ম, ওদের নারীছের আদর্শ। ওদের ঐতিহ্ ওদের বাঁচায়।"

"হতে পারে। কিন্তু আমি যা বোঝাতে চেয়েছিলুম তা কি তৃমি বুঝলে!" সে অভিমানে মুধ ফিরাল।

স্থীও চেয়ে দেখল নীলমাধব যেখানে বসেছে সেধানে কোনো আসন থালি কি না। নীলমাধবের সঙ্গে তার কথা ছিল। আসন খালি দেখে স্থী বলল, "আমাকে এক মিনিট ছুটি দিতে পারিস?" উত্তরের জন্তে অপেক্ষা করল না।

নীলমাধ্ব তার ফিয়াঁসীর সঙ্গে স্থাীর আলাপ করিয়ে দিল।

ছ'চার কথার পর স্থাী বলল, "আপনি কি লগুনে আপাতত কিছুদিন

থাকবেন ? না অন্ত কোথাও যাবার কল্পনা আছে ?"

"লগুনেই থাকব। এঁর কয়েকটা রিসাইটাল আছে।"

"ওহ ! তা হলে ত বঞ্চিত হব। কিন্তু তহুন, নীলমাধবদা, আপনি আমার বন্ধু বাদলকে একটু দেখবেন ? বেশী দিন না, পাঁচ ছয় সপ্তাই। ইপ্তায় একবার দেখলেই চলবে।"

'বেশ। তার ঠিকানাটা—"

"ভার ঠিকানা যদি শোনেন নিজের প্রবণকে অবিখাস করবেন। টেম্স নদীর বাঁধ।"

"তার মানে লণ্ডন থেকে অর্ফ্রকোর্ড?" না টিশবেরী ?"

"অত দূর নয়। গণ্ডনের সীমানাই ওর ঠিকানা^নৈ তবে ওকে গাবেন সচরাচর চেয়ারিং ক্রসের নিকটে स्थी, श्रिकाल উक्कविनी वनन, "स्थीना, जात ভाলো नागरह ना। हक् निकार हैं।"

এবার টান্ক্সি। উজ্জবিনীর জ্রাক্ষেপ নেই, মিটারে কত উঠছে ত্রুক। সে বিধীর গা ঘেঁষে বসল ও বলল, "তোমার কাছে যতদিন থাকি আমার শারীরিক চেতনা থাকে না। আমি ধেন অশরীরী আআা। দূরে গেলেই টের পাই আমার শরীর আছে, শরীরের ওজন আছে, আর আছে অতি স্ক ক্ষা। স্থাদা, তুমি যে অমৃতের কথা বলছিলে তা মিথো নয়, আমিও মানি যে অমৃত যদি মেলে তবে অয়ের জন্যে ঘুরতে হয় না। কিন্তু সে অমৃত আমার অন্তরে নেই। আছে আর একজনের স্পর্শে।"

স্থী তাকে বাধা দিল না, সেও স্থাীর একটি হাত তুলে নিয়ে একটি বার মূথে ছোয়াল।

তারপরে কেউ কথা কইল না, স্থণীও না, উজ্জন্মিনীও না। স্থা অভ্যমনস্ক ছিল, যখন তাকাল তখন লক করল উজ্জন্মিনীর চোথে মুখে অশ্রস জোন্নার। সে যেন চেষ্টা করছে কিছু বলতে; কিন্তু বলতে বাধছে। তাই অসহায় ভাবে কাদছে।

স্থীর সহসা মনে হল, কে কার স্বামী, কে কার স্থী, কে কার বন্ধু, কে কার ভাই! সামাজিক সম্পর্কই কি সব! সেই সম্পর্কই কি রিয়াল! আমরা যে চির প্রাতন চির নবীন আআ। <u>আমাদের সকলের সংকাই সকলের আআীয়তা, সকলের স্থা, সকলের প্রেম</u>। আমরা নক্ত নীহার্বিকার মত নিজ নিজ কক্ষায় চলেছি, চলতে চলতে প্রস্পরের পাল দিয়ে যাচ্ছি, যেতে খেতে সেই ভালোবাসা পাচ্ছি। স্মাজ আছে, সমাজের কাহন মাছে, কিন্তু সেই একমাত্র রিয়ালিটি নয়। স্বার উপরে মাহ্য সত্য। তা যদি না

<u>কৃত তবে রাধারু</u>ক্তের অসামাজিক প্রেম যুগ যুগ ধরে ভাইতের হৃদয় অধিকার করত না।

স্থী বলল, "আমি কিচ্ছু মনে করিনি, কোনো অপ্রাণ নিইনি। তোর শুল্ল অন্তঃকরণের নির্মল উপহার গ্রহণ করেছি ধ্রা হয়েছি।
পুমনি শুল্ল যেন চিরকাল থাকিস, এমনি নির্মাল্য যেন সঞ্চয় করে।
রাখিস। ধর্ম যদি তোকে রক্ষা নাকরে তবে প্রেম যেন তাকরে।
কিন্তু ভূলিসনে যে আমি বৈরাগী—প্রভিদানে অক্ষম।"

১২

স্থা সেদিন রাত জেগে মিদেস গুগুকে চিঠি লিখল। চিঠির সারবস্ত এই—

বে সৰ ছেলে ভারতবর্ধ থেকে ইউরোপে আদে তাদের অধিকাংশই ভিগ্রী নিয়ে স্বদেশে ফেরে, সম্ভব হলে চাকরি নিয়ে। কিন্তু মাঝে মাঝে এমন তৃ'চারজনও দেখা যায় যারা ইউরোপের কাছে অসম্ভবের মন্ত্র নেয়, তাদের পণ মন্ত্রের সাধন কিন্তা শরীর পাতন। হরদয়াল, কৃষ্ণবর্মা, স্বারকার, বীরেন চট্টোপাধ্যায়—এঁদের গুরুজন নিশ্চয়ই আশা করেছিলেন যে এঁরাও হবেন সিভিলিয়ান, ব্যারিস্টার, প্রোফেসার। কিন্তু এঁদের কেউবা হলেন বন্দী, কেউ বা নির্বাসিত। এঁদের কারো কারো স্বী রয়েছেন স্বদেশে, হরদয়ালের ত একটি মেয়ে আছে শুনতে পাই, বেচারি নাকি শৈশব অবধি বাল্পকে দেখেনি।

বাদলের লক্ষ্য যদিও ভিন্ন তবু দেও এঁদেরই মত মৃদ্ধানিত।
দেও বোধ হয় দেশে ফিরবে না, এ দেশেও অর্থ উপার্জন করের না।
এর দ্বল আফলোম কুলাত পারি, কিছু দোম ধরতে হারি নে। তার্
জীবনের দায়িত্ব মৃধ্যত তারই। কাজেই জীবনমাপনের স্বাধীনতাও

স্থায়তঃ পের। আমরা বড় জোর অন্থ্যোগ করতে পারি, আবেদন করতে প**্রি, পরামর্শ দিতে পারি, কিন্তু** চাপ দিতে পারিনে।

এমন মানুষের সংক উজ্জানীর বিয়ে দেওয়া ঠিক হয়েছে কি না বিতর্ক করা দুখা। আমার এক এক সময় মনে হয়, ঠিকই হয়েছে, বিয়ে দিতে হলে বাদলের যোগ্য উজ্জায়নীই আর উজ্জায়নীর যোগা বাদলই। ভুল যদি হয়ে থাকে তবে মনোনয়নে নয়, পরিণয়ে। অর্থাৎ অসময়ে বিয়ে দিয়ে এই বিপত্তি। সবুর করলে হয়ত বিয়েই হত না, কিন্তু বিভ্রাট বাধত না।

যা হোক এখন এ বন্ধন অচ্ছেছ। উচ্ছ য়িনী ছেদনের কথা ভাবছে, কিন্তু ওতে স্থখ নেই। আমি যতদ্র বৃঝি উচ্ছ য়িনীর কর্ত্ব্যু তার বাল্যের আদর্শে প্রত্যাবর্ত্তন। সিস্টার নিবেদিতা, ফ্লোরেক্স নাইটিকেন, ইভিথ ক্যাভেল, এই সকল প্রাতঃশ্বরণীয়া নারীর আত্মনিবেদনই তার বাল্যের আদর্শ। তার পিতা সেই উদ্দেশ্য সামনে রেখে উইল করে গেছেন। পিতার আশীর্কাদ তাকে সার্থক করবে যদি সে উপযুক্ত শিক্ষার পরে সেবাকার্য্যে ব্রতী হয়।

সেই যে ক্লিনিকের কথা ছিল, যা নিয়ে আপনিও উৎসাই প্রকাশ করেছিলেন, তার ভিত্তি স্থাপনের সময় এসেছে। ভিত্তি ইচ্ছে উজ্জিয়িনীর শিক্ষানবীশী। কোথাও যদি তাকে শিক্ষার্থীরূপে নেয় তবে স্বেইখানেই সে থাকবে, যতদিন না তার শিক্ষা সমাপ্ত হয়। আর আপনি থাকরেন তার অদ্বে, যদি সন্দে না থাকতে পারেন। এ ছাড়া ত আমি কোনো সমাধান দেখিনে। আমার অন্ধিকারচর্চা ক্যা করবেন, মা। আমি কোথাকার কে। তবু আপনাদের সঙ্গে ভাগাস্ত্রে গাঁথ; আপনাদের মহল আর্থি শিক্ষ্রাত্রের প্রার্থনা।

আমি/বেতে পারছিনে, দে সরকার যাচ্ছে। দেশে কেরবার সময়

দেখা করে যাব, যদি ততদিন ওখানে থাকেন। আশা করি আপনার স্বাস্থ্য ভালো আছে। আমার প্রণাম।—

পরদিন স্টেশনে যাবার আগে চিঠিখানা স্থ্যী উজ্জ্বিনীর জিলা দিল। উজ্জ্বিনী বলল, "পড়তে পারি ?"

स्थी वनन, "यष्ट्रान ।"

চিঠিখানার উপর একবার চোখ বুলিয়ে উজ্জানী ঠোঁট উল্টিয়ে বর্লন, "এই ক্লথানু আমি ভাঁবছিলুম কী জানি কোন রহস্ত ফাঁস করে দিয়েছ। কিন্ত স্থীদা, আমি কি শ্রাণী বে 'সেবা করেই আমার দদ্গতি? অশোকা হলে তার বেলায় কি তুমি ওই ব্যবস্থা দিতে?"

স্থী শুদ্ধিত হল এ অভিযোগ শুনে।

"বাগ করলে ?" উচ্ছায়িনী স্থার আঙুল নিয়ে থেলা করতে করতে বলল, "না, আমি দেবিকা হব না। আমার বাল্যের আদর্শ আমার নিজের ভিতর থেকে পাওয়া নয়, বাবার কাছে পাওয়া। তিনি বাদের ভক্তি করতেন আমিও তাঁদের ভক্তি করতে শিখেছিল্ম। এত দিনে আমি তাঁর প্রভাব কাটাতে পেরেছি, এখন আমি তাঁর আদর্শকে নিজের আদর্শ বলে ভ্রম করব না। পৈত্রিক ধনের জ্ঞেও না, আত্ম আবিদ্ধার অতি কঠিন কাজ। আমি আপাতত তাই করব। স্বতংক্তিই আমার জীবনের আলো। সেই আলোয় যথন যা দেবতে পাই তাই আমার কর্তব্য। তুমি আমাকে কর্তব্য বাতলাবার দাবী কোরো না। কী হবে ভনি ? বার্থ হবে আমার জীবন ? তার বেশী তো নয় ? হোক না বার্থ কি?"

বে মান্ত্ৰ বাবাৰ মূহ[া] গ্ৰন্থি সংক শ্বগড়া করতে স্থানুর মতি হল না। সে জানতে চাইল, বিদ্যালয়ৰ কোথায় ?" "তিনি মালের সংক্ষ বঙনা হয়ে গোছেন।" উক্ষয়িনী হেসে বলন, "শুনবে, স্থাদা? আমার ধারণা ছিল তিনি বোহেমিয়ান। কিছ ঘরকরা করাই তাঁর স্থভাব। রাঁধতে বাড়তে বাজার করতে জিনিবপত্ত বাঁধতে তাঁর মত ক'জন আছে? যে মেয়ে তাঁকে বিয়ে করবে সে মেয়ের ভারী মজা—কণ্ডাই হবেন গিন্নী।"

স্থী বলল, "তোরা যে দেশে বাচ্ছিস তাকেও বলে বোহেমিয়া। কিন্তু সেখানকার লোক বোহেমিয়ান নয়।"

উক্সমিনীর সংক স্থী লিভারপুল স্ট্রীট স্টেশনে গেল। হল্যাও ও জার্মানী দিয়ে কার্সস্বাভ যাবার প্রোগ্রাম হয়েছে।

"লিভারপুল থেকে আমেরিকা নয়, লিভারপুল স্ট্রীট থেকে চেকোলোভাকিয়া!" উজ্জায়নী পরিহাস করল। "যেমন আমের বদলে আমড়া!"

দে সরকার বার বার ঘড়ি দেখছিল। যদিও সময় ছিল দেদার তব্
তার ভাবখানা বেন—যাঃ গাড়ী ত ছেড়ে দিল, সহযাত্রিণী কোথায়।

এমন সময় উচ্জয়িনীকৈ দেখতে পেয়ে সে সুফে নিতে দিল। হুধী বলল, "সম্বর'! সম্বর'! তোমার লকা ভিঙানোর এখনো অনেক দেরি। কিন্তু তোমার হাতে ঐ গন্ধমাদনটি কিসের ?"

বোকা মেরে কোটটাকে বন্ধ করে গাড়ীতে চাপুরে দিরেছিল।
বৃদ্ধিমান দে সরকার সেটিকে উদ্ধার করে কাগজে মুড়ে বগলে
থরেছে। একটু পরে ট্রেন থেকে নেমে জাহাজে চড়তে হবে,
তব্দ এই দারুণ, গরমের দিনেও দিব্যি শীত করবে। কোটের
থৌজ পড়বেই।

स्थी यमन, हैं।, निज्ञीननारे अब सक्तर्थ क्री. उक्कप्रिनी फिरू करव शामन। ता मदकाद द्रेस्ट भावन ना ट्यून ও মন্তব্য। অপ্রস্তুত হল। তা দেখে উচ্জব্নিনীর দয়া হল। সে কোটটি গায়ে দিয়ে বেচারাকে অব্যাহতি দিল।

স্থাী কিছু ফুল কিনে এনে উচ্ছয়িনীকে দিল। বলল, "এবার তোকে বিদায় দিতে লগুনের লোক ভিড় করেনি। আমিই তোকে সর্বসাধারণের পক্ষে বিদায় উপহার দিচ্ছি।"

উब्बधिनी वलन, "मर्वमाधादगटक आमाद अमःश्र ध्यावान।"

স্থা বলল, "চিঠিখানা মা'কে দিতে ভূলিসনে। আর তাঁকে ব্ঝিয়ে বলিস কেন আমার যাওয়া হল না।"

"তিনি," উজ্জ্মিনী তামাসা কর্ল, "তোমাকে না দেখে হাহাকার করবেন। আমি ব্ঝিয়ে বলব, পথে হারিয়ে যায়নি, আছে যেখানে ছিল দেখানে।"

দে সরকার কী সব খাবার কিনে আনল। কৈফিয়ৎ দিল,
"পুলম্যান আছে বটে, কিন্তু আমরা পুলম্যানে বসে খাব না।"

"কেন পুলম্যানে বসে থাব না ?" উজ্জ্বিনী তার মুথ থেকে কথা কেড়ে নিল। "পুলম্যানের স্পষ্ট হয়েছে কীজ্ঞান্ত যদি আমরা সেথানে বসে না ধাই? আপনি কি মনে করেছেন পুলম্যান থাকতে আমি নিজের কামরায় বসে লুকিয়ে লুকিয়ে খাব? এসব বিষয়ে আমি আমেরিকান।"

স্থী উক্ষয়িনীর মেজাজ জানত। সে কথনো টাকা বাঁচাবে না, যত পারে ওড়াবে। কিন্তু দে সরকার হল অক্ত দশুট্ন মধ্যবিত্ত যাত্রীর মত হিসাবী, অকারণে পুলুষ্যানে বসে পকেট খালি করতে তার আভাবিক বিতৃষ্ণা। তাই নিজের খরচে ত্'জনের উপযোগী পৃষ্টিকর ও ক্লচিকর আহাব্য কিনেছিল। "না, আঁপনি সত্যিকার বোহেমিয়ান নন।" উজ্জয়িনী মাথা নাড়ল। "আপনি বেশ গোছালো গিয়ী। চলুন, পুলম্যানেই ওঠা হাক।"

স্থী দে সরকারকে একান্তে ডেকে নিয়ে উপদেশ দিল, "ওহে, দিলিতা রায় ওকে সামলাতে পারলেন না, ও মেয়ে উড়নচন্তী। পুলম্যান আছে, একথা উল্লেখ করতে গেলে কেন ? ওকে বড় হোটেল, বড় দোকান ইত্যাদির ধার দিয়ে যেতে দিয়ো না। ও সব যাতে ও ভূলে থাকে তাই হবে তোমার কর্মকৌশল। কিন্তু একবার যদি ওর খানে পড়ে যায় তবে বাধা দিয়ো না। বরং উড়তে দিয়ো। তাতে ঝুঁকি কম।"

মোনৰত

۲

বাদল মনে মনে প্রতিজ্ঞা করেছিল ষতদিন না নিজের বাণী আবিদার করেছে, নিজের কণ্ঠন্বর অর্জন করেছে, ততদিন নীরব ্র রইবে। প্রাণধারণের পক্ষে যে কয়টি প্রশ্ন একান্ত আবশ্রক, ভদ্রতার স্থাতিরে যে কয়টি উত্তর একান্ত প্রয়োজন, সেই কয়টি শব্দ কোনো মতে উচ্চারণ করবে। যেমন, "দেশলাই, সার ?…ধক্যবাদ, সার।" কিন্তা "কটি আবন, শ্লীক ।…ধক্যবাদ, মিস।" কিন্তা 'হা, দিনটি চমৎকার।"

কার বিদ্যাল বিষয় নাই তার তুণে তর্কশর থেকে কী লাভ ? তর্ক করতে করে বাদলের তর্কে অকচি ধরেছিল। তার নিজের বিচারে তার তর্কু স্বতঃসিদ্ধ, কিন্তু কেউ কি ওকথা মেনে নেয় ? মাহাষের সলে তর্ক করে কিছু শেখাও যায় না, কিছু শেখানোও যায় না, কেবল কট হয় মনের ভিতরটায়। ত্নিয়াতে কটের কমতি কোথায় যে ইচ্ছা করে কট বাড়াতে হবে ? যে পরের ত্রংথমোচন করবে তার নিজের ত্রংথ বাড়ানো উচিত নয়। বাদল তর্কের বিক্লমে সতর্ক হল।

তর্ক নয়, তর্ক মাঝারিদের জন্তে। বাদল মাঝারি নয়, অবিতীয়।
সে যে কথা বলবে সে কথা হবে লাখ কথার এক কথা। লক্ষ লোকের
কথা ফেলে তারই কথা শুন্বে বিশক্ষন। সে যথন সেনাপতির মত
আদেশ করবে, "চল", তখন যে যেখানে আছে সৈনিকের মত চলবে।
য়খন নির্দ্দেশ দেবে, "৺য়ু" তখন যে যেখানে এ গ্রেছে সেইখানে
খামবে। বেশী নুয় হাঁটি একটি কথা। সেই কথা এমন কথা যে তার
জন্তে সমগ্র জগৎ উৎকর্ণ হয়ে প্রতীক্ষা করছে।

কিবাৰায় পাবে সেই কথা, বাদল ভাবে। বিছা নয় বে পৃথি
ঘাঁটলেই পাওৱা বাবে। বৃদ্ধি নয় যে বৃদ্ধিমানদের সজে মিশলেই
মিলবে। বল নয় যে ব্যায়াম করলেই লভ্য হবে। কায়িক কণ্ঠমৰ
নয় যে অফুলীলন করলেই আয়ত্ত হবে। বাদল যে কণ্ঠমর চায়, যে
বাণী চায়, তা বোবা মাহাহেরও থাকতে পারে। অর্কেন্ট্রার পরিচালক
কথা কন না, ইসারা করেন। অমনি বছ বিচিত্র বাছ্যায় একসকে
গর্জে ওঠে, তরকের পর তরক ছুটে আকাশের তটে আছাড় খার,
কাঁদতে কাঁদতে পিছু হটে, সাগরের বৃক্তে ঘূমিয়ে পড়ে।

বাদলকেও কথা কইতে হবে না, যদি ইসারায় কাজ চলে। কিছ সেই ইসারা হবে এমন ইসারা যে জনপারাবার উদ্বেল হবে, অথচ বক্তের ফেনায় ফেনিল হবে না। বিনাযুদ্ধে যুদ্ধের ফল, বিনা বিশ্লবে বিপ্রবের ফল, এই হচ্ছে বাদলের খ্যান।

বাদল যে কঠনত্ব চায় তা বিভের সঙ্গে বেখাপ। বিভবানের উক্ষি

যুক্তিপূর্ণ হলেও বিভহীনদের চিত্ত স্পর্শ করে না, তার পিছনে ভেমন
জোর নেই বেমন জোর বিভহীনের উক্তির পিছনে। মান্ত্র্য প্রথমেই
সন্ধান করে বে কথা বলছে সে কেমন লোক, স্বার্থপর কি নিঃস্বার্থ,
নিঃস্বার্থ হলে প্রমাণ কী, জীবনে প্রমাণ আছে না ওধু বক্তৃতায়, জীবনের
প্রতি কর্মে প্রমাণ আছে, না চুটি একটি কর্মে। বিভহীনদের ভোলানো
কিলা মাজানো কঠিন নয়, কিন্তু তাদের প্রেরণা দিয়ে অন্ত্রপ্রাণিত করা,
অর্কেন্ট্রার মন্ত পরিচালিত করা বিষম কঠিন। তাদের incite করা
এক কথা, inspire করা আরেক কথা।

তা ছাড়া ুবিভবানের উক্তি কি বিভবানদেরই চিত্ত জর করবে?
ভারা বলবে, তুমি নিজেও ত সোদোহন হাই, অভত ত্ম শান করছ ৷
তোমার জিলাগ্রে শোষণের বিহুদ্ধে নালিশ, নিউ, ঠোটের কোশে

শোষণসন্ধ ক্ষীর। ক্যাপিটালিস্টদের মৃচ্কি হাসি কল্পনা ক্রান্ত বাদল লক্ষায় সংহাচে প্রিয়মাণ হয়। সে নিজে তাদের চেয়ে কোঁন অংশে ভালো যে তার কঠে তাদের বিশ্বদ্ধে অভিযোগ বজ্রের মত ধ্বনিত হবে? তার কঠন্বর বজ্রের মত শোনাবে তথনি, যথন সে দুধের পাত্র ম্বণার সঙ্গে ঠেলে তাদের শ্রেণী থেকে ছিটকে বেরিয়ে যাবে। যদি ক্ষীরের লালসায় গোদোহনে লিগু থাকে তবে তার দশা হবে তার কমিউনিস্ট কমরেজদের মত। ওদের কঠন্বর যেমন কর্কশ তেমনি ক্লীব। কেউ কানে তোলে না ওদের উক্তি, বিশাস করে না ওদের যুক্তি, একটা ভিথারীও ওদের পক্ষে ভোট দেয় না, একটা ধর্মঘটও সফল হয় না ওদের ঘারা। এর কারণ এমন নয় যে কমিউনিজমে বিন্দুমাত্র সতা নেই। এর কারণ কমরেজরাও ছয়পারী।

কমিউনিস্টাদের সাকে বাস করে বাদল থেমন তাদের তুর্বলতা হাদরক্ষম করেছিল তেমনি নিজের তুর্বলতাও। সেইজন্তে ওদের বিরুদ্ধে কিছু বলবার অধিকারও তার ছিল না। যেমন ওরা তেমনি সে নিজে অস্থিমজ্জায় স্বাচ্চন্দাবাদী। স্বাচ্চন্দা বা আরাম ছেড়ে ওরা বেশীদিন বাঁচে না, সে নিজেও বাঁচবে কিনা সন্দেহ। যুক্ধে মাদকতায়, বিপ্লবের উন্মাদনায় সাময়িকভাবে স্বাচ্চন্দা বিসর্জন দেওয়া তৃঃসাধ্য নয়, কিছ কোনো রকম নেশা না করে দিনের পর দিন, মাসের পর মাস, বছরের পর বছর আরামহীন জীবনবাপন মধ্যবিত্তদের সাধ্যাতীত। সম্বর একটা যুদ্ধ কিছা বিপ্লব না বাধলে ওরা যিইয়ে যাবে, ওদের ক্ষার সক্ষে কাজের অসক্ষতি ধরা পড়লে শ্রমিক্রা। তুর্ধ যে ওদের শ্রমিক করবে ভাই নয়, শ্রম্পাস করবে। বাদল ওদের সভে থেকে হাস্তাম্পান হতে চাইন্সা, হাসিকে তার যত ভয় ফাসিকে তত নয়।

তার্ক^{্ট}কথা শুনে কেউ হাসর্চ্ছে কল্পনা করলে তার ইচ্ছা করে মাটিতে 'মির্লিয়ে যেতে।

দে স্থির করেছিল ক্যাণিটালিজমের কোনো ধার ধারবে না, স্বাচ্ছন্য যদিও ভার অভীব প্রয়োজন তরু স্বাচ্ছন্য পরিহার করবে। যতদিন শরীরে সইবে ভতদিন অধ্যেরও অধ্য হবে, শরীর বিমৃথ হবে সেও শরীরের প্রতি বিমৃথ হবে। মরতে হয় মরবে, কিন্তু এমন করে বেঁচে থাকা যে মরে থাকা। অসম্থ এই অক্ষমতা, এই ক্লৈব্য। অক্সায় যে করে সেত অপরাধী, অক্সায় যে দেখে সেও অপরাধীর সহকারী। শোষণ যারা করে তারা ত criminal, শোষণের প্রতিকারে যারা অক্ষম তারাও accomplice.

একথা মনে হলেই বাদলের মাথা বন বন করে, স্নায় টন টন করে।
কমন একটা অহেতুক উদ্বেগ তাকে ভারাক্রান্ত করে। যেন এই
মূহুর্ত্তে হস্তক্ষেপ না করলে পর মূহুর্ত্তে স্বষ্ট রসাতলে যাবে, মানবজাতি
নির্বাপিত হবে। ব্যতে পারে না সে, এটা কি তার নিজের মনের
বিকার, না সমাজের বিকারের প্রতিফল ? Tension কি তার অস্করে,
না বাইরে ? তার একার জীবনে, না ইউরোপের জীবনে ? বন বন
করে তার মাথা ঘুরছে, না পৃথিবী ঘুরছে ?

এসব উপদর্গ নতুন নয়। অনিজ্ঞা তার পুরাতন রোগ। অনিজ্ঞার দকে মানবনিয়তির জিজ্ঞাসা বোগ দিলে প্রাণ অতিষ্ঠ হয়। এমনি অতিষ্ঠ হয়ে একদা দে গোয়েনের আজ্ঞামে গেল, দেখানে দেখল হংবমোচনের আজ্ঞারিক প্রয়াস। বেশ তৃত্তি পাছিল দে দেখানে, কিছু আনতে পেলো দুংবমোচনের থবচ জোগায়, গোলাবাকদের টাকা। ছংবমোচন করে হবে কী, যদি যুদ্ধবিগ্রহের জালে জড়িয়ে পড়া হয়, যদি আরো ছংখের কাঁদে পা দেওয়া হয় ? ইংলণ্ডের বা ইউরোপের

বর্ত্তমান হংথ কি গত মহাযুদ্ধের প্রতিফল নয় ? হতে পারে নর্ম্ছিক িক্ষেই পুঁজিবাদের প্রতিফল। কিন্তু হুংখমোচনের কোনো অর্থ হয় বদি হুংখের দিকেই জগতের গতি হয়।

ভব্মে বি ঢালবে না বলে বাদল গোয়েনের আশ্রম ত্যাগ করল।

নে উপলন্ধি করল যে ব্যবস্থার পরিবর্ত্তন চাই, ক্যাপিটালিজম সব

র্ধর মূল। বাস করতে গেল কমিউনিস্টদের সঙ্গে। তার প্রত্যায়
ব্যবস্থার পরিবর্ত্তন অসম্ভব নয়, কিন্ধ পরিবর্ত্তিত ব্যবস্থায় তৃঃথের
নির্ত্তি নেই, তৃঃথেরও পরিবর্ত্তন। ভাত কাপড় পেলেই যাদের তৃঃথ
যাম তাদের হয়ত যথালাভ, কিন্ধ যেথানে কর্তার ইচ্ছায় কর্ম সেখানে
র্তার পতনে ব্যবস্থারও পতন। সোভিয়েট ব্যবস্থা ভিক্টেটরসাপ্রেক
ইয়ে নিজের করর নিজের হাতে খুঁডেছে। তাছাড়া থেথানে মতভেদের যথোচিত পরিসর নেই, অপোজিশন নেই, সেখানে কর্তার তৃল
ঘটলে শোধরানোর কী উপায় ? যে ভুলের সংশোধন নেই তার শান্তি
নেই কি ? ইতিহাস কি সম্থ করবে চিরকাল ?

কিন্তু এসৰ কারণেও বাদল কমিউনিস্টাদের দোষ ধরত না, যা হোক প্রেক্টা কিছু পরীক্ষা ত চলছে। কিন্তু ঐ যে ওদের আশা যুদ্ধ বাধবে, বুদ্ধের আমুষকিক বিপ্লব বাধবে, ওটাকে বাদলের ভাষার বিরোধ । প্রথানাই ওদের সঙ্গে বাদলের ভাষার বিরোধ । প্রবা যাকে ভালো বলে বাদল তাকে মন্দ বলে। উটের পিঠে শেষ কুটো কমিউনিস্টাদের ছংখমোচনের পদ্ধতি। ও পদ্ধতি বাদলের নয়। মাধা কেটে মাধাবাধা সারানো তার মতে কুচিকিৎসা। ওটা কি একটা উপাদের পরিবর্ত্তন ? ক্যাপিটালিজ্বনে যুদ্ধু নিহিত বলে সে ক্যাপিটালিজ্বমের বিপক্লে, কমিউনিজ্বমেও যদি যুদ্ধ নিহিত তবে কেন ক্মিউনিজ্বমের পক্ষ নেবে ? 2

ত ত বাদল শান্তিবাদীও নয়। শান্তিবাদীরা নির্কিবাদী। তারা,
য়ে প্রচলিত ব্যবস্থার পরিবর্তনের জন্তে মনের শান্তি বিপন্ন করবে;
এতটুকু প্রত্যাশাও তাদের কাছে নেই। প্রচলিত ব্যবস্থার আর্মুল র পরিবর্তনের প্রস্তাব তাদের কারো মুখে শোনা যায় না, যা শোনা যায়;
তা লীগ অফ নেশনস, নিরস্নীকরণ, আন্তর্জাতিক পুলিশ। তাদের ।
গারণা সব দেশের সৈক্তদল যদি ভেঙে দেওয়া যায় তা হলে যুদ্ধের '
সম্ভাবনা থাকবে না, শান্তিপূর্ণভাবে লীগ অফ নেশনসের দারা ।
গারস্পরিক বিরোধ ভঞ্জন হবে। যদি কোনো রাষ্ট্র লীগের সিক্ষান্ত না মেনে নেয় তবে আন্তর্জাতিক পুলিশ গিয়ে গোলমাল থামাবে।

বাদলও এর সমর্থক, কিন্তু আগে তার বেমন উৎসাহযুক্ত সমর্থন ছিল এখন তেমন নেই। কারণ ইতিমধ্যে সে হৃদয়ন্দম করেছে বে বতদিন স্থান ও মুনাফা মূলধনীদের ভোজা হবে ততদিন ধনিক শ্রমিকের সম্বন্ধ যেন থাছা খাদকের সম্বন্ধ। অবশ্র ইংলপ্তের মত কোনো কোনো দেশে শ্রমিকদেরও হাতে তৃ'পয়সা জমে, তারাও তাদের সঞ্চয় থাাে রাথে ও বাণিজ্যে খাটায়, কিন্তু তা সত্তেও মােটের উপর বলা যে পারে যে মালিক ও মন্ত্র যেন থাছা খাদক। এই তুর্নীতিকর সা যতদিন না পরিবর্তিত হচ্ছে ততদিন জগতে সভিত্রকার শান্তি সম্ভব নয় প্রলিশকে দিয়ে ভয় দেখিয়ে শান্তিয়াপন হয়ত শান্তিয়াদীদের মতে মানবকলাাণ, কিন্তু বাদলের মতে মানবের অপমান। যাদের স্থায়সকত প্রাণা অপরে কাঁকি দিয়ে ভোগ করছে তাদের প্রতি স্বিচার কিসে হয় সেই সর্বপ্রথম প্রশ্ন আগে সে প্রশ্নের উত্তর দাও, ভারপরে নীপ অফ নেশনস্কর, আন্তর্জাতিক বিবাদ মেটাও!

্ব আগে ৰোড়া, ভারপরে গাড়ী, এই ত নিয়ম। কিন্তু শান্তিবাদীরা ।

বোড়ার সামনে গাড়ী রাধবে, গাড়ী যদি না চলে তবে গাড়ীর গুলদের কথা ভেবে মাথা থারাপ করবে। যেন আবো গোটা কয়েক চাকা কৃত্যে দিলে গাড়ীটা গড় গড় করে গড়িয়ে চলবে। ওদিকে ঘোড়া-ছুটোর একটা আরেকটাকে কামড়ে কতবিক্ষত করছে, তার বেলাথ শান্তিবাদীদের বিধান—চাবৃক। চাবৃকটা অবশ্য শ্রমিক বেচারারই আড়ে পড়বে, কেননা সে কেন চুপ করে ক্ষতবিক্ষত হচ্ছে না, কেন লাথি মারছে। লাথি মারা বে হালামা। কিন্তু কামড় দেওয়া ? সেকাজ অলক্ষ্যে চলে, তাই হালামা বলে গণ্য নয়। যার যা পাওনা সেতার চেয়ে কম পাচ্ছে, তার পেট ভরছে না, এই প্রবঞ্চনা যে হালামার চেয়েও ক্ষতিকারক, হালামার চেয়েও ক্ষতিকার এই এবকনা যে হালামার চেয়েও ক্ষতিকারক, হালামার চেয়েও ক্ষতিকার এই এবকনা যায়ের সিরির শিখবে বনে শান্তির বেহালা বাজায়। ভাবে লীগ অফ নেশনস যথন হয়েছে তথন যুদ্ধবিগ্রহের অর্জেক আশন্ধা গেছে, এখন কেবল নিরস্ত্রীকরণটা হয়ে গেলেই চিরস্থায়ী শান্তি। শ্রেণী সংগ্রাম ? বাধনেও ক্ষবে না। নিরম্বদের সায়েয়তা করতে পুলিশ থাকবে যে!

ষাহোক শান্তিবাদীদের বিরুদ্ধে কিছু বলবার অধিকারও বাদলের ছিল না। তাদের অনেকে গত মৃদ্ধে জেল থেটেছে, অনেকে মৃদ্ধ করে ঠেকে শিখেছে। বাদল কী করেছে যে তার কণ্ঠস্বরে নৈতিক অধিকার ধ্বনিত হবে ? যার নৈতিক অধিকার নেই সে কোন অধিকারে শান্তি-বাদীদের দোষ ধরবে ?

সে যুদ্ধবাদী নয়, কেননা যুদ্ধের দারা তৃ:খমোচন হতে পারে না।
অথচ সে শান্তিবাদীও ন্য়, কেননা বিশ্বশান্তির দারা শ্রেণীসংগ্রাম
নিবাশ্বণ করা যায় না। তাহলে সে কোন মতবাদী ?

বাদল ভাবে। সমর ও শান্তি ছাড়া তৃতীয় কোনো বিকল্প আছে

কি? এমন কোনো বিকল্প যার অনুসরণে পাবে যুদ্ধ না করে যুদ্ধের ফল, বিপ্লব না করে বিপ্লবের ফল? এমন কোনো বিকল্প যার সাফল্য নির্ভর করে না দলগঠনের উপর, সভ্যবদ্ধতার উপর? এমন কোনো বিকল্প যা বাদলের একার সাধ্যাতীত নয়, বাদলের কঠখরের সংক্ষে প্রথিত, বাদলের বাণীর প্রতীক্ষায় উৎকণ্ঠ? বাদল ভাবে। ভাবতে ভাবতে তার মাথা ভোঁ ভোঁ করে, চোধে আঁধার নামে।

তর্ক করবে না বলে প্রতিজ্ঞা করলে কী হবে, আত্ম সম্বরণ করতে পাবে না যথন মার্গারেট বলে, "ভোমার মত যুবকরাই অবশেষে ফাসিস্ট হয়।"

"ফাসিফ !" বাদল অভিমানভরে অভিযোগ করে, "মার্গারেট, তৃমিও! তৃমিও আমায় ভূল ব্ঝলে! ফাসিফ ! আমি কোনোদিন ফাসিফ হতে পারি! আমি! I should be the last—"

"আমি জানি," মার্গারেট বলে, "তুমি ফাসিস্টদের ঘূণা কর। কিছু তার কাবণ ওরা ডিক্টেটর মানে। কাল যদি ওরা ভোল বদলায়, যদি নির্ব্বাচনে অধিকসংখ্যক আসন পায়, যদি ডেমক্রেসীর দোহাই দেয়. তুমি কি ওদের তারিফ করবে না ?"

"শুধু ওদের কেন, কমিউনিস্টাদেরও তারিফ করব, মার্গারেট, তোমরা যদি ডিক্টেটবশিপ ছেড়ে ডেমক্রেসীর পরীক্ষা দাও।"

মার্গারেট তার ছোট করে ছাটা চুল কপাল থেকে সরিয়ে বাদলের দিকে ভালো করে তাকায়। বলে, "পরীক্ষা দেবার প্রয়োজন নেই, উদ্দেশ্যসিদ্ধিরই প্রয়োজন। সেই প্রয়োজন সাধনের জল্মে বদি ডেমক্রেসীর স্বযোগ নিতে হয় তবে অসক্ষোচে নেব। মনে কোরো না ডেমক্রেসীর সঙ্গে আমাদের কোনো শক্রতা আঁচে। আমাদের শক্ররা ৪র স্বযোগ নিচ্ছে বলেই আমাদের ক্ষোভ।" "কিন্ধ তোমার ঐ উদ্দেশসাধনের জন্তে যুদ্ধবিগ্রহের স্থযোগ নেওয়া," বাদল অলক্ষিতে তর্কের স্ত্রণাত করে, "আমি সইডে পারিনে, মার্গারেট। কোনো এক জায়গায় দাঁড়ি টানা উচিত। আমার মতে মুদ্ধবিগ্রহ হচ্ছে সেই নিধিদ্ধ জায়গা।"

"কেন, বল ত? ভোমার ভয় করে বলে?"

"না, আমি ভীত নই। গত ষ্দে আমি মনে মনে যোগ দিয়েছিলুম। নাবালক না হলে সশরীরে যোগ দিতুম। কিন্তু আমি অপরিমিত রক্তক্ষয়ের অপক্ষপাতী। তাতে মানবঞ্চাতির বিলোপ ঘটবে।"

মার্গারেট নির্ম্মভাবে বলে, "কাকে তুমি অপরিমিত বলবে ? আমি বলি, যেপরিমাণ রক্তক্ষ না করলে উদ্দেশ্ত সিদ্ধি হবে না সেই পরিমাণ রক্তক্ষ অপরিমিত। তার বেশী হলে অপরিমিত। কম হলেও অপরিমিত।"

বাদল চেপে ধরে। "কম হলে অপরিমিত কেন ?"

"কারণ উদ্দেশ্যসিদ্ধির পূর্ব্বে যদি তোমার নির্বেদ উপস্থিত হয়, যদি ভাব বিশ লাথ মাত্র্যকে মরতে পাঠিয়েছি, আর পাঠাব না, তা হলে ভোমার উদ্দেশ্য সিদ্ধ হল না, অথচ তুমি বিশ লাথ মাত্র্যের প্রাণব্যয় করলে। সেই ব্যয় একেবারেই অনর্থক, স্থতরাং অপরিমিত।"

"ना, त्याल्य ना।" वानन माथा नाएए।

"বুঝলে না ? এত সোজা !" মার্গারেট আশ্রর্য্য হয় । "পরিমেয়তার বিচার উদ্দেশ্যসিদ্ধির দিক থেকে। যদি সিদ্ধিলাভ হয় তবে সব খরচটা দরকারী খরচ, মিতব্যয় । যদি না হয় তবে সব খরচটাই বাজে খরচ, অমিতব্যয় ।"

"কিন্তু আর একটা দিক ত আছে। মানবন্ধাতির বর্ণনাশের দিক। বিশ লাথের পর ত্রিশ লাথ, ত্রিশের পর চলিশ—কোথাও এক জায়গায় পামতে হবে। নইলে উদ্দেশ্যসিদ্ধির পর কেউ ভোগ করতে বেঁচেঁ পাকবে না।"

"থামতে যদি ইচ্ছা থাকে তবে গোড়াতেই থামতে হয়। তা হলে
-শান্তিবাদই শ্রেয়। কিন্তু একবার আরম্ভ করলে শেষ করতেই হুবে।
নাঝপথে থামলে তুমি মৃতদের প্রতি বিশাস্ঘাতকতা করবে। অথচ জীবিতরাও পরাজিত হলে পরে তোমায় ধ্যুবাদ দেবে না। বাদল,
মধ্য পছা নেই। ওটা তোমার ল্রম।"

এই কথোপকথনের পর বাদল আরো চিস্তিত হল। পরিমিত রক্তক্ষয় সে এতদিন সমর্থন করে এসেছে। সব যুদ্ধ যে খারাপ এমন কথা সে বলে না। আধুনিক যুদ্ধ একটা সংক্রামক মহামারী বলেই তার যুদ্ধে আপত্তি। কিন্তু মার্গারেটের যুক্তি যদি অর্থবান হয় তবে পরিমিত রক্তক্ষয়ের কোনো অর্থ নেই। হয় অকাতরে রক্তক্ষয় করে পৃথিবীকে নির্মান্ত্র করতে প্রস্তুত হতে হবে, নয় উদ্দেশ্য ত্যাগ করে গোড়াতেই ধামতে হবে।

6

উদ্দেশ্যসিদ্ধির দিক থেকে দেপলে যে উপায়ে সিদ্ধিলাভ সেই উপায়ই সহপায়, যদিও তার পরিণাম অর্দ্ধেক মানবের বিনিটি। রক্তক্ষয়ের দক্ষণ বদি রক্তালতা হয়, যদি ভাবী বংশীশাদের রক্তে খুণ্ ধরে, যদি তথ্য তাদের সমাজ আপনি ভেঙে পড়ে সে ভাবনা আছকের নয়। আছ শুণু গক্ষ্য রাথতে হবে উদ্দেশ্যসিদ্ধির উপর।

কমিউনিস্টদের এই ব্রস্থান্ট বাদলকে ক্লিট করে, কিন্তু তাদের লঞ্জিক দে বুক্তি দিয়ে কাটতে পারে না। বিনাটির আশবায় যদি পেছিয়ে যেতে হয় তবে উদ্দেশ্যসিদ্ধির কোনো সম্ভাবনা নেই, মামুষকে চিরকাল বড় লোকের দাসত্ব করতে হবে। দাসত্ব ভালো, না বিনষ্টি ভালো?

বাদলও বোঝে, দাসত্ব ও বিনষ্টি এব ছটিব একটিকে বেছে নিতে বৃত্ত্যাল যার মন্ত্রাত্ত আছে সে বরণ করবে বিনষ্টি। কিন্তু সভিয় দিল কোনো মধ্যপন্থা নেই ?

বাদল স্থীকে দেশলাই বেচতে গিয়ে স্থায়, "স্থীদা, উদ্দেশসিদ্ধির
যদি অন্য উপায় না থাকে তবে কি অপরিমিত রক্তক্ষয় অকাতরে করতে
হবে ? কাতর হলে যদি উদ্দেশসিদ্ধির ব্যাঘাত হয় তবে কি কাতর
হওয়াটা কাপুরুষতা ? যদি লক্ষ লক্ষ লোককে মৃত্যুম্থে ঠেলে দিয়েও
উদ্দেশসিদ্ধি না হয় তবে উদ্দেশ ত্যাগ করাটা কি মৃতের প্রতি
বিশাস্থাতকতা ?"

স্থী হেদে বলে, "ভগবদ্ গীতা পড়ছিদ বৃঝি ?"

"কে ? আমি ? আমি পড়ব তোমাদের গীতা ?" বাদল উত্তেজিত হয়, "আকিং থেলে কি এতটা পথ হাঁটতে পারতুম !"

"কিন্তু গীতার মূল সমস্যা ত ও ছাড়া আর কিছু নয়। উদ্দেশ্য গিদ্ধির জন্যে অজ্ঞ্ন রাদ্ধি ছিলেন স্বাইকে বধ করতে, কিন্তু আগ্রীয়ন্ত্রনকে বাঁচিয়ে। আচাধ্য, পিতা, পুত্র, পিতামহ, মাতুল, খণ্ডর, পৌত্র, শীলক এবং সম্বন্ধী—এরা হদি অজ্ঞ্নকে বিনাশ করতেনও তথাপি তিনি এদের আঘাত করতেন না। শ্রীকৃষ্ণ তাঁকে অশেষ বোঝালেন, শেষে বিশ্বরূপ দেখালেন, তথন তিনি নিমিত্তমাত্র হলেন। এই ত গীতা।"

বাদল বছকাল খবরের কাগজ পড়েনি, খপ করে টেবিলের উপর থেকে "টাইমস" খানা টেনে নিয়ে অক্তমনস্ক হয়। এক সময় জিঞাসা করে, "হা, কী বলছিলে? অর্জ্ন প্রথমটা মরতে রাজি হননি, ভারপরে বীরের মত মরলেন।" "দ্র!" স্থাী তাকে আরেক দফা শোনায়। বলে, "অর্জুন উদ্দেশ্য-সিদ্ধির জন্মে কতক দ্র বেতে প্রস্তুত ছিলেন, কিন্তু চরম সীমায় বেতে পরাধ্য। তোরও সেই মনোভাব। তুই পরিমিত বক্তক্ষয়ে অগ্রসর, কিন্তু অপরিমিত রক্তক্ষয়ে পশ্চাৎপদ। আমি যদি এযুগের শ্রীক্ষক হতুম তোকে সম্পূর্ণ বেহিসাবী হতে শিক্ষা দিতুম, কিন্তু আমি তোকে হিসাবী হতেও বলব না।"

"তবে তুমি কী বলবে, স্থগীদা ?"

"বলব উদ্দেশ্য ত্যাগ করে উপায়কে পরিশুদ্ধ করতে। উপায় বিশুদ্ধ হলে উদ্দেশ্য আপনি সিদ্ধ হবে।"

"হেঁয়ালি।" বাদল মস্তব্য করে। কিন্তু তর্ক করে না। "তুই কাগজ পড়।" স্থধী চুপ করে।

· "না, স্থীদা," বাদল হাত তুলে শৃত্তে বোতাম টেপে, "আমি এ ব্যবস্থা সহু করব না। আমি একে ধ্বংস করব।"

"সে ভার," স্থণী প্রত্যায়ের সহিত বলে, "ক্যাপিটালিস্টরা নিজেরাই নিয়েছে। ওরাই পরম্পরকে ধ্বংস করবে।"

"তার মানে যুদ্ধ ?" বাদল জেরা করে।

"শ্ৰুদ্ধ ওরা করবেই, না করে ওদের পথ নেই।"

"কিন্তু যুদ্ধ আমি হতে দেব না, হলে মানবজাতি বাঁচবে না, বাঁচলেও আধমরার মত বাঁচবে।"

"না, বাদল," স্থাী স্নিশ্ব হাসে, "সে ক্ষমতা ভোর কিয়া কারো নেই।
যুদ্ধ বাধবেই, ক্যাপিটালিন্ট নেশনরা পরস্পরকে ফতুর করবেই, তেমনি
করে এ ব্যবস্থা ধ্বলৈ পড়বেই। মাসুষ কত মরবে জানিনে, তবে
বৈচে থাকবে অনেক, সামলে নেবে কালক্রমে। ক্লিন্ত ভাববার কথা
হচ্চে এ ব্যবস্থার পরিবর্তে কোন ব্যবস্থা প্রবর্তিত হবে ? ভোর যদি

ইচ্ছা থাকে তবে তুই এ ব্যবস্থাকে ভাঙতে দিয়ে সেই ব্যবস্থাকে গড়ে তোলবার স্বপ্ন দেখ। ভাঙার কাজ সোজা, গড়ার কাজ কঠিন। তোর সমস্ত শক্তি নিযুক্ত হোক সম্জনে।"

্রাদল ভেবে বলে, "কথাটা তুমি নেহাৎ মন্দ বলনি। কিন্তু ভাঙ্ধ-সমাপ্ত না হলে গড়নের সম্ভাবনা স্থদ্র। আমার নজর immediateএর উপর।"

"আর আমার দৃষ্টি ultimateএর উপর।"

বাদল তর্ক করতে অনিচ্ছুক। স্থণী তাকে থেতে ডাকে। তার পেটে ক্ষ্ণা, মূথে লাজ।

"যাক 」" বাদল হাত ধুয়ে বলে, "তুমি আমার সেই প্রশ্নের উত্তর
দাও। উদ্দেশসিদ্ধির জন্মে বদি দরকার হয় তবে কি সাত কোটি খুন
মাক ? যদি সাত কোটি খুন মাত্রাতীত মনে হয় তা হলে কি ছয় কোটি
খুনের পর উদ্দেশ্যত্যাগ শ্রেয় ?"

স্থী বিশ্বিত হয়। "খুনজখমের কথা এত ভাবিস কেন, পাগল! খুন একটিও যা ছয় কোটিও তাই। একজনের তুঃধ আর একশো ষাট কোটি লোকের তুঃধ পরিমাণে একই। তুঃধের ঘোগ বিয়োগ গুণ ভাগ নেই, তেমনি স্থেরও।"

বাদল আবার বলে, "হেঁয়ালি।"

সুধী অন্ত কথা পাড়ে। তার সঙ্গে গ্রামে থেতে সাধে। বাদল ঘাড় নাড়ে।

"দর্শনশান্ত পড়ে", বাদল খোঁয়াতে খোঁয়াতে জলে ওঠে, "তোমার দর্শনশক্তি বহিত হয়েছে। খুন একটাও যা সাত কোটিও তাই! একটা মানুষ মবলে সমাজের কী ক্ষতি হয় ? সাত কোটি মানুষ মবলে যে ফসল ফলানো, কারখানা চালানো বন্ধ হবার জোগাড়!"

স্থী ব্ৰিয়ে বলে, "বাদল, moral issues বিচার ওভাবে হয় না।
একজন মাম্বেরও যদি বিনা দোষে প্রাণদণ্ড হয় তবে সমাজের ভিত্তি
টলে। আয় অআয় স্থে তৃঃথ এ সবের বেলায় সংখ্যার গণনা অবাস্তর।"

"বাদলের খোরাক যদিও একটা পাখীর চাইতেও কম তবু দিনমান
দেশলাই ফেরি করে দারুণ ক্ষ্মা পায়। অথচ ফেরি করে যা পায় ভা
ক্ষার অহুপাতে ঘথেষ্ট নয়। অগত্যা তাকে বন্ধ্বান্ধবের সন্ধানে
বেরোতে হয়। ঠিক এমন সময় উপস্থিত হয় যথন তাদের খাওয়াদাওয়া
চলেছে। ডাকলে "না" বলে, কিন্ধু পীড়াপীড়ি করলে হাত ধুতে যায়।

"স্রধীদা," বাদল অস্থােগ করে, "তােমার কাছে যা চাই তা মনের খােরাক, যা পাই তা দেহের। তুমি আমাকে বঞ্চিত করছ।"

"আমার সঞ্চিত ষতটুকু সৰ তুই নে না।" স্থণী বলে, "আমি যা উপলব্ধি করেছি তোর হাতে তুলে দিছি।"

"কিন্তু তুমি যে আমাকে উদ্দেশ্যত্যাগের উপদেশ দিলে, তুমি কি জান আমার উদ্দেশ্য কী ?"

স্থী সবিনয়ে জানায়, "আমি যত দ্ব বুঝি তোদের সকলেরই উদ্দেশ্য Capitalism without capitalists. বেমন আমাদের সকলেরই লক্ষ্য English rule without Englishmen."

বাদল সবেগে মাথা নাড়ে। স্থা বলে, "তুই ওটুকু খেয়ে শেষ কর।"

"তোমাদের লক্ষ্য," বাদল বলে, "তোমরাই বোঝ, কিছু আমাদের লক্ষ্য তোমরা ব্রবে না। ক্যাপিটালিজ্ঞম আমরা প্রথম স্থাবাগেই খারিজ করব। কিছু তার জন্মে আমি সাত কোটি প্রাণ বলি দিতে প্রস্তুত নই, আমি চাই বিনা মুদ্ধে মুদ্ধের ফল, বিনা বিপ্লবে বিপ্লবের ফল। এর ক্সন্তে আমি অর্জন করছি আমার কঠন্বর, আমার বাণী।" "আমি তোর সাফল্য কামনা করি, বাদল। তোর বোধিলাভ হোক, তুই সিদ্ধার্থ হ।" সুধী আশীর্কাদ করে।

"किंक क्रांशिष्टोनिक्य नग्। त्यात ?"

্ৰত্বী হেসে বলে, "সেই কলকারখানা, সেইসব মজুর, উপরম্ভ চাষাকৌ পিটিয়ে মজুর বানানো। ওটা ক্যাপিটালিজমের গুরুমারা চেলা।"

8

বাদল আত্মসম্বরণ করতে পারে.না: "স্থীদা, তুমি কি কলকার-খানার আগের যুগে ডিরে বেতে চাও ;"

"না, আমি কলকারথানার পরের যুগে এগিয়ে থেতে চাই। কিস্ক সাম্যবাদের নামে কলকারথানা আমি কবুল করব না।"

"কেন, বল ত ় তুমি কি রোজ হ'বেলা টিউবে বাসে চড়ে যাওয়া আসা করছ না ় ভোমার ঐ লোহার খাটখানায় শুয়ে কি স্থনিতা ় হচ্ছে না ?"

"তা যদি জানতে চাদ," স্থা সংস্নহে বলে, "তুই যেদিন থেকে নদীর বাধে রাত কাটাচ্ছিদ দেদিন থেকে আমারও রাত কাটছে না। কিন্তু থাক ও কথা। আমি যে এ দেশের কলকারথানার উপর নির্ভর আমি তা মানছি, আমার এই নির্ভরতা কী করে নিঃশেষ হয় তাই দিন রাত ভাবছি।"

বাদল তর্ক করবে না বলে সপ্রতিজ্ঞ, কিন্ধ হিসাবনিকাশও করতে হবে একদিন। এখন তার কিছুটা হয়ে থাক।

"তৃমি যে কলকারধানার শক্র তা তৃমি কোনোদিন গোপন কবনি। তোমার ঐ থাদির পোষাক তার জলজনে বিজ্ঞাপন। কিন্তু স্থীদা, তোমার নিজের একটা থেয়াল তৃমি তোমার দেশের উপর চাপিয়ে দিতে পার না। চাপাতে গেলে দেশ বিদ্রোহ করবে। তুমি ত অস্ত্র দিয়ে দে বিদ্রোহ দমন করবে না, কাজেই তোমার থেয়াল তোমার সচ্ছেই লোপ পাবে। তুমি কি তা বোঝ না ?"

"বাদল, যে চোরাগলিতে তোরা চুকেছিস তার থেকে তোদের উদ্ধার নেই।" স্থা গন্ধীর ভাবে বলে। "তোদেরও নেই, তোদের সভাতারও নেই। কিন্তু আমরা ভারতের অশিক্ষিত অসভা গ্রাম্য নরনারী, আমরা ত তোদের মত কলকারখানার জন্মলে হারিয়ে যাইনি, আমরা সংকল্প করব নিজের জমিতে নিজের ফসল ফলিয়ে নিজের হাতে কেটে নিজে রেঁথে থেতে। নিজের জমির তুলো নিজের চরকায় কেটে নিজের তাতে বুনে নিজে পরতে। এ যদি একা আমার খেয়াল হয় তবে এর ভবিয়ং নেই। কিন্তু এটা একটা বিরাট দেশের বিশাল স্মাজের নীতি।"

স্থীর স্বরে এমন একটা দৃঢ়তা মিশিয়ে থাকে যে বাদল তার উক্তি উড়িয়ে দিতে পারে না। বিচলিত হয়ে বলে, "তুমি কি বিশাস কর, স্থীদা, ভারতের জ্বনসাধারণ আধুনিক সভ্যতাকে অগ্রাহ্ম করবে ?"

"বিশ্বাস করি, বাদল।"

"তাহলে বল, তোমরা দেড়শো বছর পিছিয়ে যাবে।"

"না, আমরা দেড়শো বছর এগিয়ে যাব।"

"ওটা ভাষার ঘোরপাঁচ।"

"না, বাদল, আমবা সত্যিই এগিয়ে যাব, কারণ আমরা তোদের আধুনিক সভ্যতার থেকে কয়েকটি তত্ত্ব শিখেছি, সেগুলি আমাদের দেড়শো বছর আগে জানা ছিল না। এই জ্ঞান আমাদের কাজে লাগবে। তথন কেউ আমাদের যুদ্ধে হারাতে পারবে না, আমাদের ব্যুদ্ধার কেড়ে নিতে পারবে না, আমাদের কাঁচ দিয়ে ভূলিয়ে কাঞ্চন

হরণ করতে পারবে না। আধুনিক সভ্যতার কাছে সেই কয়েকটি তত্ত্ব ছাড়া আর কিছু শেখবার নেই। আর সব আমাদের আছে।"

স্বধীর প্রতীতি তার কণ্ঠস্বরে বাক্ত হয়।

"স্থীদা, স্থীদা," বাদল হঠাৎ উঠে দাঁড়ায়, "তুমি যত কথা বললে আমি তার সমস্ত শুনিনি, কিন্তু তোমার মত কঠন্বর কবে আমার হবে ? কোথায় পাব আমার কঠন্বর ?"

স্থাী উত্তর দেয় না, বাদলের হাতে চাপ দেয়।

্ "আমি জানি", বাদল বলে, "তোমার ও সব কথা আমার নয়। কিন্তু তোমার ঐ কঠন্বর আমারও হতে পারত। আমার বলবার আছে অনেক, কিন্তু গলা নেই।"

ऋथी वाष्ट्रमाय वनाय, किन्न तन विषाय निय ।

থেকে থেকে বাদলের মনে পড়ে, "বাদল, যে চোরাগলিতে তোরা চুকেছিস তার থেকে তোদের উদ্ধার নেই।" কোন চোরাগলি ? 'আধুনিক সভ্যতা কি একটা চোরাগলি ? বাজে কথা। কিন্তু বাজে কথাও স্থাদার কঠে কেমন জোরালো শোনায়। স্থাদার কঠে স্বর আছে, স্বরে জোর আছে।

আধুনিক সভ্যতায় বাদল মোটের উপর সল্লন্ধ ছিল, তার ক্ষোভ কেবল এই বে এর বারা মান্তবের হংথমোচন হচ্ছে না, মান্তবের শক্তির অপচয় হচ্ছে। স্থায়, সবল, কর্মক্ষম মান্তব বেকার হয়ে ধীরে ধীরে কর্মিষ্ঠতা হারায়, তখন সেই নিছমাকে আহার জোগানোর ভার সমাজের। এই সব কুপোল্ডের সংখ্যা বাড়লে সমাজের ভারসাম্য থাকে না, সমাজ উন্টে পড়ে। সেই ওলটপালটের নাম বিপ্লব। বিপ্লব এড়ানোর জল্পে প্রতিবেশী সমাজের সঙ্গে যুদ্ধ বাধানো যে ক্যাপিটালিন্ট-দের হাতের পাঁচ এ বিষয়ে বাদলের সন্দেহ নেই, কিন্তু সে চায় তাদেব সেই চাল সময় থাকতে নিবাবণ করতে। তার কমিউমিস্ট কমরেজরা তা চায় না, স্থাদার মত শান্তিবাদী বন্ধুরাও যে চায় তাও মনে হয় না। ক্যাপিটালিস্ট, কমিউনিস্ট, প্যাসিফিস্ট কেউ উঠে পড়ে লাগছে না, কেউ তৎপর নয়—বাদল একা যতদ্ব পারে করবে। যুদ্ধ বাধানোর আগেই যেন পুঁজিবাদ বরবাদ হয়, বরবাদ হবার সময় যেন রক্তারক্তির মাত্রা ছাড়ায় না। ডেমক্রেসীর থাপটা যেন আন্ত থাকে, তলোয়ার যেন সে থাপ কেটে ডিকটেটরশিপের বেখাপে সেঁধায় না।

আধুনিক সভ্যতার বাহন যে কলকারখানা বাদলের তৎপ্রতি অহবাগ ছিল। কয়লা, পেটোল, ইলেকটি সিটি এই তিন ভৃতকে বেগার থাটয়ে মাহথ অক্লেশে নিজের থাটুনি কমাতে পারে। এই রকম আরো গোটা কতক ভৃত আবিষ্ণৃত হলে মাহথ তাদের থাটয়ে নিজে হথে স্বচ্ছলে বিহার করতে পারে। আধুনিক সভ্যতার ভিত্তি যদি হয় কয়লা, পেটোল, ইলেকটি সিটি তবে কেন যে হখীদা ওর বিরোধী তা বাদল কোনো দিন অহথাবন করতে সমর্থ হয়নি। ভাবে, হখীদার ওটা থেয়াল। শুনে আশ্র্বা হচ্ছে যে ভারতেবও ওটা সংকর। ভারত যদি স্প্রীছাড়া হতে চায় ত হবে। এ আজ্রও দেশের নেতা যখন গান্ধী তথন ওর ত্থেমোচনের আশা অল্প। বাদল ওদেশে কিরবে না। তর্ তার আফশোষ হয় যে ওদেশ কয়লা, পেটোল, ইলেকটি সিটির বনিয়াদের উপর আধুনিক সভ্যতার আকাশচুলী সোধ নির্মাণ করবে না।

স্থীদা হয়ত বলবে, ভৌতিক ভিত্তির চেয়ে নৈতিক ভিত্তি বরণীয়। কিন্তু আধুনিক সভ্যতার নৈতিক ভিত্তির ক্রটী কোণায়? সাম্য, মৈত্রী, স্বাধীনতা যদিও কার্যত বিড়ম্বিত তবু কত শত ভাবুককে, কর্মীকে, বিজ্ঞানতপন্থীকে প্রেরণা প্রদান করেছে। কার্যও কি হয়নি? ইটালী এখন স্বাধীন দেশ, জার্মানী এখন বিপাবলিক, রাশিয়া এখন সোশ্চালিস্ট সোভিয়েট বিপাবলিকের সমবায়। লীগ অফ নেশনস হয়েছে, ইন্টার্ফ্যাশনাল কোর্ট হয়েছে। এসব কি তুচ্ছ করবার মত ?

বাদল স্বীকার করে না যে আধুনিক সভ্যতা একটা চোরা গলি। শোষণ আছে, শ্রেণীদাসত্ব আছে, অফুরস্ত অবিচার আছে। তা সত্তেও বনিয়াদ ঠিকই আছে।

কথাটা কিন্তু বাদলকে খোঁচা দিতে থাকে। তাতে কোনো সার আছে বলে নয়, তার সঙ্গে কণ্ঠশ্বর আছে বলে। স্থীদা রাতীত অন্ত কেউ বললে বাদল কর্ণপাত করত না।

"স্থীদা", এর পরে যথন দেখা হয় বাদল স্থায়, "দেদিন যে চোরা-গলির উল্লেখ করেছিলে ওটা তেমন পরিষ্কার হয়নি। আধুনিক সভাতার ভৌতিক ভিত্তি যদি হয় কয়লা, পেটোল, ইলেকট্রিসটি আর নৈতিক ভিত্তি যদি হয় সাম্য, মৈত্রী, স্বাধীনতা তা হলেও তুমি ওকে চোরাগলি বলবে ?"

"ওনে স্থা হল্ম, বাদল," স্থা জবাব দেয়, "তুই নীতির দাবী মানিস। কিন্তু দেদিন আমার বক্তব্য ছিল এই যে আধুনিক সভ্যতার গতি materialismএর অভিমুখে। আধুনিকদের মধ্যে যারা ধনিক তাদের দেবতা যে Mammon একথা কে না জানে! যারা শ্রমিক বা শ্রমিকপ্রেমিক তাদেরও দেখছি সেই দেবতা। কমিউনিজমের সঙ্গে materialism এমনভাবে জড়িয়ে গেছে যে ওর ভিতরে যেটুকু নৈতিক ছিল সেটুকুও গৌণ হয়ে গেছে। সাম্যবাদ বলতে যা বোঝানো উচিত ও কি তাই ? ও ত dialectical materialism!"

বাদল ভাবে, তা হলে materialism কি চোরাগলি ?

Ø

"স্ধীদা", বাদল ক্ষ্প্র স্বরে বলে, "তুমি ত ইতিহাস পড়নি, পড়লে দেখতে মেটিরিয়ালিজম পূর্ব্ধ যুগেও ছিল, এ যুগেও আছে। সেটা আধুনিকতার সমার্থক নয়। তবে গোকর গাড়ীর যুগের মেটিরিয়ালিজম ও মোটর গাড়ীর যুগের মেটিরিয়ালিজম বিভিন্ন হতে বাধা। কিন্তু দেই বিভিন্নতার দক্ষণ আধুনিকতার উপর মেটিরিয়ালিজমের সমস্ত দায় আরোপ করা যায় না, স্থীদা।"

স্থী হেদে বলে, "আমার মনে থাকে না যে তুই Croceর শিশু। আমি কেবল অবাক হয়ে ভাবি তুই তা হলে কী করতে কমিউনিস্টাদের দক্ষে থাকিস, কেনই বা অমন করে ঘ্রিস!"

"দে অনেক কথা।" ক্রোচের উল্লেখে বাদলের পূর্ক স্থৃতি উজ্জীবিত হয়। "কবে তোমার সময় হবে, তোমাকে বলব আমার মানদিক বিকাশের ধারাবাহিক রুকান্ত। আজ ত সময় নেই। এক কথার বলি, আমি আমার হিউমানিজমের দিক থেকে এখনো দব জিনিষ দেখি, সব হুংখের প্রতিকার খুঁজি—ওদের ওই মেটিরিয়ালিজমের দিক থেকে নয়। আমি যে ক্রমে ক্রমে মেটিরিয়ালিক হয়ে পড়ভি তেমন আশকা নেই, কেননা ডিটারমিনিজম আমি প্রাণ গেলেও মানব না, আর ডিকটেটরশিপ আমি কিছুতেই সইব না। রক্তপাতের বিক্রম্বে আমার মজ্জাগত প্রেজুডিস নেই, কিছু অপরিমিত রক্তক্ষয় আমি কোনো মতেই সমর্থন করব না। কাজেই আমি শেষ পর্যন্ত হিউমানিস্টিই থাকব, বেঁচে থাকতে মেটিরিয়ালিক হব না। আমার ডয় কেবল এই যে আমি যদি না হুংথমোচনের হুংথহীন উপায় আবিকার করি তবে আমার পরেই

প্রলয়!" বাদল বলতে বলতে শিউরে ওঠে। বলে, "তথন ছনিয়ায় একটিও হিউমানিস্ট অবশিষ্ট থাকবে না, সব মেটিরিয়ালিস্ট। তথন ভোমার মত শাস্তিবাদীদেরও শাস্তি বাদ পড়বে।"

স্থী তার স্মৃথে কটি ছুধ ফল ও বাদাম রেখে তার পিঠে হাত রাথে। বাদল বিনা বাকো হাত ধতে চলে।

স্বধী বলে, "আমি ইতিহাস না পড়লেও মনস্তম্ব পড়েছি, তোদের আধুনিকদের মন ত বৃঝি। তোরা পৃথিবীর ঐশ্বর্য্য সম্ভার ভোগ করতে করতে সহসা বিমর্থ বোধ করিস। ভাবিস, হায়! আমরা যা ভোগ করি সকলে কেন তা করতে পায় না! কোটি কোটি লোক কেন দিনে বারো ঘণ্টা খাটে, লক্ষ লক্ষ লোক কেন বেকার হয়, চারিদিকে এত দৈল্য কেন, কেন এত অস্বাস্থা। তথন তোৱা নিজ নিজ ক্ষচি অমুসারে এই ব্যবস্থার পরিবর্ত্তন খুঁজিস, কারো সঙ্গে কারো পদ্ধতি মেলে না, কিন্তু সকলেরই মুখে একই কথা-ধনসম্পদের অভাবই মাহুষের প্রাথমিক অভাব, অভাবমোচনই পুরুষার্থ। ক্যাপিটালিস্ট ও কমিউনিস্ট, এখন দেখছি হিউমানিন্ট, সকলেরই দৃষ্টি অভাবের উপর, পার্থিব অভাবের উপর। মাহুষের যে আত্মা আছে, আত্মার ঐশ্বর্যা যে প্রত্যেকে ঐশ্ব্যবান, আত্মিক ঐশব্যই যে সাড়ে পনেরো আনা, এ যদি তোরা বুঝতিস তবে বাকী আধ আনার জন্মে কেউ প্রমিকতোষণের কথা, কেউ শ্রেণীসংগ্রামের কথা, কেউ শ্রেণীসংগ্রামের পরিবর্ত্তে আন্তর্জাতিক সংগ্রামের কথা, কেউ বিনা যুদ্ধে ও বিনা বিপ্লবে ফললাভের কথা এমন তন্ময় হয়ে ভাবতিস নে।"

বাদল চূপ করে শোনে, প্রতিবাদ করে না। তর্ক করতে ইচ্ছা নেই, কিছু হিনাবনিকাশও যে দরকার।

"কিন্তু স্থীনা, ওটা যে একটা হৃঃস্বপ্নের মত বুকে চেপে বসেছে।

বাকী আধ আনাই বল, আর আঠারো আনাই বল, ওটা যে তুর্বহ সত্য।"

"পাগল", স্থী সম্প্রেহে বলে, "এই বললি ছঃস্থা, এই বলছিস ছর্কাহ স্ত্য! স্বপ্ন কি স্ত্য!"

"যতক্ষণ স্থায়ী হয় ততক্ষণ সত্য। তুমি যদি পার ত এই ছঃস্বপ্ন ভেঙে দাও। তা হলে আমিও মৃক্তি পেয়ে আত্মার সন্ধান নিই।" এই বলে বাদল স্থায় দিকে মুমুক্তাবে তাকায়।

"আত্মার সন্ধান নিলে তবেই তুই মৃক্ত হবি, তার আপো নয়। যারা আত্মার সন্ধান পায় তাদের কোনো কামনা থাকে না, তাই তারা এই সংসারজ্ঞালা থেকে মৃক্ত।"

এবার বাদল তর্ক না করে পারে না। "কিছু তাদের মৃক্তির পরেও যদি সংসারজ্ঞালার অন্তিত্ব থাকে তবে তাদের মৃক্তি কি স্বার্থপরতা নয়? তেমন মৃক্তি কে চায়?"

সুধী ক্ষণকাল আত্মন্থ হয়। তার পরে বলে, "জালা চিরকাল থাকবে। যে কারণে নক্ষত্র নীহারিকা জলছে সেই একই কারণে মাহযের সংসার জলছে ও জলবে।"

বাদল হঠাৎ উঠে বলে, "আমি তোমার সঙ্গে দর্শনচর্চা করতে আদিনি। আমি চাই একটা হাতে কলমে সমাধান। আমার এই দুঃস্বপ্ন আমার কাছে অবান্তব নয়, দুঃধীদের কাছে ত নয়ই। কেন তা হলে আমরা বান্তবকে এড়াব ?"

"আমি কি এড়াতে বলেছি ?" স্থী স্লিগ্ধ স্ববে বোঝায়। "আমি যা বলেছি তার তাৎপর্য্য এই যে তুই যদি বৃহত্তর বাস্তবের সন্ধান পাস তবে তোর কাছে ক্সতের বাস্তব দুর্বহ বোধ হবে না।"

বাদল হাল ছেড়ে দেয়। হতাশভাবে বলে, "চুর্বাহ বোধ না হতে

পারে, কিন্তু তার অন্তিত্ব থাকবে ত ? ক্লোরোফর্ম করলে ঘাতনাবোধ সাময়িকভাবে লোপ পায়, কিন্তু যাতনা কি যায় ?"

"না, যাতনা যায় না। কেন যাবে ? জগতে কি আগুন থাকবে না, তাপ থাকবে না ? আমরা যে তড়িৎ দিয়ে গড়া, দহন দিয়ে ভরা।"

"গাঁজা! গাঁজা!" বাদল পা বাড়ায়। "আফিং! আমি ওসব শুনতে চাইনে, আমি চাই অভাবের নির্বাণ। অভাববোধের নয়, অভাবের। যা আমি statistics দিয়ে মেপে দেখতে পারব, যা দম্ভরমত objective."

স্থী নীরবে তার সক নেয়। সে সিঁড়ি বেয়ে নামতে নামতে বিড়বিড় করে, "ছোট ছেলেমেয়েদের যেমন বৃদ্ধির ওজন নেওয়া হয় তেমনি ওজন নেব প্রত্যেকের ঋদ্ধির। স্থাস্থাচ্চন্দ্য যদি বাড়ে তবেই ব্যব পৃথিবীটা বাসযোগ্য হচ্ছে। অল্পসংখ্যক ভাগ্যবানের নয়, অধিকাংশ প্রাবানের নয়, প্রত্যেক অধিকারবানের।"

স্থী ভধু বলে, "মেটিরিয়ালিস্ট !"

বাদল সে অপবাদ মাথা পেতে নেয়। বলে, "মেটিরিয়ালিস্ট ? বেশ, তাই!"

স্থী এক সময় তার হাতে চাপ দিয়ে বিদায় নেয়। বাদল এক। চলতে চলতে ভাবে, মেটিরিয়ালিস্ট ? বেশ, ডাই! নামে কী আসে বায়! এতদিন নিজের ও পরের নামকরণের প্রতি যতটা মনোযোগ দিয়েছি ততটা যদি বস্তর উপরে দিতুম তা হলে হয়ত এত দিনে বস্তর নিয়ম কাহন জেনে রাখতে পারতুম। মার্কদের মন্ত গুণ তার দৃষ্টি সমস্তক্ষণ বস্তর উপরে। অপরে কেবল শব্দের পিছনে ছুটে রুধা শব্দ করেন। আমি মৌন হয়ে বস্তর স্থিতি গতি ও প্রকৃতি অহুধ্যান করব। সেদিক থেকে আমি মেটিরিয়ালিস্ট, কিন্তু তা বলে মার্কৃস্পন্থী নয়।

আমাদের পদ্ধা বতন্ত্র, লক্ষ্য এক। স্থাদার মন অধ্যাত্মবাদীরা চার অভাববাধের অবসান, আমরা বস্তবাদীরা চাই অভাবের অবসান। আমরা চাই অভি প্রচুর পণ্য এবং সেই পণ্যের প্রমাত্মপাতে বন্টন। প্রাচুর্যের জন্মে যন্ত্রের সহায়তা নিতেই হবে, কিন্তু যন্ত্রের উপর মালিকী করবে না ধনিক অথবা ধনিকের প্রতিনিধি রাষ্ট্র। মার্কসের সঙ্গে আমার যে পার্থক্য তা পদ্ধতিগত, আর স্থাদাদের সঙ্গে আমাদের যে পার্থক্য তা ভিত্তিগত। কেন তা হলে আমি স্থাদার কাছে এত বার যাই ?

এর পরে বাদল স্থণীকে পরিহার করে। স্থণীর বাসায় যদি বা যায় তবে তা কুধার তাড়নায়। কিন্ধ সামাজিক শিষ্টাচারের সীমা লক্ষম করে না, সীমার ভিতরেও যথাসম্ভব নীরব থাকে। স্থণী যদি স্থধায়, "বাদল, তুই কী আজকাল ভাবিস", বাদল ধরাছোঁয়া দেয় না। সে যে মেটিরিয়ালিজমের চোরাগলিতে চুকেছে এ কথা বার বার শুনতে তার ইচ্ছা নেই। চোরাগলিই হোক, খোলা সড়কই হোক অভাবমোচনের ও ছাড়া অক্য পথ নেই, তবে কিনা সে মার্কস্বাদীদের সঙ্গে এক ফুটপাথে হাঁটবে না, তার ফুটপাথ স্বকীয়।

অগত্যা স্থীই মাঝে মাঝে নদীর বাঁধে গিছে বাদলের সঙ্গে সাক্ষাৎ করে, কিন্তু বাদল মন খুলে কথা কয় না।

P

মার্গারেট যথনি আদে বাদলের জন্মে কেক বিশ্বট বান্ ইত্যাদি আনে। বাদল ত রাতদিন কৃষিত হয়েই রয়েছে, তাকে সাধতে না সাধতে সে আস্থাদন করে। "ধন্তবাদ, মার্গারেট।" বাদল বলে অস্তর থেকে। তার মানে উদর থেকে।

মার্গারেট তার পাওয়া দেখে খুশি হয়, নিজেও এক চুকরা ভেডে মুখে দেয়।

"আমি এখন ব্ৰুতে পারি", বাদল খেতে খেতে বলে, "কেউ কেন মেটিরিয়ালিফ হয়। আগে আধিভৌতিক ভিন্তি, তার পরে নৈতিক বা আধ্যান্মিক চূড়া, যদিও আধ্যান্মিকতায় আমি চিরদিন সন্দিহান।"

"কেন, বাদল ?" মার্গারেট প্রতিবাদ করে। "সন্দিহান হতে যাও কেন ? আধ্যাত্মিকতার সঙ্গে আমাদের কিসের বিবাদ ? যার খুশি সে গির্জায় যাক, প্রাণভরে প্রার্থনা করুক, চোথের জলে থোত হয়ে নির্মল হোক। আমাদের কেবল দেখতে হবে আমাদের সংগ্রামের সময় ধর্মের নাম করে কেউ আমাদের বিভ্রান্ত করছে কিনা। যদি করে তবে তার রক্ষা নেই, সে বিশপ কিম্বা আর্চবিশপ যেই হোক। কিন্তু গায়ে পড়ে আমরা ধার্মিকদের সঙ্গে ক্রনহ করব না, বরং আমরা মানব যে যীশুর ধর্মে কমিউনিক্তমের সার তত্ত্ব রয়েছে। তিনিই ত প্রথম কমিউনিক্ত।"

"ও কথা," বাদল একটু ক্লেষ মিলিয়ে বলে, "তোমার ভায়ালেকটিকাল মেটরিয়ালিস্টদের বোঝাও গিয়ে। ওদের কমিনিউক্লম কেবল ক্যাপিটালিজমকে ধ্বংস করে ক্লাস্ত হবে না, সেই সলে ধর্ম কৈও।"

"ওদের সঙ্গে," মার্গারেট বলে, "আমার যোলো আনা মিল নেই, তোমারও না। কিন্তু পার্টি বলে একটা জিনিষ আছে ও থাকবে। আমি ওদের পার্টিতে আছি, থাকবও। কাজের দিক থেকে ও ছাড়া উপায় নেই। তৃমিও ক্রমে উপলব্ধি করবে যে একলা কিছু করতে পারা অসম্ভব। কিন্তু বাদল, তোমাকে আমি পার্টিতে যোগ দিতে বলব না। আমি জানি ওর ভিতরে কত আবিলতা। আমি যদিও পার্টির সদস্থ তব্ একটু দ্রে দ্রেই থাকি, আমার রাজনীতি বিভন্ধ রাজনীতি নয়।"

বাদল অনেককণ ভাবে।

"পার্টি," বাদল দৃঢ়তার সহিত বলে, "আমার জল্পে নয়। বার্থ যদি হই তবে নিজের দোষে হব, কিন্তু পার্টির দোষে বার্থ হতে প্রস্তুত নই। মার্গারেট, তোমার কাছে গর্ব করতে চাইনে, কিন্তু আমার সময় সময় মনে হয় যে একজন মাত্র্য একটা পার্টির চেয়েও বলবান হতে পারে। সেই একজন মাত্র্যই হচ্ছে এক, অন্তান্তেরা তার পিঠের শৃশ্ত।"

"তোমার এই ব্যক্তিত্বের গর্বেই তুমি গেলে!" মার্গারেট তার সঙ্গে একখান! বিস্কৃট নিয়ে লোফাল্ফি খেলে। "বাদল, তুমি তলে তলে ফাসিস্ট।"

"মার্গারেট, আমি তলে তলে হিউমানিস্ট।" বাদল গম্ভীর ভাবে বিস্কৃটখানা বদনসাৎ করে।

"তুমি যাই হও না কেন, তুমি যে বাদল তা আমি ভুলব না।"
মার্গারেট হাসে। "কিন্তু তোমাকে বার্থ হতে দেখতে ইচ্ছা করে না,
সেইজন্তে বলি যে তুমি যদি এত কট সয়ে নদীর বাঁধে থাকলে তথে আর
একটু কট সয়ে ডকে কাজ কর। কিমা কারখানায়। যদি তাতেও
তোমার আপত্তি থাকে তবে মুচির সাগরেদ হও, কিমা মুদির সহকারী।
এমন করে দেশলাই ফেরি করাটা যে ভিকার্তি।"

वायन दाकि द्य मा।

"আমি স্বাধীন থাকতেই ভালোবাসি, মার্গারেট। ম্চির সাগরেদ কি স্বাধীন? মুদির সহকারী কি মুদির অধীন নয়? তা ছাড়া নীতি ঘুনীতির প্রশ্ন আছে। কারখানায় কিয়া ভচক কাঞ্চ করলে শোষণের সক্ষে সহযোগিতা করা হয়। আমি যদি সহযোগিতা করি তবে সেই নিংখাদে ধ্বংসের কথা বলতে পারব না। আমার কণ্ঠস্বর জোরালো হবে কী করে, যদি আমি সহযোগিতার নিজ্ঞানিই ? না, মার্গারেট, শোষণের সঙ্গে আমি প্রত্যক্ষ সংশ্রব রাধব না।"

.মার্গারেট তাকে বোঝায় যে নীতি ত্নীতির প্রশ্ন যদিও তৃচ্ছ নয় তব্ উদ্দেশ্যসিদ্ধির প্রশ্নই সকলের উর্দ্ধে।

"ব্ঝলে, বাদল? তুমি যে শ্রেণীচ্যুত হয়েছ ক'জন এটা পারে! তুমি পার বলেই ভোমাকে বলেছি, অন্ত কাউকে বলিনে। তুমি যথন শ্রেণীচ্যত হতে পেরেছ তথন নিশ্চয় তার পরবর্ত্তী ধাপটাও তোমার পক্ষে হুরুহ হবে না। তুমি পার্টিভুক্ত নাই বা হলে, শ্রেণীভুক্ত হও। শ্রমিক শ্রেণীতে মিশে যাও। অমন করে জলের উপর তেলের মত ভেদে থাকাটা তোমার নিজের পক্ষে হয়ত অস্বন্তিকর নয়, কিন্তু তমি যদি কায়মনোবাক্যে শ্রমিক না হতে পার তবে তোমাকে আমি শ্রমিকের পোষাক পরিয়ে ঠিক করিনি, তুমি ছন্মবেশী বুর্জোয়া। তোমাকে যারা অমুদরণ করবে তারা হয়ত একদিন তোমারই মত कांत्रिके हत्व। इन्नार्यमी कांत्रिके। तांत्र (कांत्रा ना, वांत्रम। जांत्रांक আমি পুরোদম্বর শ্রমিক হতে দেখলেই নিশ্চিম্ভ হব, নইলে আমার মনে সন্দেহ থেকে যাবে যে তুমি তোমার ওই পোষাকের ছারা শ্রমিকদের ভূলিয়ে ফাসিস্ট করবে। চারি দিকে শত্রুপক্ষের চর ঘুরছে, তাদেরও তোমারই মত পোষাক। সংগ্রামের দিন তারা যদি শ্রমিকের আস্থা পেয়ে তাকে হাত করে তা হলে কি শ্রমিক কোনো দিন জিতবে ? জম্বের দিক থেকে বিবেচনা করলে তোমার এই পোষাক হয়ত বিশাস্থাতকের ভেক। সেইজন্মে তোমাকে মিনতি করি তুমি প্রমের দ্বারা শ্রমিক হও।"

मार्गारवं विमृष् वामनक मूथ यूनरा ना मिरा आवात वरन,

"তোমার রুচি না হর পার্টিতে যোগ দিয়ো না, কিন্তু শ্রমে যোগ দিয়ে শ্রমিক শ্রেণীভূক্ত হতেই হবে তোমাকে, যদি তুমি পোষাকের মধ্যাদা বক্ষা করতে চাও। আর এ যদি হয় তোমার অভিনয়ের সাজ তবে তুমি আমার পোষাক আমাকে ফেরৎ দাও। আমি আমার শ্রেণীর । সর্বনাশ ডেকে আনব না।"

মধুর ভাবে যার আরম্ভ তিক্ত ভাবে তার ইতি। বাদদকে যে কেউ বিশাসঘাতক ঠাওরাতে পারে বাদদ তা ভূলেও ভাবেনি।

এর পরে মার্গারেটকেও বাদল পরিহার করে, তার সঙ্গে মন খুলে কথা কয় না। তার কেক বিস্কৃট তেমন ভালো লাগে না। পেটের কুধাই সব নয়, মন বিমুখ হলে মুখও বিমুখ।

এর পরে একদিন স্থার সঙ্গে উজ্জয়িনী দেখা করতে আসে। গ্রামে যাবার প্রভাব শুনে বাদল বলে, "কাজ কি ভাই আমাকে টেনে ? আমি কথা কইতে অপারগ, কেননা একদিন আমাকে কথা কইতে হবে। আমি কথা শুনতে অনিজুক, কেননা এতদিন আমি ও ছাড়া আর কী করেছি। কোথাও যেতে আমার কচি নেই, কেননা যেথানেই যাই সেথানেই দেখি তুঃখ। আমাকে একা থাকতে দাও ভোমরা।"

বাদল তাদের ঠিকানা লিখে নেয়।

আবো একবার সাক্ষাৎ হয় স্থীর সঙ্গে বাদলের। স্থী জানায় নীলমাধ্ব মাঝে মাঝে বাদলের সংবাদ নেবে, বাদল যেন চেয়ারিং ক্রস অঞ্চল ছেড়ে অগ্রন্ত নাঃ চলে যায়। গেলে যেন স্থীকে কিস্বা নীলমাধ্বকে চিঠি লেখে।

"অত কথা," বাদল মাথা নাড়ে, "আমার স্মরণ থাকবে না, স্থীদা। আমি একমনে ভাবছি কেবল একটি কথা—হয় আমিই ওকে ধতম করব, নয় ওই আমাকে ধতম করবে। ওর সঙ্গে মানিয়ে চলা

আমার খারা হবে না। আমার সঙ্গে বনিয়ে, চলাও ওর খারা হবার নয়।"

স্থী শক্ষিত হয়ে স্থায়, "কাকে লক্ষ্য করে বলছিস, পাগল! উজ্জ্যিনীকে ?"

"ना, উজ্জয়িনী নন।" वापन ऋषौरक আশ্বন্ত করে।

"তবে কে ?" অন্ত কোনো মেয়ে নয় ত। "মার্গারেট ?" হঠাৎ প্রশ্ন করেই স্থণী অমৃতপ্ত হয়। কী লজ্জা! এসব বিষয়ে কৌতূহল কি স্থণীর শোভা পায়!

"না, স্থীদা।" বাদল অকপটে বলে "Exploitation."

স্থী হো হো করে হাসে। তারপর বিষয় হয়। সে শ্রে আজ বাদলের কাছ থেকে বিদায় নিতে এসেছে। আবার কবে দেখা হবে কে জানে!

9

वामन क्थी त्राकी वाल्ड नित्य शित्य शाख्याय।

"ভোকে এখানে এই অবস্থায় ফেলে কোথাও যেতে-আমার দুস্পৃহা নেই, বাদল। তবু যাচ্ছি, তার কারণ আমারও কিছু ∙তঃখ আছে। তাকে প্রকৃতির স্নেহধারায় গাহন করাতে চাই, স্নান করে স্নিশ্ন হোক সে।"

"শুনেছিল্ম," বাদল অক্তমনস্কভাবে বলে, "শাস্তিবাদীদের আসরে তুমি বেহালা না বাশরী কী যেন একটা বাজাবে।"

"হাঁ, তেমন অভিপ্রায়ও আছে।" স্থাী মৃচকি হাসে।
বাদলের সহঁসা মনে শড়ে যায়। "তোমারও তৃঃধ ? আমি কি সে
ছঃখ দুর করতে পারিনে, স্থাীদা ?"

"না, পাগল। হৃ:খ দেখলেই তোরা দ্র দ্র করিস, যেন দ্র সম্পর্কের দীন কুটুছ। আমি কিন্তু ওকে নিকট সম্পর্কের ধনী আত্মীয় বলেই জানি। ধনী আত্মীয়েরই মত হৃ:সহ, কিন্তু ওর যা কিছু ধন তা একদিন আমারই হবে। এমন দিন আসবে যে দিন আমার এই হুর্তেোগ থেকে হুর্ চলে যাবে, তখন থাকবে কেবল ভোগ। হুল চলে যাবে, থাকবে কেবল মধু।"

"গন্ত তোমরা, দার্শনিক।" বাদল বক্রোক্তি করে। বলে, "ভলতেয়ার টুতোমাদেরই একজনকে অমর করে দিয়ে গেছেন, সেই চরিত্রটির নাম Pangloss."

স্থ্রী হাসে। দেও ভলতেয়ারের "Candide" পড়েছে।

"তামাসা নয়, স্থালা।" বাদল থেয়েদেয়ে চাঙ্গা হয়ে ওঠে। "তোমরা আছ বলেই তৃঃখ্ আছে। তাকে তোমরা আন্ধারা দিয়ে এমন বেয়াড়া করে তুলেছ যে আমরা তাকে নিয়ে জ্বলেপুড়ে মরছি। প্লেটো তাঁর কল্পিত রাষ্ট্রে কবিদের স্থান দিতে চাননি, আমি হলে দার্শনিকদেরও নির্বাসনে পাঠাতুম।"

বাদল শৃত্যে বোতাম টেপে। ওটা ওর মুদ্রাদোষ।

"তু:খকে তাড়িয়ে যদি তোরা স্থাী হস তবে তু:খের সঙ্গে সংক্ষ আমরাও আপনি সরে পড়ব, বাদল। কিন্তু যদি লেশমাত্র তু:খ থেকে যায় তবে তোরাই আমাদের ফিরিয়ে আনবি। তোদের শোকে সান্থনা দিতে, ব্যর্থতায় সার্থকতার রং ফলাতে, সংঘাতে শান্তিজ্ঞল ছিটাতে আমরাই আবার আসব। আমরা যে তোদের চিরদিনের সাথাী।"

বাদল ততক্ষণে অক্সমনস্ক হয়েছে। অদ্য মনে বলৈ, "হৃঃথ তোমার থাকবে না, স্থীদা, যদি সফল হই আমি। সব হৃঃথেরই প্রতিকার এই ব্যবস্থার পতন। ব্যবস্থা ত নয়, অব্যবস্থা।" এই বলে সে তার সমস্ত শক্তির দহিত শুন্ডো আঙুল হানে।

"তোর জয় হোক।" বলে স্থণী বিদায় নেয়।

সুধী যত দিন লগুনে ছিল বাদলের অবচেতন মন জানত যে সে একা নয়, তার সুধীদা আছে, তার চির দিনের সুধীদা। সুধীর লগুনত্যাগের পর বাদল মর্মে মর্মে অহুভব করতে লাগল যে সে নিরাশ্রয়।

তবে তার আর একটা অহত্তি ক্রমে প্রথব হচ্ছিল। সারাদিন ঘোরাফেরা করে প্রান্ত হয়ে সে যথন তারই মত ভবঘুরেদের পাশাপাশি শ্যা পাতে তথন তার থেয়াল থাকে না যে সে বিংশ শতান্দীর বাদল, ইতিহাসের চালক, ইনটেলেকটের প্রতিরূপ, গ্রায়পরতার কণ্ঠস্বর। নামহীন গোত্রহীন বিজহীন উদ্দেশ্রহীন শৈবালদের সঙ্গে সেও যেন একই স্রোতে ভাসছে। যেন শ্যাতলের মৃত্তিকাটা কঠিন নয়, সমীপবর্ত্তী নদীজলের মতই তরল। তথন সেই অজানা অচেনা ভবঘুরেদের মেলায় বাদল অহুভব করে অপূর্ব্ব এক Communion—যেন সকলে মিলে এক, যেন একাধিক নয়। তার স্বাতস্ত্রা যে কোথায় বিলীন হয়েছে বাদল সহসা সন্ধান পায় না। সে কি সংজ্ঞাবদ্ধ ব্যক্তি? না সে সংজ্ঞাতীত গণ? বাদলের কেমন যেন মাল্ম হয় সে যেন ছনের পুতৃলের মত মিলিয়ে গেছে সাগরে। সে আর ব্যক্তিবিশেষ নয়, সে নির্ব্বিশেষ, নৈর্বাক্তিক, নিব্বিচ্ছিন্ন এক। তার সে নিরাশ্রমভাব নেই, সে আর নোঙরছেঁড়া নৌকা নয়, সে পোতাশ্রম্ব পেয়েছে। এটা একটা প্রাপ্তি।

এই যে কমিউনিয়ন এ যদি হত কমিউনিজমের চরম লক্ষ্য তা হলে শ্রেণীসংঘর্ষের ধৃমে আকাশ আচ্ছন্ন হত না। থীসিদের সঙ্গে য্যান্টি থীসিদের

মানসিক বিরোধ মানবিক ব্যাপারে আরোপ করে কী এক কাগু করে গেছেন কার্ল মার্কস ! তাঁর সেই ভায়ালেকটিক মেটিরিয়ালিজম হয়েছে ইতিহাদের আধুনিকতম ভাষ্য এবং কমিউনিজমের অবলম্বন। কোথায় তলিয়ে গেছে কমিউনিয়নের ভাব, যা ছিল কমিউনিজমের আদি উপজীব্য! প্রাচীন কমিউনিজম ত মেটিরিয়ালিজমের সঙ্গে এমন ভাবে ওতপ্রোত ছিল না। তার ভিতর বিরোধের ভাব ত ছিল না। অথচ বিরোধের ভাব মার্কদীয় কমিউনিজমের গোড়ার কথা। বিরোধবিহীন জগং মার্কস কল্পনা করতে পারতেন না, বিরোধ আবহমানকাল চলে এসেছে ও যতদিন না শ্রেণীশূল সমাজ সংস্থাপিত হয়েছে ততদিন চলতে থাকবে। তা যদি হয় তবে থীসিস ও য়্যাণি থীসিসের লীলা কি হঠাৎ একদিন থামবে ? প্রগতির সর্গু যদি হয় ভায়ালেকটিক টানাপোড়েন তবে শ্রেণীশৃত্ত সমান্ধ সংস্থাপিত হওয়ামাত্র কি প্রগতিরও বিরাম ঘটবে ৷ শ্রেণীশৃত্য সমাজের পরবর্তী ইতিহাস কীদৃশ ? যে ইতিহাস যুগ্যুগান্ত ধরে বিরোধের ইতিহাস হয়ে এসেছে দে কি তথন থেকে হবে মিলনের ইতিহাস ? না শ্রেণীশূল সমাজের অভ্যন্তর হতেই অভিনব বিরোধের স্ব্রেপাত হবে ? টুট্স্কি বনাম म्हानिन ? शैनिन वनाम ग्रां है शैनिन ?

ও লাইনে চিক্তা না করে বাদল চিন্তার স্টীয়ারিং ঘোরায়। ক্রমে ক্রমে তার জিপ্তাসা জাগে, ব্যক্তি ত এক একটি চেউ, চেউয়ের নীচে অনস্ত অতল জলনিধি, তবে কেন আমরা এত বেশী ব্যক্তিসচেতন গু এও কি এক হিসাবে মাত্রা ছাড়িয়ে যাওয়া নয়? ব্যক্তিসচেতনতার মাত্রা ঠিক রেখে সমষ্টিসচেতন হলে ক্ষতি কী ? অবশ্য সমষ্টিসচেতন হতে গিয়ে ব্যক্তির সন্তা অস্বীকার করা বা ব্যক্তির ইচ্ছা অগ্রাহ্ম করা আর এক চরমপন্থা, সেও মাত্রা ছাড়িয়ে যাওয়া। তুই চরমপন্থার

মারামাঝি যে পছা সেই পছা বাদলের। ধরতে গেলে ইতিহাসেরও সেই পছা। ইতিহাসও মধ্যপন্থী, যদিও এক এক যুগে এক এক দিকে তার ঝোঁক। আধুনিক ক্যাপিটালিজ্ঞম, আধুনিক ক্যিউনিজ্ঞম কোনোটাকেই ইতিহাস সহু করবে না, কেননা তুটোই তু'রকম চরম পছা। ইতিহাস দক্ষিণপন্থী বামপন্থী নয়। ইতিহাস মধ্যপন্থী। ব্যাষ্টকে ডাইনে রেখে সমষ্টিকে বামে রেখে সে এই নদীর মত এঁকে বেঁকে চলেছে। তার সেই আঁকাবাকা গতিকে যদি বলা হয় খাসিস ও ম্যান্টি খাসিস তবে বাদলের মতে ব্যষ্টি হচ্ছে খাসিস, সমষ্টি হচ্ছে ম্যান্টি খাসিস। কিছ তা বলে তাদের মধ্যে সত্যি কোন বিরোধ নেই। যা আছে তা মাত্রাভিক্রম। নদী যেমন এ কুল ভাঙে, ও কুল গড়ে, তারপর ও কুল ভাঙে, এ কুল গড়ে ইতিহাসও তেমনি কখনো ব্যষ্টিকে প্রাধান্য দেয়, কখনো সমষ্টিকে। দিনের বাদল ব্যক্তিসচেতন, রাতের বাদল গণসচেতন। ইতিহাসও তেমনি।

এই তত্ত্ব আবিষ্কার করবার পর বাদল কতকটা শাস্তি পায়।
সে যদি মধ্যবিত্ত শ্রেণী ছেড়ে শ্রমিক শ্রেণীতে না মিশে যায় তা হলেও
সে ইতিহাসের সঙ্গেই চলবে, ইতিহাস যে অভিমুখে চলেছে সেই
অভিমুখেই চলবে। ইতিহাসের বাইরে পড়বে না, ইতিহাসের বিরুদ্ধতা
করবে না। ধনিকদের শোষণ বন্ধ করবে, কিন্তু তাদের ধনেপ্রাণে
মারবে না। শ্রমিকদের গ্রায্য পাওনা পাওয়াবে, কিন্তু অন্ত সকলের
মাথার উপর দিয়ে রাজ্য চালাতে যাওয়াবে না। তার নেতৃত্ব পদে পদে
মাত্রা মানবে, তবেই এ সংসারে ক্রায়ের ক্রয় আনবে। তার লক্ষ্য
সোশ্রাল জাস্টিস—ধনিকরাজের পরিবর্ত্তে শ্রমিকরাজ নয়।

মার্গারেটকে যেই এ কথা বলা অমনি সেটিটকারী দিয়ে বলে, "তোমাকে এক জোড়া গোঁফ কিনে দেব, আর একটা বোলার টুপি। তা হলে তুমি হবে দোসরা নম্বর: চার্লি চ্যাপলিন। তোমার এই হাস্থকর ফাসিজ্ব সার্কাদেই সাজে, কাজেই তোমাকে পরতে হবে সার্কাদের সাজ। চার্লির সার্কাস ছবিধানা তুমি দেখনি ?"

বাদলের ছ'চোখ জলে ভাদে। হায় রে! এবা কী মৃচ!
ইতিহাদের বাদল-নেতৃত্ব হেসে উড়িয়ে দেয়! সে যদি যীশু হত তা
হলে বলত, পিতা, পিতা, এদের ক্ষমা কর, এরা জানে না এরা কী
করছে! কিন্তু সে দোসরা নম্বর যীশুও নয়, চার্লিও নয়। সে পয়লা
নম্বর বাদল। বাষ্পরুদ্ধ কঠে বলে, "মার্গারেট, আমি হয়ত বাঁচব না।
কিন্তু তোমরা দেখবে আমার কথাই ফলবে। জয় হবে অন্য কোনো
বাদলের।"

۳

মার্গারেট করুণায় আর্দ্র হয়।

"আমি জানি তুমি কট পাচ্ছ। কিন্তু তুমি কট পাচ্ছ বলে কি দিনের স্থ্য রাত্রে উদয় হবে ? যেমন প্রকৃতির নিয়ম তেমনি ইতিহাসের বিধান। ব্যক্তির হুঃখকটের প্রতি ক্রক্ষেপ নেই ওর।"

মার্গারেট একটু থেমে একটু দ্বিধার স্থরে বলে, "বাদল, তুমি ফিবে যাও।"

"ফিরে যাব!" বাদল বিশ্বিত হয়-। "কোন চুলায় ?"

"যেখানে খুশি। দেশে। কিমা বাসায়।"

বাদল দীর্ঘনি:শ্বাস ফেলে। অকারণে কাঁপতে কাঁপতে বলে,
"মানবতনয়ের দেশ কোথায়! যেখানে তার কাজ সেইখানে তার দেশ।
আর বাসা! পাখীর আছে নীড়, শেয়ালের আছে বিবর, কিন্তু মানবতনয়ের নেই মাথা বাধবার ঠাই।"

"আমি জানি। জানি বলেই তোমায় নিবৃত্ত হতে বলি।" মার্গারেট প্রতায়ের সহিত বলে, "হবার যা তা ব্যক্তির দ্বারা হবার নয়। হবে সমষ্টির দ্বারা। তুমি যদি সমষ্টির অঞ্চীভূত হতে তবে তোমার তঃথকষ্টের সার্থক্তা থাকত, ভাই। কিন্তু তুমি শ্রমিকের সাজ পরলেও কারথানায় কাজ করবে না, শ্রমিকদের থেকে অভিন্ন হবে না। তোমার ব্যক্তিস্বাতন্ত্রা তোমার কাছে এত মূল্যবান যে তুমি কোনো সমষ্টিগত প্রয়াসে চোথ বুজে গা ভাসিয়ে দেবে না, সমস্তক্ষণ সমালোচনা করবে। এমন মান্তব্যক দিয়ে ইতিহাসের উদ্দেশ্যসিদ্ধি নৈব নৈব চ।"

বাদল আত্মকাল থেকে থেকে কাঁপে। সে যে কাঁপে তাই সে জানে না। কেন কাঁপে তা কী করে জানবে! শীতকাল নয়, স্থতরাং এ কাঁপুনি সম্পূর্ণ অসাময়িক।

"তার চেয়ে তুমি যাও, আইন পড়, ব্যারিস্টার হও। কিম্বা বই-লেখ, মধ্যাপক হও। ব্যারিস্টার অথবা অধ্যাপক হয়েও তুমি আমাদের সাহায্য করতে পার। ক্রিপ্স, ল্যান্ধি, কোল—এঁরা কি কম সাহায্য করছেন ?"

"কাকে বোঝাব! কে ব্যবে!" বাদল হতাশভাবে বলে। "আমি বে বাদল। আমি যে দায়ী। যদি এক মৃহুর্ত্তের তরেও মনে করতে পারতুর ব্রুদ্ধ আমার কোন দায়িত নেই, কিষা আমার দায়িত আর দশক্ষনের চেয়ে বেশী নয়, তা হলে কী স্বথীই বে হতুম! ক্রিপ্ দের পিতা লর্ড, ল্যাস্কির পিতা বণিক। আমার পিতা তত বড় না হলেও আমি তাঁর একমাত্র উত্তরাধিকারী। ইচ্ছা করলে আমি ব্যারিস্টার, প্রোফেসর, ম্যাজিস্টেট, এডিটর হতে পারি। কিছু আমার ইচ্ছা পূর্ণ হলে আমি সেই সিস্টেমেরই একটি চাকা হব যে সিস্টেম জগলাথের র্থের মত শোষিতদের ব্কের উপর দিয়ে চলেছে।" বাদল যেন একটু

তিক্ত স্ববে বলে, "পুঁজিবাদের ভূরিভোজনে উদরপূর্ত্তি করে তার নিন্দাবাদ উদ্গার করা আমার দ্বারা হবে না, মার্গারেট।"

তুজনেই নিস্তন্ধ থাকে।

বাদল নিস্তর্গতা ভঙ্গ করে। "অথচ এমন নয় যে আমি পুঁজিবাদের কাছে প্রার্থী হয়ে প্রত্যাখ্যাত হয়েছি। যারা একটা সামাগ্র অন্তর্গ্রহ পেলে স্বেক্ছায় ক্যাপিটালিজমের চাকা হয়, পায়নি বলে চোখ রাঙায়, আমি তাদের একজন নই। তা হলে আমি কী পু আমি বাদল। আমি বিংশ শতাসীর মৃক্ত মান্ত্য। আমি দেখছি আমার ভাইরা মৃক্ত নয়। তারা একটা অপচয়শীল সমাজব্যবস্থার দাসত্ম করছে—মজুরিদাসত্ম, ওয়েজ ক্ষেভারি। এই দাসত্ম আমি সইতে পারিনে বলে পিতার উত্তরাধিকার পরিত্যাগ করেছি। আমি এব্রাহাম লিংকনের উত্তরাধিকারী। উনবিংশ শতাশীতে তিনি যা করেছিলেন, বিংশ শতাশীতে আমি তাই করব। তিনি তাঁর কৃষ্ণাঙ্গ ভাইদের মৃক্তি দিয়েছিলেন, আমি আমার মজুর ভাইদের মৃক্তি দেব। আমার কাছে ইতিহাসের তাৎপর্য্য এই।"

বাদলের হাত, কাঁধ, ঘাড় কাঁপতে থাকে।

"আমি মুক্তিদাতা বাদল। আমার যেদিন শক্তি হবে সেদিন আমি মুক্তি দেব। কী করে আমার শক্তি হবে, কবে আমার শক্তিহুবে, সেই আমার একমাত্র ভাবনা। আমার এই একাগ্রতা নই হবে যদি আমি কারখানার শ্রমিক হই। মনে কোরো না, মার্গারেট, যে আমি শ্রমের ভয়ে কাতর।"

এই বলে বাদল অতি হৃঃথে হাসে।

শ্রেমের ভয়ে কাতর, তেমন ইঙ্গিত করিনি, বাদল।" মার্গারেট শশব্যন্তে বলে। "বলেছি, সমষ্টির মধ্যে স্বাভন্ত্য বিলোপের শকায় ঘাটে বসে তুমি সমালোচনা করবে, ঘটনার প্রোতে গা ভাসানো তোমাকে দিয়ে হবে না। অন্তায় বলেছি, ভাই ?" সে স্থিয় নয়নে তাকায়।

শনা, যথার্থ বলেছ। ঘটনার স্রোতে গা ভাসানো বাদলদের দিয়ে হবার নয়।" বাদল সাহকারে বলে, "কারণ ঘটনার স্রোত যে বাদলদের আয়তে। ইতিহাস হচ্ছে অশ্ব, বাদলরা অশ্বারোহী। ঘোড়া তার সওয়ারকে ফেলে কত দ্র যাবে ? ঘোড়া বোঝে তাকে অগ্রগতির স্বাদ দিতে পারে তার নিজের থেয়াল নয়, তার সওয়ারের মর্জি। ঘটনার স্রোত উজান বয়ে আমাদের ঘাটে ফিরবেই। কারণ আমরাই জানি আমাদের শতান্দীর প্রয়োজন কী, আর কিসে প্রয়োজন মিটবে।"

বাদলের কণ্ঠ কাঁপে। সে ক্লান্ত হয়ে মাথা নোরায়।

"তোমার কি কোনো অস্থ্য করেছে, বাদল ?"

"কই, না।"

"তবে তুমি অমন করে কাঁপছ কেন ?"

"কই, কাপছিনে ত।"

"বোধ হয় উত্তেজনায় কাঁপছ। তা হলেও তোমার কিছু দিনের জ্ঞাে বাসায় ফেরা উচিত। তোমাদের সেই আন্তানা আছে না গেছে ?"

"কে জানে! থাকলেও সেখানে ফেরার কথা ওঠে না। সেখানে," বাদল ইতন্তত করে, "আমার একাগ্রতা রক্ষা করা কঠিন। একটি মেয়ে—"

মার্গারেট মৃচকি হাসে।

বাদল অপ্রতিভ হয়ে আমতা আমতা করে। জেসী কি একাগ্রতার ক্ষতিই করত ? একাগ্র হতে সহায়তা করত না ? গৌতমের যেমন স্থাতা বাদলেরও তেমনি জেসী নয় কি ? যশোধরা ও স্থাতা ছই এসেছে তার জীবনে। তা সত্ত্বেও যদি সে সিদ্ধার্থ না হয়ে থাকে তবে তাদের কী দোষ।

জেসীর জত্মে তার মন কেমন করে। তপস্বীকে ক্ষ্ধার মূখে পথ্য দিয়ে, পায়স দিয়ে, যে স্ক্জাতা তন্ময় রাখত তাকে সে ঠিকানা পর্যাস্থ জানায়নি। জানালে যদি সে রাত্রে হাজির হয়!

"একটি মেয়ে," বাদল গুছিয়ে বলে, "আমার সেবা করত। কিন্ধ কারো সেবার ঋণ আমি গ্রহণ করতে কুন্তিত। ঋণশোধের কথা ভাবতে গেলে আমার ভাবনা মাটি হয়।"

"ঋণশোধের কথা ভাবতে চাও কেন ?" মার্গারেট আশাসনা দেয়। "তুমি ব্যক্তিস্বাতন্ত্রবাদী বলেই তোমার মনে ও প্রশ্ন। আমিও অসংখ্য ঋণে ঋণী। কিন্তু সে ঋণ আমি সমষ্টির কাছ থেকে নিয়েছি, সমষ্টিকে শোধ দেব। বাতাস কি আকাশের কাছে ঋণী হয়, না ঋণী থাকে ?"

বাদল অন্তমনন্ত। জেসীমনন্ত।

"বাদল, তুমি নিজেকে ব্যক্তিবিশেষ মনে করে নিজের ও পরের হাদয় ভাঙছ। অমন করে তুমি শক্তিও পাবে না। শক্তি আসে নানা হয়। তুমি যদি মনে করতে যে তুমি ঝড় কি বিচাৎ কি অন্ত কোনো নৈস্টিক আধার তা হলে শক্তি তোমার ভিতরে আপনি সঞ্চারিত হত, সঞ্চার করত স্বয়ং প্রকৃতি, স্বয়ং ইতিহাস। সে শক্তি তুমি বিচ্ছুরিত করে নিঃশেষিত হতে গ্রহতারার মত। বর্ষণ করে ফ্রিয়ে যেতে বাদলের মত। তোমার নাম ত বাদল, ব্যবহার কেন অন্তর্মপ ?" মার্গারেট রহস্ত করে।

এ তর্ক আরো কয়েক বার হয়েছে। বার্দণ ও মার্গারেট পরস্পরকে ভজাতে চেষ্টা করেছে, সফল হয়নি। "থাক, মার্গারেট, তুমি আমাকে ঠিক ব্রবে না।" বাদল হাল ছেড়ে দেয়। "তোমার মতে ব্যক্তির নিজের কোনো মূল্য নেই, সে সমষ্টির মূল্যে মূল্যবান, যেমন স্থেয়র মূল্যে তার কিরণ। পক্ষান্তরে ব্যক্তিই আমার মতে মূল্যের পরিমাপক। সমষ্টির কল্যাণ, সমাজের স্থ্য, সবই শেষ বিশ্লেষণে ব্যক্তির কল্যাণ, ব্যক্তির স্থ্য। তবে কিনা তোমরা বিশ্লেষণবিম্থ। পাছে তোমাদের সংহতিবোধ ত্র্বল হয়! পাছে ব্যক্তিকে একবার আমল দিলে প্রাইভেট প্রপাটি মেনে নেওয়া হয়!"

বাদলের শ্লেষ যথাস্থানে পৌছায়। মার্গারেট আরক্ত হয়ে বলে, "আগে প্রাইভেট-প্রপার্টি নির্কাংশ হোক, উত্তরাধিকার উঠে যাক। সব সম্পত্তি সমাজের হোক, উপস্বত্বের অধিকার যাক ঘুচে। তার পরে ব্যক্তির মূল্য সম্বন্ধে দার্শনিক বিচার চলুক, আমার আপত্তি নেই।"

2

দার্শনিক বিচারে সমষ্টিরও মূল্য আছে, সে মূল্য ব্যক্তির মূল্যেরই মত আন্তরিক। কিন্তু ব্যবহারিক জগতে সমষ্টি একটা খণ্ডের অতিরঞ্জন। কমিউনিস্টদের মূথে সমষ্টি মানে ত শুমিকশ্রেণী। শ্রমিকশ্রেণী মানে ত কমিউলি । কমিউলি মানে ত ক্টালিন। অতএব সমষ্টি মানে একজন একছত্ত্র পুরুষ, একজন ডিক্টের। রোমান ক্যাথলিকরাও সমষ্টির মহিমা কীর্ত্তন করে। তাদের মূথে সমষ্টি মানে খ্রীষ্টরাজ্য। খ্রীষ্টরাজ্য মানে রোমক সম্প্রদায়। রোমক সম্প্রদায় মানে রোমান চার্চ্চ। রোমান চার্চ্চ মানে পোপ বা পিতা। অতএব সমষ্টি মানে একজন হন্তা কর্ত্তা বিধাতা, একজন ডিক্টের। বিশ্লেষণ করলে সমষ্টি দাড়ায় ডিক্টেটর।

বাদল কিনা মৌনব্রতী। তাই তর্ক করে না। বলে, "আচ্ছা, দে দব পরে হবে। আপাতত দাসমৃক্তি আমাদের উভয়েরই লক্ষা। কেবল পদ্ধতি ভিন্ন।"

মার্গারেট হেসে বলে, "কেবল পদ্ধতি ভিন্ন নয়, লক্ষ্যও ভিন্ন। গত শতকে যারা দাসদের মৃক্ত করেছে তারা এখনো তাদের উপর প্রভুত্ব করছে। এ কালে যাদের তুমি দাস বলে অভিহিত করলে—আমি মনে করি, অপমান করলে—তোমরা বে তাদের মৃক্তির পরেও তাদের উপর প্রভুত্ব করবে না তার গ্যারাণ্টি কে দেবে ?"

বাদল ভেবে বলে, "গ্যারাণ্টি কি কেউ দিতে পারে? মুক্তিই সাম্যের গ্যারাণ্টি।"

"উত্।" মার্গারেট ঘাড় নাড়ে। "শ্রমিককে সাম্যের গ্যারাণ্টি দিতে পারে শ্রমিকশ্রেণীর একাধিপত্য। কোনো মিশ্র শাসন নয়, অবিমিশ্র শ্রমিক শাসন। প্রোলিটারিয়ান ডিক্টেটরশিপ। আমি জানি তুমি ডিক্টেটরশিপ পছল কর না। আমিও করিনে। কিন্তু শ্রমিকরা যত দিন শিক্ষিত না হয়েছে তত দিন তাদের স্বার্থরক্ষার জল্মে ডেমক্রেসী স্থগিত রাখতে হবে। চিরকালের তরে নয়, শ্রমিকরা যত দিন না মেজরিটি পাবার কলকৌশল অবগত হয়েছে তত দিন। তারপরে যথন ডেমক্রেসী হবে তথন দেখবে প্রতি নির্বাচনে শ্রমিকদেরই মেজরিটি, তাদেরই অপ্রতিষ্কৃত প্রভুষ।"

বাদল মর্মাহত হয়। সমাজে ভায়ের প্রতিষ্ঠা হোক এই সে চায়।
ভায়ের রাজত্ব বলতে যদি শ্রমিক রাজত্ব বোঝায় তবে দোশাল জাসটিসের
ধুয়া ধরে সত্যকে ঢাকা দেওয়া কেন ? খোলাখুলি বলে ফেলা ভালো,
আমরা ভায় বুঝিনে, মৃক্তি বুঝিনে, আমরা কুঝি আমাদেরই চিরস্থায়ী
একাধিপত্য। পার্লামেন্টে প্রবেশ পাচ্ছিনে বলে ডিকটেটরশিপের বক

তুলেছি, ডিকটেটরশিপ নিষ্কটক হলে ডেমক্রেসীতে রূপাস্তরিত ইবে।
যথন সব লাল হয়ে যাবে তখন কেই বা শ্রমিক, কেই বা ধনিক! তখন শ্রেণীশৃত্য সমাজ। তেমন সমাজে ব্যক্তিকেও উত্তরাধিকার ব্যতীত অন্তবিধ অধিকার ছেড়ে দিতে বাধবে না।

বাদলের স্থগতোক্তি শুনে মার্গারেট বলে, "কতকটা বুঝেছ। কিন্তু যা নিয়ে তোমার এত মাথাব্যথা তা নিয়ে আমরা সত্যি এত ভাবিনে। ডিকটেটরশিপ হবে কি ডেমক্রেসী থাকবে, ব্যক্তির কোন কোন অধিকার কেড়ে নেওয়া হবে ও কোন কোন অধিকার ছেড়েটুদেওয়া যাবে, এসব প্রশ্ন পরের কথা। আমাদের প্রথম চিন্তা বলপরীক্ষা। আপাতত একমাত্র চিন্তা, সর্ব্বগ্রাসী চিন্তা। ইতিহাস যদি হঠাৎ আমাদের বলপরীক্ষার স্থযোগ দেয় আমরা কি জিতব ? না ইলেকশনের মত তাত্তেও হারব ? ইতিহাসের উপর বরাত দিয়ে বসে আছি যে, ইতিহাস কি আমাদের সাহায্য করবে, যদি আমরা নিজেদের সাহায্য না করি ? পার্টি লাইনের সঙ্গে আমার লাইন মিলছে না, বাদল। এ কথা তোমাকে কানে কানে বলছি। তর্কের সময় কিন্তু কান ধরে বলব যে ইতিহাস আমাদের জিতিয়ে দেবেই, জয়ের প্রৈথম কিন্তি রাশিয়ায় দিয়েছে।"

ত্ত্ৰনেই হাদে।

বাদল বলে, "তা হলে শক্তির চিন্তাই আমাদের হুজনেরই প্রথম চিন্তা, একমাত্র চিন্তা, সর্বগ্রাসী চিন্তা।"

মার্গারেট উদাসকণ্ঠে বলে, "তা ছাড়া আর কী!"

ি "কিন্তু এক্ষেত্রেও তোমার সঙ্গে আমার পথভেদ। আমি চাই বিনা বিপ্লবে বিপ্লবের ফল, বিনা যুদ্ধে যুদ্ধের ফল।"

"থবরের কাগজে যেমন থাকে বিনামূল্যে ওষ্ধ বা সাবান।"

"যাও! কিদের সঙ্গে কিসের তুলনা!"

"তুলনা ঠিকই হয়েছে, বাদল। বিনা বিপ্লবে বিপ্লবের ফল, বিনা যুদ্ধে যুদ্ধের ফল হচ্ছে ম্যাজিক। ও দিয়ে ছেলে ভোলানো চলে, কিন্তু এ যুগের মাহুষ ত শিশু নয় । ও ফল ছুঁড়ে ফেলে দিয়ে বলবে, দূর ছাই!"

"কিন্তু", বাদল কাতরভাবে বলে, "আমি যে ফলের কথা বলেছি তা সত্যিকার ফল।"

"সত্যিকার ফল," মার্গারেট নির্দ্ধ স্থরে বলে, "মিথ্যাকার গাছে ফলে না। বিনা বিপ্লবে রাজ্যলাভ যেন বিনাম্ল্যে সোনার ঘড়িও চেন। ঘড়িটা অচল, সোনাটা গিল্টি।"

वामन विभव इस । मार्गादब छ ७८ ।

"রাজ্যলাভ বললে যে," বাদল জিজ্ঞাসা করে, "রাষ্ট্র-করায়ত্ত না করে কি বর্ত্তমান ব্যবস্থার পতন ঘটানো যায় না ?"

"পতন ঘটানো কি একদিনের কাজ!" মার্গারেট যাবার সময় বলে যায়। "কিসের পতন সেটা বিবেচনা কর। রাজার কিছা রাজমন্ত্রীদের পতন হয়ত একরাত্রের মামলা। তেমন বিপ্লব শত শত হয়েছে। কিছা আমাদের বিপ্লব তেমন নয়। আমরা চাই যেখানে যত কোম্পানী আছে ব্যান্ধ আছে দোকান আছে জমিদারি আছে তেলের থনি ও রবারের বাগান আছে বেল লাইন ও জাহাজের কারবার আছে সমৃদয় প্রতিষ্ঠানের পতন—এই অর্থে যে সমৃদয় পতিত হবে ধনীর হন্ত হতে শ্রমীর হন্তে, ধনীদের রাষ্ট্রের হন্ত হতে শ্রমীদের রাষ্ট্রের হন্তে।" মার্গারেট করুণ হেসে বলে, "এক রাত্রির নয়, এক শতান্ধীর কাজ। চিরস্থায়ী একাধিপত্যের কথা যখন বলি তখন সব দিক ভেবেই বলি। এক শতান্ধী ধরে।ভাঙাগড়া চললে পরে নতুন বাবস্থায় নতুন মানুষ তৈরী হবে। আমার সেইসব মানুষ সম্ভানের জন্তে প্রাণ্ণাত করে যার আমি। গুড বাই।"

মার্গারেটকে দেখলে মনে হয় মৃত্তিমতী ট্র্যাজেন্ডী। কার সজে উপমা দেবে চিস্তা করলে মনে পড়ে গ্রেচেনকে। ও নামে সে ওকে কতবার ডেকেছে। কিন্তু গ্যয়টের গ্রেচেন ত শেষপর্যাস্ত স্বর্গে উপনীত হয়, মর্ত্তের ট্র্যাজেন্ডী হয় স্বর্গের কমেন্ডী। না, গ্রেচেন নয়, য্যান্টিগোনি। সোফোর্রিসের য্যান্টিগোনি।

বাদল ওর হাতে হাত রেখে বলে, "Good-bye, Antigone".

সেকালে লড়াই হত সিংহাসনের জন্তে। যে জয়ী হত সে সিংহাসনে বসত। একালে যুদ্ধ বাধবে রাষ্ট্রের জন্তে। যোদ্ধারা এক একজন ব্যক্তি নয়, এক একটা শ্রেণী! যারা জিতবে তারা রাষ্ট্র হাতে পাবে এবং রাষ্ট্রের সামর্থ্য দিয়ে পরাজিতকে পদানত করবে। বাদল শিউরে ওঠে।

যারা পদানত হবে তারা কি পড়ে পড়ে সহু করবে ? চক্রাস্ত করবে না, বিদ্রোহ করবে না ? তবে এর বিরতি কোথায় ও কবে ? শত বর্গ ধরে যদি হানাহানি চলতে থাকে পুনর্গঠনের কতটুকু আশা ? যারা ডান হাত দিয়ে লড়বে তারা বাম হাত দিয়ে গড়তে গেলে শিব গড়বে না বাঁদর গড়বে ? যদি ডান হাত দিয়ে গড়তে বসে বাম হাত দিয়ে লড়তে পারবে কি ?

বাদল বিশ্বাস করে না যে শ্রমিকরাজকে কেউ দশটি বছরও নিবিবাদে গঠনের কাজ করতে দেবে। রাশিয়ায় দেয়নি, সেখানে বিসম্বাদ লেগেই রয়েছে। বলপ্রয়োগের দারা কাজ করিয়ে নেওয়ার নীতি হচ্ছে বাদর গড়ার নীতি। বাদর গড়ে হবে কী?

জন্ধকার। চারি দিকে জন্ধকার। বাদলের মনে হয় পায়ের ভলায় মাটি কাঁপছে। সে হাঁটতে হাঁটতে থমকে দাঁড়ায়। টাল সামলে নেয়। তবু তার ভয় থাকে হয়ত পড়ে যাবে।

मानत्वत्र ভाগ्যে की चार्ह क कारन! याहे थाक वामनत्क मिरम

যেতে হবে মধ্যপন্থী সমাধান। ষাতে শোষণের প্রতিকার হয় অথচ
অপচয় বাঁচে। যাতে ছই হাতই গঠনের কাজে লাগে। ইভিহাসের
ডায়ালেকটিকাল প্রোসেস একটা ত্ঃস্বপ্ন, একটা অসত্য। অনবরত
সংঘর্ষের ঘর্ষণে ইভিহাসের রথ চলে এ কথা হয়ত যথার্থ হত, যদি
বাদলরা না পাকত। মার্ক্ স্তুলে গেছেন যে বাদলরা আছে। তারাই
ইভিহাসের সার্থি। তারা থাকতে সংঘর্ষের প্রয়োজন হয় না।
নিতান্তই যদি প্রয়োজন হয় তবে বাদলরা তার মাত্রা নিয়ন্ত্রণ করে।

মাহুষের হিতাহিত বৃদ্ধি তাকে সমন্তক্ষণ মধ্যপদ্বার প্রবর্ত্তনা দিছে, তাই এত যুদ্ধবিগ্রহসত্ত্বেও মাহুষ লয় পায়নি। বাদলরাই বিষ্টুকু কঠে ধারণ করে মাহুষকে বিদর্প থেকে রক্ষা করে এসেছে। লিংকর যদি প্রাণের বিনিময়ে নিগ্রোদাসপ্রথা রহিত না করতেন তবে আমেরিকার গৃহবিবাদ কোথায় গিয়ে ঠেকত কে জানে! বাদলও প্রাণ দিতে পেছপাও হবে না। প্রাণের বিনিময়ে মজ্রিদাসপ্রথা উচ্ছেদ করবে। সব মাহুষকে সমান করে দেবে, সমান অর্থে স্বেছ্যাধীনকর্মী। বাদলের কল্লিত সমাজে সকলের পারিশ্রমিক হয়ত সমান হবে না, কারণ স্বরক্ম কাজের একই রক্ম পারিশ্রমিক সমাজ সম্ভবত স্বীকার করবে না। কিন্তু কাজ বেছে নেবার ও পেট ভরে থাবার স্ক্রোগ পাবে সকলে।

20

দাম্য মৈত্রী স্বাধীনতার দেই যে ফরাসী আদর্শ তাই বাদলের অস্তরে মুদ্রিত রয়েছে। সে যদি অষ্টাদশ শতাব্দীশেষে প্যারিসে উপস্থিত থাকত তবে স্থাসিদ্ধ বৈপ্লবিক সংস্থা Cordeliers ক্লাবের সদক্ত হত। যতদিন বাদলরা ওর চালক ছিল ততদিন ওর ঘারা ইট্টই হয়েছে, অনিষ্ট হয়নি। পোলা চোথ ছিল ওর প্রতীক। চক্ষানরা রক্ষীর মত সজাগ থাকত কথন মানবের মৌলিক অধিকারে হতকেপ হয়। ইদিও তারা মধ্যবিত্ত তথাপি তারা জনসাধারণের সকে একৃত্মি হতে পেরেছিল। তাই জনতাও তাদের আপন বলে জেনেছিল। নিতান্ত প্রয়োজন না দেখলে তারা বিদ্রোহের প্রয়োচনা দিত না, যখন দিত তথন সমৃদ্রের ঢেউয়ের মত প্যারিদের জনতা গর্জে উঠত। ইতিহাসে সে ছিল একদিন।

বাদলদের সেই ক্লাব পরে উগ্রপদ্বীদের হন্তগত হয়। তাদের হুর বেহুরা। উপজীব্য হ্বরা। জনপারাবার মন্থন করে তারা গরল তুলে আনে। সে গরল ক্রমে ক্রমে তাদের প্রত্যেকের বিনাশ ঘটায়। গরলে জ্বজ্ঞবিত হুরে জনতাও ধীরে,ধীরে নিবীর্য্য হয়, অবশেষে নেপোলিয়নের পদলেহন করে। উগ্রতার সমাপ্তি দাসত্বে। ফ্রাসী বিপ্রব যদি মাজা মানত তবে সাম্য মৈত্রী স্বাধীনতার এই প্র্লিণাছ হত না, মাহুষ্ মাহুষের চাকর বনত না, যার যা খুলি সে তাই করে সমাজকে সমৃদ্ধ করত, মাহুষে মাহুষে সর্কনেশে বিবাদ ধর্ণীর খুলি রঞ্জিত করত না।

ফরাসী বিপ্লব ব্যর্থ হয়েছে মাত্রা না মেনে। অন্ত কোনো কারণ নেই ব্যর্থতার। আদর্শেরও ক্রটা নেই। ওকে শারা মধ্যবিভদের বিপ্লব বলে লঘু করতে চায় তারা বোঝে না তারা কী বকছে। আথেরে ক্লাবিপ্লবও যে ব্যর্থ হবে না তার নিশ্চয়তা কোথায়? স্টালিন কি নেপোলিয়নের প্রতিরূপ নন? নেপোলিয়ন শাসিত ফ্রান্স কি সেকালের পক্ষে প্রভৃত উন্নতি করেনি? সাংসারিক উন্নতি যদি কাম্য হয় তবে নেপোলিয়ন ফ্রান্সকে তা দিয়েছিলেন, তাই দিয়ে ভ্লিয়েছিলেন। কিন্তু মহয়ের এশ্ব্য যে সাম্য মৈত্রী স্বাধীনতা সে ধন থেকে বঞ্চিত করেছিলেন। মাত্র্য অতি সহজেই তার আদর্শ হারায়, চুষিকাঠি পেলেই খুশি হয়। সেসব চুষিকাঠির রকমারি নাম। একটা ত গ্লোরি বা গৌরব। আর একটা Collectivization. মাত্র্যকে সমষ্টিতে পরিণত করণ।

পুরাতন অভ্যাসবশে কখন এক সময় বাদল তার ব্যাক্ষের ছারদেশে হাজির হয়। টাকার দরকার নেই, থাকলেও সে কেন পিতার দান নেবে! কিন্তু চিঠি—যদি চিঠি থাকে তার নামে। বাদল চিঠির থোজ নেয়।

আশ্চর্য্য ! চিঠি লিখেছেন তার বাবা। কতকাল পরে বাবা।
চিঠি। এতদিন তিনি স্থার চিঠিতেই বাদলকে উপদেশ ও আমার্কা
জানিয়ে ইতি করতেন। কাজের লোক, তাঁর কাছে এক একাব
মিনিট যেন এক একখানা ইট, যা দিয়ে সরকারী পদমর্য্যাদার দেউল
অভ্রভেদী হয়।

লিখেছেন—তিনি কোন এক স্ত্রে সংবাদ পেয়েছেন যে বাদল তার পড়ান্ডনায় জলাঞ্চলি দিয়ে কমিউনিস্টাদের দলে ভর্ত্তি হয়েছে । অক্স কেউ সংবাদ দিলে তিনি বিশাস করতেন না, কারণ বাদল যে তাঁর মত লোকের ছেলে, সে কি কথনো তার কর্ত্তব্য অবহেলা করে বুনো হাঁস তাড়াতে যাবে! কিন্তু যিনি দিয়েছেন তিনি ইংরাজ । ইংরাজ কদাচ মিখ্যা বলতে পারে না। তাই তিনি এয়ার মেলে এই চিঠি লিখে বাদলকে সনির্কল্প উপদেশ দিচ্ছেন যে তাঁর ছেলে যেন বাপের নাম বাবে। এবারেও যদি সে আই. সি. এস. পরীক্ষায় অক্তকার্য্য হয় তবে জীবনের পরীক্ষাতেও অক্তকার্য্য হল বলে ধরে নিতে হবে। তা হলে তার পিতার জীবনের বাবতীয় আশাভ্রসাও অন্তর্হিত হবে, তিনি কাউকে মুখ দেখাতে পার্বেন না, অকালে অবসর নিয়ে কাশীবাসী

হবেন। জগৎ তাঁর সঙ্গে যে নিষ্ঠুর ব্যবহার করছে তার তুলনা নেই। এখনো তিনি ও বি. ই. খেতাব পেলেন না, অথচ গবর্গমেন্ট ও খেতাব যাকে তাকে দিছেন। পদবীর এই হর্কোধ্য অপচয় দেখে তাঁরও মাঝে মাঝে ইচ্ছা যায় কমিউনিন্ট হতে। তা ছাড়া তাঁকে এখনো প্রথম শ্রেণীর জেলার ভার দেওয়া হয়নি, পড়ে আছেন তিনি মৃদ্দেরে। কাশীবাদের কথা তিনি সভ্যি সভ্যি ভাবছেন। বাদল যদি অক্বতকার্য্য হয় তবে দেটা হবে উটের পিঠে শেষ কুটা।

বলা বাহুল্য চিঠিখানা ইংরাজীতে লেখা ও স্টেনোগ্রাফারকে দিয়ে নিইপ করা। সই অবশ্য তার নিজের হাতের। সই মানে অবশ্য শেটা নয়, ইংরাজীতে "ফাদার।" তার নীচে নিজের হাতের পুন্ত। থাতে আছে উজ্জিমীসম্বন্ধে জিজ্ঞাসা। তাকেও তিনি তাঁর আশীর্কাদ জানিয়েছেন। প্রাচীন ভূত্য নাথ্নী তাদের ত্জনকেই সেলাম পাঠিয়েছে।

নাথ্নী যে তাকে মনে রেখেছে তাতে তার রাগটা জুড়িয়ে জল হয়ে যায়। নতুবা সে বাপকে লিখত, আমি কি আপনার খাই না ধারি যে আপনি আমার সারা জীবনের বিলিব্যবস্থা করবেন? স্থাকিম হয়ে যদি আমি অস্থা হই তবে কি আপনি সে অস্থা সারাতে পারবেন? আর কী ছোট নজর আপনাদের! আই. সি. এস. হয়ে সারা জীবনের শেষে হব ত আমি প্রাদেশিক লাট বা হাই কোটের জ্জ। টম ডিক ছারি, রাম শাম যত্ও তা হয়ে থাকে। ওই যদি হয় আপনাদের উচ্চাভিলাষের চ্ড়ান্ত তবে সেই যে বৃড়ী জজকে আশীর্কাদ করেছিল দারোগা হতে সেও ছিল চরম ত্রভিলাষিণী। তার ছেলেটি বোধ হয় দারোগাগিরির সাধনার অক্তকার্য্য হয়ে বৃড়ীকে গঙ্গাতীরবাসিনী করেছিল।

বাদল তার বাবার চিঠি কৃটি কৃটি করে ছিড়ে ব্যাহ্বের ছেড়া কাগজের টুকরিতে বিসর্জন দেয়। রুখা তর্ক এমন লোকের সঙ্গে! সে যদি কোনো দিন তার কণ্ঠস্বর পায় সেইদিন প্রমাণ করে দেবে সে সার টমাস কি সার রিচার্ড নয়, সার রামগোপাল কি সার ভামাচরণ নয়। সে বিংশ শতাকীর বাদল।

তার মনে পড়ে যায় O'Shaughnessyর কবিতার লাইন—
"One man with a dream, at pleasure,
Shall go forth and conquer a crown;
And three with a new song's measure
Can trample an empire down."

বাদল ভাবে, কেবল আমি একা নই, আমরা সকলেই—সব
মান্থই—শক্তিধর স্বাপ্রিক। আমরা যদি তথু একবার বিশাস করতুম
যে আমরা ঘানির বলদ নই, আমরা চারটি থোরাকের জন্তে বা একট্
আদরের জন্তে ঘানি ঘোরাতে বাধা নই, যদি বিশাস করতুম যে আমরা
নরপুলব, তা হলে কোন দিন এ ঘানি চু মেরে ভেঙে এ ব্যবস্থা লাখি
মেরে শুভিয়ে গাঁক গাঁক করে গর্জন করতুম। মাসে মাসে টাকা
পাঠার বলে বাবা মন্ত্রে করেন তিনি আমাকে কিনে রেখেছেন, তেমনি
মজুরি বা বোনাস দেন বলে পুঁজিপতিরা মনে করেন আমরা তাঁদের
কেনা। যেদিন আমাদের আঅবিশ্বাস জন্মাবে, আঅবিশ্বতি দ্র হবে
সেদিন আসবে ইতিহাসে আর এক দিন। সেদিন আমরা ঘুম থেকে
জেগে দেখব যে আমরা মুক্ত। মুক্তির উল্লাসে আমরা সমন্ত দিন ধরে
গড়ব আমাদের স্বপ্রের মায়াপুরী, আমাদের সব পেয়েছির দেশ।

বাদল স্বপ্ন দেখে মানবজীবনপ্রভাতের। 'সে প্রভাতে যার যেখানে খুশি সেখানে গিয়ে তাঁবু গাড়ছে, কেউ ভারতবর্গ ছেড়ে ইংলণ্ডে, কেউ

ইংলগু ছেড়ে ভারতবর্ষে। যার বে কাজে খুশি সেই কাজ করছে, যেটুকু দরকার সেইটুকু পারিশ্রমিক নিচ্ছে। যে যাকে ভালোবাদে তার সঙ্গে বিহার করছে, সন্তানসম্বন্ধে নিজেদের মধ্যে একটা বোঝাপড়া করে নিচ্ছে। কোথাও কোনো সমাজ্বপতি বা রাষ্ট্রপতি বা পুঁজিপতি নেই, পুরাকালের ডাইনোদর প্রভৃতি অতিকায় প্রাণীদের মত বিলুপ্ত হয়েছে। পতি কিমা পত্নীও নেই, মামুষের উপর মার্মুষের মালিকী चय উচ্ছেদ रुएएह। नकरन चाथीन, कोरनत मिन्छ। नकरन नमान, যার পারিশ্রমিক কম দেও যেমন যার পারিশ্রমিক বেশী দেও তেমনি। প্রয়োজন অমুসারে যথন পারিশ্রমিক তথন সেটাকে পারিশ্রমিক না বলে প্রায়োজনিক বললে ক্ষতি নেই। সকলের প্রয়োজন সমান নয়, তা সত্তেও সকলে সমান। যেমন শাল তাল দেওদার ওক পাইন সমান। কারো উপরে চোখ রাভাবার কেউ নেই, সকলে এক একটি নবাব। তবে সকলের মধ্যে শৃঙ্খলা রাখতে, সামঞ্জু রাখতে সকলেরই মনোনীত একটা সমিতি থাকবে, সভা বসবে। সেই সমিতিকে রাষ্ট্র কিমা সমাজ বলতে পার, চার্চ কিমা সভ্য বলতেও পার, কিন্তু ক্ষমতা তার ব্যক্তির নিকট হতে লব্ধ, তার যা কিছু মূল্য তা ব্যক্তির দেওয়া। সে স্বয়স্থ বা স্বয়ংসিদ্ধ নয়। মাহুষের জন্মে প্রতিষ্ঠীন, প্রতিষ্ঠানের জন্ম মাক্ষ নয়।

নদীর বাঁধে ফিরে বাদল বসে বসে চুলছে এমন সময় নীলমাধব তাকে আবিষ্ণার করে। মুখচেনা ছিল, বাক্যালাপ ছিল না। মাধব শাদলের গায়ে হাত দিয়ে আন্তে নাড়া দিল, বাদল চমকে উঠে বলল, "কে ?"

"আহ্ন, কথা আছে।" এই বলে মাধ্ব তাকে বন্দী করল। ধরে নিয়ে গেল নিজের বাসায়, ছেডে দিল না।

অপ্সরা

5

কার্ল্বাডের পথে দে সরকার বলল উজ্জ্যিনীকে, "উপস্থাস যে কবে লিথব স্থিরতা নেই, লিথলেও আপনি পড়বেন কিনা জানিনে। আপনাকে যথন সাথে পেয়েছি তথন উপস্থাসের কথাবস্থ শোনাতে চাই। ভানবেন ?"

উজ্জায়নীরও কিছু ভালো লাগছিল না। মা'র জন্মে তার মন খারাপ। হয়ত কোনো সাংঘাতিক অস্থা। বিদেশে বিভূইয়ে বিপদ কখনো একা আদে না। ওদিকে স্থীর জন্মেও তার মন কেমন করছিল। এই দোটানাম পড়ে ত্'ধারের দৃশ্য উপভোগ করবার মত শক্তি ছিল না তার। কাজেই গল্প করে ও শুনে সে বাস্তবক্ষে ভূলতে পারলেই বাঁচে।

উজ্জ্যিনীর স্মৃতি নিয়ে যা স্থক্ষ হল তা পল্পবিত হতে হতে প্রায় উপক্রানেরই মৃত্যু ক্ষরত হয়ে দাড়াল। দে সরকার অবশ্র গোপন করল যে তার উপক্রানের নায়ক সে নিজে। উজ্জ্যিনীরও উক্ত তথ্যে প্রয়েজন ছিল না। প্রণয়কাহিনীগুলি তার কোতৃহল উদ্দীপ্ত করছিল, আর দে সরকারও এমন ঘোরালো করে বলছিল যে স্বভাবত মনে হতে পারে বানানো। মাঝে মাঝে পরামর্শ নিচ্ছিল, "বলজে পারেন, এই পগুটা কী তাবে সমাপ্ত করা যায় ? পদ্ম কি কুল রাধবে, না শ্রাম্বরে ?" যেন উজ্জ্যিনীর মতামতের উপের উপস্থাসের ভবিতব্য নির্ভর করছে।

এমনি করে দে সরকার তার জীবনের বহুতর অভিজ্ঞতার উপাখ্যান ঘ্রিয়ে ফিরিয়ে বলল। অত ব্যাপার সে স্থীকেও শোনায়নি। স্থীর বেলায় তার ভয় ছিল, কারণ স্থী ত বিখাস করবে না যে ওগুলি অলীক। উজ্জিমিনীর বেলায় ভয় ছিল না, কারণ উজ্জিমিনীর ধারণা ওসব উপন্তাসের অঙ্গ। জানত না যে একজনের কাছে যা গল্প আরেকজনের কাছে তাই বাস্তব।

"আপনার বই," বলল উজ্জ্বিনী, "রোমহর্ষক নয়, শুনে চমক লাগে না। কিন্তু ওর আগাগোড়া ট্যাঙ্গিক। আচ্ছা, আপনার ইচ্ছা করে না আপনার নায়কনায়িকাদের অস্তুত একটিবারও স্থুখী করতে ?"

"আমার কি অনিচ্ছা! কিন্তু করি কী, বলুন। যেমনটি ঘটেছে তেমনিটি লিখতে হবে। লোকে ভাবে লেখকরা নিরক্ষণ। ওটা ভূল।"

"ঘটেছে, কেন বলছেন? সবই ত কাল্পনিক।"

"ঘটেছে," দে সরকার ঢোক গিলে বলল, "নায়কনায়িকাদের

"কিন্তু নায়কনায়িকারা ত কাল্পনিক।"

प्त प्रवकात कान्ठामा इत्य वनन, "कङ्गालाक्व घरेना **७ घरेना** ।"

উচ্জিনিনী ছটি হাত জোড় করে বসেছিল, এই একবার আনালা দিয়ে চেয়ে দেখছিল প্রদারিত জার্মেনীর দিকে। কতবার ধেয়াল হচ্ছিল এইথানে নামলে কেমন হয়, কিছুদিন থাকলে কেমন হয়। কিছু মা'কে না দেখা অবধি শান্তি নেই, মা যদি হস্ত থাকেন হথীয়াকে না দেখা অবধি কন্তি নেই। তা হলে জার্মেনীর ব্কের উপর দিয়ে যাওয়া আসাই সার। হল্যাও ত রাত্রে কখন পার হওয়া গেল মালুম হল না। শুধু গাড়ীবদলের ফাঁকে বালিনে কিছু সময় কাটল।

"তা যদি হয়," সে অফ্ষোগ করল, "আপনি ইচ্ছা করলেই ঘটনার শেষে স্থাধর সমাবেশ করতে পারতেন, এখনো পারেন।"

"হায়, বন্ধু!" দে সরকার গাঢ় বারে বলল, "আমার যদি সাধ্য থাকত! লেখকরা যে কত অসহায় পাঠকরা কী করে ব্রবেন!".

"লেখকরা পাঠকদের কাঁদিয়ে কী যে আনন্দ পান, তাঁরাই জানেন। কিন্তু ইচ্ছা করলে তাঁরা হাসাতেও পারেন, থুশি করতেও পারেন। আপনি কেন পারেন না!"

"আমার নিয়তি।"

উজ্জিয়িনী তার চোধে চোধ রেখে বলল, "কই, আপনাকে কখনো হাসতে দেখেছি বলে মনে পড়ে না। আপনি কি তবে ও রসে বঞ্চিত ?"

"চেষ্টা করলে," দে সরকারও চোখে চোখ রাখল, "হাসতে পারি, কিন্তু শাক দিয়ে যেমন মাছ ঢাকা যায় না হাসি দিয়ে তেমনি কারা। আজ আপনার মুখেও ত হাসি দেখছিনে, চেষ্টা করলে সে হাসি আন্তরিক হবে কি ?"

এই রাজিগত প্রশ্নের জন্মে উজ্জ্বিনী প্রস্তুত ছিল না। বিরঞ্জি ইল। মুখ **জিবিহা নিয়ে ভাষ** হয়ে বসল।

দে সরকারও ক্রম্মক্ষম করল যে সীমা লজ্যন করেছে। এতদিনের তপজ্ঞায় দে সহ্যাত্তী হবার সোভাগ্য লাভ করেছে, সহাহুভবী হবার হর্লভ বর আরো সাধনাসাপেক। এ মেয়ে বাইরে পদ্ধা মানে না, ভিতরে ঘোর পদ্ধানশীন। এব সঙ্গে সারা ত্নিয়া ঘুরে বেড়ালেও এর মনের বোরখা খুলবে না।

"আপনার গল্প থামালেন বে?" এক - সময় উজ্জ্যিনীর মৌন ভালাল। "নাটালীকে লাগছিল বেশ।" "থাক, আপনার মন ভালো নেই।"

"কেমন করে জানলেন ? আমি ত বলিনি।"

"না, আপনি বলেননি। আপনার মনের প্রাইভেদী রক্ষা করেছেন। কিন্তু অমন একখানা টেলিগ্রাম পেয়ে কার না হাদ্য হ হ করে। তিনি অবশু আমার মা নন, তবু আমারই কি বুকটা ধড়ফড় করছে না? কেন তবে বোকার মত বকর বকর করি ?"

উজ্জয়িনী কোমল স্বরে বলল, "আমি কি আপনাকে দোষ দিয়েছি?
ভগু বলেছি লেখকরা পাঠকদের কাঁদিয়ে কী যেন একটা আনন্দ পান।
অন্তায় করেছি?"

"না, না, যথার্থ বলেছেন। আনন্দ পানই ত। আনন্দের জন্তেই লেখা। যিনি পারেন তিনি হাসিয়ে আনন্দ পান, খুশি করে আনন্দ পান। আর আমার মত যারা অক্ষম অসহায় লেখক তাঁরা কাঁদিয়ে. সান্থনা পান। সেও এক প্রকার আনন্দ। যে হতভাগারা কাঁদে তারা আরো দশজনকে দলে টানতে চার, তাই চিমটি কেটে কাঁদায়।"

এর পরে উজ্জিনী আবার তার চোথে চোথ রাখল। আবেগ ভরে বলল, "কিন্তু আপনি কেন তাদের মত অক্ষম অসহায় হতে বাবেন? আপনি হবেন শক্তিশালী লেখক, যার ভূণে বিচিত্র শর— বিচিত্র চরিত্র। কারো অন্তরে সুধা, কারো অন্তৃত্তে ব্যর্থতা, কেউ সম্পূর্ণ সুখী, কেউ জলেপুড়েই মলো। চার দিকে চেয়ে দেখুন, জীবন কি একরঙা, না বছরঙা ?"

কার্ল, ব্যাভ ওরফে কার্লোভিভারী যাবার সংক্ষিপ্ত রান্তা এ নয়। উজ্জায়নীর অভিলাষ ছিল এই যাত্রায় বার্লিন দেখবে, যদিও পাঁচ ঘণ্টার বেশী দেখা হবে না। চিড়িয়াখানাটার উপর তার বেগাক। কিন্তু সেখানে গিয়ে মন লাগল না। দোকানে দোকানে ঘুরে মা'র জন্মে কয়েকটা উপহার কিনল। তেঁশনে ফিবে এসে খেতে খেতে গাড়ীর সময় গুণতে গুণতে দে সরকারের কাহিনী গুনল। তেঁশন তার ভালো লাগে এইজন্তে যে সেথানে বহু বিচিত্র নরনারীর বিভিন্ন মনোভাবের চিত্র সচল ও স্বাক। তার পরে এই ট্রেন।

স্থবম্য নগর ডে্সডেন পিছনে রেখে পার্বতা পথ দিয়ে টেন চলেছে। বেলপথের সহযাত্রিণী এল্বে নদী। নদীর ত্ই দিকে খাড়ার মত খাড়া হয়ে উঠেছে পাহাড়। বিদায়বেলার স্থ্য রঙের তুলি ব্লাচ্ছে। দে সরকার মুগ্ধ কঠে বলল, "কী স্থান্য এ ধরণী!"

তৃজনে তর্ময় হয়ে শোভা সন্দর্শন করল। কিন্তু তর্ময়ভা সত্তেও দে
সরকার ভূলল না যে উজ্জয়িনীকে একাকী পাওয়া এই প্রথম, এই হয়ত
শেষ, যদি না তাকে চিরকালের মত পায়। এমন স্থযোগ এক জীবনে
ত্বার আদে না—এই প্রথম, এই হয়ত শেষ। কার্লস্বাডে তার মা
তাকে চোপে চোপে রাথবেন। সেখান থেকে যদি লগুনে ফেরা হয়
তবে তিনিও সঙ্গী হবেন। আর কয়েকটি ঘণ্টা পরে স্থযোগের অস্তঃ।
ট্রেন যতই লক্ষ্যের নিক্টবর্ত্তী হচ্ছিল দে সরকারের স্থযোগের আয়
ফ্রিয়ে আসছিল।

কর্থন এক সময় সে অলক্ষিতে উজ্জ্বিনীর একথানি হাত নিজের হাতে নিলঃ এমন অলক্ষিতে যে যার হাত সে টের পেলু না।

"আছো, আপনি ত কবি, আপনার কি কখনো মন যায় না এমনি কোনো এক তুর্গম স্থানে কুটার নিম্প্র্যুগ করে বাস করতে ?"

"আপনার ?"

"আমারও।"

"কৃটার চেষ্টা করলে মেলে। কিন্তু কাল হয়ত কাল্স্বাডের কুছকে কুটারের স্বপ্ন মনে থাকবে না। এমনি মাছ্যের মন।" "না, ঠিক মনে থাকবে। কিন্তু আপনি ত বুঝবেন না আম⁹র কী জালা! আমার যে ইচ্ছা থাকলেও উপায় নেই।"

দে সরকার কান পাতল, কথা কইল না। পাঁছে উজ্জয়িনী রাগ করে, লোকটা কী অশিষ্ট, পরের বিষয় জানতে চায়!

চেক রাজ্যের সীমাস্তে কাস্টম্সের পরীক্ষা। সে সময় উজ্জিমী বাস্ত হয়ে হাত তুলে নিল। দে সরকারও তাদের তুজনের মালপত্র খুলে দেখাতে লাগল। পাসপোট দেখে পরীক্ষক সম্ভ্রমের স্থরে বললেন, "ভারতীয় ? টাগোর…গান্ধী…"

ইতিমধ্যে আরো কয়েকবার আরো কয়েকজনের মুথে ভারত সম্বন্ধে ওংস্কা অভিবাক্ত হয়েছে। উজ্জ্ঞানী জামনি ভাষা জানে না, দে সরকার যেটুকু জানে তাতে বেশীক্ষণ চলে না। অপর পক্ষ ভাঙা ভাঙা ইংরাজীতে কিছু দূর চালিয়ে হাল ছেড়ে দেন।

খালাম চুকলে উজ্জ্যিনী বলল, "সকলের সঙ্গে মিশতে, সকলের জীবনের ভাগ নিতে এত সাধ যায়! কিন্তু ভাষা শেখবার উৎসাহ নেই। নিরুপায়!"

2

"ভাগ্যিস ভাষা জানেন না।" দে সরকার ভয়ে ভয়ে বলল, "জানলে ঝগড়া করতেন।"

"কেন, বল্ন ত ?"

"ওই যে পাসপোর্ট পরীক্ষক ও বলছিল, আপনার স্ত্রীর গায়ে ঠাণ্ডা লাগতে পারে, কোট পরিয়ে দিন। বান্ডবিক একটু একটু শীত বোধ

়। পাহাড়ে রাস্তা।"

উজ্জ্যিনী কোট গায়ে দিয়ে জ্বুথবৃ হয়ে বসল। বলল, "লোকটা বোকা। আমার ফোটার সঙ্গে আমাকে মিলিয়ে দেখেছে, আপনার নামের সঙ্গে আমার নাম মিলিয়ে দেখেনি।"

ঁ "আমি বিস্তৃ ওর কাছে ক্বওজ্ঞ। কারণ আমার পক্ষে অত বড় গৌরব কল্পনাতীত।"

তা শুনে উচ্ছয়িনী পরিহাস করল। "কথাটা আপনার স্ত্রীর পক্ষে গৌরবের নয়। তাঁকে চিঠি লিখে জানাব।"

"লিখলে ও চিঠি আপনার ঠিকানায় ফেরং আদবে।"

উজ্জামিনী ব্ঝতে না পেরে বলল, "আপনার শ্বী বৃঝি পড়িনিন্দা সইতে পারেন না ?"

"মাথা নেই, তার মাথাব্যথা।"

"ওহ্।" উজ্জন্ধিনী এতক্ষণে বুঝতে পারল। হেদে বলল, "বেশ যা হোক। যার বিদ্ধে হয়নি তার আঙুলে বিয়ের আংটি। আমার সন্দেহ ছিল আপনি বৌ থাকতে বোহেমিয়ান। যেমন হয়েই থাকে বিলেতে এদে ভারতের ছেলেরা।"

এবার দে সরকার তার আংটির ইতিহাস আরম্ভ করল। এ সেই আংটি যা সে পেয়েছিল তার স্থইস বান্ধবীর কাছে। তাঁর সঙ্গেও আলাপ এই চেকোস্লোভাকিয়ায়, এমনি এক ট্রেনের তথন তারা ভূজনেই কির্ছিল পোলাও থেকে। তাঁর স্বামীর দেশ পোলাও।

"কিন্তু মনে রাথবেন," দে সরকার সতর্ক করল, "এ আংটি আমার নয়, এ কাহিনীও আমার নয়। এসব আবেকজনের, অর্থাৎ আমার উপস্থাসের নায়কের। কুমুদ লোকটা মোটের উপর কাল্পনিক হলেও আমার অন্তরন্ধ, সেই স্থাত্তে তার হাতের আংটি আমার হাতে এসেছে।" উজ্জায়িনী সন্দিয় স্ববে স্থাল, "কুমুদ বলে কি কেউ সত্যি আছে ?" দে সরকার মুশকিলে পড়ল। পালাবার পথ নেই দেখে মরীয়া হয়ে বলল, "না থাকলে এ আংটি আমি কার কাছে পেতৃম ? এমন আংটি কি বাঙালীরা বিয়ের সময় পায় ?"

"তা হলে कूमून পেল की करत ?"

"দেই কথাই বলতে যাচ্ছি। অবধান করুন। কুমুদ আসছিল পোলাণ্ডের রাজধানী ওয়ারদ বেড়িয়ে।…"

গল্প যথন সারা হল তথন উজ্জন্তিনীর সারা দেহে বিস্ময়। দে সরকার কিছুই গোপন করেনি, কুমুদের সঙ্গে তার বান্ধবীর বধ্ সম্পর্কের উপর আবরণ টেনে দেয়নি।

"এ কি সন্তা ?" উজ্জন্মিনী বিখাস করবে কি না ভাবছিল। "কুমুদ জানে।"

"কুমৃদ এখন কোথায় ?"

"বড় কঠিন প্রশ্ন করেছেন।" দে সরকার পার্শ শাটাতে চাইল।

"যদি আপত্তি থাকে বলবেন না, আমার বেআদবি মাফ করবেন।"

"না, আপত্তি কিসের? আপনি জানতে চান কুমূদ এখন কোথায়। যদি বলি, জানিনে, তা হলে মিথাা বলা হয়। যদি বলি, জানি কিন্তু বলব না, তা হলে কী মনে করবেন তা আদ্দাজে বুঝি। স্তত্যাং বলে ফেলাই ভালো। ছদিন বাদে কোথায়ই বা আপনি, আর কোথায়ই বা আমি! তখন ত আপনার ঘুণা আমার গায়ে লাগবে না। এই ছটো দিন বড্ড লাগবে।" গলা পরিছার করে দে সরকার বলল, "তা বলে কেন আপনাকে ধোঁকা দেব? কুমুদ এখন এইখানে।"

উজ্জানী শুনে থ হয়ে রইল। একটু পরে হেনে বলল, "না। আমি অত হ্ববাধ নই। আংটি হয়ত কুম্দের, কিন্তু কুম্দ এখন এখানে নেই। হতবাং আপনি ছদিনের বেশী অনায়ানেই আমাদের

ওধানে থাকতে পারেন। কেউ আপনাকে ঘুণা করবে না। কেন করবে ?"

"আশস্ত হলুম।" দে সরকার একটা সিগারেট ধরাল। "আমি যে আমার মুখোস খুলতে পেরেছি এই আমার যথেষ্ট। এখন আমি নির্ভয়ে মুখ দেখাতে পারি।"

উজ্জ্যিনী কাতর স্বরে বলল, "ত্দিনের বেশী কেই বা থাকতে চান্ন। যদি মা'র শরীর নিরাময় দেখি আমিও আপনার সঙ্গেই ফিরব।"

"প্রার্থনা করি এতার স্কান্ধীন কুশল। কিন্তু তিনি কি আপনাকে ফেরবার অনুমতি দেবেন ?"

· "ভালো থাকলে কেন দেবেন না ?"

"কী জানি! আমার ত মনে হয় না যে ললিতা রায় ভিন্ন অক্ত কারো উপরে আপনার ভার দিয়ে তিনি নিশ্চিত হতে পারবেন ?"

উজ্জায়নী দর্শী করে জলে উঠল। "আমার ভার আমি ভিন্ন অক্ত কাককে বইতে হবে না। আমি কি নাবালিকা?"

"মা'র চক্ষে হয়ত তাই।" দে সরকার ফোড়ন দিল।

"মা'র তা হলে চোথের অস্থা। ওর চিকিৎসা কার্ল্স্বাডে হবে না। ভিষ্ণেনায় কিছা অন্ত কোথাও করাতে হবে। আমি তাঁকে লগুনেই নিয়ে যাব।"

দে সরকার উদ্ধে দিয়ে বলল, "তাতে করে এই প্রমাণ হবে যে আপনি নাবালিকা, একটি chaperon না হলে আপনার লগুনে থাকা নিরাপদ নয়, এবং আপনার জননীই আপনার chaperon."

"কক্ষনো না।" উজ্জায়িনী চেঁচিয়ে বলতে যাচ্ছিল, অক্যান্ত যাত্রীদের । কিকে চেয়ে ফিদফিসিয়ে বলল, "আমি সম্পূর্ণ স্বাধীন। মা যদি ভালো । থাকেন তা হলে আমি তাঁর নিষেধ সত্তেও লওনে ফিরব অথবা তিনিই ফিরবেন আমার দক্ষে লগুনে। আর আপনিই হবেন আমার সে যাত্রার chaperon, যেমন এ যাত্রার। এই বলে সে আবার চোথে চোথ বাথল, পরম নির্ভরভাবে।

দে সরকার তার একথানি হাত নিজের মুঠোয় ভরে গদ্গদভাবে বিল্ল, "যেমন এ যাত্রার, তেমনি সে যাত্রার, তেমনি সব যাত্রার। সব বাজার।"

উজ্জয়িনীকে নি:শব্দ দেখে সে আরো সাহস সঞ্চয় করে বলল, "এতদিন ভাবছিলুম কী নামে আপনাকে ডাকব। আজ যখন আপনি আমাকে শাপেরোন বঙ্গে অভিহিত করেছেন তখন আমিই বা কেন আপনাকে ডাকব না স্থী বলে ?"

উজ্জ্বিনী সচকিত হয়ে এদিক ওদিক চেয়ে দে সরকারের চোথে একদৃষ্টে তাকাল। তার অন্থভৃতি তাকে করম্পর্শের করাঘাতের ছারা। জানাল যে একজ্বন তাকে কামনা করে।

"আমি," সে একটু শক্ত হয়ে বলল, "লগুন থেকে স্থণীদার সঙ্গে ভারতবর্ষে ফিরব, মিস্টার দে সরকার। তারপরে বোধ হয় জেলে যাব। জেলযাত্রা অবশ্য মেয়েদের সঙ্গে, যদি দেশের মেয়েরা জাগে।"

দে সরকার রহস্থ করল, "জাগে নয়, কেপে। না কেপিলৈ সব ভারত ললনা, এ ভারত আর কেপে না কেপে না।"

"বেশ, তাই হোক। ক্ষেপুক আর জাগুক আমি চাই বে মেয়েদের দিয়ে কিছু একটা কাজ হোক। দিনের পর দিন হাঁড়ি ঠেলা আর বছরে একটি করে ইংরাজের ক্রীতদাস সৃষ্টি করা কি একটা কাজ।"

উজ্জ্यिनीय कश्चरत जीव महन, नम्रनमीरण जनर निशा।

"সব আগে স্বাধীনতা, তারপরে আহার বিহার বংশরকা। হা সব আগে তার জভে আমাদের মেয়েদের জীবনের সব শেষেও যদি একট্র- খানি ঠাই থাকত। যদি জানতুম যে মা হবার পরে, ঠাকুমা হবার পরে আমবা স্বাধীন!"

"সেইজ্বত্যেই ত বলি ওই অভিশপ্ত দেশে ফিরে কাজ নেই।
আমি হয় ইউরোপে থাকব, নয় তাহিতি কিখা সামোয়া খীপে পালাব।"
দে সরকার অকপটে জানাল।

শনা, মিন্টার দে সরকার, দেশকে অমন করে বর্জন করা ঠিক নয়।
দেশে গিয়ে দেশের মামুষকে জাগাতে হবে—দরকার হয় ত কেপাতে
হবে। পুরুষরা কতকটা জেগেছে এবং কেপেছে। এখন মেয়েদের
পালা। তাদের জাগানো বলুন, কেপানো বলুন, সেটা ঘটবে। তবে ত
ভারত জাগবে, অথবা কেপবে।"

"মাফ করবেন।" দে সরকার আর একটা সিগারেট ধরাল।
"আমরা প্রায় পৌছে গেছি। পরে এ নিয়ে তর্ক করা যাবে। দেখছি
আপনি একজন পেটি রট। ছঃখের বিষয় আমি তা নই। কারণ
পেটি রটদের ক্ষন্তি রোজগারের খোজ থবর নিয়ে আমার ক্ষৃতি উবে
গেছে। যাদের বয়স কম, আদর্শবাদ বেশী, সেই বেচারিদেরকে
বিপদের সুথে ঠেলে দিয়ে নিজেরা গেছেন কাউন্সিলে কর্পোরেশনে
লোকাল বোর্ডে। এবার শুন্ছি মেয়েদের পালা। আমি বলি, পালা
নয়—পালা। পলায়ন কর।"

ইতিমধ্যে উজ্জনিনী তার হাত খুলে নিয়েছিল। উঠে বলল, "প্রায় পৌছে গেছি। তা হলে যাই, সাফ স্কুতরো হয়ে আসি। আপনি ততক্ষণে জিনিষপত্ত গুছিয়ে গুনতি করে রাখুন।" 9

সেইশনে উপস্থিত ছিলেন মিসেস গুপ্ত স্বয়ং, তাঁর সঙ্গে তাঁর ইংরাজ সহচরী মিস আর্চার। এই অল্পবয়সী মেয়েটি ফরাসী ও জার্মান ভাষা জানে, কণ্টিনেণ্টের পথঘাট চেনে। একে তিনি বহাল করেছিলেন লগুনে থাকতে, লগুন ছাড়বার এক দিন আগে।

"মা," উজ্জামনী উল্লসিত হল, "তুমি ভালো আছ তা হলে।"

"হাঁ, ডিয়ার।" তিনি তাকে প্রকাশ্যে চুম্বন করলেন। "বার কয়েক বাথ নিয়ে আমার বাত অনেকটা সেরেছে। তার পর, কুমার, তুমি ত এলে, তোমার বন্ধু সুধী ?"

"হুণীদা," উজ্জামিনী উত্তর কেড়ে নিল, "কী করে আসবে ? তার যে পীস কন্ফারেন্স্।"

"প্যাসফিস্টি কন্—" দে সরকার সংশোধন করতে গেল।

উজ্জয়িনী তাকে ঠেলা দিয়ে বলল, "আপনি আপনার নিজের কাজে মনোযোগ দিন। মাল এখনো নামল না। কী দেখছেন ?"

ধমক থেয়ে দে সরকার মিস আর্চারের মুখ থেকে চোখ ফিরিয়ে নিল। মিস আর্চার বললেন, "থাক, আমি সে ভার নিচ্ছি ।" শুণিনারা এগিয়ে যান, বাইরে গাড়ী দাড়িয়েছে।"

দে সরকার একবার ভাবল শিভ্যালরির খাতিরে মিস আর্চারকে বলে, "ধ্যুবাদ, মিস। কিন্তু আপনি কেন? আমিই ওসব করব। আমি ত এ দেশে নবাগত নই।" কিন্তু উজ্জানীর চাউনি তাকে নির্বাক করেছিল। সে উজ্জানীর আদেশ পালন করতে গিয়ে মিস আর্চারকে বিনাবাক্যে উপেকা করল।

क्ल इन এই रा पा नवकाव । यिन चार्ताव वृ खाता वे बारानव कारह

থাকলেন। তালকা করে উজ্জ্যিনী থমকে থামল। স্থতরাং মিলেস গুপ্তকেও থামতে হল।

"ও কী করছেন ? একজন থাকলে কি যথেষ্ট হত না ? ছেড়ে দিন। ব্যলে, মা, এই ভদ্রলোকটি একটি পাকা গিন্নী। এমন সংসারজ্ঞান তুমি কোথাও পাবে না। এখন এব একটি কর্তা থাকলে যোলো কলা পূর্ণ হত।"

"এদ, কুমার। ভিকি দমন্ত পারবে।" মিদেদ গুপ্ত অভয় দিলেন। "ওটি একটি অমূল্য রত্ব। ছোটবেলা থেকে কণ্টিনেন্টে মাক্রম হয়েছে কি না, এদব রাজ্যের হালচাল জানে ও বোঝে। ভিকি, তুমি রইলে?"

উজ্জিমিনীর আশকা ছিল তাব মা হয়ত রোগে পলু। ক্রিক্ক দেখা গেল তাঁর বয়সের তথা শরীরের ওজন দিনকের দিন কমছে। তিনি থেন হাই হীলের উপর উড়ে চললেন। শাড়ীখানিও পরেছিলেন মনোজ্ঞ ভাবে। স্টেশনের লোক মেয়ের চেয়ে মায়ের দিকে তাকাল বেশী, মনে মনে তারিফ করল সেই ভারতীয় রূপসীকে। ছজনেই তথী, কিন্তু মেয়ের চেয়ে মায়ের মুধের ছাদ স্থম। উজ্জ্মিনী এর করে তার মা'কে ঈর্বা করে। রঙের জন্তেও। কিন্তু রং একটু মলিন হলে কী হয় তার শ্বিক চিকণ, তার অক্ষের স্থাভি প্রসাধননিরপেক। উজ্জ্মিনীর বৈশিষ্ট্য ভার লাবণ্য আর স্থলাতার বৈশিষ্ট্য তাঁর রূপ।

দে সরকার পেছিয়ে পড়ছিল। তার ত উড়ে চলবার সাধ্য নেই।
পুরুষ মাহ্ম্য, হাই হীল সে পাবে কোথায় ? কিন্তু উচ্ছদ্ধিনী উল্টো
ব্রুছিল। মনে করছিল মিস আর্চারের থাতিরেই সে পেছিয়ে পড়ছে।
মাঝে মাঝে থমকে থেমে ফিরে ফিরে আড় নয়নে অগ্নিবাণ হানছিল।
আর তা দেখে দে সরকারের অন্তরাত্মা বলছিল, তদা নাশংসে
বিজ্ঞায়…

হোটেলে পৌছেই মিসেস গুপ্ত কফির ফরমাস দিলেন। এটা সেটা জিজ্ঞাসা করতে করতে এক সময় বললেন, "তার পর, কুমার, তোমার বন্ধু বাদলের কী থবর ?"

শে সরকার উৎসাহিত হয়ে বলল, "বাদলের জত্যে বড় কট হয়।
পাগলের মত টেমসের বাঁধে পড়ে আছে, দেশলাই বেচে থায়।"

"হোয়াট।" তিনি হতভ্য হলেন। "তুমি নিশ্চয় ও কথা বলতে চাও না?"

"কথাটা সভাি।" উজ্জমিনী সাক্ষী দিল।

"আশ্চর্যা!" মিসেদ গুপ্ত শিউরে উঠলেন। "Well, I never!" "স্থীদা তোমাকে ও বিষয়ে কী যেন লিখেছে, মা। চিঠিখানা আছে আমার—কোথায় বাথলুম, বলতে পারেন?"

দে সরকার দেখেনি। বলতে পারল না। উজ্জ্বিনী মুচকি হেসে বলল, "না, আপনি পাকা গিন্নী নন। এথনো কাঁচা আছেন।"

"স্থী কেন তার বন্ধুকে কাছে রাথে না?" তিনি বাদলের জন্মে আদ্ধ ষতটা উদ্বেগ প্রকাশ করলেন ততটা কথনো করেননি। "মাই পুথর বোষ! কী যে তার ব্যথা, কিছুই ব্যুতে পারিনে। কমিউনিস্ট না বোলশেভিক, কী ওদের বলে? ওই যারা রাজার শক্ত ?"

উজ্জয়িনী সংশোধন কবল, "রাজার নয়, ধনীর।"

"একই कथा।" তিনি কানে তুললেন না। "ওরাত ছেলে ধরে
নিয়েয়য়, শুনেছি। ওরা কি তবে বাদলকেও ভুলিয়ে নিয়ে গেছে ?"

দে সরকার বলল, "না, মা।" উজ্জয়িনীর মা'কে মাতৃসম্বোধন করে
সে আত্মীয়তার স্থুখ পাচ্ছিল। "না, মা। ওরা জুজু নয়। বাদল
ভুল করে ওদের দলে জুটেছে। কিন্তু নদীর বাঁধে দেশলাই বিক্রী করা
বোধ হয় ওদের দলের নির্দেশ নয়।"

"তবে কাদের শিকা ?"

"আমার নিজের মনে হয় বাদল য়ানার্কিন্ট।"

"হোয়াট।" মিসেস গুপ্ত মুৰ্জ্ছা যাবেন এমন অহুমান হল। তাঁর মেয়ে তাঁকে এক হাতে ধরে আর এক হাত দিয়ে একটা ঘুঁষি বাগাল। তার স্বামীর নামে এ কী নতুন অপবাদ!

দে সরকার তাড়াতাড়ি বলল, "দোহাই আপনার। য়ানার্কিন্ট আমি টেররিন্ট অর্থে বলিনি। ওর মানে নৈরাজ্যবাদী—যারা কোনো রকম গভর্নমেন্ট মানে না। কোনো রকম শৃঙ্খলা বা শৃঙ্খল।"

কফিতে চুম্ক দিতে দিতে মা বললেন, "এর পাগলামির নাম যাই হোক না কেন, নাম নিয়ে তর্ক করা রুথা। আমি এর প্রতিকার চাই। কালকেই রায় বাহাত্রকে cable করব যে তিনি আপনি এসে তাঁর পুত্রের দায়িত্ব নিন। যেমন আমি আপনি নিয়েছি আমার কন্তার।"

"ওহ্!" উজ্জারনীর এতক্ষণে হঁশ হল যে তার মা তাকে আনিয়েছেন নিজে অস্থ বলে নয়, সে অভিভাবকশুক্ত বলে।

"মা," সে তাঁকে একটু বাজিয়ে দেখল, "আমরা কবে ফিরব ।"
"কারা ?" তিনি ভ্রুভনী করলেন। "কোথায় ?"

্র্টিনি আর আমি। সম্ভব হলে তুমিও।" উচ্ছয়িনী দিতীয় প্রশ্নের উত্তরে বলল, "লগুনে।"

"কেন। লণ্ডনে তোমার কী কাজ ? তুমি ত দেশলাই বেচবে না। আর আমি সেধানে ফিরব কোন মুখে ?"

তিনি বিশদ করলেন তাঁর বক্তব্য। "ইংলণ্ডের পুলিশ এখনো আমাকে জানায়নি যে তারাপদ এত দিনে ধরা পড়েছে। এই যাদের কম তিংপরতা তাদের রক্ষণাবেক্ষণে দঁপে দেবার মত অজম্র দম্পত্তি আমার নেই। থাকলে," তিনি স্বর নামিয়ে বললেন, "এই হোটেলে মর নিয়ে বাস করতে হত না। একটা ভিলা কিন্তুম।"

তিনি আরো খোলসা করে বললেন, "না, ডিয়ার! লগুনে ফেরা ঘটবে না, আমার জীবনেও না, তোমার জীবনেও না, যদি না তোমার স্বামী তোমাকে ডাকে।"

তার স্বামী! এইমাত্র সে তার স্বামীর পক্ষ নিয়েদে সরকারের উপর খড়গহন্ত হচ্ছিল। কিন্তু মা'র উক্তি ভ্রনে তাঁর উপরে রুপ্ত হল। সে তা হলে স্বাধীন নয়, স্বচ্ছাগতি নয়। এ কী অসহনীয় অস্থায়! তার ইচ্ছা করছিল সেই রাত্রেই কার্লস্বাড ছেড়ে পালাতে।

দেখা গেল ইতিমধ্যেই বহুদংখ্যক নরনারীর সঙ্গে তাঁর আলাপ পরিচয় হয়েছে। এঁরা নানা দিকদেশাগত। কেউ জার্মান, কেউ ফরাসী, কেউ আমেরিকান, কেউ চেক। স্বাই ঠাকে দ্বে রেখে অভিবাদন জানায়, নিজ নিজ টেবিল থেকে ত্টো একটা কুশল প্রশ্ন করে। এখানে প্রায় সকলেই স্বাস্থ্যের জ্ঞে আগস্তক। কে কেমন বোধ করছে, আর ক'দিন থাকতে হবে, কথোপকথন প্রশ্নীত এই স্ত্র ধরে অগ্রসর হয়। হতে হতে অন্যান্ত প্রসঙ্গে পথ হারায়।

উজ্জ্ঞানীরা ছ**ত্রিশ**্ঘণ্টা ভ্রমণ করে ক্লাস্ত। তাই মি**দেশ গুপ্তকেও** সেদিন জটলা ভেডে উঠতে হল।

"এস, তোমাদের কার কোন ঘর দেখিয়ে দিই। আজ বিশ্রাম কর, কাল তোমাদের বেড়াতে নিয়ে য়ার্কা এটা লগুন নয়, এখানে বিশেষ কেউ ব্রেকফাস্টের জল্পে নামে না। ঘরে বসেই ব্রেকফাস্ট খেয়ো। নাটার সময় আমি তোমাদের ভেকে পাঠাব। আমার কিছু কেনাকাটা আছে, সেটা সেরে খ্ব এক চোট বেড়ানো যাবে। কয়েকটা call-ও আছে। তোমাদেরকে এখানকার সমাজে ইন্টোভিউস করা আমার প্রথম কাজ। একটা পার্টি দেব, ভাবছি। পার্টিভে তুমি কী পরবে, বেবী ? শাড়ীগুলো দক্ষে এনেছ, না লগুনে টমাস কুকের জিমা বেখে এসেছ ?"

উজ্জ্মিনীর ঘুম পাচ্ছিল। হাই তুলে বলল, "কাল ওসব কথা। এই আমার ঘর? বেশ, ষথেষ্ট জায়গা। কোথায় স্নান করব, বলে দাও। স্নান আজ সারা দিন হয়নি। গা ঘিন খিন করছে। আচ্ছা, আমি তা হলে স্নানের আয়োজন করি। গুড নাইট, মাদার। গুড নাইট, মিন্টার দে সরকার।"

8

. স্নান করে শীতল হবে ভেবেছিল। অঙ্গজালা নিবল না।

এ ত কয়লার গুড়া নয় যে সাবানের জলে উঠবে। অথবা নয় থিতানো ঘাম যে গ্রম জলে গলবে। উজ্জ্যিনীর ঘুম পাচ্ছিল, কিন্তু আস্ছিল না। যতই মনে পড়ছিল এক জনের আঙুলের ছোয়া ততই তপ্ত হয়ে উঠেছিল শুধু সেইটুকু ঠাই নয়, সকল দেহ।

এমুন ত কথনো হয়নি। কুমাব ও সে কতবার এক সঙ্গে নেচেছে।
স্পর্শ করেছে প্রস্পরের স্কন্ধ, কটি, কর। কোনো দিন মনে কোনো
ভাব উদয় হয়নি, দেহে উদয় হয়নি কোনো তাপ। কেন তা হলে
আজ এমন হল ? কুমার তাকে সধী বলে ডেকেছে সেইজন্তে কি ?

উপন্যাদের নামক কুম্দের কাহিনীগুলি একে একে মনে পড়তে থাকল। কুম্দ বন্দী হতে চেয়েছে প্রত্যেক বার, কিন্তু কেউ তাকে বাধতে রাজি হয়নি। তার সঙ্গে তুলনা করা য়াক বাদলকে। বাদল মৃক্তিপাগল, কোনোখানে বন্ধ হবে না। তার স্থী তাকে

বাঁধতে পারেনি, অন্ত কেউ যদি পারত তবে সে নদীর বাঁধে বাসা করত না। বাদল মৃক্ত পুরুষ। কুমুদ ওরফে কুমার বন্ধনকামী।

এমন যে কুমার সে তার বক্ত রাঙা হদয় অনারত করেছে উজ্জয়িনীর সম্মুখে। সখী বলে বিখাস করেছে। আঙুলে আঙুল জড়িয়েছে। আগুন লাগিয়েছে গায়ে। করবে কী উজ্জয়িনী!

সেরাত্রে যুম যদি বা হল বার বার ভেঙে গেল। পাশাপাশি যার সঙ্গে সারাদিন বসে কাটিয়েছে সে মান্থটি কি পাশে নেই ? কুমার, তুমি কোথায়! উজ্জায়নী এ পাশ ও পাশ করে, কাউকে কাছে পায় না। ক্রমে ক্রমে প্রত্যয় হয় যে এটা ট্রেন নয়, হোটেল। আসন ন্য়, শ্যা। এখানে কুমার অনধিকারী। উজ্জায়নী লজ্জিত হয়, বালিশে মুখ ঢাকে। তখনো তার মনে হতে থাকে ট্রেন চলেছে, কুমার চলেছে, স্থী চলেছে, কে জানে কোন নিকদ্দেশ যাত্রায়। তখনো তার তন্ত্রতে অতন্তর পরশমণিরাগ।

পরের দিন যথন মা'র সঙ্গে দেখা হল সে বলল, "মা, আমি যাব না, তুমি যাও। কেনাকাটা করতে চাও, দে সরকারকে নাও। উনি বাজার সরকার হবেন। আমি আর একটু শুয়ে থাকলে স্থী হব।"

কারো সঙ্গে, কারো পাশে বদে, কারো হাত ধরে নিরুদ্ধেশ শাত্রার যে স্থ একবার আস্বাদন করেছে সেই স্থ পুনঃ পুনঃ কল্পনা করে স্থী হ্বার চল এ। তার মা ঠাওরালেন, এটা ক্লান্তি মোচনের

দে সরকার শৃশ্য মন্দিরে একাকী নিশিষাপন করেছিল, ভোরে উঠে ভাবছিল আজকের দিন সে তার দয়িতাকে কী দিয়ে অর্চনা করবে, কোন উপহার কিনবে। ফুল যেমন স্থলভ হয়েও হল্লভ তেমন ত আর কিছু নয়। কার্ল্সবাডের ফুলের দোকানে কি এমন ফুল মিলবে না যা পেলে দেবী বরদা হন ?

উজ্জ্বিনীর প্রস্তাবে সে ব্যথিত হল, কিন্তু নিজের ক্লান্তির দ্বারা পরিমাপ করতে পারছিল তার ক্লান্তি। পীড়াপীড়ি করল না। মিসেস গুপ্তের প্রতি মনোযোগ দিল। তাঁকে সম্ভষ্ট করে, তাঁর আন্থা অর্জন করে, তাঁর দক্ষিণ হস্ত স্বরূপ হতে পারলে কার্ল্স্বাডে আরো কিছুদিন অবস্থান করতে তিনিই তাকে সাধবেন। বাদ্ধার সরকারের কাজে সত্যি তার যুড়ি নেই। তার পূর্বক্রমদের কেউ হয়ত মোগল বাদশাদের বাদ্ধার সরকার ছিলেন, তাই থেকে সরকার পদবী।

উজ্জ্বিনী সন্ধ্যার আগে নামল না, শুয়ে শুয়ে দিবাসপ্র দেখল।
স্থার জত্যে তার মন কেমন করছিল, কিন্তু এমনি চঞ্চল তার মন যে
ক্র্যার চিন্তায় নিবিষ্ট থাকছিল না। স্থার চিন্তা আদথানা রেখে
বাদলের চিন্তায়, বাদলের চিন্তা আদথানা রেখে কুমারের চিন্তায়
যুর্ঘুর করছিল। তিনজনেই হুঃখী। স্থার জীবনকে হুঃখের
করেছে আশোকা। বাদল হুঃখ পাচ্ছে মান্ত্যের হুঃখ দূর করতে
না পেরে। এদের হজনের একজনেরও প্রয়োজন নেই উজ্জ্বিনীকে।
দৈ সহ্ম চেন্টাসত্তেও স্থাকে স্থা করতে অক্ষম, বাদলকে স্থা
করা ত নারীর অসাধ্য। বাকী থাকে তৃতীয় জন। কুমারের
হুঃখ, সে যুত বার সব দিতে চেয়েছে তৃত্বার যোলো আনার কিছু
কম পেয়েছে। যারা দিয়েছে তারা হাতে রেখে দিয়েছে। কুমার
কেন তা সহ্ম করবে! সে চায় পূর্ণ দানের বিনিময়ে পূর্ণ দান।
হুদর নিয়ে খেলায় হাতের পাঁচ ল্কিয়ে রাখা চলে না। হাতের সব
ক'টা তাস টেবলের উপর মেলতে হয়। তা হলেই খেলা জমে।
নইলে একদিন খেলা ভেঙে যায়।

এই যদি হয় কুমারের হু:খ যে তার দক্ষে একজনও খেলার নিয়ম মেনে খেলতে রাজি হল না তবে এ হু:খ বোধ হয় তার দখীর ক্ষমতার অতীত নয়। তাদ খেলায় তারা প্রায়ই পার্টনার হত লগুনে। নাচ যদি 'একটা খেলা হয় তবে তাতেও তারা হয়েছে পার্টনার। দে দব খেলা যে এই খেলারই প্রথম পাঠ বোকা মেয়ে অতটা ভাবেনি। খেলাকে মনে করেছে খেলা ছাড়া কিছু নয়। আর একজন যে জীবন পণ করে খেলায় নেমেছে তা যদি জানত তবে হয়ত গোড়ায় ইন্তফা দিত।

সন্ধ্যায় যথন সাক্ষাৎ হল কুমার দিল একটি গাভিনিয়ার শাখা। উজ্জায়িনী চমৎকৃত হয়ে বলল, "ওমা, এ যে আমাদের গন্ধবান্ধ।"

কুমার সেটিকে পরিয়ে দিল স্থীর কটিদেশে। ওর সাঙ্গেতিক অর্থ, আজ আমরা পরস্পরের সাথী হব নৃত্যে।

উজ্জামনী পুলকিত হল ঐ সঙ্কেতে। বিনাবাক্যে ব্যক্ত করল; নিশ্চম, সাথী হব প্রতি বার।

তাদের হোটেলে সে রাত্রে নাচের আয়োজন ছিল। ত্'জনে নাচল যতক্ষণ আসর চলল। মিসেস গুপ্তও নাচলেন, তবে বিশেষ কোনো একজনের সঙ্গে না। কেউ প্রার্থনা করলেই তিনি পূরণ করছিলেন, প্রার্থীরা একাধিক হলে প্রথমাগতকে বরণ করেছিলেন। এতে তাঁর জনপ্রিয়তা বাড়ছিল। কিছু জনতা এত বেশী যে কোনো একজনের বরাতে দ্বিতীয় বার বরণের অবকাশ ছিল না।

উজ্জ্যিনীকেও অহুরোধ করছিল অনেকে। সে তাদের সরাসরি

অগ্রাফ্ করছিল সলাজে ও সবিনয়ে। চুপি চুপি বলছিল, "হৃঃথিত।
আমি অলীকারবদ্ধ।" তা শুনে কোনো কোনো নাছোড়বান্দা জানতে
চাইছিল, "কাল ? পরশু ? তরশু ?" কিন্তু কুমারের দিকে চেম্বে
ভার ভরদা হচ্ছিল না। কারণ ঠিক সেই সময়েই কুমারের চাউনি

পড়ছিল আর কোনো তরুণীর চোখে। তারা যে ওর প্রতীক্ষা করছিল তা অস্পষ্ট ছিল না।

সেরাত্রেও স্থান করে উজ্জ্বিনী শীতল হল না, তার প্রতি অক জলতে থাকল। শুয়ে শুয়ে সে যেন নাচতে লাগল, কুমারের হাতে হাত সঁপে, কাঁধে হাত রেখে, কুমারকে কটি বেষ্টন করতে দিয়ে। গাভিনিয়ার শাখাটি তার বালিশের উপর ছিল, পুষ্পিত শাখা। কখনো সেটিকে বৃকে চেপে ধরল, কখনো নাকে। এ কী মধুর যম্বণা!

এতদিন যেন সে ঘুমিয়েছিল, আজ হঠাৎ জেগেছে। এ যেন তার নির্মারের স্বপ্লভক। তার অহল্যার শাপমোচন।

কিছুতেই তার ঘুম আসছিল না। জানালার ধারে চেয়ার টেনে নিয়ে বদল। বাইরে জ্যোৎক্ষা ফিনিক ফুটেছে। ঋজু দীর্ঘ বনস্পতি একাগ্র চিত্তে ধ্যান করছে। ধাপে ধাপে পাহাড়। তার গায়ে গায়ে পাইন বন। তু'দিকে তুই নদী।

কেউ কেন তার পাশে নেই ? উজ্জ্বিনী নিঃসঙ্গ বোধ করল, বোধ করল যেন কার বিরহ। পৃথিবীর ত কোথাও কোনো অভাব নেই, প্রকৃতিও আপনাতে আপনি সম্পূর্ণ। মায়ুষ কেন কারো অপেক্ষা রাথে ? কেন তার অসার লাগে এই সৃষ্টি, যদি না থাকে আর এক জ্যোড়া চোথ, আর এক জ্যোড়া কান, আর একটি মুথ, আর একটি বুক ?

সেউঠে পায়চারি করল। করতে করতে এক সময় দার খুলে বেরিয়ে পড়ল। নিরুম পুরী। কেউ কোথাও নেই। লোভ হল এক বার বাইরে বেড়িয়ে আসতে। অবশ্য রাতের পোষাকের উপর ডেসিং গাউন জড়িয়ে বাইরে বেড়ানো চরম নির্জ্জতা। কিন্তু যার রক্তে জলছে আকাশের তারা সে কি লোকনিন্দায় টলবে? হোটেলের গেট খোলা ছিল। সে আকাশের তলে এসে দাঁড়াল।

মরি মরি! কী উতরোল নৃত্য। আকাশের জ্যোৎস্নাজ্ঞালা নৃত্যাশালায় জ্যোতির্ময় পুরুষদের সঙ্গে জ্যোতিশ্বতী ললনাদের তালে তালে পদক্ষেপ ও ঘূর্ণন। রাত যতক্ষণ থাকবে নাচ ততক্ষণ চলবে। তার পরে অঙ্গন শৃত্য করে রঙ্গী ও বঞ্জিনীরা নেপথ্যে বিশ্রাম করবে জ্যোড়ায় জ্যোড়ায়।

আকাশের তারা, বনের পাথী, সকলেরই জোড়া। কেউ বিজোড় নয়। সে কেন একা ? কেন ? কেন ?

সইতে পারে না এই একাকিছ। ধৈর্য্য ধরতে পারে না। কাল সকালে আবার দেখা হবে, কিন্তু কাল সকাল যেন কত কাল পরে। কেন সকাল হয় না ? কেন ? কেন ?

পা টিপে টিপে ফিরে আসে। এবার ধরা পড়ে। পোর্টারকে ঘরের নম্বর দেয়। পোর্টার তাকে তার ঘরে পৌছে দিয়ে একটু দাঁড়ায়। লোকটা মরতে দাঁড়িয়ে থাকে কেন? থেয়াল হয়, বকশিষ। পার্স খুলে হাতে যা ওঠে দান করে। পোর্টার সেলাম জানায়। আপদ বিদায় হয়।

উজ্জয়িনী মেঝের উপর এলিয়ে পড়ে। তাতে যদি একটু শীতল ইয়। তুই হাতের উপর মাথা রেখে ঘুমকে দাধে। আয়, ঘুম আয়। কেন আমাকে জাগিয়ে রাথিদ, জুড়ি যথন ঘুমিয়ে!

C

আগেও একবার সে এই দশা অতিক্রম করেছে। কিন্তু তথন সে ছিল তার সমবয়সীদের তুলনায় বালিকা, অপরিণত বয়সে পরিণীতা, তাই অকালে জাগরিতা। অকাল বোধনও বোধন, কিন্তু এমন নয়। দেটা যেন প্রথম বর্ষণ, বড়ের শত এল, গেল, মাটি ভিজল না। শুধু উঠল একটা আর্দ্র উচ্ছাস, ভিজে হাওয়ার হা হুতাল। আর এটা যেন আষাঢ়ের আসন্ন বারিপাত, সঙ্গে বজ্বঘাতও আছে। বর্ষণের আগে পুঞ্জ পুঞ্জ মেঘচম্ গগন ছেয়েছে, সারি সারি শিবির ফেলেছে। এবার যা আসছে তা জয়ের দাবী রেখে আক্রমণ।

শক্ষায় তার বৃকে দোলন লাগে, হর্ষে তার গায়ে শিহরণ। "প্রতি অঙ্গ লাগি কান্দে প্রতি অঙ্গ মোর।" এ কাঁদন কি ফুরাবে? মনে হয় রজনী ভোর হবে, তবু এ রোদন শেষ হবে না। নিস্তার আরাধনা রুথা।

সন্থ জাগ্রতা নারী প্রবোধ মানে না, সম্ভব অসম্ভবের ভেদ স্বীকার করে না। তার কাছে বান্তব থেন স্বপ্ন, স্বপ্ন থেন বান্তব। তার অভিলাষ অভিলয়িতের প্রতি শরবং ধারমান, অভিলয়িতলাভে শরবং তন্ময়। "সমাজ্ব সংসার মিছে সব।" স্বধীর ছায়া পড়ে অভিসার সরণিতে, সে ছায়া বিবেকের। উজ্জয়িনী দৃক্পাত করে না, তার এতদিনের স্বধীদা থেন কেউ নয়, থেন একটা অনভিপ্রেত বাধা। আর বাদল ? সে ত মৃক্তি নিয়েছে ও দিয়েছে। একদিন বাধন ছিল, আর ত নেই।

কয়েক মাস ধরে সে ভাবতে অভ্যন্ত হয়েছে যে সে কুমারী, তার কুমারী নামে পরিচয় দিয়েছেও। কিন্তু এর আগে নিশ্চিত জানত না যে দে সরকারও কুমার। দে সরকার যে অমন আভাস দেয়নি তা নয়, কিন্তু তার আঙুলের আংটি বিপরীত সাক্ষ্য দিচ্ছিল। এখন নিঃসংশয় হওয়া গেল যে সে কুমার। তার নামটিও কুমার। তাধু কুমার নয়, কুষ্ণ।

কৃষণ! তোমাকে আমি বৃন্দাবনে পাইনি। কত অন্বেষণ করেছি, বিড়ম্বিত হয়েছি। এবার কি তুমি আপনি ধরা দিলে ? প্রিয়তম, এ কি তুমি, সত্যি তুমি ? দেবতা আমার, মান্থবের রূপে এসেছ, বিগ্রহ-রূপে নয়। আমাকে তোমার ভালো লেগেছে, দিয়েছ এই গন্ধরাজের অভিজ্ঞান, করেছ তোমার নম সহচরী। আমি কি এর যোগ্য ? জানিনে। যদি যোগ্য হতুম তবে কেন মান্থব হয়ে জন্মাতুম ? তেমন পুণ্য নেই বলেই ত মান্থব। তাই কি তুমি মান্থব হয়ে মান্থবের যোগ্য হলে ? তুমি আমার চেয়ে ভালো না হলেই ভালো, হলে কি আমার কোনো আশা থাকে ? আমি তোমার দোব ধরব না, অপরাধ নেব না, বিচার করব না। কেবল তুমি যদি অন্ত কারো হও তবে আমি বিদায় নেব। তুমি পুরুষ। পুরুষের স্বভাব ওই। অতএব আশ্চর্য্য হব না। তুমি পুরুষ। পুরুষের স্বভাব ওই। তুমিও অবন্ধর্ন, আমিও অবন্ধনা। আমাদের কেলিকুঞ্জের বার অবারিত থাকবে।

সেরাত্রেও তার স্থনিতা হল না। ফলে ক্লান্তি গেল না। উপরস্ক সর্দ্দি দেখা দিল। পরের দিনও সেনীচে নামল না, ঘরে শুয়ে রইল। তার মা দে সরকারকে তার কাছে বেশীক্ষণ বসতে দিলেন না, নিজেও বেশীক্ষণ বসলেন না। পূর্ণ বিশ্রামের উপদেশ দিয়ে, চিকিৎসার ব্যবস্থা করে, 'কল' করতে চললেন মিস আর্চারকে নিয়ে। দে সরকারের উপর বাজার করবার বরাত পড়ল। বেচারার ইচ্ছা ছিল শুশ্রষা করতে, কিন্তু ইচ্ছা থাকলেও উপায় নেই। এই কথাটাই সে বোঝাতে চাইল চাউনি দিয়ে। কিন্তু তার সেই অসহায় ভল্পী দেখে উজ্জ্বিনী হাসি চাপতে পারল না।

"মা, তোমার ফিরতে কি থুব দেরি হবে ?"

"না, দেরি হবে বলে ত মনে হয় না। তোর যদি দরকার হয় মেডকে ডেকে বলিদ ফাউ উণ্টারমেয়ারকে খবর দিতে, তিনি যা হয় করবেন।" "আমি বলছিলুম", উজ্জয়িনীর চোথের কোণে ছাই হাসি, "আমার যদি মরণ কি তেমন কিছু হয় তবে কি আমি মাতৃভাষায় ছটো একটা কথা কইতে পাব না তার আগে ?"

"ও কীরে!" মা আদর করে বললেন, "তোর কী হয়েছে ছে তুই ও কথা মুখে আনছিন! চুপটি করে শুয়ে থাক। বকবক করলে শরীর সারে না। আমি সকাল সকাল ফিরব।"

"বলছিলুম," উজ্জামনী কাশতে কাশতে না হাসতে হাসতে রেঙে উঠল, "মাতৃভাষায় কি মা ভিন্ন আর কারো সঙ্গে কথা কওয়া চলে না? বক্বক করব না, শুনব। তাতে কি প্রাণহানির ভয় আছে?"

তিনি এতক্ষণে ব্রালেন। গভীর ভাবে বললেন, "না, তা হতে পারে না। এখানকার কর্ত্তারা এসব বিষয়ে একটু কড়া। একে ত আমরা পূবদেশী বলে সবাই সব সময় নজর রেখেছে। তার উপর তোর খশুর মশায়ের কাছে জ্বাবদিহির দায় আছে, তা কি এক মূহুর্ত্ত ভূলতে পারি ?"

উজ্জেয়িনীর মুখ চুন। তিনি ফিরে দেখলেন না। দে দরকার তাঁর অফুসরণ করবার সময় মাথা ঘুরিয়ে দেখল উজ্জিয়িনীর চোথে জল।

যে পরাধীন তার প্রাণে প্রেমের সাধ কেন? সে, ভালোবাসতে যায় কোন অধিকারে? কুমারের সঙ্গে তার কী করে তুলনা হবে? কুমার যে স্বাধীন, সে যে তা নয়। বাদল তাকে শাসন করছে না, তাই বলে কি সে স্বকীয়া? বাদলের পিতা, তাঁর বংশ, তাঁদের শমাজ—এঁদের শাসন আপাতত স্থগিত রয়েছে, যেহেতু সে বিদেশে। দেশে একবার ফিরলে কি এঁরা তাকে ধরে নিয়ে যাবেন না, তার উপর মালিকী স্বস্থ জারি করবেন না? তার মনে পড়ে যায় স্বধীদার

সতর্কবাণী। "তুই যেভাবে মাত্মষ হয়েছিস তোর পক্ষে কোন কাজের কী পরিণাম তা উপলব্ধি করা শক্ত।"

কুমার হাজার হোক বনের পাখী। আর সে তার সব জারিজুরি সত্ত্বেও থাঁচার পাখী। বনের পাখীর সঙ্গে থাঁচার পাখীর মিল হবে কী মন্তবে!

তবে কি তাকে তার জননীর সঙ্গে সম্পর্ক ছেদ করতে হবে ?
শশুরের সঙ্গে ত নিশুরই। সমাজের সঙ্গেও? কার উপর নির্ভর
করে সে তার সোনার শিকল কাটবে ? কুমারের উপর কিসের ভরসা ?
বনের পাথী, বনে পালাতে পারে যে কোনো দিন। থাচার পাথী তথন
কোন কুলে কুলায় পাবে ? পিতৃকুল, মাতৃকুল, শশুর কুল—তিন কুলে
কেউ রাজি হবে কি তাকে আশ্রেয় দিতে ?

নিজেরই উপর তার অন্তিম নির্ভরতা। কিন্তু নিজের সম্বল যা আছে তা সর্ত্তাধীন। তার পিতা তাকে প্রভৃত সম্পত্তির ক্যাসী করে গেছেন, যদি ক্লিনিক চালায়। তার কিন্তু মতি নেই সেবাকার্য্যে। কিসে যে তার মতি তাও দে জানে না। ভাবতে পারে না। কেউ যদি তাকে গ্রহণ করত, করে নিপুণ হস্তে গড়ত, তা হলে সে এক তাল মাটির মত নীরবে আত্মসমর্পণ করত। তেমন মাহ্ম্য বাদল কিম্বা স্থা। ত্র্তুপেনের একজনও তাকে নিল না। কুমার যদি নেয় তবে সে থুশি হবে নিশ্রু, কিন্তু কুমার কি তাকে গড়তে পারবে । তেমন যোগুতা কি ওর আছে ? যদি নই করে তবে ত তার সব দিক গেল। সে নিজের পায়েও দাঁড়াতে পারবে না।

তার মা হঠাৎ ফিরে এসে তার বিছানার উপর ধপ করে বসে পড়লেন। উত্তেজনায় তাঁর বাক্ফুরণ হল না। তিনি শুধু তার মাথায় হাত বুলাতে বুলাতে বললেন, "বেবী, my love! ডাড়াডাড়ি দেৱে ওঠ।"

"কেন, মা, কী হয়েছে আমার যে তুমি অমন বাস্ত হচ্ছ ?"

"বেবী ভিয়ার, my own!" তিনি তাকে জড়িয়ে ধরে বললেন, "এক সন্ধে চার চারটে নিমন্ত্রণ। সব এখানকার বড় বড় পরিবার থেকে। বনেদী ঘর থেকে। চিনিও না এঁদের স্বাইকে। এ সৌভাগ্য কার জ্বন্তে জানিস ? তোর জন্তে। তুই তোর সঙ্গে করে এনেছিস সৌভাগ্য। তোর পয় আছে।"

"আমি কোথাকার কে!" সে নম্রভাবে বলল। "হয়ত ওঁরা আমার স্বদেশকে সমান দেখাতে চান।"

স্থানেশ! তিনি বিশ্বিত হলেন। ভারতের থাতিরে কেউ তাঁকে, তাঁর মেয়েকে ও তাঁর 'আত্মীয়' মিষ্টার না মদিয়ে দে সরকারকে নিমন্ত্রণ করবে, এ কি কথনো সম্ভব! ভারত এমন কী দেশ যে তার থাতিরে— না, বাজে কথা।

"আসতে পারি ?" এই বলে প্রবেশ করল দে সরকার। তার হাতে সেই তারিখের একখানা খবরের কাগজ। তাতে ছাপা হয়েছে তাদের তিনজনের ফোটো। লক্ষ করে গুপ্তজায়া লাফ দিয়ে উঠলেন।

"অবাক কাণ্ড। কোনোদিন ত এমন হয়নি।" নিজের ফোটো ছাপা **হ্**যেছে দেখে কেটে পড়তে যাচ্ছিলেন, ধরাধরি করে তাঁকে বসিয়ে দেওয়া হল। "কী লিখেছে এর নীচে ? পড়তে পার তুমি, কুমার ? কোন ভাষা এটা ?"

জার্মান ভাষায় লৈখা ছিল তিনজনের নাম ধাম, দেশের নাম।
দে সরকার পড়ল, "এই ভারতবর্ষীয় অতিথিদের, প্রতি স্বাগত সম্ভাষণ।
কাশ্মীরের মনোহর দৃশ্যে লালিত এই রাজপুত পরিবার চন্দ্রগুপ্ত মৌর্য্যের

বংশধর। গোলকোণ্ডার হীরক এঁদের অঙ্গুরীয়ক ও অপরাপর অলম্বার মণ্ডন করে।"

উজ্জ্মিনীও উত্তেজনার আতিশধ্যে উঠে বসল। তার মা কাগজ্ঞধানা স্যত্ত্বে ভাঁজ করে নিজের কাছে রেখে দিলেন। "কিন্তু কার কাছে পেল আমাদের কোটো ? তুই দিসনি ত ?" তিনি প্রশ্ন করলেন স্পর্বেও সম্মেহে।

"না, না। আমি ত ঘরে বন্ধ রয়েছি কাল থেকে।" সে অহুমানে বলল, "কুমার নিশ্চয়। কুমার, তুমি ফোটো চেয়ে নিয়েছিলে, সে কি এইজন্তে ?"

কুমার বলল, "দোহাই তোমার। কিন্তু ফোটোর নীচের কথাগুলি। আমার নয়।"

•

সদির সাধ্য কী যে টেকে! চার চারটে নিমন্ত্রণ মিলে তাকে চার
দিক থেকে ঘেরাও করল। মিসেস গুপ্ত মেয়েকে ফুটবাথ দিলেন, তার
আগে একবার বাথকমে বসিয়ে আনলেন। নিজেই তাকে মাসাজ
করলেন। এত যত্ন, এমন আদর সে বছকাল পায়নি। সে নাকি
সৌভাগ্য বহন করে এসেছে, তাই এত সোহাগ, এমন সম্বর্জনা।

মা ও মেয়ে ত্'জনেরই এক চিস্তা, এক ধান। শাড়ী কোঞায়, চুড়ি কোথায়, হীরে বসানো আংটি আর কানের ফুল কোথায়। কাগজে যা রটে তার কিছু কিছু বটে। শেষটা কি অপদস্থ হতে হবে। চার চারটে নিমন্ত্রণ। যার তার নয়, সম্লাস্থ মহলের।

দে সরকারের উপর ভার পড়ল প্রাগ থেকে জহরৎ কেনবার।

ছ্'একদিন দেরি হলেও ক্ষতি নেই, কিন্তু উপযুক্ত ভূষণ না হলে প্রতিপত্তির অপুরণীয় ক্ষতি। তখন আর কি কেউ নিমন্ত্রণ করবে! কাগকে ছবি ছাপিয়ে দে সরকার বে ব্যাপারটি বাধিয়েছে তার সাজা কমেক হাজার টাকা। মিসেস গুপ্ত তার ব্যাক্ষের উপর চেক লিখে বাজার সরকারের হাতে দিলেন। ভগবানকে মনে মনে প্রার্থনা করলেন যে কুমার যেন তারাপদ না হয়।

"তোর কি মনে হয়, বেবী," দে পরকার চলে গেলে তিনি চুপি চুপি বললেন, "কুমার তারাপদর মত উধাও হবে ?"

উজ্জায়িনী ক্ষেপে গিয়ে বল্ল, "তুমি কি মান্তব চেন না, মা ? জান না তুমি কুমার হচ্ছে রাজকুমার ? মানে, হতে পারত, যুদি তার পূর্ব্যকুষ্বের সেই জায়গীর থাকত ?"

. "কই, ওসব ত ভূনিনি।"

"কী করে শুনবে ? ওদের কি আর সেই অবস্থা আছে ? গরিব হলে ষা হয়—ধন নেই, ভাগ আছে। ওর কাছে ভিন হাজার টাকার মূল্য কী ? হয়ত উড়িয়ে দিয়ে আসবে শৃক্ত হাতে।"

তিনি থতমত খেয়ে বলে উঠলেন, "য়৾য়! সর্বানাশ!"

"না, মা।" মেয়ে অভয় দিল। "ও হিসাবী লোক। ওড়াজে চাইলেও পারে না। গরিব হলে যা হয়। পাই পয়সার স্থমার রাথে। ও কি অভ থরচ করবে ভেবেছ? তোমার অর্দ্ধেক টাকা বাঁচিয়ে স্মান্তি।"

"বেঁচে থাকুক।" তিনি আশীর্বাদ করলেন আশস্ত হয়ে।

"আমি হলে," মেয়ে তাঁকে ভয় পাইয়ে দিল, "সত্যি সন্তিয় উধাও হতুম।

"দুর! কীষে বকছিন!" তিনি চুমু খেলেন।

"মিথ্যে নয়, মা। উধাও হয়ে এমন কোনো দেশে যেতুম যেখান থেকে কেউ আমাকে ফিরিয়ে আনতে পারত না। স্থীদাও না, বিভৃতিদাও না।" সে তাঁর বুকে মুখ ঢাকল।

"ছি। অমন কথা ভাবতে নেই।" তিনি তাকে বুকে জড়িয়ে ধরে বললেন। "তোর জন্তে কি আমার কম আক্ষেপ, বেবী! তোর দিদিদের বিয়ে আমি দিয়েছি, তাই তারা কেমন স্থবী হয়েছে। তোর বাবা যদি আমার কথা শুনতেন তবে কি তোর এ হর্দশা হত! স্থপাত্রের সঙ্গে বিয়ে দিলে কি—"

"থাক, মা। অপাত্তের সঙ্গে বিয়ে হয়নি আমার। তুমি ভুল বুঝেছ।"

"স্পাত্ত না অপাত্ত সে বিচারে কাজ কী এখন!" তিনি সহাস্তৃতির স্বরে বললেন। "বুঝি সব, তবু আফশোষ হয় তথন আমার কথা যদি কেউ শুনত।"

"তুমি ভূল বুঝেছ, মা।" সে পুনরুক্তি করল। "বাদল চিরদিনই স্থপাত্র। বরং আমিই ওর অপাত্রী। কিন্তু প্রশ্ন হচ্ছে তা নয়। প্রশ্ন হচ্ছে, যদি তার আমাকে প্রয়োজন না থাকে, যদি আমারও না থাকে প্রয়োজন, তবে কি আমরা অকারণে আবদ্ধ হয়ে রইব আবহুমান কাল ?"

তিনি তার গালে হাত ব্লিয়ে দিতে দিতে বললেন, "প্রয়োজন না থাকবে কেন ? আছেই ত।"

"মা, তুমি আবার ভূল বুঝলে। আমি বলেছি, যদি না থাকে।
মনে কর আমাদের কথা হচ্ছে না। হচ্ছে অন্ত কোনো দম্পতির কথা।
যদি তারা নিঃসংশয়ে উপলব্ধি করে যে প্রয়োজন বাস্তবিক নেই তবে কি
তারা সমাজের মুখ চেয়ে স্থামী স্তীর ভূমিকায় অভিনয় করে যাবে
সারা জীবন ?"

তিনি আত্ত্বিত হলেন। "কী করে জানলি যে প্রয়োজন নেই? বলেছে বাদল অমন কথা?"

"না, অতটা স্পষ্ট করে বলেনি।" সে মানল। "কিন্তু যা বলেছে তার মর্ম এক রকম স্পষ্ট। তা ছাড়া মুখে বলাই কি একমাত্র বলা? কাজ দিয়ে কি বলা যায় না?"

त्म (केंद्रम नामिश कदन।

তিনি দীর্ঘনিঃশ্বাস ফেললেন। "অমন কত হয়। তুই কি মনে করিস আমার জীবনে ওরকম হয়নি। তোর বাবা," তিনি থেমে বললেন, "তোকে নার্স করতে চেয়েছিলেন কেন।"

"কারণ ওই ছিল ওঁর আদর্শ।"

"বটে !" তিনি বক্তোক্তি করলেন। "বান্তবকে না পেলে লোকে আদর্শ বানায়, যেমন সীতাকে বনবাসে পাঠিয়ে স্বর্গ সীতা।"

উচ্জয়িনী তার রূপবতী জননীর 'দিকে চেয়ে অবাক হয়ে ভাবল, তবে কি রূপের আকর্ষণও তার পিতাকে সপ্রেম করেনি ? কে ছিল সেই নাস ? কী ছিল সেই নাসের ?

"যাক ও সব কথা। আমিও সারা জীবন সহা করেছি একজনের আদর্শের স্থাকামি। তোকেও সহা করতে হবে আবেক জনের। এই মহাপ্রভুর আদর্শ ভর করবে তোর মেয়ের মন্তকে।"

"আমি," সে দুঢ়কণ্ঠে জানাল, "মা হব না।"

"কী ছাই বকছিল বে তুই !" তিনি তার গালে ঠোনা মারলেন। "হওয়া না হওয়া কি তোর একারে! বিধাতার কারদাজির তুই কতটুক বুঝিল। কিলে যে কী হয়, লে সব যারা দেখেছে তারা জানে।"

"আমি মা হব না। অন্তত এ জন্মে নয়।" সে কজখাসে বলল। তিনি তার মাথায় হাত বুলিয়ে দিতে দিতে বললেন, "আমারও নে সহর ছিল। বক্ষা করতে পারিনি বলেই বক্ষা, নইলে তোকে পেতৃম কী করে ?"

"তোমার লোভ ছিল ছেলের মা হতে। তাই বার বার তিনবার মেয়ের মা হলে। আমার তেমন কোনো লোভ নেই। আমি নিস্পৃহ।"

তিনি হেদে বললেন, "নিষাম ?"

সেও হেসে বলল, "না, নিষ্কাম নই। নিস্পৃহ।"

তিনি ব্যক্ষ করলেন, "তাই বল! নিজাম নয়, নিস্পৃহ। ফল সমান।"
"তা কেন হতে যাবে ? স্বাই কি তোমার মত বোকা ?" সেক্ষণাব্ সহিত বলল। "দেখছি ত ইউরোপের মেয়েদের। দেখে
শিখছি।"

তার মা এবার রাগ করলেন। "ওদের দোষগুলো শিথতে হবে না। গুণগুলোই শেথা উচিত। আমার কপাল মন্দ, তাই একজন আই সি. এসের পাঠ না শিথে বোলশেভিকের পাট শিথছেন। আর একজন শিথছেন নিস্কাম না হয়ে নিস্পৃহ হতে।"

উজ্জায়নী তামাসা করল, "না শিখে উপায় আছে ? তুমি কি বলতে চাও আমি অনিন্দিইকাল তপস্থা করব ?"

তিনি দারুণ আঘাত পেয়ে হতবাক হলেন। পরে বললেন, "এসব কীরে! তোকে ত আমি খুব pure বলেই জানতুম।"

"আমি থুব pureই আছি।" সে অকুষ্ঠিতভাবে বলল। "আমি খুব pureই থাকব, মা, যদি কারো সঙ্গে থাকি।"

জিনি অজ্ঞান হতে হতে সামলে নিলেন। তার মুখে হাত দিয়ে বললেন, "না, আর ওসব ভানতে চাইনে। এখন বল, কী পরবি ? তোর সন্ধি ত সেরে গেছে। এবার ওঠ, ক্যাবিন ট্রান্কটা খোল।" এর পরে ত্ব'জনাতে কী যে ফিস ফিস গুজ গুজ চলল, কে কী পরবে, না পরবে, এ বিষয়ে পরামর্শ—না অক্ত কোনো বিষয়ে গোপনীয় আলাপ —আমরা তা লিপিবন্ধ করব না।

বিকালের দিকে দেখা গেল তাঁরা মোটরে উঠছেন, দেই যে বেটা পোটার দে মোটরের দরজা খুলে দাঁড়িয়েছে। বোধ হয় থবরের কাগজে এ দের ফোটো দেখে চিনেছে, বিশেষ করে উজ্জানীকে। তার কপালে এক রতি গোলকোগুর হীরক জুটলেও জুটতে পারত, যদি না দে কাল রাত্রে অমন "বলে দেব"র ভকীতে খাড়া থাকত রাজপুত রমণীর ঘরের বাইরে। বেচারার কাঁচুমাচু ম্থখানা দেখে উজ্জানীর মায়া হল। দে তাকে খামখা দশ ক্রোনেন বকশিষ দিল।

নিমন্ত্রণের বৈঠকে কথায় কথায় চন্দ্রগুপ্ত মৌর্যোর নাম ওঠে।
চন্দ্রগুপ্তকে যে কেন কেউ কেই বিষ্টু ঠাবুরায় মিসেস গুপ্ত ভা
ভেবে পান না। তাঁর ইতিহাসের বিছা পর্যাপ্ত নয়, চন্দ্রগুপ্ত যে
ভাত্রোকোটাস নামে ইউরোপেও প্রসিদ্ধ তা তিনি জানতেন না।
তাঁর এক বিশিষ্ট আত্মীয়ের নাম ইতিহাসে লেগে না। সে নহাপুরুষ
ভারতবর্ষের বড়লাটের সচিব। তিনি উক্ত পরিচয়ের উপরেই জ্ঞার
দেন, কিন্তু ক্যাবিনেট মেম্বর শুনে চাপা হাসির ঢেউ থেলে বায়।
ক্যাবিনেট শব্দের ফরাসী অর্থ তাঁর অজ্ঞাত। বড়লাটের পাম্বানার
মেথর ফে একজন ভাগ্যবান পুরুষ এ সম্বন্ধে কারো দ্বিমত নেই, তবে
কিনা শুনলে স্কুম্বড়ি লাগে।

"ইংবান্ধশাসিত ভারতবর্ষে," কেউ কেউ জিজ্ঞাসা করেন, "এই পদই কি ভারতবাসীর পক্ষে উচ্চতম পদ ?"

श्रश्रकामा माहकारत উखत प्रान्त, "है।, यहानम् ।"

9

দে সরকার প্রাণ থেকে যা কিনে আনল তার ডিজাইন তার নিজস্ব।

কু'জনের জন্মে তৃটি প্রাটিনামের টিকলি, উজ্জ্যিনীরটিতে হীরকের

কুমুদ, স্থজাতারটিতে হীরকের ক্মল। তাঁরা উচ্ছ্রিত ভাষায় বন্দনা

করলেন তাকে ও তার মনোনীত মণিকারকে।

সিঁথিতে টিকলি পরে তাঁরা যথন নিমন্ত্রণ বক্ষা করে বেড়ালেন সেখানকার সমাজে একটা ছলস্থুল বাধল। টিকলি জিনিষটা কেমন ভাই দেখতে কত লোক হোটেলে হাজির হলেন। ফোটো ছাপা হল ফ্যাশন পৃষ্ঠায়। যারা 'কল' করলেন তাঁদের সকলেব জন্মে মিসেস গুপ্ত একটা পার্টি দিলেন। যারা নিমন্ত্রণ করলেন তাঁদের তিনি প্রতিনিমন্ত্রণ করলেন।

এসব কাজে দে সরকার তাঁর দক্ষিণ হস্ত। সে তারাপদ নয় এর জাজ্জামান প্রমাণ ললাটে ধারণ করে তিনিও তার প্রতি স্থাদক্ষিণ হয়েছিলেন। সে আর কিছু চায় না বা নেয় না। চায় উজ্জিয়িনীর সার্রিধা। মাঝে মাঝে তিনি তার নিবেদন মঞ্জুর করতেন। তবে হোটেলে নয়, বনভোজনের সময় পাইন বনে।

"স্থী", কুমার বলে তার প্রিয়দর্শনাকে, "বার বার বিফল হয়ে জীবনের কাছে আমি অধিক প্রত্যাশা করিনে। আমার দাবী যারপর-নাই ক্ম।"

"छिन।" উब्बयिनी को ज़रल উৎकर्ग हय।

"আমার একনিষ্ঠতার অধীকার তুমি হয়ত বিশাস করবে না, কিন্তু আমার প্রকৃতি এমন নয় .যে আমি শিকারের গর্বে একটির পর একটি শিকার করতে চাইব। ভালোবাসতে আমার আরাম লাগে না, বরং ক্লেশ হয়। সাধ করে কি কেউ ক্লেশে পড়তে চায়? যায় কোনো একটা প্রাপ্তির প্রত্যাশায়। আমার সে প্রত্যাশা আমি যারপরনাই ক্ষ্ করেছি। শুনবে?"

"শোনাও।" উজ্জবিনী অবক্ত হয়।

"মনে কিছু করবে না ?"

"না। কেন?"

"হয়ত মনে লাগবে, সেইজন্মে ক্ষমা চেয়ে রাখছি, দখী।" কুমার করযোড় করল।

ত্'জনে একটা ঝরণার ধারে পাশাপাশি বসল। হাতে হাত রেখে।

"শোন তা হলে বলি।" কুমার স্বক্ষ করল আকাশে দিকে চেয়ে।

যেন সাক্ষী করছিল স্থ্যদেবকে। "সেদিন তোমাকে যে উপস্থাসের
কথাবস্ত শোনানো হল তা কতগুলি উপাধ্যানের সমষ্টি নয়। প্রত্যেকটি
উপাথ্যানেরই একটি শিক্ষা আছে। সে শিক্ষা আমি দ্বিতীয়বার চাইনে।

যা প্রথম তাই চরম। আমার জীবনে পুনশ্চ নেই।"

উজ্জিয়িনী অমুধাবন করছিল দেখে সে থামল না, বলে চলল।
"আমি দিতীয়বার স্বর্গের অমৃত চাই নে। তা যদি হয় তবে নারীর
সঙ্গে রমণের স্থপ আমার জীবনে দিতীয়বার আহক, এ কামনা
আমার নয়।"

সধীর পাংশু মৃথ অবলোকন করে সে অপ্রতিভ হল। ভেবে বলল,
"না, আমি ঠিক বোঝাতে পারছিনে। আমার বক্তব্য এই যে আমার
ন্যুনতম দাবী তা নয়। যদি আমার ন্যুনতম দাবী মেটে তবে আমি
অতিরিক্ত নিতে কৃষ্ঠিত হব না।

এর পরে আবার আকাশের দিকে চেয়ে উচ্জয়িনীর হাত ধরে বলন, "বন্ধু, তুমি সতী হও, পতিব্রতা হও, কল্যাণ্ডিছ, দেশ উচ্জন কর। আমি বাধা দেব না, অন্তরায় হব না। আগে মনে হত বাদলের সঙ্গে
আমার প্রতিদ্বন্দিতা। তার পরে মনে হত স্থার সঙ্গে। এত দিনে
আমি আত্ম দর্শন করেছি। এবার আমি স্থার সমুধে মাথা উচু
করে দাড়াতে পারব। বাদলের সামনে চোরের মত চোথ নীচু করে
বটব না।"

উজ্জ্বিনী তন্ময় হয়ে শুনছিল। কুমার বলে চল্ল তন্ময় হয়ে,
"তবে ? তবে আমার কী বাঞ্ছা ? এমন কিছু নয়, অতি সামায়।
যথনি যে খেলা খেলবে তথনি আমাকে ডেকো। টেনিস ব্যাডমিণ্টন
গল্ফ্ গাঁতার তাস, যথনি যে খেলা খেলবে তথনি আমাকে সাথী
কোরো। জীবনে তোমার পার্টনার হতে পাই। জীবনের শেষ দিন
প্রয়ন্ত যেন আমিই তোমার পার্টনার হতে পাই। জীবনের শেষ দিন
পর্যান্ত আমি সমান কুশলতার সহিত খেলব, আমাকে সাথী করে তুমি
কোনো দিন কোনো খেলায় হারবে না। আমি যদি ছবি আঁকি তুমি
হবে আমার মডেল। যদি বই লিখি তুমি হবে আমার নায়িকা।
যদি মাকুষ হই তুমি হবে আমার প্রেরণা। মাকুষ আমি হবই, যদিও
ফোর্ড কিছা Cecil Rhodes না।"

উজ্জন্তিনী কী যেন বলতে চেষ্টা করে। তার মৃথে কথা জোগায় না। কুমার তার জত্যে কিছুক্ষণ অপেক্ষা করে, তারপরে বলে, "একটা গল্প আছে। বোধ হয় আনাতোল ফ্রাঁসের। শুনবে? শোন তবে। এক ছিল বাজীকর। বাজী দেখানো ছাড়া ছনিয়ায় সে আর কিছু শেখেনি বা করেনি। একদিন সে গির্জায় গিয়ে ভগবানকে উদ্দেশ করে বলল, প্রভু, ভজন পূজন সাধন আরাধনা কেমন করে করতে হয় জানিনে। বয়সপ্ত নেই যে নতুন করে শিখব। জানি কেবল বাজী দেখাতে। তাই দেখাই। এই বলে সে একাগ্র মনে

ভগবানকে তার ক্রীড়াকৌশল দেখাল। ভগ্বান দয়া করে গ্রহণ করলেন তার নৈবেল।"

উজ্ঞ্যিনীর নয়নে জল এল। মৃক্তার মত এক একটি ফোঁটা টপ টপ করে পড়তে থাকল, জমতে থাকল, কুমারের একটি হাতে। কুমারের সেই হাতটি নিয়ে খেলা করতে করতে সে বলল, "আমি যদি ভগবান হতুম ভক্তের সঙ্গে লীলা করতুম অবাধে। কিছু আমার পায়ে পায়ে বাধা। এই যে তোমার সঙ্গে বসেছি এও চুরি করে। খুঁজতে খুঁজতে মা এসে পড়বেন আর তোমার কথার উত্তর দেওয়া হবে না। কুমার, আমি যেদিন স্বাধীন হব সেদিন তোমার ন্নতম দাবীর চেয়ে অভিরিক্ত দেব। সেটা আমার free gift।"

কাঁপতে কাঁপতে ক্মার বলল, "সভিয় ?"

"তিন সতিয়।" উজ্জ্বিনী নয়ন নত করল। "কিন্তু মনে বেখো, সেটা আমার free gift। উপরি পাওনার উপর তোমার কোনো দাবীদাওয়া নেই। কোনো দিন তানিয়ে তৃমি পীড়াপীড়ি করতে পাবে না। যেদিন উপরির জত্মে হাত পাতবে সেদিন পাওনাটুকুও হারাবে। বুঝলে কিছু ?"

🗸 কুমার পীড়িত স্বরে বলন, "সব বুঝেছি। আমার ভাগ্য।"

"কিছুই বোঝনি।" উজ্জারনী একটা ঝিলিক হেনে বলল, "কিছু বোঝাবারও সময় নেই আজ। শোনো। যেদিন আমি স্বাধীন হব সেদিন কেলি করব তোমার সঙ্গেই, একমাত্র তোমারই সঙ্গে। কেলি বলতে তথু টেনিস তাস না, বোঝার আরো কিছু যা আমি না বললেও ব্যবে। সেটাও তোমার পাওনা, যদি স্বাধীন হই।" যদি'র উপর জোর দিল।

चाधीन भारत चकीया। कुमात तुवाल ठिकहै। किन्न छा कि

সম্ভবপর! ডিভোর্স কি এতই সহজ! বাদল ত সমত, কিছু আইন বে অতি বিশ্রী। কে ঐ ইলং ঘাটবে!

"তা হলে তোমার উপরি পাওনা কোনটা ?" উচ্জয়িনী নিজেই এর উত্তরে বলল, "আমার ইচ্ছা নেই গৃহিণী হতে, গৃহস্থালী চালাতে। দেশে যদি হোটেল না থাকে আশ্রম আছে, কারাগার আছে। আমাকে রাল্লা করতে, মুদির হিদাব রাথতে, জামাকাপড় দেলাই করতে, রোগীর সেবা করতে হবে না। ছেলে মাত্র্য করা দূরে থাক ছেলের মা হতে আমি নারাজ। কাজেই আমাকে ও নিয়ে পীড়াপীড়ি কোরো না। আমার যদি মন যায় তবে আমি এমনি তোমার ঘরে হাজির হব, তোমার ঠাতুর চাকরকে ধমক দিয়ে ভাগাব, তোমার ইাড়ি ঠেলব, তোমার নাড়ি দেখব, টেম্পারেচার নেব, পোষাক ধোলাই করতে দেব, কমালে সাবান ঘষব, সিগরেটের ছাই থেখানে সেখানে ফেললে কান ধরে সে ছাই তোমাকে দিয়ে সাফ করাব।"

তা শুনে কুমার তার কান বাড়িয়ে দিল। উজ্জয়িনী কানশুদ্ধ মাথাটা তার কোলের উপর টেনে নিল। চড় মেরে বলল, "আমার যদি মন যায় আমি তোমাকে দিয়ে আমাদের বাগানের মালীর কাজ করিয়ে নিতে পারি বিনা মজ্রিতে।"

"সে কী! তোমাদের বাগান! তোমরা কারা!" কুমার চমকে উঠল। "তুমি ত বলেছ যে তুমি হবে স্বকীয়া!"

"একশো বার। কিন্ত স্থীদা আর আমি," সে বিষণ্ণ স্বরে বলল, "বে এক স্থান দেশের কাজ করব। আমাদের বদি একটা আশ্রম কি আস্থানা থাকে তবে, একটা বাগান থাকা বিচিত্র নয়। তুমি সেই মালঞ্চের হবে মালাকর।" সে একটু ঝুঁকল। কুমার তার ঝুঁকে থাকা মুখখানি মুখের কাছে টেনে ধরে যা করক তা লিখতে সাহস হয় না। প্রায় পাঁচ মিনিট কারো মুখে রা নেই।
তার পরে কুমারই তাকে ছেড়ে দিয়ে বলল, "হুধী সব জানে।"
"তাই নাকি ?" প্রিয়া সচকিতে হুধাল। "কবে ? কী করে ?"
"প্রথম থেকেই। যেদিন তুমি লগুনে পা দিলে সেই দিন থেকে।"
"তুমিও কি সেই দিন থেকে—" দে সরমে শেষ করতে পারল না।
"না, তারও পূর্বের তোমার ছবি দেখে।" কুমার তাকে
আলিগন করল।

হিসাবনিকাশ

5

স্থীর চিত্তকে আচ্ছন্ন করেছিল তার আসন্ধ সংসারপ্রবেশ। আর
মাস কয়েক পরে তার জীবনের বিতীয় কক্ষ উদ্ঘাটিত হবে। কী আছে
সেই কন্ধনার কক্ষে! কে জানে হয়ত কত আধিব্যাধি, কত তুর্ঘটনা,
কতবার কারাদণ্ড, বেত্রাঘাত, গুলি! কত মামলা মোকদ্দমা, তিবির
ভালারক, আলায় উশুল, ঝন্ধাট! থাকলেও থাকতে পারে প্রজাবিদ্রোহ,
মহাজনবিদ্বেষ, লুটতরাজ, খুন। কাজ কী এখন থেকে খতিরান করে!
যখন সে গৃহস্থ হবে তখন তার গৃহ-স্থ ভালোমন্দের সঙ্গে একে একে
পরিচয় হবে। তার গৃহ অবশ্য ভারত।

সব সমস্থার সমাধান আছে, যদি থাকে সমুখীন হবার মত শিক্ষা।
শিক্ষা ত এতদিনে প্রায় সমাপ্ত হতে চলল। সেকালের আশ্রমগুরুগণ
তাঁদের শিশ্বদের বিদায় দেবার সময় যে ভাষায় আশীর্কাদ করতেন তার
আভাস রয়েছে উপনিষদে। স্থীর মনে জাগে তেমনি একটি শ্লোক।
মনে হয় তার গুরু যেন তাকে বিশেষ করে বলছেন সংসারপ্রবেশের
প্রাক্কালে—

"যদচ্চিমদ্ যদগুভ্যোংগু চ

যন্মিন্ লোকা নিহিতা লোকিনশ্চ

তদেতদক্ষরং বন্ধ স প্রাণ শুড় বাঙ্মনঃ

ত্নেতৎ সতাং তদমূতং তবেশ্বব্যং সোমা বিদ্ধি।" বিনি অচিমান, যিনি, অণুব চেয়েও ক্ষু, যার মধ্যে লোক্স্মুহ রয়েছে, রয়েছে লোকবাসিসমূহ, তিনি অক্ষর ব্রন্ধ। তিনিই প্রাণ, তিনিই বাক্ মন। সভ্য তিনি, অমৃত তিনি, তাঁকে বিদ্ধ করতে হবে, সোম্য, বিদ্ধ কর।

শর যেমন করে লক্ষ্য ভেদ করে তেমনি করে ভেদ করতে হবে তাঁকে, তন্ময় হতে হবে। জীবনের প্রতি কাজে, প্রতি ভাবনায়, প্রতি বাক্যে শারণ করতে হবে তাঁকে, যুক্ত থাকতে হবে তাঁর সজে, স্থিত হতে হবে সেই কেন্দ্রে। কিছুতেই যেন কেন্দ্রচ্যতি না ঘটে, না ঘটে মূলছেদ। লক্ষ্যের সঙ্গে যেন শরের বিছেদ না ঘটে, আর যাই ঘটুক।

"তদ্বেদ্ধবাং সোম্য বিদ্ধি।" ধ্বনিত ইতে থাকে স্থীর শ্রবণে, মনে। তাঁকে বিদ্ধ করতে হবে, সোম্য, বিদ্ধ কর।

করব, বিদ্ধ করব। স্থী কথা দেয়।

অবশেষে সহায় যথন শুনল যে স্থীর গন্তবাস্থল জেরার্ড্স্ ক্রস্ তথন বিশ্বয়ের সহিত মন্তব্য করল, "আরে ও তো বছং নজদিগ্ হৈ। গিয়ে সেই দিনই ঘুরে আসা যায়।"

"তা যদি বল," স্থী সারণ করাল, "এ দেশে এমন কোন গ্রাণ বা নগর আছে যেখান থেকে সেই দিনই ঘূরে আসা যায় না। কিছু প্রশ্ন হচ্ছে, ঘূরে আসা কি সেইদিনই সঙ্গত।"

সহায় আশা করেছিল য়াড্ভেঞার। সধীর যুক্তি শুনৈ জবাব দিল,
"না, না। অত কাছে আমি যাব না। সাত সপ্তাহ ধরে প্রস্তুত হচ্চি
যখন, তথন ওয়াই নদীর উপত্যকা কিছা তেমনি কোনো হুর্গম স্থানে
যাব।"

সে বোধ হয় জানত না যে ওয়াই নদীর উপত্যকা ওনতে বেমন তুর্গম বাস্তবিক তে্মন নয়।

"काषां वां ध्या," ऋषी वलन, "यि तिश्रान्कात मृश्र मर्गत्नत करन

হয় তবে ওয়াই নদীর উপত্যকাও তোমাকে সাত দিনের বেশী ধরে বাধতে পারবে না। আর যদি হয় দেখানকার মাহ্মবের সঙ্গে মিলেমিশে প্রকৃতির সঙ্গে সম্পর্ক স্থাপনের জন্মে তবে জেরার্ড্স্ ক্রস্ থেকেও ঘুরে আসা সহজ নয় সাত সপ্তাহের আগে।"

সহায় ও কথার মর্ম ব্রাল না। সহায়ের অভাব পূরণ করতে স্থী আরো খানকয়েক দেশী বই স্টকেসে ভরল। বিদেশে একজন দেশের লোক সজে থাকলে দেশের সালিধ্য উপলব্ধি করা যায়। লোকের অভাবে বই।

প্রতি ববিবার মার্দেলের সহিত অবসর্যাপন তার অভ্যাস। এত কালের সেই অভ্যাসে ছেদ পড়বে। মার্দেল তা শুনে এমন গঞ্জীর হল যে ওইটুকু মেয়ের পক্ষে এতটা গাঞ্জীগ্য অস্বাভাবিক। ূ্যেন সে অস্তরে অস্তরে অফুভব করছিল দাদার স্থদেশপ্রয়াণ আসন্ন, এই পল্লীপরিক্রমা তার পূর্ব্বাভাস। আগামী ববিবাবে দাদা আসবে না, তার পরের ববিবাবেও না, তার পরের ববিবাবেও না। তবে আর কবে আসবে দ মার্দেল অত ভাবতে পারে না। চুপ করে থাকে।

স্থীর এক একবার মনে হয় জেরার্ড্স্ ক্রস্ যথন এত কাছে তথন
মাঝে মাঝে এসে মার্সেলের সঙ্গে দেখা করে যাওয়া অসাধ্য হবে না।
কিন্তু আর কয়েক সপ্তাহ পরে যথন কটিনেন্টের পথে দেশে ফিরে যাবে
তথন ত মাঝে মাঝে এসে দেখা করবার সাধ্য থাকবে না। যা অনিবায্য
তা এমনি করে সইয়ে নিতেই হয়। জীবনব্যাপী অদর্শনের প্রভাাস
এই মাসাধিকের অদর্শন। মার্সেল ব্ঝেছে ঠিকই। তাকে ভূল ব্ঝিয়ে
তার কিন্তু। কারো কল্যাণ নেই।

স্থাী তাকে প্রক্রিশ্রতি দিল যে প্রতি রবিবারে তার নামে তার দাদার কাছ থেকে একটি করে পার্দেল আসবে। ডাক পিয়ন এসে

থোজ নেবে, কার নাম মার্সেল, মার্সেল কার নাম। তার নার্মে পার্সেল, পার্সেলে তার নাম। কী মহল। তাক পিয়ন কিন্তু বিশ্বাস করতে চাইবে না যে এইটুকু মেয়ের নামে পার্সেল। কাজেই মার্সেলকে ভালো করে থাওয়া লাওয়া করে বেশ মোটাসোটা বড়সড় হতে হবে। তা হলেই ভাক পিয়ন বিশাস করবে যে এই সেই মার্সেল যার নামে পার্সেল।

স্থী বলল স্বজেৎকে, "রবিবারগুলোতে ওকে বেড়াতে নিয়ে যেয়ো। বাড়ীতে বদে থাকতে দিয়ো না, বদে থাকলে ভাববে। ওকে বোলো, দাদাকে যদিও দেখা যায় না তব্ দাদা খুব কাছেই আছে। চিরদিন কাছেই থাকবে, যদিও দেখা হয়ত হবে না।"

স্থান আন্দাজ করেছিল স্থীর এ বাণী শুধু মার্সেলের জন্মে নয়, আর একজনের জাল্পেও। স্থা যে তার কাছের মামুষ হয়ে চিরদিন রইবে এই যথেষ্ট স্থা, দেখা যদিও হবে না। মাধুরীভরা চাউনি দিয়ে স্ক্রেং ব্যক্ত করল তার ধন্মতা। বেচারি স্ক্রেং। সে বুঝি কোন এক কাব্যের উপেক্ষিতা।

স্থী ভনেছিল জেরার্ড্স্ ক্রস্ থেকে সামান্ত দ্বে স্টান্লি ফেয়ারফিল্ড্ বাস করেন। ফেয়ারফিফল্ড্কে সেইংলঙের বিবেক বলে ভক্তি করত, মদিও চাক্ষ্য পরিচয় হয়নি। সন্ধান নিল তাঁর প্রতিবেশী হওয়া সম্ভব কি না। স্থীর সন্ধান তাঁর কর্ণগোচর হলে তিনি স্বতই তাকে আহ্বান করলেন তাঁর অতিথি হতে। আশাতীত সৌভাগ্য। কিন্তু স্থীর অভিপ্রায় ছিল বাদলকে কাছে রাখতে, পরে যথন উজ্জানী যেতে চাইল তখন ডাদের ত্জনকে একত্র রাখতে। সহায়ও কৌতৃহলী হয়েছিল। এসব ভেবে স্থী লিখল সে বদি অল্প দিনের জল্পে একা আসত তা হলে তাঁর অতিথি হতে পেলে কুতার্থ হত, কিন্তু সদলবলে মাসাধিককাল তাঁর উপরে অত্যাচার করা অসমীচীন হবে। তিনি তা পড়ে টেলিগ্রাম করলেন, ভোমরা সকলেই স্বাগত ষতদিন খুলি।

স্থীর বন্ধু ছোট ব্লিজার্ড বললেন, "ফেয়ারফিল্ডকে আপনি চেনেন না। তিনি হচ্ছেন সত্যিকার ক্রিশ্চান। তাঁকে এক মাইল হাঁটতে বললে তিনি তু মাইল হাঁটেন। ক্লোক চাইলে কোটটাও দেন।"

তার পর বাদল, উজ্জ্বিনী ও সহায় একে একে সরে দাঁড়াল।
ফেয়ারফিল্ডের আতিথ্য স্বীকার করতে স্থীর নিজের বাধা রইল না,
কিন্তু দ্বিধা রইল মাসাধিক কাল সঙ্গজ্বে। সে কথা সে তাঁকে জানিয়ে
রাধল।

জেরার্ডস্ ক্রেস্ কেশনে তাকে নিতে এসেছিলেন ফেয়ারফিল্ডের পালিতা কল্পা ম্রিয়েল। স্থীর চেয়ে বয়সে কিছু বড়, দেখলেই দিদি বলে ডাকতে সাধ যায়। তিনি সংবাদ দিলেন যে ফেয়ারফিল্ড্ স্বয়ং আসতে চেয়েছিলেন, কিন্তু ঠিক এই সময়ে আরো কয়েকজন তাঁকে দেখতে আসভেন শুনে বাডী থাকতে বাধ্য হলেন।

স্থী বলল, "কী অন্তায়! দেউখনে কারো আসার কী দরকার! আমি কি আমার নিজের লোকদের কাছে আসছিনে?"

ম্বিয়েল বললেন, "নিশ্চয়। সকলেই আমরা একই পিডামাতার সস্থান। ঈশব আমাদের পিতা, ধরিত্রী আমাদের মাতা।"

তথন স্থী বলল, "আমরা একই পরিবারভূক্ত। স্তরাং আমি আপনার ভাই, আপনি আমার দিদি।"

পায়ে হাটতে হল সমন্ত পথ। এ দেশে বিছানা বয়ে বেড়াতে হয়
না। ছয় সপ্তাহের জত্যে শহরের বাইরে গেলেও কেউ একখানা
স্ফটকেদের বেশী নেয় না,। কিছু স্থীর স্ফটকেদটা একটু ভারী ছিল।

"मिन जामारक।" , मृतिराजन खाद करव करफ निरमन।

"আপনি পারবেন না", স্থী অন্থবোগ করল, "ওটা আপনীর চেয়েও ভারী।"

শ্বাপনি দেখছি গোটা লগুন শহরটাই প্যাক করে এনেছেন।
কেন, আমাদের ওধানে কিসের অভাব ? বাবা ত আপনার জন্তে
পরণের কাপড়ও সাফ করে রেখেছেন।"

স্থী হেসে বলল, "শুনেছি তাঁকে ক্লোক চাইলে কোট মেলে। যাতে কিছু চাইতে না হয় সেজতো আমি সবই এনেছি। কিছু দিদি, দিন। অন্তত বইশুলো বের করে নিতে দিন।"

সংস্কৃত, হিন্দী ও বাংলা কেতাব দেখে দিদি চমংকৃত হলেন। তার পর বললেন, "আপনি আমাকে পড়ে শোনাবেন, ব্ঝিয়ে দেবেন। রাজি ?"

"সানদে। কিন্তু আপনারই কট। অমুবাদ করবার পক্ষে আমার ইংরাজী জ্ঞান যথেট নয়, দিদি।"

वहराव वाञ्चिम वरा ऋधी भारम भारम हमन।

ર

ফেয়ারফিল্ড স্থীর হাতে মৃহ মৃহ ঝাঁকানি দিয়ে মোলায়েম স্বরে বললেন, "ভা হলে তুমিই চক্রবর্তী। এস, এস।"

দীর্ঘকায় বর্ষীয়ান পুরুষ, বহু যুদ্ধের বীর। তাঁর যুদ্ধগুলো সশস্ত্র নয়,
স-লেখনী। কিন্তু মনীযুদ্ধেরও বহু হঃখতাপ আছে, সেই অগ্নিপরীক্ষায়
তিনি বার্মার দয় হয়েছেন। কোধায় পর্ত্তিজ আফ্রিকার গহন অরণ্য,
কোধায় ময়কোর মরুভূমি, কোধায় অয়্তসর, কোধায় ভামায়াস—য়্বনি
য়েধানে অক্সায় অয়্টিত হয়েছে তথনি সেধানে ফেয়ারফিল্ড্ উপস্থিত
হয়েছেন, তদস্ক করেছেন, রিপোর্ট লিথেছেন, বিপোর্ট ছাপা না হলে

র্মাপনি শান্তি পাননি, অপরকেও শান্তি দেননি। ইদানীং তিনি অবসর ভোগ করছেন, বয়সও হয়েছে প্রায় সন্তর।

ম্বিয়েল তাঁর এক বন্ধুর কক্যা। বন্ধু ও বন্ধুপত্নী উভয়েই পরলোকে।
মেয়েটি কচি বয়দ থেকে তাঁকেই বাবা বলে জানে। তিনি নিজে
নিঃসন্তান, তাঁর স্ত্রী তাঁকে ছেড়েছেন মতভেদের দক্ষণ।

"আমার আশা ছিল তুমি তোমার বন্ধুদেরও আনবে, কিন্তু তুমিও যে তাদের মত পেছিয়ে যাওনি এতেই আমি খুশি।" তিনি স্থীকে তার জন্তে নির্দিষ্ট ঘর দেখিয়ে বাগানে নিয়ে গেলেন। সেধানে আরো জনকয়েক অভ্যাগত ছিলেন, স্থীর সঙ্গে তাঁদের পরিচয় করালেন।

স্থী, লক্ষ করল তাঁরা কেউ তাঁকে ফেয়ারফিল্ড্ বলে উল্লেখ করলেন না, ডাকলেন স্ট্যানলি কিস্বা স্ট্যান বলে। অথচ তাঁরা যে সকলেই তাঁর অস্তরক এমন মনে হবার হেতু ছিল না। তাঁর ব্যবহারে এমন কিছু ছিল যা পরকে আপন করে, বাইরের লোককে করে ঘরের লোক। শুধু তাই নয়, তাঁর প্রভাব এমন যে ত্জন অপরিচিত অতিথিও কয়েক মিনিটের মধ্যে পরস্পরের সঙ্গে চির পরিচিতের মত বিশ্বাস বিনিময় করে। কিছুক্ষণ যেতে না যেতে দেখা গেল স্থাীর নামধাম প্রত্যেকের নাটবুকে উঠেছে, প্রত্যেকেই তাকে সনির্বন্ধ নিমন্ত্রণ করছেন ভিন্ন গ্রামে ও শহরে।

পৃথিবীতে অনেক আশ্রুণ্য বস্তু আছে, কিন্তু গ্রীক নাট্যকার যথার্থ ই লিখেছেন মান্নবের মত আশ্রুণ্য কিছু নেই। স্থা যতবার বেড়াতে বেরিয়েছে ততবার বিশ্বয়াবিষ্ট হয়েছে মান্নবের স্নেহমমতায়, আদর আশায়নে। দিন ত্ই জিন পরে কেউ তাকে বিখাস করে ভনিয়েছে জীবনের গোপনীয় ইভিহাস, কেউ তার পরামর্শ চেয়েছে দাম্পত্য প্রসক্ষে। অথচ ইংরা প্রিমত চাপা স্বভাব নাকি অন্ত কোনো জাতির নয়। এবারেও স্থা অভিভূত হল সৌজন্তে আত্মীয়তায়। সে ধর্মে নিয়েছিল গ্রামে যথন যাচ্ছে তথন প্রকৃতিকে পাবে সব সময়। কিন্তু মাস্থ কেন তাকে ছাড়বে! শান্তিবাদীদের বৈঠক ব্যতীত এত বক্ষ এত এন্গেজমেণ্ট এসে জুটল যে তার হাসি পেল নিজের পূর্ব্ব ধারণায়। এর চেয়ে লগুন ছিল নিভূত।

ইংলণ্ডের কোনো কোনো গ্রামে এখনো কারুশিল্পের অন্তিত্ব আছে।
শিল্পীরা আপন আপন কুটারে বদে স্পষ্ট করে। কোথাও পশমের ধদর,
কোথাও হাতে তৈরি লোহার সরঞ্জাম, কাঠের আসবাব, রাফিয়ার ঝুড়ি,
কোথাও চীনামাটির বাসন, চামড়ার কাল্প, কোথাও বা নক্সী কাঁথা
পাওয়া যায়। স্থবী তার আলাপীদের সঙ্গে দিন ফেলল শিল্পীদের দর্শন
করতে। দিদির এতে প্রচুর উৎসাহ, ফেয়ারফিল্ডেরও।

স্থী আবিদ্ধার করল যে ফেয়ারফিল্ড্ স্বয়ং দপ্তরীগিরি করেন, বই বাঁধেন। আর দিদি গ্রামের মেয়েদের জ্ঞা পোযাক বানান, শ্রুরে ধরণের নয়, ল্পুপ্রায় প্রাচীন পদ্ধতির। অবশ্য আধুনিক জীবনধাত্রার সঙ্গে সৃষ্ঠতি রেখে।

একদা স্থীও নিয়মিত চরকা কাটত, কোনো একপ্রকার কারুশিল্প
না শিথলে গ্রামের মান্থরের সঙ্গে বেমালুম মেশা যায় না। কিন্তু বদেশে
থাকতেই সে অভ্যাস শিথিল হয়েছিল কলেন্দ্রের আবহাওয়ায়। বিদেশে
আসার পর একেবারেই ছিল্ল হয়েছে। তার পরিবর্তে অক্ত কোনো
অভ্যাস আয়ত্ত হয়নি, স্থীও সেদিকে মন দেয়নি। একজন দপ্রবীর
কাজ, একজন দল্লির কাজ করছেন দেখে সে লজ্লায় বই পড়ায় ইন্ডফা
দিল। বসে পেল বই বাধাই শিথতে। ভারতের গ্রামে যে ওর বিশেষ
কোনো প্রয়োজন আছে তা নয়, তবু হাত দুটো য়েখাওয়া ভিন্ন আর
কিছু জানে না এ য়ানি যেমন করে হোক মেট্রাই কর্মতে হবে।

ে ফেয়ারফিল্ড্ স্থীকে শিক্ষানবীশরপে লাভ করে আহলাদিত হলেন। তাঁকে শিক্ষাগুরুরপে লাভ করাও স্থীর সৌভাগ্য। ঘণ্টার পর ঘণ্টা ছজনে নীরবে কাজ করে যান, ছজনেই অক্লান্ত। ফেয়ারফিল্ড্ বলেন, "ক্রিশ্চান কে? যে মাথার ঘাম পায়ে ফেলে বেদিনকার ফটি সেই দিন রোজগার করে।" স্থী জনে অবাক হয়। খ্রীস্ট ধর্মের এমন অপূর্কা ব্যাখ্যা সে যদি বা কোথাও জনেছে তব্ এমন অক্তিম দৃষ্টাস্ত-সহযোগে শোনেনি।

"সার," সবিনয়ে জিজ্ঞাসা করে স্থণী, "যিনি প্রতিদিন বই লিগতে পারতেন তাঁর পক্ষে বই বাঁধাই করা কি বেগার নম ?"

তিনি মুখ না তুলে উত্তর করেন, "না, তা কেন হবে? রোজ এত প্রেরণা কোখায় পাব বে বই লিখব? যখন পাই তখন লিখি বৈকি।"

স্থীর সংশয় যায় না। সে নিবেদন করে, "সার, ক্রিশ্চান কি অহরহ ভায়ের জন্ম ক্ষিত পিপাসিত নন? তাঁকেও কি প্রেরণার জন্মে প্রতীক্ষা করতে হয়?"

স্থী আরো একটু বিশদ করে, "সার, পৃথিবীতে অক্সায় কি দৈনন্দিন ব্যাপার নয় ?"

ভিনি এবার ম্থ তুলে তাকান। সকরণ তাঁর দৃষ্টি। "নিশ্চয়।
কিন্তু ক্রেড যদিও প্রতি নিয়ত প্রয়োজন তবু তার প্রেরণা আসে না
প্রত্যহ। যথন আসে তথন ফটির জল্পে মাথার ঘাম পায়ে ফেলার
ফুরসং থাকে না। জল্প সময় কিন্তু সেইটেই ফটিন।"

স্থীও বোঁঝে ফায়ের জফে সংগ্রাম যদিও সব সময় প্রয়োজন তব্ তার আয়োজন করতে,বছকাল লাগে। কিন্তু ফটির জফে মাথার ঘাম পুরুষ ফেলা নিয়ে নিশ্ব একমত হতে পারে না। তার নিজের বেলায় দ্বির আছে সে তার পৈত্রিক বিষয় আশয় দেখবে, ক্লবির ও মহাজনীর উপস্থার থেকে সংসার চালাবে, উৰ্ভ বিভ গ্রামের জন্তে ব্যয় করবে। স্থার বিশাস এই হচ্ছে ব্রহ্মনিষ্ঠ গৃহস্থের আদর্শ। এর মধ্যে কায়িক শ্রমেরও ঠাই আছে। সে চাষার সঙ্গে জুটে হাল ঠেলবে, মাঝির সঙ্গে জুটে দাঁড় ধরবে, কাটুনীর সঙ্গে জুটে স্থতো কাটবে। উপরছ অধ্যাপনা করবে। যথন আসবে সংগ্রামের আহ্বান তথন সে ও তার গ্রামের কামার কুমোর চামার ছুতোর ময়রা মৃদি গয়লা মাঝি মছ্ব চাষা এক জ্বোটে সাড়া দেবে, কেননা তৎপূর্বের স্থাী তাদের প্রত্যেক্রের সঙ্গে তাদের এক জ্বোট হতে অভ্যন্ত করেছে। সে তাদের নেতা হতে চায় না, হতে চায় তাদেরই একজন, হলই বা সে তালুকদার ও মহাজন ও অধ্যাপক ব্রহ্মণ। তাদের তৃংধস্থ্যের সাথীকে কি তারা পর ভাববে ?

এই যদি হয় ব্রহ্মনিষ্ঠ গৃহস্থের আদর্শ, ক্রিশ্চান আদর্শ কি এর থেকে সত্যই স্বতম্ব ? সত্যিকার ব্রাহ্মণ কি সত্যিকার ক্রিশ্চান নন ?

স্থীর ব্যক্তিগত পরিকল্পনার উপর পরিস্থাপিত এই প্রশ্ন শুনে
ফেম্বারফিল্ড্ চিন্তিত হন। অনেকক্ষণ ইতন্তত করে এক সময়বলেন, "তোমাকে কেমন করে সাহায্য করব, স্থী? আমি যে মাত্র
একটি আদর্শের সঙ্গে পরিচিত। বল দেখি, ব্রাহ্মণ কি ভাক শুনলে
গৃহিণী, সন্থান, আল্রিভ, আত্মীয়, বন্ধু—স্বাইকে ছাড়তে প্রস্তুত ?
গৃহ, গৃহপালিত শশু, সঞ্গ, সম্পন্ধি—সব ছাড়তে ?"

স্থী চট করে জবাব দেয় না, অস্তর অন্থেষণ করে। সে কী কী ছাড়তে পারে, কাকে কাকে ছাড়তে পারে, গণনা করে। বৃক্টা দমে যায়। ব্রাহ্মণ যদি সব ছাড়তে, স্বাইকে ছাড়ুড়ি: পারত তবে সাতশো

বছর পরাধীন হত না তার দেশ। ক্রিশ্চান তা পারে বলেই অর্দ্ধেক ধরণীর অধীশ্বর।

"ব্রাহ্মণ্," স্থাী বিনতির সহিত বলে, "আপ্রাণ চেষ্টা করবেন স্বাইকে সঙ্গে নিতে। ছাড়তে হয় তারাই তাঁকে ছাড়বে, তিনি কেন কাউকে ছাড়বেন! সম্পত্তি স্থয়েও সেই কথা।"

ফেয়ারফিল্ড ধরতে পারেন না। তাকান।

স্থী বোঝায়, "যুষিষ্টির যথন ছুর্গম পদ্ধায় যাত্রা করেন তথন খ্রীকে সঙ্গে নিয়েছিলেন, ভাইদেরকেও। তাঁরা তাঁকে একে একে ছাড়লেন, চলতে চলতে পড়লেন, আর উঠলেন না।"

"অ্রে সম্পত্তি ?"

"সম্পত্তি তার নিজের নিয়মে বাড়বে বা কমবে, আসবে বা ছাড়বে। আমি সে বিষয়ে নির্লিপ্ত। যেমন সুর্য্যোদয় ও স্থ্যান্ত ভোগ করি তেমনি ভোগ করব পাথিব সম্পত্তির উদয়ান্ত। দারিদ্রাকে আমি ভয় করিনে, ঐশ্বর্যাকেও না।"

ফেয়ারফিল্ড গভীরভাবে বলনে, "দরিদ্রের আশা আছে, ধনীর ধন থাকতে নেই অর্গরাজ্যের আশা। ক্রিশ্চান যদি দীন দরিদ্র না হয় তবে ক্রেশ বইতে অক্ষম, ক্রুসেডের অ্যোগ্য। এ যেমন সম্পত্তি সম্বন্ধে নির্দেশ তেমনি স্বন্ধন সম্বন্ধে অফুশাসন—'He that loveth father or mother more than me is not worthy of me; and he that loveth son or daughter more than me is not worthy of me. And he that taketh not his cross, and followeth after me is not worthy of me."

বলতে বলতে তাঁর কঠমর ক্ষম্ম হয়ে আসে। সারা জীবনের ত্রংথ আভাসিত হয় আনকে নু 9

সত্যিকার বান্ধণের সঙ্গে সত্যিকার ক্রিশ্চানের তবে এইখানে প্রভেদ্ধ যে প্রয়োজনকালে সংগ্রাম করতে একজন একাকী উভত, আর একজন অপর দশ জনের মুখাপেকী। আমরা যে হেরেছি তার কারণ আমরা ভাক ভনে ভাকাভাকি করেছি, লোক জড় হবার আগে লড়াইয়ের লগ্ন উত্তীর্ণ হয়েছে। অতীতে যা হয়েছে ভবিশ্বতেও তাই হতে পারে, এ কথা মনে উদয় হতেই স্থণীর মনটা কেমন করে।

তা হলে কী করতে হবে ? অপর দশজনের জন্যে অপেক্ষা না করে একা অগ্রসর হতে হবে, গুলির সামনে বুক পেতে দিতে হবে, আগুনের উপর জল ঢালতে হবে, অগ্রায়ের বিরুদ্ধে থাড়া হতে হবে। একজনের বীরত্ব দেখলে আরো দশজন সাহস পাবে, একজনের পরাক্রম দেখলে আরো দশজন বল পাবে। সহস্র বক্তৃতায় যা হবার নয় একটিমাত্র দৃষ্টান্তে তা হবে। কিন্তু নাই বা হল কিছু, নাই বা এল কেউ। একজনের অগ্রসমন সমগ্র দেশেরই অগ্রসমন, একজনের সংগ্রাম সমগ্র দেশেরই সংগ্রাম, একজনের "না" সমগ্র দেশেরই "না।" লয় উত্তীর্ণ হবার আগে বর্ষাত্রীরা হদি হাজির না হয় তা হলেও বিয়ে বন্ধ থাকে না, বদি বর সময়মত পৌচায়।

তা বলে কি গ্রামের কামার, কুমোর, চামার, ছুতোরকে ভাকা হবে না? ময়রা মৃদি গয়লা মাঝির একজন হতে হবে না? মৃচির সঙ্গে জুতো সেলাই বাম্নের সঙ্গে চণ্ডীপাঠ করতে হবে না? অবশ্র, অবশ্র, অবশ্র। স্থীর প্রোগ্রাম ষেমন আছে তেমনি থাকবে, শুধু তার সঙ্গে জুত্তে হবে কেয়ারফিল্ডের উভাত ভাব। স্থীকে এমনি বেপরোয়া হতে হবে। এমনি অনপেক। স্থীর শান্তিবাদী বন্ধুরা সমবেত হলে সে তাঁদের বৈঠকে যোগ দিতে ধাকল। বেশীর ভাগই ঘরোয়া বৈঠক।

টাউনসেগু বললেন, "আমরা বৃত্তাকারে ঘুরছি, বৃত্তের বাইরে বেরোতে পারছিনে, এই হমেছে মুশকিল। যুদ্ধ বতদিন বাধেনি ততদিন আমাদের হাতে কাজ রয়েছে, কিন্তু যুদ্ধ যদি কোনো গতিকে একবার বাধে", তিনি গলা পরিষ্কার করলেন, "তা হলে আমরা জেলে যাওয়া হাড়া কী যে করতে পারি ভেবে পাইনে। যাই করি না কেন, সাহায্য করা হবে, সায় দেওয়া হবে। আহতের শুশ্রুযাও বিগ্রহের সাহায়।"

ব্লিজার্ড বসেছিলেন গালে হাত দিয়ে। বললেন, "জানিনে। কিন্তু এমন কিছু করতে চাই যাতে যুদ্ধ থামে। শুধু আহতের শুশ্রুষা করে কী হবে, আহত যাতে আর না হয় তাই করণীয়।"

"আমিও," বললেন রেভারেও বার্নেট, "মনে করি তাই। এমন কিছু করতে হবে যাতে ভাতৃহত্যা বন্ধ হয়। তেমন কিছু," তিনি গাড়িতে হাত বুলাতে বুলাতে বললেন, "আমাদের প্রভ্র অফুসরণ।"

"তার মানে কী, বব ?" টাউনদেও কৌতৃহলী হলেন।

"আমি আমাদের প্রধান মন্ত্রীর সক্ষে দেখা করে বলব আমাকে অনুমতি দিন অপর পক্ষের প্রধান মন্ত্রীর সক্ষে দেখা করতে। অনুমতি পেলে বার বার দেখা করব হু জনের সঙ্গে, প্রাণপণ চেষ্টা করব একটা দুখানজনক নিম্পত্তিপত্র হু জনকে দিয়ে স্বাক্ষর করাতে।"

টাউনদেও বলে উঠলেন, "বেচারা বব !"

বানেটি বগতে লাগলেন, "যথন দেখব নিম্পান্তির লেশমাত্র সম্ভাবনা নেই, ছু জনেই নাছোড়বান্দা, তখন—"

মিস মার্শল কণ্ঠকেপ করলেন, "তথন ?"

"ज्थन जात की ?" ¹्वार्त्न हे जारवश्चर वनत्नन, "ज्थन जामात्तव

সেনাপতির সঙ্গে দেখা করে বলব, আমাকে গুলি কর। না করলে আমি প্রত্যেকটি সৈনিককে বোঝাব ভাতৃহত্যায় অনস্ত নরক।"

"আহ্!" বললেন মিদ মার্শল। "তোমার প্রবর্ত্তনায় যদি এ শক্ষের লোক লড়াই ছেড়ে দেয় ও পক্ষের লোক উড়ে এদে জুড়ে বদৰে। তাতে আতৃহত্যা বন্ধ হতে পারে, ক্রীতদাসত্ব স্থক হবে, বব।"

বার্নেটি বললেন, "ক্রীভদাসত্ব স্থাফ হলে কী করব জানিনে, জানতে চাইনে। তথনকার কথা তথন ভাবব এবং প্রভূর কাছে প্রার্থনা করব, মড।"

"ওটা কোনো কাজের কথা নয়।" মড মাথা নাড্লেন।

"পরাধীনতা নৈব নৈব চ।" মৃথ খুললেন ফেয়ারফিল্ড্।.

"স্ট্যান।" টাউনদেও অন্তরোধ করলেন, "তুমিই বল।"

"বব," ফেয়ারফিল্ড্ সংখাধন করলেন বার্নেটিকে, "তুমি ধরে নিচ্ছ যে তুই প্রধান মন্ত্রীই সমান অব্ঝ। কিন্তু এমন ত হতে পারে থে আমাদের মন্ত্রীরা তোমার সম্মানজনক নিশ্পত্তিতে রাজি, অথচ অপর পক্ষ নারাজ। যদি অল্যস্তরূপে জানতুম থে আমাদের দিকেই অক্যায় তা হলে তোমার কর্মপদ্ধতি সমর্থন করতুম, বব। কিন্তু অক্যায় ত অপর পক্ষের হতে পারে।"

বানেটি ব্যাকুলভাবে বললেন, "কে বিচার করবে! কে বিচার করবে! আমি কি অভ্রাস্ত! তুমি কি অভ্রাস্ত!"

"সেইখানেই ত ফ্যাসাদ।" টাউনসেও মৃচকি হাসলেন। যেন তিনি জানতেন এ প্ৰশ্ন উঠবে।

"সেইজন্তেই আমি ধরে নিচ্ছি বে ভাতৃহত্যা নিজেই একটা অন্তায়। রাজনীতির ন্তায় অন্তায় ব্ঝিনে, ধর্মনীতির অন্তায়ই আমার পক্ষে বথেষ্ট।" বলে বানে ট দীর্ঘ নিংখাস ফেললেন। "না, না।" ফেয়ারফিল্ড ছাড়লেন না। "অমন করে এড়িয়ে গেলে চলবে না। যারা কারুর স্বাধীনভায় হস্তক্ষেপ করেনি, অত্যস্ত নিবিবাদী জাতি, যারা কিছুমাত্র অত্যায় করেনি, যাদের একমাত্র অপরাধ তাদের ভৌগোলিক অবস্থান, তেমন জ্রাভিকে যদি কেউ হঠাং আক্রমণ করে তবে কি তারা প্রবলের উদ্ধত অত্যায় পড়ে পড়ে সহু করবে ? প্রতিরোধ করবে না ?"

সকলেই অফুমানে বুঝলেন বেলজিয়ামের কথা হচ্ছে। নিঃশব্দে সমর্থন করলেন।

"প্রতিরোধ," বার্নেট স্বীকার করলেন, "করবে বৈকি। কিন্তু খ্রীফটীয় উপায়ে।"

'এফি ীয় উপায়," ফেয়ারফিল্ড জেরা করলেন, "বলতে ঠিক কোন দিনিষটি বোঝায় । মাফ কোরো আমার অজ্ঞতা।"

বানেটি নিক্তর রইলেন। ব্লিজার্ড তাঁর তরফ নিয়ে বললেন, "আর যাই হোক নরহত্যা নয়। নরহত্যার বিক্লমে অতি স্পষ্ট নিষেধ রয়েছে, স্ট্যান। 'Thou shalt not kill.' তোমার মত থাটি কিশ্চানকে কি তা মনে করিয়ে দিতে হবে ?"

ফেয়ারফিল্ড মাথায় হাত দিয়ে বসলেন। ছোট ব্লিজার্ড পিতাব সঙ্গে তর্কে নামলেন। বললেন, "কিন্তু নিয়মমাত্রেরই নিপাতন আছে।"

বড় ব্লিজার্ড জিজ্ঞাদা করলেন, "আবো নয়টি নিষেধবাক্যেরও নিপাতন আছে কি ?"

জন এদিক ওদিক তাকালেন। 'ব্যভিচার করিও না।' এই নিষেধবাক্য কি নিপাতননিরপেক্ষ নয়? তবে হত্যার বেলায় নিপাতন কেন?

ফেয়ারফিল্ড বিনীডভাবে বললেন, "বব, ভোষার সঙ্গে আমি বহ

পরিমাণে একমত। তথু ঐ এই টার উপায় নিয়ে পনেরো বছর ধরে কলহ করে আসছি। আর রনি, তুমি যে নিষেধবাক্যের উল্লেখ করলে সেইটেই চরম যুক্তি। তার নিপাতন নেই। কিন্তু আমি ও নিষেধ অমান্ত করব, করে অনস্ত নরকে পুড়ব, তবু পরাধীনতার জীবস্ত কররে এ দেশের কিন্তা ও দেশের কিন্তা কোনো দেশের লোককে পচতে দেব না। বলতে পার আমি ক্রিশান নই। তা হোক, কিন্তু আমি স্তায়বান।"

ব্যস্ত হয়ে ব্লিজার্ড বললেন, "তুমি যে ক্রিশ্চান তথা স্থায়বান এ বিষয়ে সন্দেহ করবার অধিকার আছে কার ? তোমার জীবনটাই ত সাক্ষা। কিন্তু স্ট্যান, তুমি ক্রিশ্চান হলে কী হয় উপায়টা গ্রীস্টীয় কি না সন্দেহ। অন্তত আমার ত সন্দেহ ঘুচল না। পরাধীনতা খ্বা, কিন্তু পরহত্যা পাপ। আমি পাপ করব কোন সাহসে ? যদি একটা করি আর একটা করতে বাধা কিসের ?"

"ওটা হচ্ছে তুর্বল চিত্তের পরিচায়ক।" ফেয়ারফিল্ড্ মন্তব্য করেই মাফ চাইলেন। "আমি পাপ করব পরম সাহসে। এবং একটাই করব, আর একটা নয়। ততথানি আত্মসংযম আমার আছে।"

"প্রভূ তোমাকে ত্রাণ করবেন।" বার্নেট অভয় দিলেন।

টাউনদেও এতকণ চুপ করে শুনছিলেন। বললেন, "স্ট্যানলির শাস্তিবাদ যে পর্বতে চুর্গ হচ্ছে সেটার নাম আয়সমত উপায়। তাঁর বিশাস নরহত্যাও আয়সমত, যদি হয় ক্রুসেডের সামিল। যা আয়সমত তা এটিয় হোক বা না হোক, তাই ক্রিশ্চানের বরণীয়। কেমন, স্ট্যান, ঠিক বুঝেছি কি না ?"

"অবিকল ব্ঝেছ।" ফেয়ারফিল্ড ্মানলেন।

"এখন আমাদের মৃশকিল হয়েছে এই যে আমরা যে উপায় অবলম্বন করতে চাই তা যদি কেবল স্থায়সমত হয়, ঞ্রীস্টায় না হয়, তা হলে আমরা পূর্ণ হৃদয়ে প্রতিরোধ করতে পারিনে, বিবেকে বাধে। আমরা চাই বে সে উপায় যেমন ন্যায়দশ্মত হবে তেমনি গ্রীদ্টীয় হবে। ঠিক বোঝাডে পেরেছি কি ?"

"ঠিক, ঠিক।" সাড়া দিলেন মিস মার্শল, বৃদ্ধ ব্রিক্সার্ড, আরো অনেকে।

"আমি জানি যে নরহত্যাও ন্যায়সমত হতে পারে, যদি হয় ক্রুসেডের সামিল। নইলে Thoreau কী করে হুখ্যাতি করতেন জ্বন ব্রাউনের — যে ব্রাউন নিগ্রো দাসদের স্বহস্তে মৃক্ত করবার জ্ঞান্তে দাসব্যবসায়ীদের স্বহস্তে খুন করেছিলেন ?"

"আমিও," ফেয়ারফিল্ড্ জানালেন, "হুখ্যাতি করি।"

"তুমি," টাউনদেও অহুযোগ করলেন, "আমাদের মধ্যে দেরা ক্রিশ্চান হয়েও কী করে তা পার? যা স্থায়সমত তা কি সব সময়ে খ্রীস্টীয় ?"

"আমার কাছে এটি মতার অন্ত কোনো মাপকাটি নেই। আমার বিশাস যা স্থায়সমত তাই এটি মা।" কেয়ারফিল্ড্নরম স্বরে বললেন। "আমরা তোমাকে শ্রদ্ধা করি, স্ট্যান। কিন্তু তোমার সঙ্গে আমাদের মতভেদ দেখছি বন্ধমূল।" বিজ্ঞার্ড রায় দিলেন।

"কিন্ত পরাধীনতা সহজে," মিস মার্শল কণ্ঠক্ষেপ করলেন, "ভোমাদের কারো কারো সঙ্গে আমারও মতভেদ বন্ধমূল, রনি। সে দিক থেকে স্ট্যান আমার নিকটতর।"

"সব সময় না।" কেয়ারফিল্ভ্ মাধা নাড়লের। "বদি দেখি যে অস্তায় আমাদের মন্ত্রীদের, আক্রমণ আমরাই করেছি বা অপরকে আক্রমণের উপযুক্ত কারণ দিরেছি, তবে বোয়ার যুঙ্কের সময় যা করেছিলুম তাই করব। পদে পদে বাধা দেব, লোক্ষত গঠন করব। সে বাবে আমি প্রার্থনা করেছিলুম, হে ঈশ্বর, আমার দেশ ধেন হারে। অক্সায় দেখলে আবার সেই প্রার্থনা করব। নিজের দোবে দেশ ধদি পরাধীন হয় যথাকালে পরাধীনতারও প্রতিরোধ করব, মড। পরাধীনতার ভয়ে অক্সায়কারীর হাতে হাত মিলাব না। সে হাত খুনীর।"

ম্বিয়েল স্থীর কানে কানে বললেন, "এ বার আপনার পালা।" স্থী বলল, "এখনো নয়। এবার জনের।"

জন অর্থাং ছোট ব্লিজার্ড স্থার পাশে বসেছিলেন। আলাপে যোগ দিয়ে বললেন, "একবার পরাধীন হলে তারপরে কি প্রতিরোধশক্তি থাকে? থাকলে সে আর কতটুকু? বিজেতার প্রথম কাজই হবে আর কেড়ে নেওয়া। বিতীয় কাজ ভেদনীতির বীজ বপন করা। প্রতিরোধের যতই বিলম্ব হবে প্রতিরোধশক্তিরও ততই অভাব হবে। দেশ তথন স্থাধীনতার জ্বন্তে বিজেতার দ্বারে ধর্ণা দিয়ে বা আন্তর্জাতিক ঘটনাবলীর উপর বরাত দিয়ে আমাহুয হবে। কাজেই পরাধীন হতে দেওয়া কিছুতেই চলতে পারে না, সার। নিজের দোষেও না, নিজের লোকের প্রার্থনার ফলেও না। আপনি যদি পদে পদে বাধা দেন আপনাকে বন্দী করা হবে। তুঃথিত।"

ফেয়ারফিল্ড্ প্রতিধ্বনি করলেন, "হৃঃথিত।"

মিদ মার্শ ল শান্তিবারি দেচন করে বললেন, "ইংলও কথনো অন্যায় করবে না। আমরা অবহিত থাকব।"

8

টাউনসেণ্ডের দৃষ্টি ধবন স্থাীর উপর পড়ল তবন সে ব্যুতে পারল এবার তাকে কিছু বলতে হবে। মনে মনে প্রস্তুত হতে থাকল। "আমাদের ভারতীয় বন্ধু," টাউনসেগু আহ্বান করলেন, "হয়ত এই বৃত্ত থেকে আমাদের উদ্ধার করবেন।"

স্ধী বিনীতভাবে বলল, "আমিও জিজ্ঞান্ত। আমার সাধা কী যে উদ্ধাব করি।"

তোমার স্থবিধা এই যে তুমি এমন একটি দেশ থেকে এসেছ যে দেশে কিছু কাজ হচ্ছে। আমাদের ত কেবল কথার কচকচি।" বললেন ব্রিজার্ড।

"আপনি আমার দেশকে স্নেহ করেন বলেই ও কথা বলতে পারছেন। কিন্তু আমি ত জানি কাজ কতটুকু হচ্ছে।"

"আপুনি," বললেন বার্নেট, "এমন একটি দেশ থেকে আসছেন ষেধানে এস্টীয় উপায়ের অন্থালন হচ্ছে। সেদিক থেকে আপনার সাক্ষ্য মূল্যবান।"

স্থী কণকাল আত্মন্থ হয়ে বলল, "কোনটা স্থায়সমত কোনটা প্রীস্টীয় এ সব বিশেষণের বদলে আমি ব্যবহার করতে চাই আর এক জোড়া বিশেষণ। আমি বলব যুদ্ধে সচরাচর যে উপায় ব্যবহৃত হয় সেটা পুরাতন, যেটা আমরা ভারতবাসীরা ব্যবহার করতে চেষ্টা করছি সেটা নৃতন। কামান, বিমান, ভুবো জাহাজ, এ সব আমার মতে পুরানো, যদিও এদের উদ্ভাবকদের মতে আনকোরা। অহিংস অসহযোগ হচ্ছে নতুন, যদিও মাসুষের ইতিহাসে এর প্রয়োগ ও অপপ্রযোগ অগণা।"

জন বললেন, "সিভিল ও মিলিটারি এ ছটি বিশেষণের দোষ কী ?"
স্থী বলল, "আছে দোষ। সিভিলও অনেক সময় প্রচ্ছের মিলিটারি।
কিন্তু যতই বিবেচনা করবেন তত্তই বুঝতে পারবেন কেন আমি জন্ত এক জ্যোড়া বিশেষণ ব্যবহার করছি। ইতিমধ্যেই আরো কত রকম নামকরণ হয়ে গেছে। যথা, সক্রিয় ও নিক্রিয়। আমার মত বাঁরা বিশাস করেন যে একটা উপায় এখনো অপরীক্ষিত, এখনো পরীক্ষণাগারে আবন্ধ, তাঁরা তাকে নতুন উপায় বলেই উল্লেখ করবেন। তার যে কত বৃহৎ সম্ভাবনা তা একমাত্র ঐ বিশেষণেই ব্যক্ত হয়।"

ফেয়ারফিল্ড্বললেন, "আমি যখন ভোমাদের দেশে গেছলুম তথন ওর একটু ইন্ধিত পেয়েছিলুম, কিন্তু এখনো বিশেষ ওয়াকিবহাল নই। তুমি কি সত্যি জান ভারত ঐ অস্ত্রে জিতবে ?"

"ফলাফল ঈশবের হাতে। আমরা শুধু যত্ন করতে পারি।" স্থী বলল।

"হয়ত ইংরাজের সঙ্গে সংঘাতে। কিন্তু আফগান, রুশ, জ্বাপানী— এদের সঙ্গে রণ করে জিতবে কি ?" মিস মাশল এমম স্থরে স্থালেন যেন ওর উত্তর সম্বন্ধে তিনি নিঃসন্দেহ।

স্থী লক্ষ করেছিল শান্তিবাদীদের অনেকেরই মর্মগত ধারণা ভারতের সত্যাগ্রহ কেবল ইংরাজের সঙ্গেই সম্ভবপর, উত্তর পশ্চিমের হিংস্র উপজাতি অথবা এশিয়ার অক্যান্ত হুর্দ্ধ জাতির সঙ্গে নয়।

বলল, "নৃতন অত্মের কোনখানে নৃতনত্ব তা যদি উপলব্ধি করি তবে পুরাতন অস্ত্রধারীমাত্রেরই আক্রমণ প্রতিহত করতে পারি। কার্য্যতঃ পারব কি না কেমন করে বলব!"

টাউনসেও চুপ করে শুনছিলেন। প্রশ্ন করলেন, "কোনখানে ?"
"এইখানে যে প্রতিপক্ষের হৃদয় জয় করাই এর উদ্দেশ্য।" স্থা চেয়ে
দেখল বার্নেটের চোখে স্বর্গীয় আভা।

"আমরা ভারতের লোক আমাদের ইংরাজ শাসকদের হুদয় জয় করতে পারি এ বিশাস আমাদের আছে, এর কারণ এমন নয় যে অক্যাক্ত জাতিদের হুদয় নেই। এর কারণ অক্ত কারো সঙ্গে আমাদের এ জাতীয় সম্পর্ক নেই। যদি কোনো দিন হয় তবে হুদয়জয়ের একই অস্ত্র ব্যবহৃত হবে।"

"তুমি যাকে হৃদয় জয় বলছ," ব্লিজার্ড চ্ন্টুমি করে বললেন, "দেটা পকেট জয়। তোমরা আমাদের কাপড়ের কলগুলো জখম করেছ, এর পরে আর কী কী জখম করবে ভোমরাই জান।"

ফেয়ারফিল্ড্বললেন, "বেশ করেছ। আমাদের হৃদয় ত আমাদের পকেটে।"

"দেইখানে হাত চ্কিয়ে একদিন হৎপিণ্ডের নাগাল পাব, জানি।
কিন্তু রহস্ত থাক। ল্যাকাশায়ারের জগমের জল্যে আমরা তুঃখিত।
কী করা যায়! যুদ্ধমাত্রেরই পরিণাম জগম। অহিংস হলেও তা
যুদ্ধ। কিন্তু আমরা আপনাদের বন্ধুতা চাই, সেইজন্তে আমাদের অন্ত্র
আপনাদের আর্থিক বিপর্যায় ঘটালেও এমন কোনো অহিত করবে
না যাতে বন্ধুতা পরাহত হয়।"

স্থীর কণ্ঠস্বরে বজ্রের দৃঢ়তা, কিন্তু তার উচ্চারণ কুস্মকোমল।
আর্থিক বিপর্যয় শুনেই কারো কারো চক্ষ্ চড়ক গাছ। ত্'চার
লাথ দৈনিকের মৃত্যু তার তুলনায় ছেলেখেলা।

"আর্থিক বিপর্যায়?" টাউনসেও কী ফেন ভাকলেন।

"না, বোলশেভিজম নয়।" স্থী হাসল। "বোলশেভিকরা হৃদয় জয় করে না, অস্তবের পরিবর্তনে আস্থাহীন।"

টাউনদেও বিনা বাক্যে বললেন, ভাই বল!

ফেয়ারফিল্ড্ জানতে চাইলেন পুরাতন অস্তের সঙ্গে বলপরীক্ষায় নৃত্তন অস্তের কতটুক আশা।

স্থী বলল, "বোলো আনা। পুরাতন অস্ত্র দিয়ে পুরাতন অস্ত্র ঠেকানো যায়, তাতে জয়ের আশা আট আনা আট আনা। কিন্তু নতুন অন্ত দিয়ে পুরানো অন্তকে একেবারে অকেজো করে দেওয়া যায়। শৃত্যে তরোয়াল ঘোরালে কেউ না কেউ কাটা পড়তে পারে, কিন্তু কাটবার আনন্দে কি দৈনিক যুদ্ধে যায় ? ও ত কসাইয়ের কাজ। দৈনিক চায় তলোয়ারের অক্ষে তলোয়ারের ঝঞ্জনা। দৈনিক চায় মারণের সঙ্গে মরণের উত্তেজনা। যেখানে মরবার ভয় নেই, কেবল মারবার ধ্ম, সেখানে দৈনিকের হুখ নেই, তার অল্পেরও অতৃপ্রি। হুতরাং পুরাতন অন্ত নৃতনের কাছে নিশ্রভ।"

"কী জানি!" ফেয়ারফিল্ড্ চিন্তিত হলেন। "তোমার উজি হয়ত সত্য। কিন্তু আমার অভিজ্ঞতা অন্তর্মণ। আমি এমন সৈনিকও দেখেছি হারা শৈশাচিক ভাবে অত্যাচার করেছে, নিরস্ত্রদের নিরীহতার স্থোগ নিয়েছে। কসাই ওদের চেয়ে ভালো, কারণ কসাই ত বজাতিহিংপ্রক নয়, কসাই ত মান্ত্র মার্ মারে না। প্রার্থনা করি তোমাদের দেশে অমৃতস্বের পুনরার্ত্তি না ঘটুক। কিন্তু অন্তর্জ্ঞ ঘটতে পারে। ইংলত্তে ঘটতে পারে। কাজেই তুমি আমাদের পুরাতন অল্প বর্জন করতে বোলোনা। আট আনা ভরসাও কম নয় হে। এক আধ আনার চেয়ে বেশা।"

স্থী মাথা নোয়াল। এ নিয়ে কি তর্ক করা চলে!

ব্লিজার্ড বললেন, "তা হলে শান্থিবাদের নাম করা কেন্দ্র এ পাট তুলে দিলেই হয়।"

"না, শান্তিবাদেরও প্রয়োজন আছে। কিন্তু তার অর্থ collective security. কোনো নেশন যুদ্ধ বাধালে বাকী সব নেশন মিলে sanctions প্রয়োগ করবে। তাতেও যথেষ্ট শিক্ষা না হলে মারণাল্প প্রয়োগ করবে। ক্রিকানের কর্ত্তব্য হচ্ছে তুর্কলের বৃক্ষণ, তুটের দমন।"

Œ

স্থীর সঙ্গে যার সবচেয়ে মতের মিল তাঁর নাম ম্যাকৃস্ আণ্ডারহিল। মধ্যবয়সী, স্বগঠিতদেহ, কুঞ্চিত কেশ, গ্রীক স্ট্যাচুর মত দেশতে।

তিনি স্থীর পক্ষ নিয়ে বললেন, "ঈশর না থাকলে যেমন ঈশরকে উদ্ভাবন করতে হয় তেমনি নৃতন অস্ত্রকে। পুরাতন অস্ত্রের উপর ভরসা রাখা মানে ত পরস্পারের সঙ্গে পালা দিয়ে মারণাস্থনির্মাণ। তার কি সীমা আছে ?"

ফেয়ারফিল্ড ্বললেন, "ঐ যে বলেছি, collective security. স্কলের অস্ত্র একত্র করবার ব্যবস্থা থাকলে পাল্লা দেবার প্রশ্লই ওঠে না।"

"নিশ্চয় ওঠে।" ম্যাক্স্ মাফ চাইলেন। "অবশিষ্টের ইচ্ছার বিক্লম্বে যে নেশনটা বিগ্রহ বাধাবে সে কি প্রস্তুত না হয়ে বাধাবে পূর্তার প্রস্তুত হওয়া, অবশিষ্টের সঙ্গে পাল্লা দিয়ে মারণাস্ত্র সংগ্রহ করা। তার সঙ্গে পাল্লা দিয়ে অবশিষ্টও তাই করবে। কে জানে সেই নেশনটা কোন্ নেশন, কত দ্র তার দৌড়! যদি রাশিয়া হয় তবে তার পাল্লার পরিধি অনেক দ্র। হতরাং আমরা যদিও অবশিষ্টের সামিল তব্ আমাদের ভাগে অস্ত্রশাস্ত্রের পরিমাণ খুব বেশী না হলেও খুব কম পড়বে না, দীনান।"

জন প্রতিবাদ জানালেন। রাশিয়া, তিনি বললেন, সে নেশন নয় । রাশিয়া কারো সঙ্গে যুদ্ধ বাধাতে চায় না, বাধাতে চায় ফাসিস্ট ইটালী।

ফেয়ারফিল্ড বললেন, "যদি খুব বেশী না পড়ে তবে ভোষার উক্তি ভোষার যুক্তির প্রতিকৃল। নতুন অত্তের আবশুক্তা ভারতবর্ষের মত নিরস্ত্র দেশে রয়েছে, যদিও তার সাফল্য সহছে আমি সন্দিহান। এ দেশে তার আবশুক্ কী ?"

"मिहे कथाहै वाबाएं एठहा कदि ।" गांकम वनत्नन, "बामि वानियाव मृष्टीस्ट (मध्याय जन जामात्क नामावानित्वाधी नमस्याह। আচ্ছা, এবার উদাহরণ দিই করিটানিয়ায়। করিটানিয়া যদি বিশ বছর ধরে লুকিয়ে লুকিয়ে তৈরি হতে থাকে তবে বিশ বছরের শেষে হঠাৎ আমাদের ঘুম ভাঙবে। আমরা দেখব আমাদের ও ক্লরিটানিয়া ব্যতীত অক্যান্ত দেশদের যেসব মারণাত্ম আছে সে সব একত্র করলেও জয়ের याना (नरे। यामदा उथन ऐक्षंचारम यश्वनिर्माण यादछ करत स्व। কিন্তু ভার আগে করিটানিয়া হয়ত গোটাকয়েক দেশকে ঘায়েল করে তাদের অন্তর্শন্ত কেডে নিয়েছে। পরের বলে বলীয়ান হয়ে সে যথন আমাদের অভিমুখে অগ্রসর হবে তথন অবশিষ্ট নেশন বলুতে হয়ত পাচটি কি সাভটি। স্ট্যান, তখন তোমাকে বাধ্য হয়ে উদভাবন করতে হবে নৃতন অন্ত্র, যে অন্ত্রের ব্যবহার রুরিটানিয়া জানে না। স্ট্যান. এমনি করে ইতিহাস স্ষ্টি হয়। যাদের সমপরিমাণ প্রস্তরাম্ব ছিল না তারা বৃদ্ধি খাটিয়ে ধাতব অস্ব উদ্ভাবন করেছিল। কোণঠাদা হয়ে মাত্রুষ ক্রমাগত নতুন অলু উদ্ভাবন করে এসেছে, আমাদের যুগে সেই নতন অন্ত হচ্ছে নিক্ষিয় প্রতিরোধ।"

এবার কণ্ঠক্ষেপ করতে হল স্থণীকে। "নিশ্রিম প্রতিরোধ কথাটি আমার নয়, কারণ আমার দেশে যে অস্ত্রের পরীক্ষা চলেছে তা সর্ব্বতোভাবে সক্রিয়, যদিও তার বারা কারো প্রাণহানি অক্স্থানি বা যাতনাভোগ ঘটবে না। কটু যা কিছু তা মনের।"

"এবং," ব্লিজার্ড চোখ টিপলেন, "পকেটের।"

"না, পকেটেরও নয়। প্রতিপক্ষ ইচ্ছা করলে লুটের ধনে পকেট বোঝাই করতে পারে। ক্রিশ্চানরা ক্লোক চাইলে কোটটাও দেন। আমরা বলি, শুধু কোট কেন, সব নাও, নিয়ে বিদায় হও।" িকেউ কেউ হেসে উঠলেন, কিন্তু কারো কারো বুকে ভীর বিধন।

"আমরা ত বিদায় হতেই চাই," গস্তীরভাবে বললেন মিদ মার্শল, "কিন্তু নাবালকদের প্রতি আমাদের ত একটা ঐতিহাসিক দায়িত্ব আছে। আমরা চলে এলে মাইনরিটিদের যে কী দশা হবে তাই ভেবে আমাদের আদার দেরি হচ্ছে। কিন্তু আসবই আমরা একদিন। ধাকব না, ঠিক জেনো।"

"ধস্তবাদ।" স্থা হাসি চাপল। "নাবালকরা ততদিনে সাবালক হয়ে থাকবে। প্রত্যেকেই এক একটা মেছরিটি!"

ম্বিয়েল স্থীকে চোথের ইশারায় নিবৃত্ত হতে বললেন। স্থীও জানত যে ভারত সম্বন্ধে অধিকাংশেরই একটু তুর্বলতা ছিল। এমন কি স্বয়ং ফেয়ারফিল্ডের। যদিও জালিয়ানওয়ালাবাগের পরে তিনি নিজের দেশকে অভিশাপ দিয়ে প্রবন্ধ লিপেছিলেন। কথায় কথায় এপনো তিনি বলে থাকেন, "ইংলণ্ড যদি সত্যিকার ক্রিশ্চান হয় তা হলে তার স্থান আছে ভারতে। ভারত প্রীষ্টকে চেয়েছিল বলেই ইংলণ্ডকে পেয়েছিল।"

মাাকৃদ্ বললেন, "নতুন অস্ত্র যে উদ্ভাবন করতে হবে এটা আমার বিচারে ঐতিহাদিক প্রয়োজন। তবে দেশভেদে তার প্রকারভেদ থাকবে, নামভেদও প্রকারভেদের আমুষ্ফিক। স্থতরাং স্থীর দক্ষে আমি ও নিয়ে তর্ক করব না। ওঁর দেশ সম্বন্ধে উনিই প্রকৃষ্ট বিচারক।"

"নিশ্চয়। নিশ্চয়।" সীকার করলেন ফেয়ারফিল্ড্। "কিন্তু আমার বক্তব্য হচ্ছে এই যে নৃতনের মোহে আমরা যেন পুরাতনকে না ছাড়ি। জান ত, পুরানো পিদিমের বদলে নতুন পিদিম নিয়ে আলাদিনের কী বিপদ ঘটেছিল।" টাউনসেও এতক্ষণ এক মনে নোট লিথছিলেন। স্থীকে স্থাকেন, "তুমি বলছিলে নতুন অস্ত্রে সাফল্যের সম্ভাবনা যোলো আনা। তুমি কি স্থির জান যে ওটা অতিরঞ্জন নয় ?"

ক্ধী ফাঁপরে পড়ল। চিস্তা করে বলল, "যার দই সেত ভালো বলবেই। অস্ত্রটা ভারতের স্বকীয়, অস্তত ব্যাপকভাবে ওর প্রয়োগ অন্তর হয়নি। ভারতসন্তান আমি, ওতে আমার সম্পূর্ণ বিধাপ আছে, একমাত্র ওরই দ্বারা আমরা স্বরাট হব, একটা বিরাট ভূপণ্ডের আশাআকাজ্ফার রাগে রঞ্জিত আমার উত্তর কি অতিরঞ্জিত হয়েছে, দার ?"

টাউনসেও আশ্বাস দিয়ে বললেন, "অতিরঞ্জনের জন্যে অপরাধী করছিনে। জানতে চাইছি বান্তবিক সাফল্যের সন্তাবনা কন্টুকু বা কতথানি। তুমি ভারতসন্তান হিসাবে উত্তর না দিয়ে মানবসন্তান হিসাবে উত্তর দাও দেখি। যে কোনো দেশে ওর সন্তাবনা কত দ্ব—পুরাতন অস্থের সঙ্গে তুলনায়?"

স্থীকে বীতিমত মনন করতে হল। টাউনসেও চান বৈজ্ঞানিক উত্তর। এমন উত্তর যাতে আশাআকাজ্ঞার অমুরঞ্জন থাকবেন।:

"যা এখনো অপরীক্ষিত তার বিষয়ে যাই বলি না কেন কডক পরিমাণে আশারঞ্জিত হবেই। যোলো আনার স্থাল সাড়ে তিন আনা বললেও বৈজ্ঞানিকের বিচারে টিকবে না। অতএব আমি যোলো আনাই বলব, যে কোনো দেশে যোলো আনা।" স্থুধী শৈলের মড অবিচল রইল।

"তুমি ভয়কর লোক।" টাউনসেও হাসলেন।

"নতুন অন্ত্র," ম্যাক্স্ বললেন, "যদি উদ্ভাবন করতে হয় ডবে যোলো আনা সাফল্যের সম্ভাবনা তার অন্তর্নিহিত বলে ধরে নিতে হবে। নতুবা উদ্ভাবনের কোনো অর্থ হয় না, বেন। তাম কি মনে করেছ সাড়ে তিন আনা সাফল্যের জন্তে নতুন অস্ত্র ও সাড়ে বার আনা সিদ্ধির জন্তে পুরানো অস্ত্র ব্যবহার করবে ? তুই একসকে বা পর্যায়ক্রমে ব্যবহার করা চলে না, বেন।"

তাঁর উক্তি যুগপং সমর্থন ও সংশোধন করে স্থধী বল্ল, "ছুই একসন্ধে চলতে পারে না, ম্যাকৃদ্, কিন্তু পর্যায়ক্রমে চলতে পারে বৈকি। করিটানিয়ার আক্রমণ প্রত্যাহত করতে পুরাতন অস্ত্র যদি ব্যর্থ হয় তবে যে কোনো দেশ একাকী দাঁভাতে পারে নতুন অস্ত্র হাতে নিয়ে। কিন্তু তার আগে তাকে স্বেচ্ছায় নিরস্ত্র হতে হবে, যদি অনিচ্ছায় নিরস্ত্রীকৃত হয় তা হলে স্বেচ্ছায় পুরাতন অস্ত্রের মায়া কাটাতে হবে। নতুন অস্ত্রে যার যোলো আনা বিশ্বাস মানে পুরানো আনা সিদ্ধি নেই, আর নতুন অস্ত্রে যোলো আনা বিশ্বাস মানে পুরানো অস্ত্রে যোলো আনা বিশ্বাস মানে

ম্যাক্স বলিলেন, "আমিও ঠিক সেই কথাই বোঝাতে চেষ্টা করেছি, স্থী।"

টাউনদেশু বললেন, "মাাকৃদ্, তোমাকে আমরা ভারতবর্ষে পাঠাব।
তুমি নিজের চোপ কান থোলা রেথে পরিমাপ কোরো ওদের সাফল্য।
আমার নিজের মনে হয় স্থীর কথার পিছনে কিছু অভিজ্ঞতা আছে,
কিন্তু অভিজ্ঞতার ভাগ ধদি হয় সাড়ে তিন আনা ত অভিলাবের ভাগ
সাড়ে বারো আনা। আমার সন্দেহ হয় মাটিতে একটি আঙু ল রেথে
বাকী নয়টা আঙুলে ওরা শৃল্যে দাঁড়াতে চাইছে। কিন্তু আমরা ইংরাজরা
বাস্তববাদী, আমরা দশটি আঙুল দিয়ে মাটিতে দাঁড়িয়ে তুই হাতে
আকাশের চাঁদ পাড়তে চাই। আমরা আদর্শকে ভালোবাসি বলে
বাস্তবকে ভ্লতে পারিনে। চাঁদ আমাদের প্রিয়, কিন্তু পৃথিবীও প্রিয়া।"

টেবল বাজিয়ে এত জন সায় দিলেন যে টাউনসেণ্ডকে দেখে মনে হল তিনি সেদিনকার যুদ্ধে জিতেছেন।

ফেরবার পথে ম্রিয়েল বললেন স্থীকে, "শুনলেন ত। আমরা ইংরাজ্বা মাটিও ছাড়ব না, চাঁদও পাড়ব। পুরাতন অস্ত্র যেন মাটি, নৃতন অস্ত্র যেন চাঁদ।"

স্থী হেদে বলল, "আমরা ভারতীয়রাও কম যাইনে। আমাদের আনেকের ধারণা নতুন অস্ত্রে স্থরাক্ত লাভ করলেও স্থরাক্ত রক্ষা করা অসন্তব, তার জন্তে লাগবে পুরানো অস্ত্র। কাজেই আমরা অহিংসার ম্যাটি ক্যুলেশন পাশ করে তার পরের দিনই নাম লেখাব হিংসার কলেজে।"

"তা হলে আপনাদের মনোভাব আমাদেরই মত।"

"ঠিক উন্টো। হিংসায় আপনাদের বিশ্বাস টলেছে, আপনারা তবু তাকে ছাড়তে পারছেন না প্রাকৃটিকাল কারণে। হিংসায় আমাদের অটল বিশ্বাস, সেই আমাদের ছেড়েছে বলে আমরা অহিংসার নিশান ধরেছি। এই অন্তর্ভন্তের অবসান না হলে আমাদের ছারা কোনো মহং কাজ হবে না, দিদি। তবে আশা আছে—" স্থী আকাশের দিকে তাকায়। সেদিন টাদ ছিল।

ঙ

স্থীর নিজের তেমন কোনো অন্তর্মন্ত নেই, স্থী সে হিসাবে স্থী। কিন্তু মানুষের জগতে বহির্মন্ত আছে, স্থাও মানুষ, তাকেও বহির্মন্তর দিনে অন্ধ ধরতে হবে। সে অন্ধ পুরানো না হয়ে নতুন হলেও তা অন্ধ, তার সঙ্গে নিজের ও পরের ক্ষয়ক্ষতি জড়িত। তার ৰাবা হনর জয় করতে চাইলেও জালার উপশম হয় না। জালা উভয় পক্ষেই।

সহিংস হোক অহিংস হোক সংঘর্ষমাত্রেই তৃ:থের। সংঘর্ষ যাতে
না বাধে, যাতে নিবারিত হয় সেই প্রয়াসই প্রাথমিক কর্ত্তর। কিন্তু
সকলের সব চেষ্টা ব্যর্থ করে যদি একদিন ও জিনিষ বাধে তবে সহিংস
কিন্তা অহিংস কোনো একটা অস্ত্র হাতে নিতেই হবে। স্তধীও বাদ
যাবে না, যেহেতু সে মান্ত্রয়। ননকোঅপারেশন আন্দোলনে স্থাও
যোগ দিয়েছিল, যেহেতু সে ভারতীয়। আর একটা আন্দোলন যে
আসর তা সে দেশের কাগজ পড়ে আন্দাজ করতে পারছিল। সংসার
প্রবেশের সঙ্গে সঙ্গেই হয়ত সংগ্রাম প্রবেশ। এ কথা মনে হলেই
স্থার মন কেমন করে।

ইংলগুকে সে বাদলের মত স্থদেশ বলে গ্রহণ করেনি, কিন্তু স্থদেশের মত ভালোবেসেছে। এর একটি বর্ণ মিথ্যা নয়। যেমন এ দেশের প্রকৃতি তেমনি এ দেশের মাচ্চয়, তুই তার কাছে আপনার। কাকে বেশী পছন্দ করে, প্রকৃতিকে না মাহ্চয়কে, তা সে বলতে পারবে না। কিন্তু ছাড়তে চায় না কাউকেই। উপায় নেই, ছাড়তেই হবে। জীবনটাই একটানা একটা ত্যাগ। তার পদে পদে প্রিয়জনকে পিছনে ফেলে যেতে হয়। মাত্যার্ভ ত্যাগ না করলে শিশু ভূমিষ্ঠ হয় না। মায়ের কোল ত্যাগ না করলে হাঁটতে ছুটতে থেলতে পায় না। একদিন থেলাঘর ত্যাগ করে পাঠশালায় চলে য়য়, মা বেচারি কাঁদে।

আর কিছুদিন পরে স্থা ইংলও থেকে বিদায় নেবে। #ে বিদায় ছংশের। কিন্তু তার চেয়ে আরো ছংথের, বিদায়ের পরে সেই ইংলওের সন্ধেই সংঘর্ষ। এত ভালোবাসা, এত সদ্ব্যবহার, আতিথ্য,

আলাপ, সম্পর্কস্থাপন, দিদি বলে ডাকা—সংঘাতের দিন এ সব কে থার-রইবে! তব্ ত তা অহিংস সংগ্রাম, বড় জোর প্রেটের উপর দার্গ রাধবে, হৃদয়ের উপর নয়। যদি সহিংস হত, তা হলে কি ছংখ রাখবার ঠাই থাকত? জার্মানে ইংরাজে ফরাসীতে কী করে সেবার লড়াই বাধল, কী করে আবার বাধবে? ওরা যে নাড়ীর বাধনে বাধা! স্থীর মত কত স্থী, ম্রিয়েলের মত কত ম্রিয়েল, আণ্ট এলেনরের মত কত আণ্ট এলেনর ওদের ঘরে ঘরে।

ভোর না হতেই স্থার ঘুম ভেঙে যায়, সে তাড়াতাড়ি নিত্য কর্ম সেরে বেরিয়ে পড়ে। মাঠে মাঠে বেড়ায়, ঘাসের ফুল কুড়ায়, পাথীর ডাক শোনে, গাছের গড়ন লক্ষ করে, মাফুষের সঙ্গে করে কুলারবিনিময়, জেনে নেয় কোন ফুলের কোন পাথীর কোন গাছের কী নাম। ইংরাজরা এ সব বিষয়ে ভারতীয়দের তুলনায় ওয়াকিবহাল। দেশে যেমন প্রকৃতি সম্বন্ধে প্রাণ্য বিলেতে তেমন নয়। স্থাী জনেক সময় ভাবে প্রকৃতির সঙ্গে যাদের বিরোধের সম্পর্ক তারাই তার প্রেমিক। ইউরোপের মাফুষ পশুপাথী শিকার করে বলেই তাদের থবর রাখে, চেনে ও যত্ত করে। আমরা অহিংস বলে উদাসীন। অহিংসার এই দিকটা প্রীতিকর নয়। মাফুষের সঙ্গে মাফুষের বিরোধের সম্পর্ক বলেই কি এত দেশভ্রমণ, সভাসমিতিতে যোগদান, আমোদপ্রমোদে অভিনিবেশ প অহিংসার প্রাত্তিব হলে কি যে যার দেশে একঘরে হয়ে অপরের প্রতি অন্ধ ও বধির হবে প তা যদি হয় তবে অহিংসার বিপক্ষেও বলবার আছে।

প্রাতরাশের সময় স্থা কুটারে ফিরলে ফেয়ারফিল্ড্ তাকে কেপিয়ে বলেন, "কি হে। আজ কার গাড়ীতে চড়ে দিখিজয় করে এলে?" হয়েছিল কী, একদিন বেড়াতে বেড়াতে স্থা দেখল পিছন থেকে আসছে একথানা কার্ট অর্থাৎ এক-ঘোড়ার গাড়ী। স্থার মনে পড়ল স্থান্ত বস্থকে একজন গাড়োয়ান একবার গাড়ীতে চড়তে ডেকেছিল। সে ত আমেরিকায়। বিলেতে কি তেমন গাড়োয়ান আছে? স্থা ভাবছে, এমন সময় সত্যিই সে গাড়োয়ান গাড়ী থামিয়ে তাকে ডাকল। ডেকে বলল, "চড়বেন?" স্থা তার পাশে বসল। সেই যে বসল তার পরে নামল গিয়ে চার পাঁচ মাইল দূরে ভিন্ গাঁয়ে, গাড়োয়ানের ঘরে। তার সঙ্গে চা থেয়ে আরো কয়েক জায়গা ঘুরে, আরেক জনের বাড়ীতে তুপুরের থাবার থেয়ে, আবার সেই গাড়োয়ানের ওথানে চা থেয়ে স্থা সেদিন সন্ধ্যাবেলা ফিরল। ইতিমধ্যে ফেয়ারফিল্ড্ স্ক্রে লোক পাঠিয়েছেন তাকে খুঁজতে, ম্রিয়েল তাকে না থাইয়ে থাবেন না বলে অভুক্ত রয়েছেন। স্থা ভীষণ লজ্জিত হল এসব শুনে ও দেখে।

স্থী বলে, "না, আর দিখিজ্ঞায়ে যাচ্ছিনে। আমার সেই ভাষণ এখনো সমাপ্ত হয়নি। লিখে শেষ করতে হবে।"

"ওছ্। তোমার সেই অপ্নমনোনয়ন? তুমি সেদিন বলছিলে তোমার দেশের পৌরাণিক বীরদের এক এক জনের এক একটি ক্মনোনীত আয়ুধ থাকত। তোমার মতে প্রত্যেক দেশেরও এক একটি ক্মনোনীত রণপদ্ধতি থাকে। স্পোনের যেমন গেরিলা, রাশিয়ার যেমন পোড়ামাটি তোমাদের তেমনি অহিংস অসহযোগ।"

স্থী বলে, "আমার বিখাস জয়ের সর্গু হচ্ছে স্বাদেশিক রণপদ্ধতি যে কী তা আবিদ্ধার করা ও তাতেই লেগে থাকা। আমার দেশের অধিকাংশ মানুষ নিরামিশাষী। যারা জীবনধারণের ভক্তে জীবহত্যা করে না তারা দেশের জন্তে নরহত্যা করবে, এ কি কখনো হয়? অধিকাংশকে বাদ দিয়ে যদি মৃষ্টিমেয়কে দিয়ে লড়াই করা হয় ভবে।
তাতে অধের সম্ভাবনাও মৃষ্টিপরিমেয়।"

ফেয়ারফিল্ড ্বলেন, "তা হলে, বাপু, এ দেশের অধিকাংশ মাছ্য ত নিরামিশাষী নয়, এ দেশে তোমার রণপদ্ধতি সফল হবার কতটুকু আশা ? কেন তবে তুমি টাউনসেওকে যোলো আনার আশা দিলে ?"

ন্থী অপ্রস্তত হয়ে কৈফিয়ৎ দেয়, "পুরাতন অস্ত্র যদি বার্থ হয় তবে আপনারা হয়ত ওর মায়া কাটানোর সঙ্গে সঙ্গে আমিষেরও মায়া কাটাবেন।"

ফেয়ারফিল্ড্ তথন ইংরাজোচিত আয়প্রত্যেরে সহিত এই কথা কয়টি বলেন, "তার ঢের দেরি আছে।"

স্থীর ভাষণ শান্তিবাদীদের বৈঠকে অম্রূপ গুল্পন তুলল। নতুন অত্যের সন্ধান নিতে সকলেই উৎস্থক, কিন্তু তার জ্বন্তে জীবনের ধারা পরিবর্ত্তন করতে বিশেষ কারো উৎসাহ দেখা গেল না। নিরামিশাষীর সংখ্যা দিন দিন বাড়ছে। সে দিক থেকে স্থীর সমর্থকের অভাব হল না। কিন্তু স্থীর প্রধান যুক্তি তা নয়। স্থী চায় স্বাচ্ছেল্যা পরিহার। স্থী বলে থাওয়া কমাতে হবে, পরা কমাতে হবে, উপকরণের ভার লাঘব করতে হবে, উপনিবেশ বা অধীন দেশে থেকে এমন কিছু আমদানি করা চলবে না যাতে তাদের টান পড়ে, উপনিবেশে বা অধীন দেশে এমন কিছু রপ্তানী করা চলবে না যাতে তাদের দিল্ল ধ্বংস হয়। এক কথায় যে জীবন শোষণের উপর প্রতিষ্ঠিত তার পরিবর্ত্তে যে জীবন শোষণসংশ্রেষ্টান সে জীবন বরণ করতে হবে। তা হলেই মরণ বরণ করা সহজ হবে, যারা মরতে প্রস্তুত্ত তাদের পরাভব নেই।

"মরতে প্রস্তুত কে নয়? বে টর্পেডো ট্রোড়ে, ট্যাক চালায়,

আকাশে ওড়ে, বোমা ফেলে সেও ত মরতে প্রস্তত। শোষণ অবশ্য পরিতাপের বিষয়, কিন্তু তার দকণ কেউ মরতে কুর্তিত হয়েছে বলে ত জানিনে।" বললেন সার চার্ল সৃ হোল্ট্বী।

স্থী নিবেদন করল, "আমিও জানিনে, কিন্তু আমার বাক্যের তাংপথ্য এই যে কোনো দিন যদি কোনো কারণে মারণান্ত ফুরিয়ে যায়, কম পড়ে বা তুলনায় নিক্কট হয় তবে যার। মরতে প্রস্তুত হয়ে যুদ্দে নেমেছিল তারাও কুন্তিত হয়ে পিছু হটে। পিছু হটে না কেবল তারাই যাদের জীবন্যাপনের প্রণালী এমন যে লাতে পরস্বাপহরণের ইন্দিত নেই, যাদের বিবেক সম্পূর্ণ অমলিন।"

"কিন্তু এর সজে নতুন অত্মের কী সম্পর্ক ! তুমি যাদের কথা বলছ তারা শোষণকার্য্যে বিরত হলে মারণাত্মের অভাব কিন্তা অপকর্ষ সত্ত্বে মারে এবং মরে, পিছু হটে না। স্থী, তোমার ও যুক্তি সোভালিস্টাদের। অহিংসকদের নয়।" সমালোচনা করেন ম্যাকৃস্ আগুরহিল।

"ঠিক।" সায় দেন জন ব্লিজার্ড।

"আমিও," স্থাী ঘোষণা করল, "কতকটা সোশালিফ। কিন্তু থাক ও কথা। আমার গবেষণার ফল হচ্ছে এই যে শোষণবিরতির সঙ্গে মরণবরণের গভীরতর সম্পর্ক আছে, সেটা সব যুদ্ধে প্রকাশ পায় না, পায় প্রধানত তু'রকম যুদ্ধে—সোশালিফ যুদ্ধে ও অহিংস যুদ্ধে। কাজেই আমার যুক্তি সোশালিফ ও অহিংসক উভয়েরই অন্তর্কুল। কৃতক দূর প্রাস্তু জন ও আমি এক পথের পথিক। তফাৎ এইখানে যে আমি মারব'না, মরব, উনি মারবেন ও মরবেন।"

অহিংসার সঙ্গে সোঞ্চালিজমের প্রচ্ছের সম্পর্ক অনাবৃত হবার পর শাস্তিবাদী মহলে স্থীর পদার মাটি হল। যারা এত দিন তাকে একজন ছদ্মবেশী ক্রিশ্চান বলে সমাধর করছিলেন তাঁরাই এখন তাকে একজন ছদ্মবেশী সোভালিস্ট বলে অনাদর করলেন। এর পরে তার অহিংসাকেও একটা ছদ্মবেশ বলে সন্দেহ করা হল। হিংসার ছদ্মবেশ।

ফেয়ারফিল্ড্ কিন্তু খুশি হলেন। বললেন, "আমি যে অহিংসক
নই তাত তৃমি জান। আমি সোভালিন্টও নই। তোমার সঙ্গে তবে
কিসের মিল ? অমলিন বিবেকের। আমি যদি যুদ্ধে নামি আমার
বিবেক নিম্ল হবে না, যদি না করি যেদিনকার ফটি সেই দিন
রোজগার। একজন ক্রিশ্চান, একজন সোশালিন্ট ও একজন অহিংসক,
এরা অনেক দুর প্রাস্ত একই প্রের প্রিক।"

কথা ছিল স্থা তু' হথা ফেয়ারফিল্ড্দের সঙ্গে কাটিয়ে পরে অন্তত্ত্ব বাসা করবে ও বাদলকে ডাকবে। কিন্তু ঘটল তার বিপরীত। নালমাধব লিগলেন, বাদলকে নদীর বাধ থেকে ধরে আনা গেছে। যথাসময়েই আনা গেছে বলতে হবে, কেননা ডাক্তারের মতে ওটা নিউরাস্থীনিয়া।

স্থী পত্রপাঠ বিদায় নিল। কেয়ারফিল্ড্ এবার নিজেই স্টেশন অবধি এলেন, স্থীর আপত্তি কানে তুললেন না। স্থীর প্রতি তাঁর শেষ বাণী, "My son, you must be thoroughly equipped."

বাদলের জন্মে তার মন ভালো ছিল না। কিন্তু মন ভালো না থাকার আবো কারণ ছিল। পরকে সে যে উপদেশ দিয়ে এল তা কি তার নিজের বেলায় প্রযোজ্য নয় ?

ইংলগু, যেমন ভারতের মহাজন ও জমিদার সেও কি তেমনি তার গ্রামের নর ? থাজনা ও হুদের টাকা নিলে যদি কারো বিবেকে মরচে ধরে তবে কি তা কেবল ইংলণ্ডের বিবেকে, স্বধীর বিবেকে—তার মত উপশ্বস্থভোগীদের বিবেকে নয় ? গ্রামের উপশ্বস্থ গ্রামে ব্যয় করলেই কি বিবেকের মানিমা মোছে ? পরচা দিলেই যদি মরচে ঘূচত তবে ইংরাজকে বললেই ত হয়, "সাহেব, আমার দেশ থেকে যা নিচ্ছ তা আমার দেশেই থরচ কর।" তা হলে শোষণবিরতির প্রেস্ক্রিপ্শন না দিয়ে শোষণ অক্ষ্প্ল রেখে তোষণের ব্যবস্থাপত্র দেওয়া উচিত।

না, তা হলে ভারতের আত্মসম্মানে ঘা লাগে। আত্মসম্মান কি তবে চাষী খাতকের নেই? তাদের যেদিন আত্মসম্মানবাধ প্রথব হবে তারাও কি সেদিন বলবে না, "দা'ঠাকুর! গোরু মেরে জুতো দান নাই করলেন। আমরা চাই জ্যান্ত গোরুটা।"

স্থী আপনাকে একাত্ম করতে চায় ছোট বড় সকলের সঙ্গে।
কিন্তু ছোটতে বড়তে যে সম্পর্ক সেটা ইঙ্গ-ভারতীয় সম্পর্ক। গ্রামে
ধনব্যয় করলেই কি উৎপাদক ও উপস্বত্বভোগীর সম্পর্ক বদলে
যাবে? ইংলগুকে যে পরিবর্ত্তনের উপদেশ দেওয়া গেল তা কি
কেবল ইংলগুই সীমাবদ্ধ থাকবে, দেশীয় ভূস্বামী গোস্বামী বিশিক
ধনিকদের জীবনে প্রসারিত হবে না? সম্পর্কের পরিবর্ত্তনই যদি
প্রকৃত পরিবর্ত্তন হয় তবে স্থীকেও করতে হবে সম্পর্কেরই পরিবর্ত্তন।
গ্রামের লোকের সঙ্গে তার সম্পর্ক মহাজন ও থাতকের সম্পর্ক হবে
না, তাল্কদার ও রায়তের সম্পর্ক হবে না। এ যদি না হয় তবে
যেদিন ইঙ্গ-ভারতীয় সম্পর্ক বদলাবে তার পরের দিন ছোট-বড়'র
সম্পর্ক ছোট'র অসভ্য হবে। স্থীর মহাজনী ও তাল্কদারী তখন
স্থাকৈ করবে ওদের চোথের বালি। দা' ঠাক্রকে তখন ওরা দা
নিয়ে কাটতে না আসে।

ু আমরা স্বাধীন হবই এ বেমন আমাদের ভীন্মের প্রতিজ্ঞা, আমরা স্বাধীনতা দেবই এও ভেমনি আমাদের দ্ধীচির সঙ্কা।)গ্রামের লোককে জানাতে হবে, বিশ্বাস করাতে হবে যে তারা যদি না স্বেচ্ছায় দেয় তবে আমরা স্থাদ ও থাজনা নেব না। যদি স্বেচ্ছায় দেয় তবে বেশীর ভাগ তাদেরই জন্মে থরচ করব। সম্পর্কের পরিবর্ত্তনের জন্মে আমরা সব সময় প্রস্তুত, তারা যদি মনে করে যে তারাও প্রস্তুত তবে দা'ঠাকুরকে দা নিয়ে কাটবার দরকার নেই, দা'ঠাকুর মহাজনী কারবার গুটিয়ে নেবেন ও তালুকদারীতে ইন্ডফা দেবেন।

ভারাক্রান্ত মন নিয়ে স্থাী প্যাডিংটনে পৌছাল। হামারশ্বিথে নীলমাধবের বাসা একটা দোকানের নীচের বেস্মেন্টে। দোকানটা তার ও তার বান্ধবীর। স্বরলিপির দোকান। সেখানে বাদলকে এক কোণে বসিয়ে পাহারা দিচ্ছিল নীলমাধব। তার বান্ধবী কোথায় বেহালা বাজাতে গেছলেন।

স্থীকে দেখে বাদল যেন প্রাণ পেল। স্থীও বাদলকে বুকে বেঁধে তার চুলে হাত বুলিয়ে দিল। ক'টাই বা চুল! টানতে টানতে বাদলই প্রায় নিমূল করেছিল।

"তার পর, বাদলা।" স্থাী বলে আবেগজড়িত কণ্ঠে। বাদল যে শ্যাশায়ী নয় এই আনন্দের সঙ্গে যোগ দিয়েছিল বাদল যে দন্ত্যিই অসুস্থ এই উদ্বেগ।

"স্থীদা," বাদল আর সব্র করতে পারছিল না, "নীচে চল, ভোমার সঙ্গে কথা আছে।"

নীলমাধব তাদের নীচে বসিয়ে উপরে ফিবে গেল দোকান আগলাতে। যতরকম গাইয়ে বাজিয়ে তার ধরিদার, সেইসব গুণীজনদের গুনগুনানি শুনে তার দিবস কাটে। বাদল কিছু ছাড়িষ্ঠ হয়ে উঠেছিল এই ক'দিনে।

"এইখানে তোরা থাকিস, তোর কট হয় না ?" স্থী স্থায়।

"আর কট।" বাদল ফুৎকার করে। "কট দেখতে দেখতে আমার কটবোৰ অসাড়। নইলে বেসমেন্টে কি মাকুষ থাকে।"

স্থাও কথনো বেদ্মেণ্টে বাদ করে নি। ভাবল বাদলকে সরাতেই হবে অক্ত কোনোখানে। কিন্তু কোনখানে ?

"শুনৰে আমি কী উপলব্ধি করেছি ?" বাদল কম্পিত স্বরে বলল। শুধু স্বর নয়, তার হাত পা'ও কাঁপছিল।

"শুনি ?" স্থণী আশ্চর্যা হচ্ছিল, ওসব কি নিউরাস্থীনিয়ার লক্ষণ !

"স্থীদা," বাদল বলল ভাঙা গলায়, "এ যুগের মূল স্বর মূক্তি নয়, সামা। লিবার্টি নয়, ইকুয়ালিটি। এ যুগের চাষী চায় ●জমিদারের সমান হতে, মজুর চায় মালিকের সমান হতে, শূদ্র চায় আহ্মণের সমান হতে, কৃষ্ণাল্গ চায় খেতালের সমান হতে। যে কোনো মান্তবের মূন বিশ্লেষণ করলে দেখা যাবে সে চায় তার উপরওয়ালার সঙ্গে সামা, এবং এই চাওয়াই তার পরম চাওয়া। আমার যুগের মান্ত্র আমার সঙ্গে পা ফেলে চলবে কী করে ? আমার জীবনের মূল স্বর যে লিবার্টি।"

স্থী সম্প্রেহে বাদলের মুথ নিরীক্ষণ করছিল। শুনছিল কি না সেই জানে, কিন্তু বহুদিন পরে বন্ধুকে দেখে সে পূর্ণ কলসের মত নিঃশব্দ হয়েছিল।

"আমার কথা কেউ শুনবে না, স্থীদা, আমার কণ্ঠস্বর যতই জোরালো হোক। তোমার কথাও কি কেউ শুনবে! আমার যেমন লিবাটি বা মৃক্তি তোমার তেমনি Fraternity, মৈত্রী। এ যুগ তোমার কিয়া আমার নয়, মার্ক্সের ও লেনিনের। স্বীকার করতে কুণ্ঠা বোধ করি, কিন্তু স্বীকার না করলে সত্যের অপলাপ হবে বে জারাই এ যুগের মৃলস্থরের সঙ্গে কণ্ঠ মিলিয়েছেন, তাই তাঁদের কণ্ঠস্বর জোরালো। তাঁদের জোর আসছে অধিকাংশ মান্থবের কাছ থেকে,

নত্বা তাঁরা নির্জোর। আমি যদি এক শতাব্দী পরে জন্মাতৃম আমারও কণ্ঠব্বরে জোরের জোয়ার আসত, কিন্তু সে জোয়ার লিবার্টির।"

বাদল এলিয়ে পড়েছিল। স্থী তাকে শুইয়ে দিল, দিয়ে তার পাশে বসল। বলল, "অত কাঁপছিস কেন ্য তোর কি শীত করছে ?"

"উছ। কী করে তোমাকে বোঝাব? আমার মগজে যেন এক দল ধুমুরী তূলো ধুনছে। ঠক ঠক্ ঠাই ঠাই। ঠক্ ঠক্ ঠাই ঠাই। ঠাই ঠাই ঠাই ঠাই।" বাদল চোধ বুজল।

"আঞ্কাল খুম কেমন হয় ?"

"হয় না। হলে টের পাইনে।"

"তা হলে তুই ঘূমিয়ে পড়, আমি তোকে মাসাজ করি।"

স্থীর মাসাজের হাত ভালো। বাদলের তন্ত্রা আসছিল, তা সত্তেও সে বক্বক করছিল।

"আমি তবে কেন থাকব ? আমার ঘারা ত এ যুগের মূল সমস্থার সমাধান হবে না। হঃথমোচন ? হঃথমোচন বলতে আমি বৃঝি মজুরি দাসত্বের উচ্ছেদ, মজুরদের লিবার্টি। কিন্তু তারা নিজেরা কি লিবার্টি চায়! তারা চায় যার চাকরি নেই তার চাকরি, যার চাকরি আছে তার আরো মজুরি। আরো মজুরির জন্মে তারা আরো থাটতেও রাজি, ছুটির দাবী তারা তথনি করে যথন মজুরি বাড়বে না বলে জানে। রাষ্ট্রের মালিকানা, কলকারথানার মালিকানা তারা অন্তরে অন্তরে চায় কি ? চাইলে মালিকদের সঙ্গে দরাদ্রি করত না, আপোয় করত না। মালিকের সমান হতে চাওয়াই ওদের চরম চাওয়া, সামাই ওদের মোক্ষ।"

নীলমাধব ঘবে ঢুকে স্থীকে কিছু ফলমূল দিয়ে গেল, কিছু হুর্ধ ও কুটি! স্থী বলল, "বাদল, তুই থাবি ?" বাদল বলল, "আমার বিছু থেতে ইচ্ছা করে না। কোনোরকম কসরৎ নেই, হ'বেলা কড়া পাহারায় নজরবন্দী রয়েছি। তুমি আমাকে উদ্ধার কর, স্থাদা।"

"ভাবছি কোনখানে ভোর সেবার স্থবন্দোবস্ত হবে। কার্লস্বাড গেলে কেমন হয় ? সেখানে উচ্চ দ্বিনী আছে।"

"তোমাকে বলিনি, আমার আজকাল জল দেগলেই ঝাঁপ দিতে রোধ চাপে। চ্যানেল পার হ্বার সময় যদি জাহাজ থেকে লাফ দিই তুমি কি আমাকে খুঁজে পাবে ?"

এটা কিসের লক্ষণ! স্থাী তটস্থ হল। বলল, "তাহলে কাজ নেই অত দূর গিয়ে। চল, আমরা হাস্পস্টেড অঞ্চলে একটা ফ্ল্যাট নিই। তোকে সেরে উঠতে হবে, বাদল।"

"আমার অহুপটা যদি শরীরের হত তা হলে কেন সারত না? কিছ হুধীদা, যারা তুলো ধুনছে তারা ধুনছে আমার মনকে। ঐ যে tension ওটা আমার মনের। শুধু আমার মনের নয়, ইউরোপের মনের। মনের relaxation না হলে শরীরেরও হবে না। আমাকে আলো দাও, আশা দাও, বোঝাও কী করে মান্তুয় মুক্ত হবে, শান্ত হবে। তবে ত অহুপ সারবে।

۲

নীলমাধব বছ কাল বিলেতে আছে। প্রথমে এসেছিল নির্কাসিত হঙ্কে, পরে য়মিও গবর্ণমেপ্টের নিষেধ নেই তবু বান্ধবীর আছে। অতএব ভার নির্বাসনদণ্ডই বহাল আছে বলতে হবে।

मकरल এरक এरक रमर्ग फिरारव, रम फिरारक भारत ना, এই रामना

তার অন্তরের অন্তরালে। সেইজ্বলে সে বাংলা বলে এতটা দরদ মাথিয়ে, তার বাংলা গানেও এতথানি বিষাদ। স্থণী তাকে তার স্বদেশপ্রেমের জল্পে শ্রন্ধা করে। মমতা বোধ করে তার নির্কাসনের দরণ। পক্ষপাতের আর একটা কারণ লোকটি কারো সাতেও নেই, পাচেও নেই। সকলের সঙ্গে সমানভাবে মিশলেও কথনো নিজেকে থেলো করে না। কেউ বিপদে পড়লে অ্যাচিতভাবে সাহাধ্য করে, বাচিত হলে ত কথাই নেই।

"ফ্লাট জোগাড় করে দিতে হবে ? তাই ত !" নীলমাধব বাদলের দশা দেখে তুঃখিত হল। "এখানে খুব কট হচ্ছে, বুঝতেই পারছি।"

"কষ্ট ওধানেও হবে।" বাদল বিকৃত মুখে বলল।

"না, সে জন্মে নয়।" স্থধী ভেঙে বলল। "বাদলের স্থীকে চিঠি
লিখতে যাচ্ছি, বাদলের খান্ডড়ীও হয়ত আসবেন। ফ্রাট ছাড়া উপায়
কী!"

বাদল প্রতিবাদ করল না। নীলমাধব জ্ঞানত যে মিসেস গুপ্ত তার শান্ত্রী। তারাপদকেও সে চিনত।

"ওহ! তাই নাকি! আরে আগেই ও কথা বলতে হয়।" নীলমাধবকে একটু ব্যন্ত বোধ হল। "তা হলে আমি চললুম ফ্লাটের সন্ধানে। ভালো কথা, তারাপদ কুণুর খবর শুনেছ?"

"कई, ना ?"

"থাক, বলব না। বলা বোধ হয় অন্তায় হবে। সভ্যি মিথ্যে জানিনে যথন।"

স্থা পীড়াপীড়ি করণ না। কিন্তু বাদল চেপে ধরন। তারাপদ তার সর্বস্থ নিরেছে। চেটা করলে এখনো তার কাগলপত্র ফিরে পেতে পারে। "আছে প্যাবিদেই। কিন্তু ঠিকানাটা তেমন স্থবিধের নয়। মানে, ভালো পাড়ার নয়। যাকে বলে লাল বাতির এলাকা।"

স্ধী জানত না ওর অর্থ। বাদলও স্বোধ। নীলমাধব ওর চেয়ে বেশী থোলসা করল না। ভুধু বলল, "ও নাকি এখন বামার দালাল বনেছে।"

খবরটা শুনে বাদল ভয়ানক উত্তেজিত হল। স্বধী বলল, "চুপ। চুপ। ভোর কিছু করবার নেই। যা গেছে তা গেছে।"

"না, তা নয়। লোকটা কত মেয়ের সর্ব্বনাশ করবে তাই ভেবে শিউবে উঠছি। পুলিশ কি ওর ঠিকানা জানে না ?" বলল বাদল।

"নিশ্রের।" নীলমাধব তাড়াতাড়ি তৈরি হয়ে বলল, অস্তত প্যারিসের পুলিশ ত জানেই। কিন্তু পুলিশের যত দাপট রাজনৈতিক কর্মীদের বেলায়। তারাপদ এখন রাজনীতি থেকে অবসর নিয়েছে।"

বাদল ছটফট করতে থাকল। নীলমাধব অন্ত হয়ে বলল, "ডাক্তারকে টেলিফোন করব ?"

"করে কী হবে! ভাক্তার কি আমাকে বাঁচাতে পারবে?" বাদল বিহ্নল স্বরে বলল, "আমি চাইনে বাঁচতে এমন জগতে। পাপের প্রতিকার করতে না পারাও পাপ। সর্বনাশের প্রতিরোধ না করাও সর্বনাশ করা।"

স্থী নীলমাধবকে বলল, "তুমি তবে বেরিয়ে পড়, মাধবদা। আমিই আপাতত ওর ডাক্তার। নার্স ও আমি যতক্ষণ না উজ্জায়িনী এসে পৌছায়।"

বাদল চুপ করে পড়ে থাকল, কিন্তু তার মুখ ক্রোধে ক্লোভে বিশ্বক্তিতে বিক্বত। অধী তার গায়ে হাত ব্লিয়ে দিতে দিতে বলল, "ভূলে যেতে চেটা কর, বাদল। তোর আরোগ্যের প্রথম সর্ত্ত বিশ্বতি।" "की जूनव, ऋधीमा ?"

"জগতের যা কিছু অশোভন, যা কিছু গর্হিত।"

"অমন করে," বাদল বলল, "ত্'ভাগ করা যায় না, স্থীদা। ওটা অশোভন, ওটা ভূলব। এটা স্থশোভন, এটা ভূলব না। এমন ক্ষমতা আমার ত নেই। আমি সব কিছু মনে রাখি। অসাধারণ আমার শারণশক্তি। সেই জন্মে আমার ঘুম হয় না। যদি ভূলতে শিখি ও ভালোমন্দ তুই-ই ভূলব।"

স্থী বলল, "চেষ্টা করলে ইচ্ছামত মনে রাখা ও ভোলা যায়।"

"বোধ হয় সেই কারণে তোমার স্বাস্থ্য এত ভালো। কিন্তু তোমার জ্ঞানের পরিধি দীমাবদ্ধ। তুমি জগতের অর্দ্ধেক বস্তু দেখাতে চাও না। প্রকৃতির সৌন্দর্য্য তোমার নয়ন হরণ করে, কিন্তু প্রকৃতি যেখানে রক্তাক্ত, নিষ্ঠুর, সয়তান, অপচয়শীল সেগানে তুমি অন্ধ। প্রাণীমাত্তেই এক অপরকে ভক্ষণ করে, তবেই সম্ভব হয় প্রাণধারণ। তুমি কিন্তু চোধ বজে ধ্যান করবে, নিগিল ব্রন্ধাণ্ডব্যাপী শাস্তি।"

वामल इंडे डाट्ड हुल (इंट्ड)। अभी वाधा रमग्र।

"আমি ভূলব না, ভূলতে পারিনে। আমি চাই সব কিছু ৬েওে নতুন করে গড়তে। প্রকৃতির প্রকৃতি বদলে দিতে।" বাদল পাশ ফিরল।

"বাদল," স্থণী তাকে স্মরণ করাল, "আগে স্বাস্থ্য, তার পরে আর সব। এই শরীর নিয়ে তুই যাই গড়তে যাবি তাই শাপছাড়া হবে। ভালো করে যদি কিছু গড়তে চাস্ তবে ভালো করে বাঁচতে হবে, এটা স্বভঃসিদ্ধ।"

"আমার এত ধৈষ্য নেই।" বাদল মাথা নাড়ল। ছেলেমায়ুবের মত বলন, "আমি কেবল ইচ্ছা করতে পারি, ইচ্ছাপ্রণের ভার ইতিহাসের উপরে স্থী হাদল। "ইতিহাদ ত একটা অখ ? না ?"

"হা। অখারোহণ পর্বনে" বাদলের মনে পড়ল আইল অফ ওয়াইট।

"ইতিহাস ত আলাদিনের প্রদীপ নয়। ইতিহাসের ভিতর দিয়ে বাঁর ইচ্ছা পূর্ণ হয় তিনি আলাদিন নন, ডিনি আলা।"

"ভগবান," বাদল কম্পিত কণ্ঠে বলল, "থাকলে আমার মাথাব্যথা কিসের, বল ? নেই বলেই ত মানবকেই ইতিহাসের সারথি হতে হয়। যদি মানবও নির্কংশ হয় তবে থাকবে কেবল আন্ধ নিয়তি—অশাসিত প্রকৃতি। সেইজন্মে আমি যুদ্ধের সম্ভাবনায় উদ্বিগ্ন হই, স্বধীদা।"

স্ধী তাকে গ্রম তুধ থাইয়ে একটু চাকা করে তুলল।

"তুমি কি সত্যি বিশাস কর যে ভগবান বলে কেউ বা কিছু আছেন বা আছে ?" বাদল জিজ্ঞাসা করল। "না, ওট। তোমার স্বাস্থ্যরক্ষার সোপান ?"

"ছি।" স্থা ক্ষ হল। "যে কেউ আছে, যা কিছু আছে, সবই ভগবানের অন্তিংক অন্তিংকান। তাঁর অন্তিংক না থাকলে কারই বা থাকে? যে যুক্তিবলে তিনি অসিদ্ধ সেই যুক্তিবলে একে একে সকলেই অসিদ্ধ। ওটা আত্মঘাতী যুক্তি। ওতে আত্মবিশ্বাস নাশ করে। স্বাস্থ্য ত চার।"

"তবে আমাকে সেই গ্রুবনিশ্চিতি দাও।" বাদল অমুনয় করল। "আমি যদি নিশ্চিত হই তবে নিশ্চিন্ত হব, যদি নিশ্চিন্ত হই তবে দায়মূক্ত হব, যদি দায়মূক্ত হই তবে স্বস্থকায় হব। মাধার উপর বোঝা থাকতে আমি বোধ হয় বাঁচব না, স্থীদা।"

ं स्थी ভার জন্তে প্রার্থনা করল।

भारतत मिन खता द' छाडे शान्भाहिष्ठ गार्टिन मातार्द हैर्छ राजा।

লগুনের যাবতীয় শহরতলীর মধ্যে ওটিই সব চেয়ে নিভৃত ও নির্জন। শহরতলী শেষ হতে না হতে বনস্থলী আরম্ভ হয়েছে। অস্তত সে সময় এইরপ ছিল। পরে নাকি প্রগতি হয়েছে।

স্থী নিজেই বাদলকে রে ধৈ খাওয়ায়, মাসাজ করে, চর্কিশ ঘণ্টা চোখে চোখে রাখে। ফাঁক পেলেই বাদলের সঙ্গে বাগানে বসে, বাদল হয়ত গাছের ভাল থেকে ঝুলন্ত হামকে শুয়ে দোল খায়, স্থী সাহায্য করে। মাঝে মাঝে তারা বনন্তলীতে গিয়ে বনভোজন করে, গাছের ভায়ায় চিৎ হয়ে শুয়ে পাখীদের ঘরকরা দেখে, আকাশের দিকে চেয়ে তন্ময় হয়ে যায়। মরি মরি কী ঘননীল আকাশ! যেন বনস্থলীর সক্ষে নভন্তলের রূপের প্রতিযোগিতা চলেছে।

কী জানি কী ভেবে বাদল বলে ওঠে, "Treacherous!" স্থাী তার দিকে প্রশ্নস্চক দৃষ্টিতে তাকায়।

"তোমাকে বলিনি, স্থীদা। বলেছি তোমার প্রকৃতি ঠাকুরাণীকে। চারিদিকে এত সৌন্দর্যা, কিন্তু সেই সৌন্দর্য্যের আড়ালে রয়েছে মৃত্যুবাণ। পৃথিবী যদি বিদান্ত হয়ে যায়, মানুষ যদি নিশ্চিক হয়ে যায়, তা হলেও আকাশ এমনি গাঢ়নীল থাকবে, প্রকৃতি এমনি নীলকজ্জলা।" বাদল দম নিয়ে বলল, "এরা যে আমাদের প্রতি শুধু উদাসীন তাই নয়, এরা আমাদের শক্ত, এরা আমাদের মারে।"

স্থী ছিল সম্পূর্ণক্সপে নিবিষ্ট। প্রজাপতি নেমন ফুলের মধুপানে নিবিষ্ট স্থী তেমনি প্রকৃতির মাধুরী পানে। বাদলের দিকে কান ছিল, কিন্তু মন ছিল না।

"বুঝলে, স্থীদা।" বাদল তার ধান ভদ করল। আমি যথন চিত্রের কিমা সন্ধীতের সৌন্দর্যা উপভোগ করি তথন নিজ্টকভাবে করি। কিছ্ক প্রকৃতির সৌন্দর্য্য আমাকে উপভোগমূহর্ত্তেও সচেতন রাখে যে এর অস্তরালে বিযাক্ত কণ্টক।"

"বাদল," স্থাী যেন নেশার ঘোরে বলল, "ভূলে যেতে চেটা কর ও কথা। কত বড় রহস্তের সাক্ষী আজ আমরা। মেঘ নেই, কুয়াসা নেই, স্থানরী তার অবগুঠন খুলেছে। প্রকৃতির চোখে চোখ রেখে আমরা যে আজ দেখতে পাচ্ছি তার অনস্ত অতৃপ্তি। সে মারে, কিন্তু বাঁচাবে বলেই মারে, নইলে খেলার সাথী পাবে কোখায় ? দর্শক হবে কে ? আমরাই তার চিরকালের রসিক স্কজন!"

5

স্থী বাদলের হিসাবনিকাশ বাকী ছিল। দিনের পর দিন চলল তাদের উপলন্ধি বিনিময়। কখনো খেতে খেতে, কখনো বেড়াতে বেড়াতে, কখনো ভয়ে ভয়ে, কখনো বনস্থলীতে বসে।

পরিশেষে বাদল বলল, "আমার ভয় হয় আমিও একজন ডিক্টেটর হয়ে উঠছি। জগতের আদি ডিক্টেটর যেমন আদেশ করেছিলেন, 'Let there be light' আর অমনি 'there was light,' তেমনি আমিও বোডাম টিপে ইসারা করব, 'বর্ত্তমান ব্যবস্থা ধ্বংস হোক' আর অমনি ধ্বসে পড়বে তার কংক্রীটের দেয়াল, ইস্পাতের ছাদ। তার পরে আবার বোডাম টিপে ইন্ধিড করব, 'নৃতন ব্যবস্থার পত্তন হোক' আর অমনি গড়ে উঠবে—" বাদল কথা খুঁজে পেল না, বলল, "কিসের দেয়াল, কিসের ছাদ ?"

ें स्थी बनन, "वारकाद स्वयान, ऋत्यद हान।"

"না, ঠাট্টা নয়, স্থাদা। সভ্যি আমি একজন ভিকটেটর হয়ে

উঠছি। যাদের আমি উৎথাত করতে চাই, যাদের বাড়া শক্র আমার নেই, শেষ কালে আমিই কিনা তাদেরই একজন হতে বদেছি। উ:!

"ও রকম হয়।" স্থী বলল গন্তীরভাবে। "পশুর সঙ্গে লড়তে লড়তে মান্থ পশু হয়ে যায়। যুদ্ধের বিরুদ্ধে প্রধান যুক্তি হচ্ছে এক নেশনের চরিত্র অপর নেশনে অর্শায়। যুদ্ধ যদি করতেই হয় তবে নিজের মনোনীত অস্ত্রে। তা না হলে জয়ের সম্ভাবনা থাক বা না থাক, আত্মাকে হারানোর আশ্বা থাকে।"

"আমার ভয় হয়," বাদল কাপতে কাপতে বলল, "আমিও হারিয়ে ফেলছি আপনাকে। আমি আজকাল যুক্তি করিনে, তর্ক করিনে, বোতাম টিপি। কেউ যদি জিজ্ঞাসা করে, কারণ কী ? কেন তুমি পাকা ইমারৎ চুরমার করবে? আমি বলব, আমার ইচ্ছা। আমার ইচ্ছাই যেন একটা স্বতঃসিদ্ধ । একে একে আর সমন্ত স্বতঃসিদ্ধে আমি আহা হাবিয়েছি। বাকী আছে আমার ইচ্ছা। আমার মনে হয় ইউরোপের মনীয়াও ক্রমে ক্রমে যুক্তিমার্গ পরিত্যাগ করে ইচ্ছামার্গে পদক্ষেপ করছে। ভিক্টেটরশিপের বীজাণু এখন আকাশে বাতাসে। মনের সদর দরজায় পাহারা থাকলেও বিভৃকি ত খোলা, সেই ছিল দিয়ে শনি প্রবেশ করছে। আমার বা ইউরোপের উপায় নেই, শ্রণীদা। ভিক্টেটরকে উংগাত করতে হলে ভিক্টেটরই হতে হবে।"

"যাব বাইবে হন্দ্ৰ ভিতরেও হন্দ্ৰ দে কি কখনো ছয়ী' হাত পারে ? জয়ের জ্বন্থে তাকে তার ভিতরের হন্দ্ৰ মিটিয়ে ফেলতে হবে। ইউরোপের মনীবীরা থদি জয়ের অন্ত উপায় না দেখে ভিকটেটরদের সঙ্গে তাল রেখে ভিকটেটরবাদী হন তবে আমি আশ্চর্য্য হব না, বাদল। কিন্তু ঘুংখিত হব, কেননা অন্ত উপায় বাস্তবিকই আছে।"

"শুনি কী উপায় ?"

"বাহুবলের একমাত্র প্রতিষেধ বাহুবল নয়, তা ষদি হত তবে প্রকৃতি মাহ্মকে নধী দন্তী বা শৃদ্ধী না করে জীবন সংগ্রামে কোন ভরসায় পাঠাত? নিরত্ব মাহ্মধণ্ড সশত্ব মাহ্মমকে পরান্ত করতে পারে, যদি আজ্মিক বলে বলীয়ান হতে শেখে ও অন্ত কোনো বলের প্রয়োগ না করে।"

বাদল চিন্তা করল। বলল, "বিখাদ করতে পারিনে, স্থীদা। জ্যোর করে বিখাদ করা যায় না। আত্মিক বলে আমার আস্থা নেই। অথচ বাছবলেরও আমি মাত্রা মানি। আমার বাইরে হন্দ, ভিতরে হন্দ, আমি ভাদতে ভাদতে কোথায় গিয়ে পড়ছি, নিজেই জানিনে। আমার মনে হয় ইউরোপের মনীধাও আমারই মত ভাদমান। মার্ক্সিষ্টদের তবু একটা চার্ট আছে, আমাদের তাও নেই। আমরা বার্ণি কর্ছি অচিহ্নিত সাগরে।"

"ভোর মধ্যে এই প্রথম দিধা দেখছি, বাদল।" স্থাী মন্তব্য করল।
"আমার বিখাদের মেক্ষণ্ড ভেঙে গেছে, স্থাীদা। আমার ঈশ্বরে
বিখাদ ছিল না, কিন্তু মানবে ছিল। মানবজাতি সহদা বিলুপ্ত হবে না,
লক্ষ লক্ষ বছর বাঁচবে, ক্রমে ক্রমে প্রগতির উচ্চতম লিখরে আরোহণ
করবে, সেই শিখরের নাম স্বর্গ—এই ছিল আমার নিশ্চিত প্রতায়, এই
ছিল আমার একান্ত নির্ভর। 'ছিল' বললুম, 'আছে' বলতে পারলুম
না, বললে মিথাা বলা হত। এখন অবশিষ্ট যা আছে তা আমার ইচ্ছা।
ইচ্ছাও একটা প্রচণ্ড শক্তি। কিন্তু বিখাদের জার না থাকলে ইচ্ছার
জোরও ভাইভার না থাকা ইঞ্জিনের মত অক্মণ্য।"

"তবে তোর প্রথম কর্তব্য হবে বিশাসের অম্বেশ।" স্থণী পরামর্শ দিল। "যদি বিশাস ফিরে পাস্ কিম্বা নতুন বিশাস খুঁজে পাস্ তা হলে তোর অস্থ্য আপনি সারবে।" "আমিও সেই কথা বলি।"

"চেষ্টা করেছিস বিশ্বাস ফিরে পেতে ?"

"যথেষ্ট।" বাদল হতাশভাবে বলল, "ও বিশ্বাস ফিরবে না, স্থাীদা।"

বাদল বলতে লাগল, "যদি স্বৰ্গ প্ৰতিষ্ঠা হয় তবে তা হবে আমাদের গায়ের জোৱে—বিখাসের জোরে নয়। হবে, এতটা বিশ্বাস নেই। হতেই হবে, এই অদম্য ইচ্ছায় যদি হয়। 'It will happen'— বলতে ভৱদা পাইনে। 'It must happen'—বলতে বাধ্য হই।"

"হাঁ।" সুধী অক্তমনক ছিল।

"পুরানো বিশ্বাসের ত ফেরবার লক্ষণ নেই। নতুন বিশ্বাস যদি খুঁজে পাই!" বাদল বলল। "কিন্তু নতুন বিশ্বাসের সঙ্গে যদি ইচ্ছার সামঞ্জন্ম না হয় তা হলে কি আমার অহুথ সারবে ? কী জানি!"

"সে প্রশ্ন পরে। আপাতত তৃই কোনো নতুন বিশাসের অন্বেষণ কর।" হুধী বিধান দিল। "ঈশবে বিশাস নেই, মানবে বিশাস গেছে। আজায় বিশাস—কেমন, কপনো ভেবেছিস তার কথা ?"

"ভেবেছি। কিন্তু স্বোনেও কয়েকটি জিজ্ঞাশ্র আছে। আত্মা নাহয় আছে, কিন্তু অমরত্ব?" বাদল সংশয়ের স্বরে স্থাল।

"আত্মা থাকলে অমরত্বও থাকে। যেমন ফল থাকলে ফলের বীজ। অথবা বীজ থাকলে ফলের অবশুস্ভাবিতা।"

"সব বীজ থেকেই কি ফল হয় ?" বাদল জেরা করল। "বলতে পার, সাধারণত হয়। কিন্তু হবেই হবে, বলতে পার কি ?"

"অবস্থা অমুকৃল হলে সব বীজ থেকেই ফল হয়। হডেই হবে।" ূ
"তা হলে," বাদল তর্ক করল, "অবস্থার উপর নির্ভর করছে ফল
হওয়া না হওয়া। অমরত্ব তা হলে অবস্থাসাপেক। মরণের পরে আমি

থাকতেও পারি, নাও পারি। জ্ব্রাতেও পারি, নাও পারি।
একদম নিবে যেতে পারি, নাও পারি। এ সব কি আমি ভাবিনি,
ভাই স্থীদা ? কত ভেবেছি। ভেবে কোনো কূল কিনারা পাইনি।
যে দিন ভালো থাই, ভালো ঘুম হয়, ভালো হজ্ম হয়, শরীরটা ভালো
লাগে সেদিন মনে হয় আমি বাঁচব, মরে গেলেও বাঁচব। যেদিন
ভার উল্টো সেদিন মনে হয় আমি বেশী দিন বাঁচবনা, মরলে আমার
চিতার আগুনের সঙ্গে সঙ্গে আগ্রার আলোকেরও নির্বাণ।"

সুধী শুধু বলল, "কী করি ? তুই ত ইন্টেলেকটের জ্বান্বন্দী ছাড়া আর কোনো প্রমাণ স্বীকার করিসনে। ইন্টেলেকটের পালার বাইরে বেসব সত্য রয়েছে তারা তোর বিচারে অসিদ্ধ। একটু আধটু ইনটুইশনের চর্চা কর, বাদল।"

"তাও কি করিনি ?" বাদল স্থারণ করল ও করাল। "গোয়েনের ওথানে তবে কী করেছি ? সেণ্ট ফ্রান্সিস হলের অন্তভৃতি কি ইনটুইশন লব্ধ ছিল না ?"

श्रुधी नीवरव मानल।

"কিন্তু," বাদল জবাবদিহি করল, "ইনটুইশনের দারা যা পেয়েছি তাকে ইনটেলেকটের কষ্টিপাথরে যাচাই করেছি, করে সন্তুই হইনি। সেইজন্মে চর্চো ছেড়ে দিয়েছি, স্থীদা।" জুডল, "নইলে ওর বিরুদ্ধে আমার কোনো প্রেজুডিস নেই।"

"ইনটেলেকট দিয়ে কি সব কিছু যাচাই করা যায় ?" এই বলে স্থী আরুত্তি করল—

"क्यम्वरन रक जानिन मानाव जहती

নিক্ষে পরখে ক্যল আ মরি আ মরি !"

वानन मृक्ष रुरव वनन, "ठम९कांत । किन्ह, ভारे, मानांत अस्तीत

যে ওই একটিমাত্র নিকষ। কমলের জন্তে সে আর একটা নিকষ পাবে কোথায়! আমার সবে ধন নীলমণি আমার ইনটেলেকটের ক্ষিপাথর।"

স্থা বলল, "ত। হলে তুই কোনো দিন এই বিশ্বব্যাপারের মর্মডেদ করতে পারবিনে। বিয়ালিটি তোর জ্ঞানবৃদ্ধির অতীত হয়ে রইবে। তোকে দিয়ে হবে বড় জোর সমাজের ও রাষ্ট্রের ওলটপালট—"

বাদল থপ করে কথা কেড়ে নিল। বলল, "তাই হোক, স্থাদা। তাই হোক। তা হলেই আমি ক্লতার্থ হব, আমার তার বেশী কাম্য নেই। তবে, হাঁ—আমি যা চাই তা ঠিক ওলটপালট নয়, আমি চাই বিনা ওলটপালটে ওলটপালটের ফল।"

স্থী হাসল। "ইনটেলেকটকে তুই শানিয়ে তুলেছিস, দেখছি। যদি বিশুদ্ধ মননের কোনো পুরস্কার থাকে তবে সে পুরস্কার তুই পাবি। যদি শাণিত বৃদ্ধির ছারা শোষণের জাল কাটে তবে তোর এই শান দেওয়া তরবারি বার্থ হবে না ভাই।"

"ইনটেলেকটের অক্ষমতা কত তা কি আমি বুঝিনে, স্থীদা?" বাদল আর্দ্র স্বরে বলল। "কিন্তু আমার যে আর অন্ত অন্ত নেই। প্রবল ইচ্ছাশক্তির দ্বারা শাণিত করছি ওকে, কিন্তু জ্বলন্ত বিশ্বাস ভিন্ন কে ওকে চালনা করবে?"

50

স্থী চিস্তা করে বলল, "ঈশবে কিম্বা মানবে বিশাস নেই, আত্মায় আছে কি না সন্দেহ। কিন্তু তোর সেই সোশাল জাস্টিসের কী হল গু তাতে বিশাস আছে নিশ্চয় ?"

"সে পথে সংঘাত অপরিহার্যা।"

"इनहें दा।"

"না, ভাই, আমি সংঘাতের মধ্যে নেই। সংঘাত এ ক্ষেত্রে শ্রেণীতে। ধিদি শ্রমিক পক্ষে যোগ দিই তবে আমার আপনার লোকদের ঘরে আগুন দিতে হবে, কার্থানা ছার্থার করতে হবে, খুন জ্বগম লুটতরাজ্ব তাও করতে হবে। যদি ধনিক পক্ষে যুক্ত থাকি তবে যাদের প্রতি আমার এত দরদ তাদের উপর গুলি চালাতে হবে, তাদের পাড়ায় বোমা ফেলতে হবে, তাদের জোট ভেঙে কাছনে গ্যাস থেকে ক্লক করে বিষাক্ত গ্যাস ব্যবহার করতে হবে। রাশিয়ার বিপ্লবের পর থেকে সব দেশের ধনিকরা সত্র্ক রয়েছে। এখন তাদেরই এক্তারে সব চেয়ে মোক্ষম ত্রুম, যার সক্ষে তুলনায় শ্রমিকদের অন্ত্র অক্ষম।"

া স্থী ধীরভাবে শুনছিল। বলল, "শ্রমিকরা যদি আত্মিক অত্মের উপর আস্থা রেথে আর সব অস্থ বর্জন করে তবে তাদের সঙ্গে তুলনায় ধনিকদের অস্ত্র নিশুভ।"

"ওসব ব্ঝিনে।" বাদল বধির হল। "বুঝি শুধু এই যে সংঘাত যেদিন বাধবে সেদিন চু'পকেই আমাকে টানাহেঁচড়া করবে, না পেলে ছু'ধানা করবে। নিরপেক্ষতার অবকাশ দেবে না। মধ্য শ্রেণী যে মধ্যস্থতা করবে তেমন প্রতিপত্তিও তার নেই। মাঝথান থেকে তারই সব চেয়ে বিপদ, কারণ বাহুড়কে কোনো পক্ষই বিশাস করে না। নাম ভাঁড়িয়ে, বুলি আউড়িয়ে, ভেক বদল করে বেশী দিন সে বাঁচবে না, বাঁচলেও পালিয়ে বাঁচবে। স্নতরাং সংঘাত যাতে না বাধে সেই চেষ্টাই করতে হবে প্রাণপণে, যাতে এক পক্ষ আপোবে অপর পক্ষের দাবী মেনে নেম, অর্জেক ছেড়ে দেম, ভাই করতে হবে সমন্ন থাকতে। অস্তথা সংঘাত অপরিহার্য। একবার আরম্ভ হলে আর বক্ষা নেই, স্থীদা। কোনো পক্ষই বাঁচবে না, যারা নিরপেক্ষ ভারাও মরবে।"

ি বাদল এমন সবিস্তাবে বলল যেন তৃতীয় নেত্রে দেখতে পাচ্ছিল। দেখচিল আর শিউরে উঠছিল।

শ্রেমিকেরা থেদিন প্রস্তুত হবে ধনীরা সেদিন অর্দ্ধেক কেন, সমৃদ্ধে ছেড়ে দেবে, বাদল। কিন্তু প্রস্তুত হওয়া কেবল অহিংস অর্থে ই সম্ভব, অন্য কোনো অর্থে তারা কোনো দিনই প্রস্তুত হবে না, কারণ প্রতিপক্ষ তাদের প্রস্তুত হতে দেবে না। তুই নিজেই ত বলছিস রাশিয়ার অভিজ্ঞতার পর থেকে ধনিকরা সত্তর্ক রয়েছে। আমিও তোর সে উক্তি সমর্থন করি।"

"তা হলেও," বাদল বলল, "শ্রমিকরা চিরকাল পড়ে পড়ে সইবে না। পায়ের তলার পোকাও পায়ে কামড় দেয়। শ্রমিকরা যেদিন ম্রীয়া ছয়ে উঠবে সেদিন যা হাতে পাবে তাই দিয়ে মারবে—ও মরবে।" শ **১৮৫**ক

ক্ষী স্বীকার করল না। "ধনিকেরা তাদের মরীয়া হয়ে উঠতে দেবে কেন? মজুরি বাড়িয়ে দেবে, ছেলেকে বিনা বেতনে পড়াবে, গুণের ছেলেকে জামাই করবে, যদি কিছুতেই তাদের মন না পায় তবে দেশে দেশে লড়াই বাধিয়ে দিয়ে তাদের বলবে, এবার সামলাও।"

বাদল রাগে ফোঁস ফোঁস করছিল। বলল, "অসম্ভব নয়। কিন্তু লড়াই একবার বাধলে যারা বাধাবে ভারাও বাঁচবে না, দেখো। ভাদের নিজেদের ফাঁদে ভারাও পড়বে নির্ঘাত।"

স্থী হেসে বলল, "পড়া উচিত, পড়লে ক্সায়বিচার হয়। কিছু পড়বে কি? ওরা যে বড় সাবধানী পাখী।"

"পড়বেই, পড়বেই, পড়বেই।" বাদল যেন অভিসম্পাত দিল। "দেশে দেশে যদি যুদ্ধ বাধে তবে এক পক্ষের ধনীর অন্তে অপর পক্ষের ধনীও মরবে। বিষবাস্প ত ধনী দরিজ বিচার করে না। বোমাওঁ সে বিষয়ে নির্বিচার।" "কে জানে! আমার ত মনে হয় ওতে ওরা জব্দ হবে না। বরং ওতে ওদেরই স্থবিধা হবে। ছু'পক্ষেই মোড়লি করবে ওরা, মোড়লরা দরকারী লোক, দরকারী লোক পিছনেই থাকে, মরে কম।"

"মরবেই, মরবেই, মরবেই।" বাদল আবার অভিসম্পাত দিল।
"তুমি লিথে রাখতে পার আমার কথা। মিলিয়ে দেখো। ওরাও
মরবে, গরিবরাও মরবে। যারা বাঁচবে তারা কিছুদিন বাদে ফের
লড়বে ও মরবে। এ ব্যবস্থা বাঁচতে পারে না। এতে লিপু রয়েছে
যারা তাদেরও মরণ অনিবার্যা। হয় শ্রেণী সংগ্রামে মরবে, নয় জাতিশ
সংগ্রামে মরবে। হয় এক সংগ্রামে মরবে, নয় একাধিক সংগ্রামে।
কিস্কু মরবেই, যদি না এ ব্যবস্থা বদলায়।"

ে আনাদলকে চটানো তার স্বাস্থ্যের পক্ষে হানিকর। স্থী ভ্রধ্বলল,
"অস্তাম্ত দেশের ভার আমার উপরে নয়। আমি কেবল ভারতের
জন্তেই দায়ী। আমি আমার দেশবাসীকে এমন ভাবে প্রস্তুত করব যে
এক পক্ষ যথন নিতে প্রস্তুত হবে অপর পক্ষ তথন দিতে প্রস্তুত হবে।
চাষীরা যথন জমির মালিক হতে চাইবে মালিকরা তথন জমি ছেড়ে
দিতে চাইবে। জমি ছেড়ে দিয়ে কাঞ্শিল্পে মন দেবে।"

"তাতেও শোষণ চলে।" বাদল সহতে ছাড়ল না। "সেটাও শোষণবাবস্থার অগ। স্থীদা, তুমি বৈজ্ঞানিক ধারায় চিন্তা করতে শেষ।" পরামর্শ দিল বাদল।

"আমি হাতে কলমে কাজ করব, বাদল। বৈজ্ঞানিক ধারায় চিন্তা বৈজ্ঞানিকরাই করুন।"

"উর্ভ্ । হাতুড়ের কর্ম নয়।" বাদল ঘাড় নাড়ল। "থুব ভালো করে বুঝে দেখতে হবে ক্যাপিটালিজম বস্তুটা কী। জমি থেকে মূলধন উঠিয়ে নিয়ে তুমি চরকায় ঢালবে, কিন্তু তোমার ম্নাফা ত তুমি মকুব করবে না। মুনাফার জন্মে চাষীর রক্ত শুষছিলে, তাঁতীর রক্ত শুষবে।
মশা এক জনের গা থেকে উড়ে গিয়ে আরেক জনের গায়ে বদে। তাতে
রক্ত শোষণের পাত্র বদলায়, শোষণ যায় না। সমস্ত মূলধন ব্যক্তির
তহবিল থেকে নিয়ে রাষ্ট্রের তহবিলে রাষতে হবে, এ হচ্ছে প্রথম কাজ।
তার পরে রাষ্ট্রের কর্তৃত্ব জনকতক শাসকের মুঠোর ভিতর থেকে নিয়ে
প্রতাক্ষভাবে জনসাধারণের আয়ত্রে আনতে হবে, এ হল বিতীয় কাজ।
রাশিয়ায় এখনো বিতীয়টা হয়নি, টালিনের দল জনসাধারণের বকলমে
নিজেদের থেয়ালমত অর্থবায় করছে। তবু সে দেশে প্রথমটা ত হয়েছে।
বলপ্রয়োগ ও রক্তপাত বাদ দিয়ে তোমরা য়িদ ওতুটো কাজ করতে
পার তা হলেই জানব তোমবা চাষী ও তাঁতী উভয়েরই মিক্রন। নতুবা
তোমরা মিক্র কারো নও, শোষক একের পর অপরের। তুমি, স্থীদা,
অবশ্য আদর্শবাদী। কিন্তু যাদের সঙ্গে তোমার কারবার তারা কেউ
আদর্শবাদী নয়। চাষী ও তাঁতী তোমার আদর্শবাদ বুঝবে না। বুঝবে
তুমি মুনাফা নিচ্ছ কি নিচ্ছ না, সেই অন্থসারে তোমাকে বিচার
করবে।"

স্ধী মন: স্থির করেছিল। স্থির কঠে বলল, "মুনাফা আমি চাষীর কাছ থেকে না নিলে তাঁতীর কাছ থেকে নেব। নিয়ে ওদের জ্ঞেই ধরচ করব, অবশু নিজেকে একেবারে বঞ্চিত করব না। মশা ত রক্ত ফিরিয়ে দেয় না, কেন তবে মশার সঙ্গে তুলনা কর্ছিস্থ"

"তুলনাটা যদি তোমার মনে লেগে থাকে আমাকে মাফ কোরো, ভাই স্থাদা। কিন্তু বিজ্ঞানসমত মীমাংসা যদি কাম্য হয় তবে মুনাফার জড় মারতে হবে। প্রাইভেট প্রফিট হচ্ছে এ ব্যাধির ব্যাসিলি। তবে, হাঁ, রোগের জড় মারতে গিয়ে রোগীর ধড় মারতে যাওয়া বেকুবি। কোনো কোনো ডাক্তার ঠিক হাতুড়ের মতই বেকুব। সেইজন্তে রাশিয়ার দৃষ্টাস্ত থেকে ধরে নিতে নেই রক্তগঞ্চা বইয়ে না দিলে প্রাইভেট প্রফিট ভেসে যাবে না।"

"আমি কিন্ধ প্রাইভেট প্রফিটকে রোগের ছড় বলে ভূল করব না।" স্থাী দৃঢ়তার সহিত বলল। "তোর বৈজ্ঞানিকরা রোগনির্ণয় না করেই রোগের জড় মারছেন। ওটা আন্দাজী চিকিৎসা। টাইফয়েডে যেমন কুইনিন।"

"তবে ভোমার মতে রোগটা কী?"

"আমিও মানছি যে শোষণ চলেছে, আমিও চাই যে শোষণের অবসান হোক, কিন্তু আমার মতে," স্থা সবিনয়ে বলল, "অন্তরের পরিবর্ত্তন না হলে কিছুতেই কিছু হবে না। যদি অন্তরের পরিবর্ত্তন হয় তবে প্রাইভেট প্রফিট থাকলে ক্ষতি কী পুরাষ্ট্র কি আমার চেয়ে বেশী বিজ্ঞা আমার চেয়ে বেশী দরদী পুওটা ত একটা মেশিন। চাষীরা ও তাতীরা আমার কাছে যদি ত্'চার পয়সা ঠকে ত সে পয়সা আমাকে ঠকিয়ে ফেরং নেবে। কিন্তু রাষ্ট্র যে নিজের খোশখেয়ালে চাষীকে মিলছাও, তাতীকে মেকানিক, বানিয়ে ভিটেমাটি ছাড়াবে। সংস্থার হারিয়ে, সংস্কৃতি হারিয়ে, নোঙর ছেডা নৌকার মত তারা কোথায় তলিয়ে যাবে ভাবতেও হংকম্প হয়!"

"বুঝেছি।" বাদল একটু শ্লেষ মিশিয়ে বলল, "তোমার মনোগত জভিপ্রায় এই যে চাষীরা চাষীই থাকুক, তাতীরা তাঁতী। প্রগতি হবে না, মানব সভ্যতা চিরকাল পায়চারি করতে থাকবে ফিউডাল যুগে। ধিক্!"

"না, প্রগতি হবে না, প্রগতি বলতে যদি বোঝায় দিশেহারা দরিয়ায় গা ভাসানো। পশ্চিমের লোক যে drift করছে তা তুই নিজেই বলেছিল। ভারতের লোক দিশেহারা হবে না, দৃষ্টিমান হবে। অস্তরের পরিবর্ত্তনই মুখ্য, আর সব গৌণ।"

বাদল কানে হাত দিয়ে বলল, "থাক, প্রগতিনিন্দা শুনব না।"

22

স্থী কিছু আনন্দ বোধ করল। বলল, "ওরে, তোর অস্থ সারবে।'

বাদল আশ্চর্যা হল। "সারবে ? কী করে বুঝলে ?"

"এখনো যে তোর একটা বিশাস রয়েছে। প্রগতিতে বিশাস।"

"ওহ্!" বাদল সংশোধন করল। "প্রগতি যে হবেই, এ বিশাস আর নেই। কিন্তু প্রগতি যে হওয়া উচিত, এ বিশাস এগনো আছে। বোধ হয় এই নিংখাস আমাকে বাঁচিয়ে রেথেছে।"

"তা হলে তোর বিখাদে আঘাত লাগে এমন কিছু বলা অভায় হবে। যদি তেমন কিছু বলে থাকি তবে কমা চাইছি, বাদল।"

"না, না। ক্ষমা চাইতে হবে কেন ?" বাদল ব্যন্ত হয়ে বলল। "আমি কি জানিনে যে তুমি প্রগতিবাদী নও। তুমি ত নতুন কিছু বলনি।"

ত্'জনে অনেকক্ষণ নিকাক থাকল। মনে হল সৰ কথা ফুরিয়েছে।
তার পরে বাদল প্রশ্ন করল, "তুমি আছকাল কাঁ ভাবো, স্থাদা?
ভোমার বিশাসের কি তিলমাত্র পরিবর্তন হয়েছে ?"

"আমার ?" স্থীর ধ্যান ভাঙল। "হাঁ। আমিও মাছ্য। আমারও একটা-আধটা ইক্কুপ আলগা হয়েছে।" এই বলে হাসল।

"বে শক্ত মামুদ তুমি!" বাদলও হাদল। "একটা ইক্কপ আলগা হওয়াও অলৌকিক ঘটনা।"

"একদিক থেকে আমি তোর খুব কাছাকাছি এসে পড়েছি।" স্থী বাদলকে খুলী করে তুলল। "আগে আমার ধারণা ছিল সমাজের সঙ্গে ব্যক্তির ঠোকাঠুকি বাধলে সমাজ সব সময় অভ্রান্ত, ব্যক্তি সব সময় ভ্রান্ত। এখন সে ধারণা শিথিল হয়েছে।"

"তাই নাকি ?" বাদল উচ্ছুদিত স্ববে অভিনন্দন জানাল।

"হা। আমাদের দেশে আমরা বহু শতাকী ধরে রাষ্ট্রের মালিক নই। আমাদের যা কিছু কর্তৃত্ব সমাজকে ঘিরে। সমাজের উপর আমরা সেই সব গুণ আরোপ করেছি যে সব গুণ রাষ্ট্রের উপর আরোপ করা হয় ইউরোপের কোনো কোনো দেশে। কোনো কোনো দার্শনিকের রচনাতেও।"

"আমার নাচতে ইচ্ছা করছে, স্থীদা।" বাদল করণ স্থারে বলল। "কিন্তু নাচব কী করে। কোমরে ব্যথা।"

স্থী তাকে শুইয়ে দিয়ে বলল, "তুই নাচতে চাস কোন্ স্থাৰ ? তুই না বলছিলি বাজির ধন সমাজের তহবিলে দিতে ?"

"কিন্তু এই সর্ত্তে যে ব্যক্তি তার উপর খবরদারী করবে।" বাদল উত্তর করন সপ্রতিভ ভাবে।

স্থী চিন্তাদিত হল। বলল, "থিওরীহিসাবে মন্দ নয়। কার্য্যত অচল। কিন্তু আমার কথা চলছিল, আমার কথাই চলুক।"

"বেশ, আমি কান পেতেছি।"

"বলছিলুম, রাষ্ট্র বা সমাজ সব সময় অল্রান্থ এ ধারণার ইঙ্কুপ ঢিলে হয়েছে। রাষ্ট্র আমাদের দেশে পরহস্তগত, ক্তরাং রাষ্ট্র সম্বন্ধে এমন ধারণা সহজেই শিথিল। সমাজ আমাদের স্বহন্তে, সেইজন্তে সমাজ সমজে আমার ধারণার শৈথিলা আমার নিজের কাছেই অপ্রীতিকর। কিন্তু কীকরব, সন্তা কি সকলের উর্দ্ধে নয়!"

বাদল মাথা নেড়ে তারিফ করল। স্থাী বলতে লাগল।
"বস্তুত সমাজ ও রাষ্ট্র একই মুদ্রার এ পিঠ ও পিঠ। আমরা যে

ওদের বিচ্ছেদ কল্পনা করেছি তা কেবল বিদেশীর দারা হতরাষ্ট্র হয়ে।
ভূল রাষ্ট্রেরও হয়, সমাজেরও হয়। অত্যায় রাষ্ট্রও করে, সমাজ্ঞও করে।
রাষ্ট্রের বিধান অমাত্ত করা বিধেয় হলে সমাজের বিধি অমাত্ত
করাও বৈধ। তা হলে আমি কোন্ স্পর্দায় বিচার করতে যাব
উজ্জ্বিনীকে?"

ওর জ্বন্থে বাদল প্রস্তুত ছিল না। কেন ও কথা অসময়ে উঠল ? বাদলের জ্বিজ্ঞাস্থ ভাব লক্ষ্য করে স্থা বলল, "শোন। সেদিন উজ্জ্বানীকে চিঠি লিখেছিলুম আসতে। লিখেছিলুম, স্বামীর জ্বস্থ, স্বীর কর্ত্তব্য সেবা। তার জবাব পেয়েছি। সে বলে, বাদলের কাছে আমি চিরক্তজ্ঞ। সেবা করতে পেলে ধন্য হব। কিন্তু স্বীহিন্নাবে নয়। আমি স্বকীয়া।"

"ঠিকট বলেছেন।" বাদল উজ্জন্মিনীর পক্ষ নিল। "কিন্তু চির-কৃতজ্ঞ কেন? আমি ত তাঁর উপকার কবিনি, বরং অজ্ঞাতসারে ও অনিচ্চাসত্তে অপকার করেছি।"

"থাক, সে ত আসছে। তথন বোঝাপড়া হবে। কিন্তু সধবা মেয়ের মুথে স্বকীয়া শুনলে আমার সংস্কারে আঘাত লাগে। শুধু সধবার মুথে কেন, কুমারীর মুখে, বিধবার মুখেও। ও কথা-মুখে আনতে পারে তারাই যারা সমাজের বাইরে চলে গেছে। যারা পতিতা।"

"অত্যন্ত বর্জার নংস্কার।" বাদল উত্তেজিত হল। "পুরুষ যদি বলে, আমি স্বকীয়, সকলে সাধুবাদ দেয়। নারী বললেই সংস্কারে বাধে।"

"আমি তোকে সেই জন্মেই বলছিলুম যে নারীকে বিচার করবার অধিকার আমার নেই, বদিও সে নারী আমার সহোদরার অধিক।"

"ভোমার অস্তরের পরিবর্তন হয়েছে। এইটেই মুখ্য, আর সব

গৌণ।" বাদল স্থবীর উক্তি স্থবীকে ফিরিয়ে দিল, দিয়ে কৌতুক অন্তত্তব করল।

स्थी किन्द्र शमन ना। छनिए। एन हिस्त्वर चल्टा।

"তুমি যে আমার খ্ব কাছাকাছি এসে পড়েছ," বাদল বলল, "আমি এতে খুনী। তুমি বোধ হয় খুনী নও।"

"না, আমিও। তোর কাছে আসতে কি আমি কম উৎস্বক, বাদল? তুই আর আমি কি ভিন্ন? কিন্তু কোনো কোনো বিষয়ে আমাদের হ'জনের মধ্যে হন্তর ব্যবধান। ইনটেলেকট ছাড়া তুই অক্য কোনো ভাষা ব্যিসনে, ইনটুইশনকেও ইনটেলেকটের দ্বারা তর্জমা করে নিস। তোর প্রাণ যদি বলে, এটা সত্য, তোর মন বলে, প্রমাণ কী? আমি কিন্তু মনের প্রাণান্ত স্বীকার করিনে। আমার ধ্যান যদি বলে, এটা সত্য, আমার মন সেটা মেনে নেয়। নিতে বাধ্য। মনকে আমি সেই ভাবে তালিম করেছি। তুই যদি তোর মনটাকে ডিসিপ্লিন করতে পারতিস তবে কি তোর সঙ্গে আমার লেশমাত্র ব্যবধান থাকত রে!" স্বধী সঙ্গেহে তাকাল।

বাদল ভাবল। ভেবে বলল, "সত্যি আমার মনটা উচ্ছু ঋল। কিন্তু উচ্ছু ঋল বলেই সে নিত্য নতুন আইডিয়া আবিদ্ধার করে। তোমাদের কাছে আমি ক'টাই বা প্রকাশ করতে পারি! দিন রাত কত্ অজ্প্র আইডিয়া আদে কী জানি কোনখান থেকে—ভিতর থেকে কি বাইরে থেকে! সেই সব রঙিন প্রজাপতি কি আসত আমার কাছে, বসত আমার হাতে, ংদি না আমি শিশুর মত কৌত্হলী হতুম ? শিশুর মত উচ্ছু ঋল ?"

"আছে তোর মধ্যে একটি চির শিশু।" স্থণী তার গায়ে হাত বুলিয়ে দিজে দিতে বলল। "আর আমার মধ্যে একজন চির স্থবির। আমি ধে অতি প্রাচীন সভ্যতার উত্তরাধিকারী। আর তুই কোনোরকম উত্তরাধিকার মানিসনে। না, পিতৃধনের, না পৈত্রিক বিজের, না পৈত্রিক সত্যের।"

"আনেক সময় শিশুর মত অসহায় বোধ করি, স্থাদা।" বাদল কর্ল করল। "উত্তরাধিকারের নিরাপদ আশ্রয় একটা মস্তবড় জিনিষ।"

স্থা তাকে বোঝাতে চেষ্টা করল, "পাখীরা আকাশে ওড়ে। কিন্তু উড়তে পারত কি, যদি না তাদের নীড় থাকত মাটিতে? তেমনি মাস্থবেরও একটা দেশ থাকা দরকার। তুই যদি ইংলণ্ডের উত্তরাধিকারী হতে পারতিস তবে কথা ছিল না, কিন্তু তুই তুই দেশের উত্তরাধিকার থেকে বঞ্চিত। ভারতের ধন থেকে স্বেচ্ছায়, ইংলণ্ডের ধন থেকে অনিচ্ছায়।"

বাদল একটু উষ্ণ হয়ে বলল, "ইংলণ্ডের ধন থেকে বঞ্চিত, কী করে জানলে ?"

"কারণ, না কন্সারভেটিভ, না লিবারল, না লেবার, কারে: সঙ্গেই ভোর খাপ খায় না। ভোর নিজের অলকে ভোর মনের ধাঁচ কণ্টিনেন্টাল হয়েছে। কতকটা কমিউনিই, কতকটা য়্যানার্কিষ্ট। তুই যথন লিবার্টির কথা বলিস তথন সেটা ক্রোচে কথিত লি্বার্টি। বাদল, ভোর ইংলণ্ডে থাকা না থাকা সমান।"

বাদল বিষম শক্ পেল। সামলে নিতে তার সময় লাগল।

"স্থীদা," সে অতি কটে উচ্চারণ করল, "সত্য সকলের উর্দ্ধে।

ইংলগু একদা আমার দেশ ছিল। এখন নয়।"

"তা হলে," স্থী আবেগভরে বলল, "তুই আমার দক্ষে ভারতে ফিরে চল।" ৴ "ভারত," বাদল প্রতীতির সহিত বলল, "কোনো দিন আমার দেশ হবে না।"

"তবে তুই যাবি কোথায় ? কণ্টিনেণ্টে ?"

"না, দেখানেও আমার খাপ খাবে না। আমি দব জায়গায় বেখাপ। কাজেই কোনো জায়গায় যাব না। যেখানে আছি দেখানেও থাকব না।"

यथी विस्तन चरत स्थान, "তाব মানে की, পাগन ?"

"জানিনে।" বাদল তার চুল টানতে টানতে বলল, "আমার দেশ নেই, এ যুগ আমার কাল নয়। আমার কেউ নেই, আমি একক। কেন তবে আমি থাকব ? কে আমাকে চায় ?"

"ও কী বকছিস, বাদল !" স্থাী তাকে শাসন করল। "তোর কেউ নেই কী রকম! আমি রয়েছি, ভোর অভিন্নহাদয় বন্ধু। তোর কত কাছাকাছি এসে পড়েছি, আরো কাছে আসব, তুই সঙ্গে চল।"

"বৃথা সান্ধনা দিচ্ছ, স্থীদা। তোমাদের এই শৃশুলাবন্ধ determined জগতে আমার ঠাই নেই। আমি উচ্ছু শ্বল free will."

আমার কথাটি ফুরাল

۵

চার সপ্তাহ পূর্বে সে যখন যায় তখন বালিকা। চার সপ্তাহ পূর্বে সে যখন ফেরে তখন পূর্ণবয়স্কা নারী। কার্ল্স্বাডের জলে কি যাত্র আছে ? বিম্মিত হয়ে ভাবছিল স্থী।

স্তান্তিত হল যখন উজ্জ্বিনী তাকে চিপ করে একটা প্রণাম করল।
ট্যাক্সি তখনো দাঁড়িয়ে, যদিও পথে তেমন লোক চলাচল ছিল না।
ফ্র্মীদের পাড়াটি নিস্তন্ধ, শনিবারের বন্ধে প্রতিবেশীরা শহরের বাইরে।
তা হলেও গেটে চুকতে না চুকতে আচমকা একটা প্রণাম—নেহাৎ
গাছপালার আড়াল ছিল বলেই রক্ষা—একেবারে অভ্তপূর্বে ব্যাপার।

ন্তস্তিত হয়েও তার সেদিন নিস্কৃতি নেই। উচ্চয়েনী একান্ত শাস্ত ভাবে নিতাস্ত লক্ষীটির মত স্থাল, "দাদা, ভালো আছ ত ?"

स्थी वनन, "रा। पुरे?"

"যেমন দেখছ।" এই বলে একটু মিটি হেসে উজ্জামনী প্রশ্ন করল, "বাদলদা কেমন আছেন ?"

হতভম্ব স্থাী নিজের কানকে বিখাদ করবে কি না ব্রুতে পারছিল না। জিজ্ঞাদা করল, "কী বললি ?"

"বলছিলুম," উজ্জিমিনী স্নিগ্ধ স্ববে পুনরুক্তি কবল, "বাদলদা কেমন বোধ কবছেন ?"

বাদল বাবে থেকে এর দাদা হল! স্থার রক্তে সনাতন চণ্ডীমগুপের সংস্কার ঠিগবগিয়ে উঠছিল। সে একটা গর্জন ছাড়বে কি না চিস্তা করছে এমন সময় যা শুনল তাতে তার মাথা ঘুরে গেল, ব্রন্ধতালুতে তাল পড়ল।

"মহিম খুড়োকে থবর দেওয়া হয়েছে ?" উজ্জিমিনী নিরীহ ভাবে বলল i

মহিম খুড়ো! শশুরকে খুড়ো বলা কবে থেকে ফ্যাশন হল!
সাম্প্রতিক মেয়েরা কি ভাশুরকে দাদা বলেই কান্ত নয়, শশুরকে খুড়ো
বলে ? ওঃ! একেই কি বলে প্রগতি!

বাদল তথন বাগানে ওয়ে মনে মনে বোতাম টিপছিল। উজ্জ্বিনী তার পায়ের কাছে মাথা ঠেকিয়ে বলল, "বাদলদা, প্রণাম।"

বাদল ভ্যাবাচাকা খেয়ে উঠে বসল। বলল, "প্ৰণাম ? নমস্কার। হাউ ডু ইউ ডু ?"

ওদিকে স্থী দে সরকারের কাছে কৈফিয়ং তলব করছিল। এসব কী! ও মেয়ে ত এমন ছিল না।

ভিজে বেড়ালটি দেজে দে সরকার বলছিল, "কী জানি! আমিও ত তাজ্ব বনেছি। দেধছ না, আমার গা দিয়ে কেমন ঘাম যাচেছ।"

"দেদিন ওকে দিয়ে এলুম লিভারপুল স্ট্রীট স্টেশনে।" স্থী গজগজ করছিল। "এখনো একটা মাদ পূরো হয় নি। এর মধ্যে কী এমন ঘটল। ওর ছষ্টুমি আমার বেশ ভালো লাগভ, কিন্তু এই শিষ্টামি—ও:।"

দে সরকার সহাত্মভৃতির স্বরে বলছিল, ''ঞ! মহিম খুড়ো!'' ''সন্তিয় অসহ্য।''

"আমিও তাই বলতে যাচ্ছিলুম। রীতিমত অসহ।" "আমার মাথা ঘ্রছে হে।"

"তোমার ত ওধু মাধা, আমার দর্বন শরীর। ওঃ! মহিম খুড়ো!"

মাথায় জল ছিটিয়ে স্থী যথন বাদল উজ্জয়িনীর কাছে এল তথন ওরা দিব্যি জমিয়ে বসেছে।

উজ্জায়িনী বলছে বাদলকে, "আপনার ও চিঠি আমি পাইনি। পেলেও বিয়েতে মত দিতুম। বিয়ে না করলে মা বাপের অধীনতা থেকে মুক্ত হতুম কী উপায়ে!"

"কিন্তু বিয়ে করেও যে পরাধীন হলেন।" বাদল মন্তব্য করছে। "আপনি যে তার থেকেও আমাকে মৃক্তি দিয়েছেন। আমার মত স্থীকে?"

''আমার কিন্তু ধারণা ছিল আপনি সুখী হননি।"

"আমারও সে ধারণা ছিল। এখন ব্ৰেছি স্বাধীনতাই সুংসারের সেরা হুখ। একবার যে এ হুখের আস্থাদন পেয়েছে সে অক্স কোনো ইংখ চায় না, বাদলদা।"

''তা হলে আমাকে মার্জনা করেছেন ?"

"আমি আপনার কাছে চিরক্লতজ্ঞ। আপনি আ্মাকে বার বার আঘাত করে আমার অধীনতার মোহ ভাঙিয়েছেন, আমাকে স্বাধীনতার দীক্ষা দিয়েছেন।"

"আঘাতের জন্মে আমি লক্ষিত।"

"সে আপনার মহত্ব। তা ছাড়া নারীহিসাবেও আমি আপনার কাছে ঋণী। আমাকে আপনার দখলে পেয়েও আপনি কোনোরপ হুযোগ নেন নি। এর দরুণ একদা আমার অভিমান ছিল। এখন দেখছি খুব বেঁচে গেছি। নইলে নিজেকে মনে হত ভটা।"

স্থী ষেমন এসেছিল তেমনি চলে গেল। বসল না। সে কি ভনতে প্রস্তুত্ত ছিল এ ধরণের কথা! ছি ছি! কড আশা করে সে উজ্জাধিনীয়ক চিঠি লিখেছিল। ভেবেছিল এক বাড়ীতে থেকে হামেশা মেলামেশা করে পরস্পরের স্থধত্বংথের ভাগী হয়ে তারা অবশেষে একটা বোঝাপড়ায় পৌছাবে। হা হতোহস্মি।

দে সরকার ইতিমধ্যে রশ্ধনশালায় অন্ধিকারপ্রবেশ করে চায়ের আয়োজন করছিল। স্থাকে দেখে বলল, "তুমি ত নিমন্ত্রণ করবে না। অগত্যা নিজেই নিজেকে নিমন্ত্রণ করেছি।"

अधी जान क हारेन, "करे, वामलित या छुड़ी अलन ना (१ ?"

"বাদলের খাশুড়ী!" দে সরকার যেন আকাশ থেকে পড়ল। তার ইচ্ছা করছিল বলতে, আমার খাশুড়ী। কিন্তু সাহস ছিল না। বলল, "মিসেস গুপ্ত কী করে আসবেন? তাঁর যে হপ্তায় হপ্তায় বাথ নিতে হয়। তিনি তোমাকে চিঠি লিপেছেন। দেব।"

"কিন্তু বাড়ীতে অগু কোনো স্ত্রীলোক নেই যে। উচ্চয়িনীর অস্কবিধা হবে।" স্থণী উদ্বেগ প্রকাশ করন।

"ও:! এই কথা!" দে সরকার বলল, "কী চাও ? ঝি, না রাধুনী, না শাপেরোন ? কবে চাও ? আজ, না কাল, না তু'দিন পরে ?"

रूथो এ বিষয়ে চিন্তা করেনি। বিবেচনার জন্তে সময় নিল।

"বেশ, দরকার হলেই সরকারকে বোলো। কিন্তু আমি কী অভন্ত। পেটের সেবায় লেগে গেছি, ওদিকে বাদলের সেবা দূরে থাক, সে কেমন আছে ধবরটাও নিইনি। চল হে, চায়ের ভেট নিয়ে তাকে সন্দর্শন করি।"

বাদলের সমুখীন হতে তার ঘেমন সংকাচ তেমনি কুঠা। গিয়ে হাজির হল বটে, কিন্তু সরমে নীরব রইল। উজ্জায়নীর কিন্তু কণামাত্র গ্রানি ছিল না। সে পরম অকপটে আলাপ করছিল, যেন ল্কোচ্রির কিছু নেই, সবই থেলোখুলি।

"কুমার, এস, বাদলদাকে প্রণাম কর।" উচ্চয়িনী হাটে হাঁড়ি ভাঙল।

বাদল ত মহাদেব। বুঝল না কী ব্যাপার। শশব্যতে বলল, "না, না, প্রণাম কেন? আমি যে বয়সে ছোট।"

দে সরকার প্রমাদ গণল। স্থান দিকে আড় চোথে চেয়ে দেখল মুখখানা কালো হয়ে গেছে, যেন অপমানে বিবর্ণ।

উজ্জ্মিনী তেমনি অথলভাবে বলল, "শুনবে, সুধীদা? আমাদের 'আশ্রমে বাগান ত থাকবে। মালী হবে কে জান ? এই লোকটি।"

স্থা উচ্চবাচ্য কবল না। বাদল বলল কুমারকে, "তুমি বৃঝি মালীর কাজে ওন্তাদ ?"

"কোন কাজে নয় ?" উজ্জ্যিনী প্রশংসার ভঙ্গীতে তাকাল।

বেচারা বাদল ? সরল মামুষ, কিছুই ঠাহর করতে পারছে না। তার জ্বন্তে স্বধীর মায়া হয়। অথচ উজ্জ্যিনীও তেমনি সরলা। স্বধীর রাগ পড়ল গিয়ে দে সরকারের উপর।

দে সরকার থাকতে স্থীর তিষ্ঠানো দায় হল। সে এক সময় সরে পড়ল। কেবল বাগান থেকে নয়, বাড়ী থেকে। বলতে ভূলে গেছি যে ওটা একটা ফ্ল্যাট নয়, একটা semi-detached বাড়ী। থাদের বাড়ী তাঁরা গ্রম কালটা বাইরে কাটাচ্ছেন, তত্দিন স্থী-বাদলের ভাড়ার মেয়াদ। তত্দিনে, স্থীর বিশাস, বাদল সেরে উঠবে।

বাড়ী থেকে বেরিয়ে হুণী যে দিকে ত্'চোথ যায় সেদিকে চলল।
কল্পনা করতে বিশ্রী লাগছিল সেই দৃষ্ঠটা—একটা মেয়ে তার পতি ও
প্রণমী উভয়ের মাঝখানে বসে ত্'জনকেই চা পরিবেষণ করছে।

কিন্তু স্থীর শিক্ষানবীশী কিসের জত্যে যদি একদিনের ঝড়ে এত দিনের সংখ্য ভেঙে পড়ে! রাগ করা অশোভন, তা ছাড়া রাগ করে লাভ কী! জীবনের অক্যান্ত সমস্তার মত এটাও একটা সমস্তা। শীতল মন্তিকে এটারও একটা সমাধান করতে হবে। রাগের মাধার চতী-মন্তপবিহারীরা ভাবতেন বহিছারের বিধানটাই সমাধান। আসলে ওটা প্রতিবেশী সমাজের পুষ্টিবিধান। অমনি করে চত্তীমগুপ নিজেই নিজেকে তুর্বল করেছে, কয় রোগে ভুগছে হিন্দু সমাজ।

তা হলে এই ঘোর অসামাজিক প্রণয়ের প্রশ্রে দিতে হবে?
কিছুতেই না। স্থণীর মধ্যে এতদিন অন্তর্দ্ধ ছিল না, এই বৃঝি
আরম্ভ হল। তার ধেয়াল যাচ্ছিল ছুটে কোথাও পালাতে। অথচ
ভুতবৃদ্ধি বলছিল, না, বাসায় ফিরে যেতেই হবে। সব সমস্তারই
সমাধান, আছে। সব তালা এক চাবীতে খোলে না, প্রত্যেকের
চাবী আলাদা। এই তালাটার চাবী খুঁজে বের করতে হবে। চাই
ধৈষ্য। বহিষ্কার নয়, পলায়ন নয়, সধৈষ্য সন্ধান।

ર

স্থী যথন ফিরল তথন বাদলের ঘরে চুকে দেপল সেধানে উজ্জয়িনীর বিছানা পাতা হয়েছে, স্থীর বিছানা সেধান থেকে তার নিজের ঘরে সরানো হয়েছে। ভালো। তার মনটা একটু নরম হল। মেয়েটি মুখে যাই বলুক কাজে এখনো ঠিক আছে।

তার পরে হাধীর মনে পড়ল রায়ার ব্যবস্থা হয়নি। তারই ত
কর্ত্তব্য। তাড়াতাড়ি রায়াঘরে গিয়ে দেখল দে সরকার কোমরে এপ্রন
জড়িয়ে রাধুনী সেজেছে। গনগনে আগুনের আভায় তার মুখচোখ
রাঙা। হাধী তার মনোযোগ ভক্ষ করল না। নিজের ঘরে গিয়ে
কই খুলে বসল। উজ্জয়িনী তখন বাদলের সক্ষে পায়চারি করছিল
বাগানে।

আইন অমাক্ত সম্বন্ধে গবেষণা করতে করতে স্থী Thoreau নিবিত "Civil Disobedience" আবিষার করেছিল। সেই অপূর্ব প্রবন্ধ পড়তে পড়তে সে দেশকাল ভূলে আর এক দেশে ও আর এক মুগে উপনীত হল।

এই ভাবে কতক্ষণ কাটল সময়ের হিসাব ছিল না। স্থীকে সচকিত করল উজ্জ্বিনীর আহ্বান। "দাদা, এস। খাবার দেওয়া হয়েছে।"

"আমি খাব না।" স্থীর ক্ষাছিল না।

"থাবে না ? রাগ করেছ ?"

"না, রাগ করিনি।" সুধী আনমনে বলল।

"আমি জানতুম তুমি ভূলেও মিথাা কথা বল না।"

"বেশ," স্থী চোথ তুলে বলল, "রাগ করেছি ত করেছি।"

"কী করি, বল। একটু দেরি হয়ে গেছে। আমারই উচিত ছিল রালাঘরে যাওয়া। কিন্তু বাদলদা—"

সুধী বাধা দিয়ে বলে উঠল, "ফের যদি বাদলদা শুনি ত পাগল হয়ে যাব। বাদল কবে থেকে ভোর দাদা হল ? স্বামীকে কোন দেংশ দাদা বলে ডাকে ?"

উজ্জিয়িনী তার হাত ধরে বলল, "চল, থাবে চল। থেলে আপনি রাগ পড়ে ঘাবে। তার পরে বলব তোমাকে আমার যা বলবার আছে। লক্ষীটি, চল। আর বাদলদা বলে ডাকব ন।"

উচ্চয়িনী কথা বাধল। খাবার টেবলে বাদলকে ডাকল খালি বাদল বলে। 'আপনি' থেকে এক সময় 'তুমি'তে নামল। বাদলেরও তাতে সহযোগিতা দেখা গেল। সেও হৃদ্ধ করল 'উচ্চয়িনী', 'তুমি'। ় .

আহারাদির পরে উচ্চয়েনী বলল স্থাকৈ নিভতে, "তুমি আসতে লিখেছিলে, তাই এসেছি। আমি তোমার ও তোমার বন্ধুর অতিথি। অতিথির উপর রাগ করা কি স্থনীতি, না স্থকচি ?"

"সে কীরে!" স্থী অপ্রস্তত হয়ে বলল, "অতিথি কেন হবি? তোরই ত স্বামী, তোরই ত সংসার।"

"তোমার মতে হয়ত তাই। বাদলের মতে ?"

"বাদলের মতামতে কিছু আসে যায় না। বিবাহ একটা সামাজিক কিয়া, ওতে কেবল ববের একার নয় সমগ্র সমাজের যোগাযোগ। সমাজের মতে সে তোর স্বামী, তুই তার স্থী। তোর যদি কোনো নালিশ থাকে ভবে তা সমাজের বিরুদ্ধে।"

"নালিশ আমার নেই কারো বিরুদ্ধে।"

"ভবে ?"

"তবে কী ?"

"তবে তুই তার স্ত্রী, সে তোর স্বামী।"

উজ্জায়িনী চুপ করে থাকল। তার পরে বলল, "বিয়ের সময় আমি বালিকা ছিলুম। তুর বিয়ের সময় কেন, এই সেদিন পর্যান্ত। আমার অজীকার কি নীতির আমলে আস্বে ?

স্থী চট করে জবাব দিতে পারল না। ভেবে বলল, "কেন, ভুই ত মেনে নিয়েছিলি তোর বিয়ে।"

"মেনে নিয়েছিলুম। কিন্তু তত দিন মেনে নিয়েছিলুম যত দিন আমার মনের বয়স হয়নি। স্বপ্ন মাত্রুষ ততক্ষণই দেখে যতক্ষণ না তার জাগরণ হয়।"

' আছো, কাল ওকথা হবে। এখন যা, ঘুমিয়ে পড়। টেনে ভালো ঘুম হয়নি নিশ্চয়, ভোকে আব জাগিয়ে রাখব না! যা, ঘুদিয়ে ঘুমিয়ে স্বপ্ন দেখ, যতক্ষণ না জাগরণ হয়।" এই বলে স্থী চিস্তা করবার সময় নিল!

কত কাল পরে বাদল আরু উজ্জয়িনী এক কক্ষে ওচ্ছে, পাশাসাশি শ্যায়। অথচ কেউ কাউকে কামনা করছে না। অদৃষ্টের পরিহাস।

তাদের দাম্পত্য আলাপের নম্না শুরুন। উৰুদ্ধিনী বলছে, "রাজে যদি দরকার হয় আমাকে নাড়া দিলেই সাড়া দেব। নাড়া দিতে ইতস্তত কোরো না, বাদল।"

"দরকার হলেও আমি তোমার ঘুমের ব্যাঘাত করব না, উজ্জিরী। নিপ্রার যে কী ত্রত্ত স্থা তা কি আমি ক্সানিনে! তোমার স্থনিক্রা হোক।" বলছে বাদল।

"তোমারও।"

"আমার!" বাদল উপহাদ করছে। "এ জন্মে নয়!"

"তোমার জত্তে", উজ্জিমিনী বলছে, "আমার বড় ছঃখ হয়।"

"আমার জন্তে", বাদল বক্তৃতা আরম্ভ করছে, "গুংথ করা রুধা। বরং গুংথ কোরো তাদের জন্তে যাদের জন্তে আমি গুংথিক।" এর পরে বাদল শোষিতদের পক্ষে ও শোষকদের বিপক্ষে কী ষেন বলচে, কিছ উজ্জিমনী অসাড়।

"ঘুমিয়ে পড়লে ?" বাদল স্থায়।

উজ্জ্বিনী ততক্ষণে অর্ক্ষেক পারাবার পার হয়েছে। বাদলের বক্তভার অর্ক্ষেকও শোনেনি। বাদল মর্মাইত হয়। এর চেয়ে স্কুধীদা ছিল সমঝদার শ্রোভা। কাল থেকে আবার স্কুধীদাকেই ভার কাছে শুতে বলবে।

অথচ বাদল নারী সম্বন্ধে নির্কিকার নয়। নারীর আকর্ষণ অফ্রন্তব করেছে, নিনের পর দিন দর্শনপ্রার্থী হয়েছে, স্পর্ণের জ্ঞে উন্মুধ রয়েছে। কিছ যাকে তাকে কামনা করেনি, যার তার কামনা পূরণ করেনি। তার অমুরাগের পাত্রী অল্গা। অল্গা যদি ডাকেন ত সে ভল্গা যেতে রাজি আছে। ভল্গা বোটম্যান হতে রাজি। দাঁড় টানবে আর গান গাইবে—বিপ্লবের গান। স্থী যে সেদিন বলছিল বাদলের মনের ঘাঁচটা কন্টিনেন্টাল হয়েছে সে-কথা মিথ্যা নয়। অল্গার আঁচ লেগেছে। তার আগে মারিয়ানার। সেই যে ভিয়েনার মেয়ে মারিয়ানা ভাইস্মান। যার নৃত্যের উল্লাস তার শোণিতে মিশে তার শিরায় শিরায় নৃত্য বাধিয়েছিল।

কিন্তু উচ্জয়িনী সম্বন্ধে সে একেবারেই উদাসীন। যেমন পীচ সম্বন্ধে।
এরা তার ছোট বোনের মত। এদের প্রতি ক্ষেহ জনার। এদের
সেবা নিতে শ্বতই সাধ যায়। কিন্তু এদের সঙ্গে এক কক্ষে বাত্রি যাপন
করলেও সঞ্চলমনা জাগে না। অথচ এরা দেখতে স্থানী, বোধ হয়
অলগার চেয়েও, মারিয়ানার চেয়েত নিশ্চয়।

পরের দিন উজ্জায়িনী বলল স্থাকৈ, "বাদল কাল সারা রাভ ঘুমায়নি। যত বার আমার ঘুম ভেঙেছে ততবার দেখি ও জেগে আছে।"

"ডোর ঘুম," হুধী জানতে চাইল, "এত বার ভাঙল কেন ?"

"সে **যদি ডেকে** আমার সাড়ানা পায় এইজন্মে আমি ঘুমের মধ্যেও ছ শিয়ার ছিলুম।"

"হুঁ।" স্থাী দরদের স্থারে বলল, "ওর এ দশা অনেক দিন থেকে চলছে। এইটেই ওর রোগ, অগু যা কিছু সব এর উপসর্গ অথবা আহুযদ্বিক। ওর ইনসমনিয়া সারলে নিউরাস্থীনিয়াও সারবে।"

' উজ্জন্তিনী বাদলের জন্তে উদ্বিগ্ন হল। ভনেছিল সমূত্রের হাওয়ায় জনিতা সারে। সমূত্রতীরে যাওয়া যায় কি না জিজ্ঞাসা করঞ্ট। সুখী বলল, "না। সেধানে কোন দিন কী ভেবে ঝাঁপ দেবে জীচৈতভের মত।"

"বলতে চাও, অচৈতক্তের মত।"

"এक हे कथा।" अभी कक्रण हानि हानन।

বাদলকে নিয়ে তার। ত্'লনে এমন ব্যাপৃত থাকল বে উজ্জয়িনী কিখা স্থী কেউ তুলল না পূর্বে রাত্রের সেই অসমাপ্ত প্রসন্ধ। বালিকার বিয়ে কি তার জাগরণের পরেও নীতির দৃষ্টিতে বলবং । নীতি অবশ্ব দেশকালনিরপেক বিশুদ্ধ নীতি। দেশাচারমিশ্রিত ব্যবহারিক নীতি নয়।

উজ্জ্যিনীর সন্দেহ ছিল না যে বিশ্বমানবের মহস্তম নীতি তার
সহায়। সেইজ্বলে তার মনে কোনো বিধাবন্দ ছিল না। সে প্রকাশ্তে
কুমারকে প্রসাদ বিতরণ করে, কে কী ভাবছে জ্রক্ষেপ করে না।
স্থার কণ্ঠলগ্ন হয়ে পায়চারি করে, থেয়াল চাপলে পায়ে পা মিলিয়ে
নাচের ভলী করে। থাবার টেবলে এমন ভাব দেপায় যেন ওদের
ত্'জনের একজনের খাওয়া হলে আর একজনের খাওয়া হয়ে যায়।

"আমার জন্মে তুমি খাও, কুমার।"

"না, না। ও কী করছ, বেবী ?"

"বেশ করছি, তোমাকে পাস করে দিচ্ছি। সকালে আমার কিদে পার না।" এই বলে নিজের গ্রেপ ফুট, ফোর্স, বেকন ও ডিম চালান করে দেয় টেবলের ওপারে। নিজের জন্তে রাথে শ্রেফ এক পেয়ালা চা।

"তোমারও কি মনে হয় না, স্থীদা, কুমার দিন দিন শুকিয়ে যাচ্ছে যথেষ্ট না থেয়ে? স্থার আমি দিন দিন মোটা হচ্ছি ?"

स्थी अर्जीमनक शिंदक। खराव प्रम् ना।

8

স্থী দেখেশুনে অতিষ্ঠ হয়ে উঠেছিল। অথচ কিছু করতেও পারছিল না। উজ্জয়িনী আসায় বাদলের অনেক বেশী হেপাজৎ হচ্ছিল। আর দে সরকার আসায় বাদলের পাতে আমিষ পড়ছিল। বাদলের সেবার দিক থেকে বিবেচনা করলে ওরা ত্'জনে স্থীর চেয়েও দরকারী। স্থীর পড়াশুনার দিক থেকে বিবেচনা করলেও ওদের প্রয়োজনীয়তা ছিল।

ষেতে হলে স্থীরই যাওয়া উচিত, ওদের নয়। কিছু স্থী কেমন করে যাবে? স্থীর কাছ থেকে বাদলের দায়িত্ব কে নেবে? সে বাদলের বাবাকে জরুরি তার করেছিল। তিনিও সংবাদ দিয়েছিলেন যে রওনা হচ্ছেন। তাঁর পৌছাতে প্রায় তিন সপ্তাহ লাগবে। ততদিন এই অনাচার সইতে হবে ত!

ওটা বে অনাচার সে বিষয়ে স্থীর সন্দেহ ছিল না। অথচ উজ্জায়নী যে নীতির প্রশ্ন তুলেছে স্থী তার যুক্তিসকত উত্তর খুঁজে পান্ধনি। বিশ্বেতে উজ্জায়নীর মত ছিল, মত না থাকলে যে সে বিশ্বে অসিদ্ধ হত তা নয়, তবুমত ছিল বলে তা আরো অনিন্দা। এত বড় একটা ঘটনাকে ও মেশ্রে উড়িয়ে দিতে চায়, যেহেত্ বিশ্বের সময় ওর মনের বয়স ছিল অপরিণত।

কিন্তু সতাই তাই। চার পাঁচ সপ্তাহ আগেও তাকে দেখলে মনে হত বালিকা। এখন মনে হয় যুবতী। এই কয় সপ্তাহে যে সে কয়েক বছর বেড়েছে তা সভ্যের খাতিরে মানতেই হবে। এখন সে ধীর দ্বির শান্ত সমাহিত সহিষ্ণু। বাদলের জ্বন্ধে কি সে কম চিন্তিত! মারা মমতা দরদ বিনয় সবই তার স্বভাবে বিকশিত হয়েছে। "অথচ বে গুণ

না থাকলে বাকী সমন্ত গুণ থেকেও না থাকার সমান দেই গুণটি নেই। নেই সভীত্ব। স্থাী ভার জন্মে প্রার্থনা করে।

এখনো খ্ব বেশী বিলম্ব হয়নি। এখনো শোধরানো সম্ভব। এখনো সে কায়িক অর্থে সভীই রয়েছে। বাচনিক ও মানসিক অর্থে নয়। ফ্রণী তার জ্বন্তে প্রার্থনা করে। বলে, প্রভু, তুমি আমার বোনটিকে রক্ষা কর। বাঁচাও। সে বোঝে না সে কী করছে। যথন ব্রুবে তখন হয়ত বড় বেশী বিলম্ব হয়ে গেছে। আমাকে যুক্তি দাঁও, যে যুক্তি দিয়ে আমি খণ্ডন করব তার উক্তি। এমন যুক্তি দাও যা সে স্কেছায় গ্রহণ করবে, যা সে অস্বীকার করতে পারবে না। আমি তাকে সংসারিক তুর্গতির ভয় দেখাতে চাইনে, ভয় পাবার মেয়ে সে নয়। তাকে লক্ষা দিতে গেলে সে গর্কিত হয়। কলম্ব তার কাছে চন্দন। কী করে জাগাব তার কল্যাণ বোধ, তার সামাজিক বিবেক!

স্থীর যে ইকুপটা আলগা হয়েছিল সেটা কথন এক সময় আপনা থেকেই আঁট হয়েছিল। উচ্চয়িনীর দাবী যদি হত বাদলের সংক্ষে আসামগ্রন্থের দক্ষণ স্বতন্ত্রবাস তা হলে স্থা সে দাবী সমর্থন করত। ততদ্র উদার হতে সে নিজেকে প্রস্তুত করেছিল। কিন্ধ উচ্চয়েনীর দাবা বাদলের সঙ্গে সামগ্রন্থের সন্থাবনাসত্ত্বেও অপরের সহবাস। এ দাবী এমন চরম দাবী যে স্থা এর জন্মে কোনোকালেই প্রস্তুত হবে না। এ বিষয়ে তার সংস্কার এমন বন্ধমূল যে মহন্তর নীতিও তাকে উন্মূল করতে পারবে না। এ ক্ষেত্রে আপোষের আশা নেই।

স্থী অবশেষে দে সরকারকে পাকড়াল। বেড়াতে নিয়ে গিয়ে বলল, "ভায়া, তোমার ত দয়ামায়া আছে, কেন তবে ওর সর্কানাশ করচ ?" দে সরকার পান্টা গাইল, "স্থীদা, ভোমারও ভ দয়ামায়া আছে, তুমি কেন ভাবছ না যে আমারও সর্বনাশ হচ্ছে।"

"তোমার সর্কনাশ।" ু স্থী আক্র্যা হল।

"নিশ্চয় ! আমি ত তোমার মত মহাপুরুষ নই, আমি সামায় পুরুষ । পুরুষমাত্রেরই সথ জাগে ঘরসংসার করতে, ঘরণী পেতে । এটা ত মান ?"

"मानि বৈকি।"

"কিন্তু উজ্জয়িনী আমাকে সাফ বলে দিয়েছে কোনো দিন আমার
ছর করবে না। দেশের কাজের ফাঁকে মাঝে মাঝে আমার সঙ্গে দেখা
করবে, আমিও মাঝে মাঝে দেখা করতে যাব তার ও তোমার আশ্রমে
না আছানায়। তুমি যদি আমাদের মিলতে না দাও তবে সে বৈফ্বী
হয়ে তীর্থে তীর্থে ঘুরে বেড়াবে, আর আমি যদি পারি ত তার সহচর
ছব।"

"তাই নাকি ?"

"শোন। এটা ত মান যে পুরুষমাত্রেরই সম্ভানকামনা আছে ?" "মানি।"

"কিন্তু উৰুদ্ধিনী আমাকে স্পষ্ট বলে দিয়েছে ইহজনো মা হবে না। যদি আইন অহসাবে আমার স্বী হয় তা হলেও না। তা হলে বুঝে দেখ আমার কত সুধ।"

স্থী শুধু শুনল। দে সরকার বলে চলল, "তার পরে এটা অবশু মানবে যে আমারও আগ্রীয় স্থান আছেন। আমার মা বাবা ত্রুদ্ধে বৈচে। কুলালার বলে তাঁরা কি আমার মুধ দর্শন করবেন, না কুলটা বুলে আমার বধুর ?"

श्री बाक्त यदा वनम, "शाक।"

"না, শোন। মান কি না বল, মাহ্যমাত্রেরই আছে লোকনিন্দার ভয়? সমাজের দশজন আমাকে চরিত্রহীন বলে অপাংক্তেয় করবে, যদি চাকরি পাই সহকর্মীরা আমার সঙ্গে মিশবে না, যদি বই লিখি সমালোচকরা এক হাত নেবে। অপমান হবে আমার দৈনিক বরাদ, বাল ফুটবে কি না জানিনে।"

स्थी वनम, "थाक, इरग्रह ।"

"না, হয়নি।" দে সরকার ভাবপ্রবণ মাহয়। বলে চলল, "ভার পরে যার জ্বল্যে চুরি করছি সেই যদি বলে চোর তবে আমার সর্বনাশের বোলো কলা পূর্ণ হবে। সেই যদি অবিশাস করে তবে আমার জীবন ব্যথি।"

হুবী মৌন থাকল। দে সরকার থামল না। বলল, "অথচ আমি এমন কিছু কুপাত্ত নই যে আমাকে আর কেউ বিয়ে করত না, আমি আর কোনো হৃদ্দরী মেয়ের স্বামী হৃতুম না। বাংলাদেশে কুমারীর অভাব ?"

"তোমরা," স্থী বাথিত স্বরে বলল, "ত্জনেই ত্জনের সর্বনাশ করছ। ইচ্ছা করলেই এড়াতে পারতে।" আরো বলল, "এখনো পার।"

• "আমরা," দে সরকার গদ্গদ স্বরে বলল, "জানি আমাদের নিস্তার নেই। সাধু পুরুষ ও সাধনী বমণীরা সকলেই আমাদের টিল ছুঁড়ে মারবেন। একটু মমতা, একটু বুঝে দেখা—এটুকুও ক'জনের কাছে

তথাপি উজ্জয়িনীর জেদ দেশে ফিরতে হবে। ওর সাহস দেখে
আমারও ভয় ভেঙে য়য়। এখন আমার য়া কিছু ভয় ওর জয়েয়ই।
কেমন করে ওকে অপমানের হাত থেকে বাচাব তাই ভেয়ুব আমি দিন
দিন শুকিয়ে য়াছি, য়ৄধীয়া।"

স্থী কোমল স্ববে বলল, "বাঁচাবার পথ একটিমাতা। সে পথ নিবুজির।"

"তৃমি কি মনে করেছ," দে সরকার ফণা তুলল, "প্রবৃত্তির স্রোতে আমরা তৃণের মত ভাসছি ? আমাদের বিয়ের উপায় থাকলে তৃমিই বীকার করতে আমরা নর্মাল নরনারী। সমাজের চোখে আমরা দোষী, তাই নীতির চোখেও দোষী। কিন্তু আমরা ত জানি আমরা আমাদের বয়সের অন্তান্ত তরুণ তরুণীর চেয়ে অধিক আসক্ত নই।"

"আমি সে অর্থে বলিনি।" স্থাী সংশোধন করল। "আমি ইন্ধিত করেছিলুম আজা বিসর্জনের। যারা ভালোবাসে তারা কি সব ক্ষেত্রে মিলিত হতে পারে ? যেখানে অলজ্যা বাবধান সেথানে আজা বিসর্জনই শ্রেষ্ম। করে দেখ, তাতে অপার্থিব আনন্দ।"

"আত্মবিদর্জনের কথা যদি উঠল," দে সরকার গলা পরিষ্কার করল, "তবে বলি, কার আত্মবিদর্জন বেশী? আমাদের না তোমার? তোমাকে তোমার পৈত্রিক ঘরবাড়ী ধনদৌলং ত্যাগ করতে হবে না। আমরা গৃহহীন সম্পত্তিহীন। তোমাকে তোমার আত্মীয়স্বজ্নরা ত্যাগ করবেন না। আমরা দর্কবিবিজিত। তোমার স্থনাম রটবে, তুমি হবে দেশমাগ্র স্থীক্রনাথ। আমাদের কলঙ্কের দাগ মৃছবে না, লোকের মঙ্কল করলেও তারা ভূলবে না যে আমরা দাগী আসামী। তা হলে আত্মবিদর্জনের কথা ওঠে কেন? আমাদের দখল ত আমাদের পারস্পরিক সঙ্কর্মথ। তাও বিদর্জন দিতে হবে গে

স্থীও বিচলিত হল। সহসা উত্তর খুঁজে পেল না। ত্জনে স্থ্র হয়ে তুজনের দিকে তাকাল।

"किन्छ दक्त ?" इसी वनन, "क्ति धमरवत्र मस्या याख्या ? क्ति रक्षरम भफ्रान ?" "তুমি কি কথনো পড়নি যে প্রাকৃত জনের মত প্রশ্ন করছ? তুমি যে অপার্থিব আনন্দ পাচ্ছ তারই বা প্রয়োজন কী, বল?" দে স্থাকৈ জেবা করতে লাগল। "তফাং কোথায়, স্থাদা? দৈবক্রমে উজ্জানী বিবাহিতা, অশোকা অবিবাহিতা। তুমি কি হলফ করে বলতে পার যে ভোমার আগে স্বেহময়ের সঙ্গে ওর বিদ্বের কথাবার্তা চলছিল জেনেও তুমি প্রেমে পড়নি? মাফ কোরো যদি রুচ় শোনায়, এখন ত সে প্রের বাগ্দন্তা, বলতে গেলে পরস্ত্রী। এখনো কি তুমি তাকে কম ভালোবাস, কোনো দিন কি কম ভালোবাসবে? তফাওটা তবে কোনখানে?"

স্থীর মৃথে উত্তর জোগাল না। কিন্তু ছিল উত্তর। সে অত্যন্ত ব্যাকুলতা বোধ করল প্রকাশের উপযুক্ত ভাষ। না পেয়ে।

স্থী কোনো দিন এ দিক থেকে ভাবেনি। ভেবে দেখল, তাই ত। স্বেহময়ের চোথে স্থা একজন বোচোর। আর একটু হলেই তার বছদিনের মনোনীতাবে বাগ্দানের পূর্বেই অপহরণ করত। এখনো তাকে বিশাস করে বাড়ীতে ডাকা চলে না। তাকে বিশাস করলেও আশোকাকে বিশাস কা। এই ত সেদিনও সে স্থাকে চিঠি লিপেছে টরকী থেকে। তাতেও কি তার হ্দয়ভাব অব্যক্ত রয়েছে ?

ৰীশু বলেছেন, "Judge not, that ye be not judged." স্থী ভেৱে দেখল, প্ৰকে বিচাৰ কৰতে যাওয়া গুষ্টভা।

¢

বাদল জানত না যে তার বাবা তার অহথের খবর পেয়ে রওনা ইয়েছেন। যেদিন ভনল তিনি এডেন থেকে তার করেছেন সেদিন কেমন যেন ভয় পেয়ে গেল। হুধীকে ধরে বসল, "এর মানে কী, হুধীদা ?" "মানে আবার কী ! ভোকে দেখতে আসছেন।"

"দেখতে, না নিতে ?"

"দে কথা পরে।"

"আমার কিন্তু আশহা হয়, তিনি আমাকে ধরে নিয়ে যাবেন।"

"না রে। ধরে নিয়ে যাবেন কেন ? ডাক্তারের পরামর্শ ভনে যা হয় করবেন।"

বাদল দেদিন সমস্তক্ষণ উন্মনা হয়ে রইল। পরের দিন তার প্রথম কথা, "বাবা কভ দূরে ?"

"বোধ হয় লোহিত সাগরে।"

"এর মানে কী, বলতে পার, হুধীদা ? বল, বল, লুকিয়ে রেখো না।" বাদল আফার ধরল।

"মানে কী! বাপ কি ছেলেকে দেখতে আসেন না ? আমি কেন ক্ষেরার্ড স্ ক্রেশ থেকে ছুটে এগেছি ?"

"আমার কিন্তু আশহা হয়, তিনি আমাকে না নিয়ে ফিরবেন না।"

বাদল তার বাবাকে জুজুর মত তরাত। তিনিই তার তিকটেটর কম্প্রেক্সের মূলে। ছোটবেলা থেকেই তিনি তাকে এমন ভাবে শাসন করেছেন যে শাসনের আড়ালে তাঁর আন্তরিক স্বেহপ্রবণতা ঢাকা পড়ে গেছে। তিনি যে ছেলেকে মারধর করতেন তা নয়। বক্তেন বললেও বেশী বলা হয়। ছেলের পিছনে খরচ করতেন দেদার, তার কোনো সাধ অপূর্ণ রাখতেন না। অমন লাইবেরী ক'জনের আছে ? কিছ সব সময় তাঁর মনে এই এক চিন্তঃ—আমার ছেলে আমার মত হবে, আমার মতে চলবে। ছেলে যে তার নিজের মত হবে বা নিজের পত্রে এটা তিনি বরদান্ত করা দ্রে থাক, কল্পনাই করতেন না। অথচ বাদল ঠিক ওই অধিকারটি লাবী করে। নিজের মত হওয়াই

তার আদিম দাবী, মধ্যম দাবী, অন্তিম দাবী। বাদল চায় বাদল হবায় লিবার্টি। রায়বাহাত্র অরাজ মঞ্র করবার পাত্ত নন, প্রাদেশিক আটোনমি দিয়ে মনে করেন খুব দিয়েছেন। বাদলও নাছোড়বান্দা। বিলেতে পালিয়ে এদেছে তাঁকে ফাঁকি দিয়ে। আই সি এস'এর আশা দেখিয়ে।

যেদিন পোর্ট সৈয়দ্ থেকে ভার এল সেদিন বাদল সম্ভন্ত হয়ে স্থাকৈ বলল, "যদি ধরে নিয়ে যান ?"

"অত ভাৰছিদ কেন, বাদল ? যদি ধরে নিয়ে যানই তবে কিছু দিন দেশে থেকে হুন্থ হয়ে ফিরে আসতে বাধা কিসের ?"

"না, স্থীদা। তুমি বৃষবে না। গেলে ফিবে আশা ত্র্ট। বাবা আমার জোর করে বিয়ে দিয়েছিলেন, জোর করে—ঐ যে বাঙালীদের কাগজে বিয়ের বিজ্ঞাপনে থাকে, settled in life—ভাই করাবেন। তার মানে ভেপুটি কি সাবভেপুটি।"

"বেশ ত! ভেপুটি সাবভেপুটিরা কি মাছ্রষ নন? তোর যদি মন না লাগে ইন্ডফা দিতে কভক্ষণ! তিনি কি ভোকে জোর করে চিরকাল চাকীরি করাতে পারেন?"

"অসম্ভব।" বাদল ক্রোধে ক্ষোভে নিরাশায় কাঁপতে কাপতে বলল, "বিংশ শতাব্দীর বাদল আমি, আমার পক্ষে আই সি. এক:এর চাকরিই যথেট অধঃপতন। তাও নয়, ডেপুটিগিরি! আমায় রক্ষা কর, স্থীধা।"

স্থী ভাকে শাস্ত হতে বলল। তার যদি ফচি না থাকে তবে তার বাঁবা কি তাকে জাের করে চাকরিতে বহাল করতে পারবেন, তিনি কি চাকরির মালিক ?

"তুমি কি জান না, স্থীদা, বাবার কী রক্ম প্রভাব! তিনি চেষ্টা

করলেই আমার বহালের হুকুম আসবে, কিন্তু তার চেয়ে ফাঁসির হুকুম ভালো। বিংশ শতাব্দীর—"

"ছি বাদল, অতটা অহন্বার শোভা পায় না। তোর অহমিকাই তোর বৈরী। এই যে তুই অহ্বথে ভুগছিদ এর গোড়ায় রয়েছে বিশের বোঝা নিজের ঘাড়ে নেওয়া। আমি ত মনে করি ইংলণ্ডেই হোক আর ভারতবর্ষেই হোক ছোট্ট একটি স্থলের মাষ্টারি করাই তোর প্রকৃষ্ট জীবিকা। ওর সংকীর্ণ দীমাই তোর যথার্থ বিশ্ব।"

বাদল বিমৃত হয়ে স্থীর দিকে ফ্যাল ফ্যাল করে তাকাল। তার মত উচ্চাভিলাথী কিনা ছোট্ট একটি স্থূলের মাষ্টার হয়ে জীবন কাটাবে! তবু যদি কোনো দিন পার্লামেন্টের মেম্বর ও গবর্ণমেন্টের শিক্ষাসচিব হ্বার ভরদা থাকত!

"সন্ত্যি, বাদল, সীমা অতিক্রম করে কেউ সার্থক হয় না। ব্যর্থই হয়। ছোট্র একটি পত্রিকার সম্পাদক হতে পারিস, যদি সিথে তৃপ্তি পাস।"

"তুমি বোধ হয় ভূলে যাচছ যে আমি একজন ব্যারিস্টার," বাদল যোগ করল, "হতে পারি।"

"ব্যারিন্টারিও কিছু মন্দ নয়, যদি মফংখলে প্র্যাকটিন করে সম্ভষ্ট থাকিন। চল, ভাগলপুরে বসবি।"

वामरलत मुथञाव रमरथ ऋषी निवस्त इन।

বাস্তবিক জীবিকার মানদণ্ডে মাপলে বাদলের ভবিশ্বং কী ! শরীর সারলেও দেশলাই বেচা চলবে না, তেমন কিছু করা ভার পক্ষে প্রাণদণ্ড। বিলিতী ডিগ্রী নেই, প্রোফেসারি জুটবে না। তাহলে বাকী থাকে সম্পাদকী, মাস্টারি ও ডেপ্টিগিরি, যদি না আসছে বছর পাস করে ব্যারিস্টারি। আই. সি. এস'এর বয়স শুই, বোধ ইয় ডেপুটিগিরির বয়সও উত্তীর্ণপ্রায়। বাদলের জন্মে স্থী উদ্বিষ্ট হয়।
High thinking বেশ ভালো কথা, কিন্তু plain livingএরও
একটা ব্যবস্থা চাই।

মহিমচক্র ওরফে মহিম খুড়ো আসছেন জনে উজ্জ্বিনী একটুও বিচলিত হল না। বরং একটু উৎস্কৃতাবে প্রতীকা করতে পাকল। এই মামুষ্টিকে একদা সে খন্তর না বলে অস্তর বলত, ভয় করত অস্থ্রেরই মত। কিন্তু এখন আর সে ভীত নয়, তার মনে হয় সে তাঁর সামনে মাথা উচু করে দাঁড়াতে পার্বে, দাঁড়িয়ে বলতে পার্বে, "এই যে খুড়ো, কেমন, ভালো আছেন ত ?"

"বাদল," দে বলল বাদলকে বিষষ দেখে, "তুমি অমন মুষড়ে পড়ছ কেন ? নিয়ে ধাবেন ত কী হয়েছে ?"

"উজ্জয়িনী," বাদল জানাল, "নিয়ে যদি যান ত সব মাটি হবে।" "বুঝিয়ে বল, যদি আপত্তি না থাকে।"

"আপত্তি কিছুমাত্র নেই।" বাদল ত বলতেই ব্যগ্র। "তুমি ত আন, বিলেত আসবার জ্ঞা আমি কী পরিমাণ উৎকৃষ্টিত ছিলুম। বিয়ে করতে যে বাজি হয়ে গেলুম সেও এই কারণে। ভোমার প্রতি যে অসহনীয় অভায় করলুম তার অভ্য কোনো অজ্হাত ছিল না। বলতে গেলে ভোমার জীবনটাকে বার্থ করলুম আমার জীবনটাকে সার্থক করতে।"

"আমার জীবন," হাসল উজ্জ্যিনী, "অত সহজে বার্থ হবার নয়। তবে তোমার জীবনটা যে সার্থক হয়েছে এটা একটা মন্ত লাভ।"

"এখনো হয়নি। কিন্তু তখন মনে হয়েছিল হবে।"

"এখনো হয়নি ?" উজ্জয়িনী পরিহাস করল। "সভিত্র ?"

"কোন অৰ্থে জিজ্ঞাদা করছ ?"

"যে অর্থে মেয়েরা করে।" সে হঠাৎ বাদলের মূথে হাত চাপা দিছে বলল, "থাক, বলতে হবে না। আমি শুনতে চাইনে।"

"वर्षा९ ?" वामन ভाবতে नामन।

"অর্থাং।" উজ্জায়নী হাসতে থাকল।

"কোন অর্থে মেয়েরা জিজ্ঞাস্ক্রীকরে ?" বাদল জল্লনা করল।

"थाक, की वनिक्रित वन।"

"না, আমি এ রহস্ত ভেদ করতে চাই।"

কথাবার্তা এগোয় না দেখে উজ্জয়িনী বলল, "কমরেড জেসী কেমন আছেন ? কই, দেখতে এলেন না যে ?"

এতক্ষণে বাঁদলের ঠাহর হল। সে একটু রেঙে উঠল। বলল, "কে তোমাকে কী বলেছে, জানিনে। কিন্তু জেনী বড় মিষ্টি মেয়ে। ও যে এখনো আসেনি এর একমাত্র কারণ ও ঠিকানা পায়নি।"

"কাজ নেই ঠিকানা পেয়ে।" উচ্চয়িনী ত্রস্ত স্বরে বলল। "তুমি কি তোমার হারেমশুদ্ধ স্বাইকে হাজির কর্বে নাকি ?"

বাদল অত্যস্ত অপ্রতিভ হল। যে অর্থটা সে এতক্ষণ ধরে আশ্বেষণু করছিল সেটাও সঙ্গে সঙ্গে ধরা দিল। "তোমাকে কে ফৌ বলেছে জানিনে। কিন্তু সত্যি আমি কারো সঙ্গে তেমন সম্পর্ক পাতাইনি।" বাদল আম্বরিকভার সৃষ্টিত জ্ঞাপন করল।

"একদিনের জয়েও না ?" উজ্জবিনী কৌতৃহলী হল।

"এক মৃহুর্ত্তের জ্বন্থেও না। তাবলে মনে কোরো না আমি সাধু পুরুষ। আশা করেছি কারো কারো কাছে। পাইনি। পেলে অফুতাপ করতুম না। কাজেই তোমরা আমাকে পাপীর পর্যাহে ফেলতে পার।"

"भाभ ना करत्र भाभी ?" উब्बहिनी विश्विष्ठ इन।

"পাপ করবার ইচ্ছা সংঘও করতে পাইনি বলে গাপী।" বাদল ব্যাখ্যা করন।

"ভাহৰে জেদী ভোমার Sweetheart নয় ?"

"না, জেদী আমার Sweetheart নয়, যদিও ওর মত sweet আমি দেখিনি। ওকে দেবে একটা খবর ?"

উब्बियेनी दनन, "आक्श।"

O

উজ্জিরনী বাদলকে সন্দেহ করত। ঐ সন্দেহ যে ভিত্তিহীন তা জেনে লক্ষিত হল। বাদলের কাছে তার মার্জনা ভিক্ষা করা উচিত। এই মনে করে সে বাদলের হৃটি হাতে নিজের হৃটি হাতে ভবে আখো আখো স্বরে বলল, "ক্ষমা কোরো।"

वामन व्यवाक रन ! व्याप्त ना भारत क्षान, "त्कन ?"

"আমি তোমাকে সন্দেহ করেছি। সন্দেহ করে হারেমগুদ্ধ বলেছি। ইমি ত তেমন নও।"

"কিঙ্ক"ত্মি যা ভেবেছ তাও ত ঠিক নয়। আমি আমার খাধীনতা এখনো প্রয়োগ করিনি বটে, কিঙ্ক কোনটা সন্দেহজনক ? খাধীনতা, না ভার প্রয়োগ ?"

"আমি মাক চাইছি আমার পাপ মনের জতে।" উক্সবিনী খুবিয়ে বলল। "তোমাকে দোব দিচ্ছিনে, বাদল। দোব দিচ্ছি নিজেকে।"

"কেউ সন্দেহ করলে অক্সায় করত না, কেননা আমি ধা আশা করেছি তা কপালে না জুটলেও তা ঘটনারই সামিল। সন্দেহ করবার অধিকার কারো নেই। তুমি যদি অনধিকারচর্চা করে থাক তবে কঁমা চাইতে পার । কমা করলুম।" "ধন্তবাদ। এখন আমার বিবেক পরিষ্কার।" এই বলে উচ্চয়িনী আরোকী চিষ্কা করল।

"কী বলছিলুম ? বলা বন্ধ হল যে। তনবে না ?'' বাদল বলতে ব্যগ্র হয়েছিল তার বিলেড আসার কথা।

"আমারও কিছু বলবার আছে, দেটা আগে বলি। কেমন ?" "উত্তম।" বাদল একটু বিরক্ত হয়ে অসুমতি দিল।

"দেখ," উজ্জয়িনী ধীরে ধীরে অবতারণা করল, "তোমার আজকের উক্তি যদি মাসকয়েক আগে গুনতুম তা হলে হয়ত এত দ্র যেতুম না। কিন্তু আমি যে অনেক দূর এগিয়েছি। বলব ?"

"বলে যাও।"

"আমি আর তোমার স্ত্রী নই।"

"এই কথা ? কেন, এ কি খুব নতুন কথা! আমি স্বাধীন হলে কি তুমিও অগত্যা স্বাধীন হও না ? বিয়ের বাকী থাকে কী আর ?" "গুধু তাই নয়, আমি—"

"বলে যাও।"

"আমি আবেকজনকে ভালোবাসি।"

"এই কথা!" বাদল ফুৎকার করল। "তুমি ংদি বুর্জোয়াদের মুত প্রেম বলে একটা আকাশকুন্থমের আবাদ করতে চাও তাতে আমার কী! বুর্জোয়াদের বিখাদ ওরি নাম নাকি অনেক দূর এগিয়ে যাওয়া।" "আর তুমি ? তুমি কি বুর্জোয়া নও ?"

"না, উজ্জ্বিনী।" বাদল দীপ্তকণ্ঠে বলল, "যে প্রচণ্ড প্রেরণা, বে 'élan vital, জীবস্ঞ্জির মুলে তাকে আমি কীয়মান বুর্জ্লোয়াদের মত ক্ষীণ ক্রতে চাইনে। দিস ত খেলা নয়।" "কী জানি!" উজ্জারনী বহস্তমর চিতে মৌন রইল। অস্ট বরে বলন, "থেলা নয় ভাূকী ?"

"যদি খেলা হয় ত তার জত্তে আমার সময় নেই। কঠোর মননেই আমার জীবনের রোদটুকু ফুরাল। যদি বাঁচি ত কারো সঙ্গে মিলিত হয়ে প্রেরণার হর্জয় বেগে ভবিষ্যতের গর্ভে প্রবেশ করব। তারই নাম অনেক দূর এগিয়ে যাওয়া, সে যাওয়া কালের বর্মো।"

উচ্চয়িনী বিশেষ কিছু ব্রাল না। যেটুকু ব্রাল সেটুকু এই যে বাদল বাঁচবে বলে আশা করে না।

"যদি বাঁচি বলছ কেন ?" সে অফুযোগ কবল।

"কারণ, বোধ হয় বেশী দিন বাঁচব না। কেন বাঁচব, যদি বাঁচাতে না পারি ?"

"কাকে বাঁচাতে চাও তুমি ? কোনো বন্ধুর অহুথ করেছে ?" সে স্লিগ্ধ হবে হুধাল। "আমি সাহায্য করতে পারি ?"

"না, উজ্জিনী। কোনো বন্ধুর নয়, সারা গুনিয়ার অহপ।
সে রোগের নাম ক্যাপিটালিজম, তার ব্যাসিলির নাম প্রাইভেট প্রফিট।
তারই দাওয়াই খুঁজতে গিয়ে আমার অহপ বাধল। সেও মন্ত্রে,
আফ্রিও বাচব না।"

উক্তিয়িনী তাকে কথা বলতে বাবণ করল। বাদলের মুখে ঐ অলক্ষ্ণে বাক্যটা শুনে তার মনটা খারাপ হয়ে গেল। বেচারা বাদল! লবাই নিজের নিজের হুখ নিয়ে ব্যাপৃত, সে কিনা ছনিয়ার অহুখ নিয়ে। এখন তার এই অহুখের কী প্রতিকার ? যে মাহুষ ছনিয়াকে বাঁচাত ছনিয়া কেন তাকে বাঁচাবে না ? উক্তিরনী পণ করল সে একা যত দুর পারে বাঁচাবে।

সে জেলীর সন্ধানে কুমারকে পাঠাল, যদি জেলীকে দেখলে সাধানের বাচতে সাধানায়।

কুমার ফিরে এসে নে' সংবাদ দিল তা তনে উক্ষয়িনীর চক্ষ্ স্থির।
"র্যা! মারা গেছে!" তার মুখ ফুটে বেরোল।

"কে মারা গেছে, উজ্জবিনী ? কে মারা গেছে ?" বাদল বাঘন ধরল। নাছোড়বান্দা।

ট্রজ্জানী বলল, "পরের কথায় তোমার স্কান্ধ কী, বানল ? তুমি বা ভাবছিলে ভাবতে থাক। হাঁ, মানবের একমাত্র ভরসা রাশিয়া, বদি মাত্রা মানে ও ডিকটেটবশিপ ছাড়ে। তার পর ?"

"ना, वन ना वाबादक—दक बावा (शहह ?"

"কেউ না, বাদল। একটা পোষা বেড়াল ছিল, সেটা মারা যায়নি, ভবে মারা যাবার দাখিল।"

"থাক, বানিয়ে বলতে হবে না। আমি কচি খোকা নই ফ ক্লপকথায় ভূলব.১ নৰল আমাকে কে মানা গেছে।" বাদল বাং করল। ব

কুমার বলল, "ওনলে ভূমি উত্তেজিত হতে, তাই ভোষাবে শোলাইনি। মালা গেছে মুসোলিনি।"

দাৰণ আকোৰে উঠে বদল। কিছ কুমানের দিকে চেরে ভার ক আদি কেন বিখাদ হল না। দেদ আবার ওয়ে পড়ল বিষয় হছে ছাজার সাধলেও দেদিন দে ওব্ধ পথ্য খেল না, কথা কওয়া বছ করু। সমস্তব্দণ আপন মনে গুলু গুলু করতে থাকল, কে? কে? কে?

উজ্জানী স্থার সজে পরামর্শ করল। স্থাও অনেক চিন্তা করল শেবে স্থা নিজেই বাদলের কাছে গিয়ে তার মাধার হাত বুলাঘে বুলাতে তার কানে কানে মুলল, "বাদল, ফোসী চলে গেছে।"